ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের

কার্যাবলী

২০০৯-২০১০

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ২০০৯-২০১০

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



আবুল মাল আবদুল মুহিত

মন্ত্রী

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

উন্নত ব্যাংকিং ব্যবস্থা ও শক্তিশালী আর্থিক খাত দেশে উপযুক্ত বিনিয়োগ-পরিবেশ সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নের উর্ধ্বমুখী গতিধারা অব্যাহত রাখার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে থাকে। সন্তোষজনক কর্মকান্ডের মধ্য দিয়ে বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ জাতীয় অর্থনীতিতে অত্যন্ত বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে।

বিগত অর্থ বছরের ধারাবাহিকতায়, স্থিতিশীল অর্থনীতির প্রেক্ষাপটে, চলতি ২০০৯-'১০ অর্থ বছরেও বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির উচ্চতর হার অব্যাহত রয়েছে। দেশের সব ক'টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মূলধন অর্জনের ভিত অত্যন্ত সুদৃঢ় হওয়ায় মূলধন পর্যাপ্ততার হার ডিসেম্বর ২০০৮ শেষে ১০.০৫% থেকে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০০৯-এ ১১.৬৭%-এ উন্নীত হয়েছে। ব্যাংকিং খাতে খেলাপী ঋণের হার গ্রস ভিত্তিতে ডিসেম্বর ২০০৮ শেষে ১০.৭৯% থেকে হ্রাস পেয়ে ডিসেম্বর ২০০৯ শেষে ৯.২১%-এ দাঁড়িয়েছে। আইন ও বিধি-বিধানের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও নিবিড় তদারকি জোরদার করার ফলে দেশের আর্থিক খাতে এই ইতিবাচক অবস্থার সৃষ্টি হয়েছে।

অতি সম্প্রতি(১৫ই মে ২০১০ হতে) মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে তফসিলী ব্যাংকসমূহের নগদ জমা সংরক্ষণের হার(CRR) শতকরা ৫.০০ ভাগ হতে বৃদ্ধি করে শতকরা ৫.৫০ ভাগ এবং বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণসহ সংবিধিবদ্ধ তারল্য সংরক্ষণের হার(SLR) শতকরা ১৮.০০ ভাগ হতে বৃদ্ধি করে শতকরা ১৮.৫০ ভাগে পুণঃনির্ধারণ করা হয়েছে। একইসাথে, ইসলামী শরিয়াহ্ভিত্তিক ব্যাংকসমূহের জন্য সংবিধিবদ্ধ তারল্য সংরক্ষণের হার(SLR) শতকরা ১০.০০ ভাগ হতে বৃদ্ধি করে শতকরা ১০.৫০ ভাগে পুণঃনির্ধারণ করা হয়েছে।

অধিকতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দেশের বিদ্যমান বেকার সমস্যা দূরীকরণ ও কর্মসংস্থানের নতুন নতুন ক্ষেত্র প্রস্তুত করার জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলোকে শক্তিশালীকরণ এবং অন্যান্য ব্যবসায়িক কর্মকান্ড সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক পুনঃঅর্থায়ন সুবিধা দিয়ে যাচ্ছে। এ স্কীমের আওতায় ৩টি তহবিল (বাংলাদেশ ব্যাংক তহবিল ৬০০ কোটি টাকা, আইডিএ তহবিল ১১৭ কোটি টাকা এবং এডিবি তহবিল ২০০ কোটি টাকা) চালু রয়েছে। এই তিনটি স্কীমের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে ডিসেম্বর ২০০৯ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক মোট ১,৪৩২.২৩ কোটি টাকা পুনঃঅর্থায়ন ঋণ প্রদান করা হয়েছে।

অর্থনৈতিক কর্মকান্ডে কৃষকের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় নগদ ১০/- টাকা জমা গ্রহণপূর্বক 'কৃষকের আমানত হিসাব' খোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এসব হিসাবে ন্যূনতম স্থিতি রাখার কোন বাধ্যবাধকতা নেই এবং কোন প্রকার চার্জ/ফি আদায় করা হচ্ছে না, ফলে সর্বাধিক সংখ্যক গ্রামীণ জনগণের ব্যাংকিং নেটওয়ার্কের আওতায় আসার সুযোগ সহজলভ্য হয়েছে।

সারা বিশ্বে আর্থিক মন্দা সত্ত্বেও রেমিট্যান্স প্রবাহের উর্ধ্বমুখিতার কারণে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ১০ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে, যা দেশের ইতিহাসে সর্বোচ্চ রেকর্ড। রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে সৃষ্ট বাংলাদেশ ব্যাংক পরিচালিত রপ্তানি উন্নয়ন তহবিল-এর পরিমাণ সাম্প্রতিক সময়ে ১৫০ মিলিয়ন মার্কিন ডলার হতে ৩০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ সরকারের উদ্যোগে আন্তর্জাতিক ঋণমান নির্ণয়কারী সংস্থা Standard and Poors (S&P) এবং Moody বাংলাদেশকে প্রথম বারের মতো তাদের ঋণমানের (Credit Rating) তালিকায় অন্তর্ভুক্ত করেছে। S&P এবং Moody বাংলাদেশকে যথাক্রমে BB-(বিবি মাইনাস) এবং Ba3(বিএ থ্রি) ঋণমান প্রদান করেছে। এ রেটিং-এর মধ্য দিয়ে অর্থনৈতিক সক্ষমতার ক্ষেত্রে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান এশটি সম্মানজনক স্তরে স্থান পেয়েছে। এখন আমাদের কর্তব্য হচ্ছে অর্থনৈতিক ব্যবস্থাপনা আরো সুষ্ঠ এবং আরো উন্নত রাখতে সার্বক্ষনিক সাবধানতা। এ রেটিং প্রাপ্তির ফলে বাংলাদেশের আমদানি ও বৈদেশিক ঋণের ব্যয় অনেক হ্রাস পাবে, বৈদেশিক বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি পাবে এবং বিভিন্ন ধরণের ঝুঁকি মোকাবিলা সহজতর হবে। বস্তুতঃ এ ইতিবাচক ঋণমান বাংলাদেশের অর্থনীতির মজবুত ভিত্তির ইঙ্গিত বহন করে।

প্রবাসী বাংলাদেশীদের অর্জিত অর্থ দ্রুত দেশে প্রেরণ এবং সার্বিকভাবে রেমিট্যান্স প্রবাহে আরও গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজগুলোর সাথে বাংলাদেশস্থ ড্রয়িং ব্যবস্থা স্থাপনের পদ্ধতি সহজ করা হয়েছে। রেমিট্যান্স বিতরণ নেটওয়ার্ক আরও সম্প্রসারণের উদ্যোগ হিসেবে চারটি বাণিজ্যিক ব্যাংককে রেমিট্যান্স-এর অর্থ Mobile Operator-গুলোর Outlet, বিভিন্ন ব্যাংকের শাখা, ১৪টি Micro Finance Institutions(MFIs) ও বাংলাদেশ পোস্ট অফিসের শাখা অফিসগুলোর মাধ্যমে বিতরণের অনুমতি প্রদান করা হয়েছে। প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগ সুবিধা বৃদ্ধি এবং তাদের কল্যাণার্থে সরকার "প্রবাসী কল্যাণ ব্যাংক" নামে একটি নতুন ব্যাংক প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করেছে।

আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা ও উদ্ভাবনমূলক চিন্তাধারার বাস্তব প্রতিফলনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় দক্ষ ও গতিশীল আর্থিক ব্যবস্থা গড়ে তোলা সরকারের অন্যতম লক্ষ্য। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সবাই এ ব্যাপারে অধিকতর তৎপর ও আন্তরিক থাকায় বাস্তবে তার প্রতিফলন ঘটেছে।

পুস্তিকাটি প্রণয়ন সংক্রান্ত সার্বিক কর্মকান্ড সুসম্পন্ন করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংকের গবেষণা বিভাগ এবং অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ অক্লান্ত পরিশ্রম করেছেন। আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। পুস্তিকাটিতে সন্নিবেশিত তথ্য-উপাত্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, নীতি-নির্ধারক, গবেষক ও অন্যান্য আগ্রহী পাঠকের উপকারে এলে আমাদের পরিশ্রম সার্থক হবে।

(আবুল মাল আবদুল মুহিত)
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

সূচিপত্র

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী, ২০০৯-২০১০	পৃষ্ঠা
❑ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০০৯-'১০	i
❑ বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ	iii
কেন্দ্রীয় ব্যাংক	
❑ বাংলাদেশ ব্যাংক	১
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	
❑ সোনালী ব্যাংক লিমিটেড	১৭
❑ জনতা ব্যাংক লিমিটেড	২৭
❑ অগ্রণী ব্যাংক লিমিটেড	৩৩
❑ রূপালী ব্যাংক লিমিটেড	৪০
স্থানীয় বেসরকারি ব্যাংক	
❑ পূবালী ব্যাংক লিমিটেড	৪৫
❑ উত্তরা ব্যাংক লিমিটেড	৪৯
❑ এবি ব্যাংক লিমিটেড	৫৫
❑ ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৫৯
❑ দি সিটি ব্যাংক লিমিটেড	৬৩
❑ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৬৭
❑ ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৭২
❑ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	৭৭
❑ আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড	৮১
❑ ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৮৪
❑ ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৮৮
❑ প্রাইম ব্যাংক লিমিটেড	৯২
❑ সাউথইস্ট ব্যাংক লিমিটেড	৯৮
❑ ঢাকা ব্যাংক লিমিটেড	১০২
❑ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড	১০৬
❑ সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	১১০
❑ ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড	১১৫
❑ মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড	১১৯
❑ স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	১২৩
❑ ওয়ান ব্যাংক লিমিটেড	১২৭
❑ এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড	১৩১
❑ বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড	১৩৬
❑ মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৪০
❑ ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	১৪৪
❑ দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড	১৪৯
❑ ব্যাংক এশিয়া লিমিটেড	১৫২
❑ ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৫৭
❑ শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড	১৬২
❑ যমুনা ব্যাংক লিমিটেড	১৬৬
❑ ব্র্যাক ব্যাংক লিমিটেড	১৭১
বিদেশী বেসরকারি ব্যাংক	
❑ স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১৭৫
❑ হাবিব ব্যাংক লিমিটেড	১৭৯
❑ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	১৮৩
❑ কমার্শিয়াল ব্যাংক অব সিলোন লিমিটেড	১৮৭

সূচিপত্র

- ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান ১৯১
- সিটিব্যাংক এন.এ. ১৯৫
- উরি ব্যাংক ২০০
- দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড ২০৪
- ব্যাংক আলফালাহ্ লিমিটেড ২০৮

বিশেষায়িত ব্যাংক

- বাংলাদেশ কৃষি ব্যাংক ২১২
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ২১৭
- বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড ২২৩
- বেসিক ব্যাংক লিমিটেড ২২৮

আর্থিক প্রতিষ্ঠান

- আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ২৩৩
- বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড ২৩৬
- গ্রামীণ ব্যাংক ২৩৯
- কর্মসংস্থান ব্যাংক ২৪২
- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ২৪৬
- বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ২৫৫
- সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৫৮
- ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড ২৬২
- জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড ২৬৬
- বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড ২৭০
- লংকাবাংলা ফিন্যান্স লিমিটেড ২৭৫
- ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২৭৯
- ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড (পিএফআইএল) ২৮৩
- বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৮৭
- প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২৯১
- ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড ২৯৬
- ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ২৯৯
- রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড ৩০৩
- ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড ৩০৬
- উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৩১০
- ইউনাইটেড লীজিং কোম্পানী লিমিটেড ৩১৪
- ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড ৩১৮
- পিপলস্ লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ৩২২
- ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড ৩২৬
- ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ৩৩০
- মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড ৩৩৩
- ফার্স্ট লীজ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৩৩৭
- বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড ৩৪১
- ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড ৩৪৪
- ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৩৪৮
- ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৩৫২
- ফিডেলিটি এসেটস এন্ড সিকিউরিটিজ কোম্পানী লিমিটেড ৩৫৬
- প্রিমিয়ার লীজিং ইন্টারন্যাশনাল লিমিটেড ৩৬০
- ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড ৩৬৫
- হজ্ব ফাইন্যান্স কোম্পানী লিমিটেড ৩৬৮
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ৩৭১
- চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড ৩৭৩

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০০৯-২০১০

দেশের অর্থনীতিকে গতিশীল রাখার ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সদা পরিবর্তনশীল বিশ্ব অর্থনীতির সাথে সামঞ্জস্য রেখে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে দেশের কেন্দ্রীয় ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বেসরকারি ও বৈদেশিক বাণিজ্যিক ব্যাংক এবং অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমানে দেশে মোট ৪৭টি তফসিলি ব্যাংক এবং ২৯টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান কার্যরত আছে। তফসিলি ব্যাংকগুলোর মোট শাখার সংখ্যা ৭,১৯৮টি এবং প্রধান কার্যালয়সহ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোর মোট শাখার সংখ্যা ৯১টি। তফসিলি ব্যাংকগুলোর মধ্যে ৪টি বাণিজ্যিক ও ৪টি বিশেষায়িতসহ রাষ্ট্রায়ত্ত খাতে ৮টি, বেসরকারি খাতে ৩০টি এবং বিদেশী মালিকানায় ৯টি ব্যাংক পরিচালিত হচ্ছে।

সেন্ট্রাল ব্যাংক স্ট্রেংদেনিং প্রজেক্টের আওতায় কার্যক্রম অটোমেশনের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক-কে একটি যুগোপযোগী ও গতিশীল কেন্দ্রীয় ব্যাংকে পরিণত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে আন্তঃব্যাংক নেটওয়ার্কিং-এর জন্য বাংলাদেশ ব্যাংকের সকল বিভাগ/অফিসসমূহের মধ্যে কানেকটিভিটি স্থাপন করা হয়েছে। রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোতে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ এবং রূপালী ব্যাংক লিঃ) বাংলাদেশ ব্যাংকের তদারকি জোরদার করার পাশাপাশি গুরুত্বপূর্ণ আর্থিক নির্দেশকসমূহের মাধ্যমে পারফরম্যান্স মূল্যায়ন করা হচ্ছে। কর্পোরেটাইজেশনের ফলে রাষ্ট্রীয় মালিকানাধীন এই ব্যাংকগুলোর ব্যবস্থাপনায় পরিবর্তন এসেছে এবং গুরুত্বপূর্ণ আর্থিক সূচকে উন্নতি হয়েছে।

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা মোকাবিলা, আর্থিক খাত সুসংহতকরণ এবং আন্তর্জাতিক অঙ্গনে দেশীয় ব্যাংকের ভাবমূর্তি এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে পৃথক 'ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট' প্রতিষ্ঠার জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা দেয়া হয়েছে। আমানতকারীদের স্বার্থ সুরক্ষা এবং মূলধন ভিত্তি সুদৃঢ়করণের প্রচেষ্টা জোরদার করার ফলে ব্যাংকগুলোর সার্বিক মূলধন পর্যাপ্ততার হার ডিসেম্বর ২০০৮ শেষে ১০.০৫ শতাংশের তুলনায় বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০০৯-এ ১১.৬৭ শতাংশে দাঁড়িয়েছে। বিধিগত ও আইনানুগ পদক্ষেপের পাশাপাশি বাংলাদেশ ব্যাংকের তদারকি কার্যক্রম বেগবান করার ফলে ব্যাংকিং খাতে খেলাপী ঋণের হার গ্রস ভিত্তিতে ডিসেম্বর ২০০৮ শেষে ১০.৭৯ শতাংশ থেকে হ্রাস পেয়ে ডিসেম্বর ২০০৯ শেষে ৯.২১ শতাংশে দাঁড়িয়েছে। দেশের ব্যাংকিং কর্মকান্ড আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক স্তরে উন্নীত করা এবং মূলধন সংরক্ষণ আরও ঝুঁকি সহনশীল করার লক্ষ্যে ব্যাসেল-১-এর পাশাপাশি ১ জানুয়ারি ২০১০ হতে পর্যায়ক্রমে ব্যাসেল-২-এর প্রস্তাবনা বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারি করেছে।

অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি ও বিদ্যমান বেকার সমস্যা সমাধানের জন্য বাংলাদেশ ব্যাংক তিনটি তহবিলের আওতায় মহিলা উদ্যোক্তা খাতে ১২০ কোটি টাকাসহ মোট ৯১৬ কোটি টাকার 'ঘূর্ণায়মান (Revolving) এসএমই পুনঃঅর্থায়ন স্কীম', কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণ খাতে ১০০ কোটি টাকা এবং গৃহায়ন খাতে ৫০০ কোটি টাকাসহ সর্বমোট ১,৫১৬ কোটি টাকার স্কীম চালু করেছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো ২০১০ সালে এই খাতে প্রথমবারের মতো ২৩,৯৯৫.৪১ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। উল্লেখ্য, এসএমই খাতের বিকাশের জন্য বাংলাদেশ ব্যাংকের ৬০০ কোটি টাকার, 'EGBMP' প্রকল্পের আওতায় সরকার ও IDA-এর যৌথ অর্থায়নে ১১৭ কোটি টাকার এবং ADB সহায়তায় SMESDP প্রকল্প-এর আওতায় ২০০ কোটি টাকার পৃথক পৃথক পুনঃঅর্থায়ন তহবিল চালু রয়েছে। এই ৩টি তহবিল হতে ১৪,৮০২টি প্রতিষ্ঠানকে মোট ১,৪৩২.২৩ কোটি টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

গ্রামীণ কৃষি নির্ভর অর্থনীতিতে কৃষি ঋণের প্রবাহ বৃদ্ধির জন্য সকল তফসিলি ব্যাংককে কৃষি ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংক হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০০৯-'১০ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে দেশের তফসিলি ব্যাংকসমূহ মোট ৮,১৫৯.৫৮ কোটি টাকা কৃষি ঋণ বিতরণ করেছে, যা বিগত অর্থবছরের একই সময়ের তুলনায় ২১% বেশি এবং এ বছরের লক্ষ্যমাত্রার (১১,৫১২.৩০ কোটি টাকা) ৭০.৮৮%। কৃষকদের ঋণ প্রাপ্তি সহজতর করার জন্য নগদ ১০ টাকায় কৃষকদের আমানত হিসাব খোলার ব্যবস্থা নেয়া হয়েছে। এসব হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা নেই এবং কোন প্রকার চার্জ/ফি আদায় করা হয় না।

দেশের পেমেন্ট এন্ড সেটেলমেন্ট সিস্টেমসকে ফলপ্রসূ, সুদক্ষ, মূল্যসাশ্রয়ী ও নিরাপদ করা তথা আধুনিকায়নের প্রথম পদক্ষেপ হিসেবে স্বয়ংক্রিয় চেক ক্লিয়ারিং ব্যবস্থা (BACPS) এবং ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) সম্বলিত বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) প্রতিষ্ঠার কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া, ব্যাংকসমূহকে ই-কমার্স সেবা প্রদান সম্পর্কিত নির্দেশনা প্রদানসহ মোবাইল পেমেন্ট কার্যক্রমের অনুমোদন দেয়া হয়েছে।

বৈদেশিক রেমিট্যান্স প্রবাহ আরো গতিশীল করার জন্য বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজগুলোর সাথে বাংলাদেশের ড্রয়িং ব্যবস্থা স্থাপনের পদ্ধতি সহজ করা হয়েছে। রেমিট্যান্স বিতরণ নেটওয়ার্ক আরও সম্প্রসারণের উদ্যোগ হিসেবে চারটি বাণিজ্যিক ব্যাংককে রেমিট্যান্স-এর অর্থ Mobile Operator-গুলোর Outlet, বিভিন্ন ব্যাংকের শাখা, ১৪টি Micro Finance Institutions (MFIs) ও বাংলাদেশ পোস্ট অফিসের শাখা অফিসগুলোর মাধ্যমে বিতরণের অনুমতি প্রদান করা হয়েছে। এছাড়া, প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণসহ প্রবাসীদের কল্যাণার্থে সরকার "প্রবাসী কল্যাণ ব্যাংক" নামে একটি ব্যাংক প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করেছে।

রেমিট্যান্স প্রবাহে উর্ধ্বমুখিতা এবং বৈদেশিক উৎস হতে সরকারের ঋণ ও অনুদান প্রাপ্তির পরিমাণ বৃদ্ধির কারণে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা রিজার্ভের স্থিতি জুন ২০০৯ শেষে ৭.৪৭১ বিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে বাংলাদেশের ইতিহাসে রেকর্ড সর্বোচ্চ ১০.৫৫৫ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।

সম্প্রতি আন্তর্জাতিক ঋণমান নির্ণয়কারী সংস্থা Standard and Poors (S&P) এবং Moody বাংলাদেশকে প্রথম বারের মতো তাদের সার্বভৌম ঋণমানের (Soverign Credit Rating) তালিকায় অন্তর্ভুক্ত করেছে। এ রেটিং তালিকায় S&P এবং Moody বাংলাদেশকে যথাক্রমে BB-(বিবি মাইনাস) এবং Ba3(বিএ থ্রি) মান প্রদান করেছে। এ রেটিং অনুযায়ী ঋণ পরিশোধে অর্থনৈতিক সক্ষমতার দিক দিয়ে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান ভারতের পরে থাকলেও শ্রীলঙ্কা ও পাকিস্তান-এর উপরে রয়েছে। এরূপ রেটিং প্রাপ্তির ফলে দেশে বৈদেশিক বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি পাবে। এছাড়া ঋণপত্র নিশ্চিতকরণ, গ্যারান্টি চার্জ ইত্যাদি বাবদ ব্যয়ও সাশ্রয় হবে।

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯-এর আওতায় ব্যাংক ছাড়াও আর্থিক প্রতিষ্ঠান, মানি চেঞ্জার, বীমা ইত্যাদি প্রতিষ্ঠানগুলোকে বাংলাদেশ ব্যাংকের রিপোর্টিং-এর আওতায় আনা হয়েছে এবং মানি লন্ডারিং প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থাগুলোকে মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ কার্যকরভাবে তদারক করে যাচ্ছে। অর্থ পাচার সংক্রান্ত তথ্য এবং আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে স্থাপিত Financial Intelligence Unit (FIU) বিভিন্ন দেশের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর প্রক্রিয়ার ধারাবাহিকতায় ২০০৯ সালে দক্ষিণ কোরিয়া, আফগানিস্তান ও কম্বোডিয়ার FIU-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

অতি সম্প্রতি (১৫ই মে ২০১০ হতে) মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে তফসিলি ব্যাংকসমূহের নগদ জমা সংরক্ষণের হার (CRR) শতকরা ৫.০০ ভাগ হতে বৃদ্ধি করে শতকরা ৫.৫০ ভাগ এবং বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণসহ সংবিধিবদ্ধ তারল্য সংরক্ষণের হার (SLR) শতকরা ১৮.০০ ভাগ হতে বৃদ্ধি করে শতকরা ১৮.৫০ ভাগে পুনঃনির্ধারণ করা হয়েছে। একইসাথে, ইসলামী শরিয়াহভিত্তিক ব্যাংকসমূহের জন্য সংবিধিবদ্ধ তারল্য সংরক্ষণের হার (SLR) শতকরা ১০.০০ ভাগ হতে বৃদ্ধি করে শতকরা ১০.৫০ ভাগে পুনঃনির্ধারণ করা হয়েছে।

ব্যাংকিং ও আর্থিক খাতের চলমান কার্যক্রম ও এ খাতে গৃহীত বিভিন্ন পদক্ষেপ দেশের কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এবং দেশকে মজবুত আর্থিক ভিত্তির উপর দাঁড়াতে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। একইসাথে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সবাইকে এ ব্যাপারে অধিকতর তৎপর ও আন্তরিক হবার আহ্বান জানাই।

২৬/০৪/১০

(মোঃ শফিকুর রহমান পাটোয়ারী)
ভারপ্রাপ্ত সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

	সাধারণ	
	ভৌগোলিক অবস্থান/বৈশিষ্ট্যাবলী	
১	আয়তন (বর্গ কিলোমিটারে)	১৪৭৫৭০
২	প্রমাণ সময়	জিএমটি +৬ ঘণ্টা
	জনমিতিক পরিসংখ্যান	
	সাধারণ জনমিতিক পরিসংখ্যান	
৩	জনসংখ্যা-২০০১ সালে (সমন্বয়ভিত্তিক)	১৩.০০ কোটি
৪	জনসংখ্যা-২০০৯-'১০ অর্থবছরে (প্রাক্কলন)	১৪.৬১ কোটি
৫	জনসংখ্যা বৃদ্ধির হার-২০০৯-'১০ অর্থবছরে (প্রাক্কলন)	১.৩২%
৬	পুরুষ-মহিলা (১০০ জন)-এর অনুপাত-২০০৮ সালে	১০৫.০০ জন
৭	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটার)-২০০৯-'১০ (প্রক্ষেপিত)	৯৯০ জন
	মৌলিক জনমিতিক পরিসংখ্যান	
৮	স্থূল জন্ম হার-২০০৮ সালে (প্রতি ১০০০ জনে)	২০.৯০ জন
৯	স্থূল মৃত্যু হার-২০০৮ সালে (প্রতি ১০০০ জনে)	৬.৩০ জন
১০	শিশু মৃত্যু হার-২০০৮ সালে (এক বছরের কম) (প্রতি ১০০০ জীবিত জন্মে)	৪১ জন
১১	মহিলা প্রতি উর্বরতা হার-২০০৮ সালে (১৫-৪৯ বছর)	২.৩০%
১২	গর্ভ নিরোধক ব্যবহারের হার -২০০৮ সালে	৫২.৬০%
	প্রত্যাশিত গড় আয়ুষ্কাল-২০০৮ সালে	
১৩	সাধারণ গড়	৬৬.৮০ বছর
১৪	পুরুষ	৬৫.৬০ বছর
১৫	মহিলা	৭০.০০ বছর
	প্রথম বিবাহে গড় বয়স-২০০৮ সালে	
১৬	পুরুষ	২৫.৯০ বছর
১৭	মহিলা	২০.৩০ বছর
	স্বাস্থ্য ও সামাজিক সেবা	
১৮	সরকারি হাসপাতালের শয্যা প্রতি জনসংখ্যা-২০০৮-'০৯ অর্থ বছরে	৩৫০৮ জন
১৯	রেজিস্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা-২০০৮-'০৯ অর্থ বছরে	২৭৭৩ জন

২০	সুপেয় পানি গ্রহণকারী (২০০৮ সালে)	পল্লী	৮৫%
		শহর	৬০%
২১	স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী (২০০৮ সালে)		৮৭.০০%
২২	সাক্ষরতার হার (১১+ বছর) -২০০৮ সালে		৪৯.১০%
	শ্রমশক্তি (১৫+ বছর) ও কর্মসংস্থান (লেবার ফোর্স সার্ভে, ২০০৫-'০৬)		
	শ্রমশক্তি		
২৩	মোট		৪.৯৫ কোটি
২৪	পুরুষ		৩.৭৪ কোটি
২৫	মহিলা		১.২১ কোটি
	মোট শ্রমশক্তির শতকরা হার হিসাবে		
২৬	কৃষি		৪৮.৪০%
২৭	শিল্প		২৪.৩০%
২৮	সেবা		১৪.২০%
	খানা, আয় ও ব্যয় জরিপ-২০০৫ অনুযায়ী CBN পদ্ধতিতে দারিদ্রের হার		
	দারিদ্রের উর্ধ্বসীমা (%)		
২৯	জাতীয়		৪০.০০
৩০	পল্লী		৪৩.৮০
৩১	শহর		২৮.৪০
	দারিদ্রের নিম্নসীমা (%)		
৩২	জাতীয়		২৫.১০
৩৩	পল্লী		২৮.৬০
৩৪	শহর		১৪.৬০
	মোট দেশজ উৎপাদন (জিডিপি) ২০০৯-'১০ (সাময়িক)		
৩৫	চলতি মূল্যে জিডিপি (কোটি টাকায়)		৬৯০৫৭১
৩৬	স্থির মূল্যে জিডিপি (কোটি টাকায়) (ভিত্তি বছর-১৯৯৫-'৯৬)		৩৫৯০৫৯
৩৭	স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার (শতকরা)		৫.৫৪
৩৮	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (টাকায়)		৫১৮২১
৩৯	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (মার্কিন ডলারে)		৭৫০

৪০	চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (টাকায়)	৪৭২৮১
৪১	চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৬৮৪
	সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র %) ২০০৯-'১০ (সাময়িক)	
৪২	দেশজ সঞ্চয়	১৯.৭৮
৪৩	জাতীয় সঞ্চয়	২৯.৬৫
৪৪	মোট বিনিয়োগ	২৪.৩৫
৪৫	সরকারি	৪.৬২
৪৬	বেসরকারি	১৯.৭৪
	সরকারি রাজস্ব আয়/ব্যয় ২০০৯-'১০ (সংশোধিত বাজেটভিত্তিক)	**কোটি টাকায়**
৪৭	মোট রাজস্ব আয়	৭৯৪৮৪
৪৮	মোট রাজস্ব ব্যয়	১১০৫২৩
৪৯	মোট রাজস্ব আয় (জিডিপি'র %)	১১.৫০%
৫০	মোট ব্যয় (জিডিপি'র %)	১৬.০০%
৫১	বাজেট ঘাটতি (জিডিপি'র %) (বৈদেশিক অনুদান ব্যতীত)	৪.৫%
৫২	বাজেট ঘাটতি (জিডিপি'র %) (বৈদেশিক অনুদানসহ)	৪.০%
	বাণিজ্যিক লেনদেনের ভারসাম্য (২০০৯-'১০)	**মিলিয়ন মার্কিন ডলারে**
৫৩	রপ্তানি আয় (জুলাই '০৯-মার্চ '১০)	১১৫৪১
৫৪	আমদানি ব্যয় (জুলাই '০৯-মার্চ '১০)	১৭১৯১
৫৫	চলতি হিসাবের ভারসাম্য (জুলাই '০৯-মার্চ '১০)	২৬১৮
৫৬	সার্বিক ভারসাম্য (জুলাই '০৯-মার্চ '১০)	২২৬৭
৫৭	বৈদেশিক মুদ্রার মজুদ (Foreign Exchange Reserve) (১৩ মে ২০১০)	১০১১৭
৫৮	প্রবাসীদের প্রেরিত অর্থ (জুলাই '০৯-এপ্রিল '১০)	৯১৯১
৫৯	বৈদেশিক মুদ্রার গড় বিনিময় হার টাকা/মার্কিন ডলার (জুলাই '০৯-এপ্রিল'১০)	৬৯.৯৩
	আর্থিক পরিসংখ্যান : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান : মার্চ ২০১০	
৬০	মোট ব্যাংকের সংখ্যা	৪৭
৬১	দেশীয় ব্যাংক	৩৮
৬২	বৈদেশিক ব্যাংক	৯
৬৩	আর্থিক প্রতিষ্ঠান	২৯
৬৪	মোট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা	৭৬
	পুঁজিবাজার	
	সার্বিক শেয়ার মূল্যসূচক (৩১ মার্চ '১০)	**টাকায়**
৬৫	ঢাকা স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০)	৫৫৮২.৩৩
৬৬	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০০)	১৬১৯৩.৯৯
	অর্থ সরবরাহ (মার্চ '১০) (সাময়িক)	**কোটি টাকায়**
৬৭	সংকীর্ণ অর্থ (M_1)	৭৭৫৮০.০০
৬৮	ব্যাপক অর্থ (M_2)	৩৩৭৫৭৯.০০
৬৯	ব্যাংক আমানতের স্থিতি (Bank Deposit)	৩১৫১৬৭.৭১
৭০	ব্যাংক ঋণের স্থিতি (Bank Credit)	২৫০৪৪৮.৯০
৭১	রিজার্ভ মানি'র স্থিতি (Reserve Money)	৬৯৫৫৩.০০
	কৃষি ঋণ প্রদান ও আদায় (সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহ)	**কোটি টাকায়**
৭২	কৃষি ঋণ প্রদানের টার্গেট (জুলাই '০৯-জুন '১০)	১১৫১২.৩০
৭৩	কৃষি ঋণ প্রদান (জুলাই '০৯-মার্চ '১০)	৮১৫৯.৫৮
৭৪	কৃষি ঋণ আদায় (জুলাই '০৯-মার্চ '১০)	৭৪২৩.৮১
৭৫	কৃষি ঋণ আদায় হার (%) (জুলাই '০৯-মার্চ '১০)	৫৩.৮৭%
	পরিবহন (২০১০)	**কিলোমিটারে**
৭৬	জাতীয় মহাসড়ক	৩৪৭৮
৭৭	আঞ্চলিক মহাসড়ক	৪২২২
৭৮	ফিডার/জেলা রোড	১৩২৪৮
৭৯	মোট সড়ক পথ	২০৯৪৮
৮০	রেল পথ (২০০৮-'০৯)	২৮৩৫

তথ্য উৎস : (১) বাংলাদেশ ব্যাংক। (২) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, অর্থবিভাগ। (৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

কেন্দ্রীয় ব্যাংক

বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে আর্থ-ব্যবস্থাপনাসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক তদারকির দায়িত্বে নিয়োজিত রয়েছে। নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা ও ঋণনীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশে মুদ্রা নীতির মূল লক্ষ্য হলো মূল্যস্তর স্থিতিশীল রাখার মাধ্যমে টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান যুক্তিসংগত পর্যায়ে রাখা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা। গভর্নরসহ ৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কর্মকান্ড পরিচালনার মূল কেন্দ্র বিন্দু। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর ও বরিশালে একটি করে

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় ভবন।

কার্যালয় রয়েছে। এসব শাখার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক কার্যক্রম তদারকির গুরুদায়িত্ব পালন করছে। ২০০৯ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্থবছরের বাংলাদেশ ব্যাংকের স্থিতিপত্রের একটি সংক্ষিপ্তসার সংযোজনী-১-এ এবং অন্যান্য আর্থিক সূচকগুলোর বর্ণনা নিম্নবর্ণিত অনুচ্ছেদে দেয়া হয়েছে।

২০০৯-'১০ অর্থবছরের প্রথমার্ধে বৈশ্বিক মন্দার প্রভাবে বাংলাদেশের আমদানি ব্যয় ও রপ্তানি আয় সামান্য হ্রাস পেলেও প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অন্তর্মুখী রেমিট্যান্সের উল্লেখযোগ্য প্রবৃদ্ধির কারণে বাংলাদেশের বৈদেশিক মুদ্রা বাজারে পর্যাপ্ত তারল্য বজায় থাকার পাশাপাশি বিনিময় হার স্থিতিশীল থাকে। তবে, মূল্যস্ফীতি সহনীয় পর্যায়ে বজায় রেখে উচ্চমাত্রার ব্যাপকভিত্তিক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক-এর মুদ্রানীতি প্রণয়ণের ধারাবাহিকতা ২০০৯-'১০ অর্থবছরেও অব্যাহত থাকে। এ সময়ে বিশ্ব অর্থনৈতিক মন্দার নেতিবাচক প্রভাব থেকে উত্তরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও সরকার প্রবৃদ্ধি সহায়ক মুদ্রানীতির সমর্থনে অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতা সম্প্রসারণ, রাজস্ব খাত হতে প্রণোদনা উদ্যোগের পাশাপাশি কৃষি, ক্ষুদ্র ও মাঝারি শিল্পসহ উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকান্ডে সুলভ ঋণের পর্যাপ্ততা নিশ্চিত এবং আর্থিক সেবার পরিসরে দেশের অধিকতর জনগোষ্ঠির অন্তর্ভুক্তি (financial inclusion) প্রশস্ততর করার প্রয়াস গ্রহণ করে।

মুদ্রা যোগান (Money Supply)

২০০৯-'১০ অর্থবছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত) সংকীর্ণ মুদ্রা (Narrow Money-M1) ৯৫.১০ বিলিয়ন টাকা (১৪.৩২%) বৃদ্ধি পেয়ে ৭৫৯.৩৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে বৃদ্ধি পেয়েছিল ২২.০৫ বিলিয়ন টাকা (৩.৭২%)। আলোচ্য অর্থবছরের এ সময়ে ব্যাপক মুদ্রা (Broad Money-M2) ৩৭৮.৭১ বিলিয়ন টাকা (১২.৭৭%) বৃদ্ধি পেয়ে ৩৩৪৩.৭১ বিলিয়ন টাকায় দাঁড়ায়, পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ সময়ে যা বৃদ্ধি পেয়েছিল ২৫৫.১৫ বিলিয়ন টাকা (১০.২৬%)। একই সময়ে রিজার্ভ মুদ্রা ৩৭.২৯ বিলিয়ন টাকা (৫.৩৭%) বৃদ্ধি পেয়ে ৭৩১.১৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ সময়ে বৃদ্ধি পেয়েছিল ৫৩.৭৮ বিলিয়ন টাকা (১০.১৯%)। আলোচ্য অর্থবছরে অর্থ গুণক (Money Multiplier) জুন ২০০৯ শেষের ৪.২৭৩ হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১০ শেষে ৪.৫৭৩-এ দাঁড়ায়। একই সময়ে মুদ্রা/আমানত অনুপাত ০.১৩৮ হতে বৃদ্ধি পেয়ে ০.১৪২-এ দাঁড়ায় এবং রিজার্ভ/আমানত অনুপাত ০.০৯২ হতে বৃদ্ধি পেয়ে ০.০৯৭-এ দাঁড়ায়।

আলোচ্য অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রার উপাদানগুলোর মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৫৫.৫৩ বিলিয়ন টাকা (১৫.৪১%) বৃদ্ধি পেয়ে ৪১৬.০২ বিলিয়ন টাকায়, তলবি আমানত ৩৯.৫৮ বিলিয়ন টাকা (১৩.০৯%) বৃদ্ধি পেয়ে ৩৪১.৯৫

সারণি-১

মুদ্রা যোগান

(বিলিয়ন টাকায়)

বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রাষ্ট্রায়ত্ত খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	সংকীর্ণ মুদ্রা ($এম_১$)	পরিবর্তন	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা ($এম_২$)	পরিবর্তন
১	২	৩	৪	৫=(২+৩+৪)	৬	৭	৮=(৫+৭)	৯
২০০৮								
মার্চ	২৯৩.৬৮	২৪৬.৪২	০.৭৬	৫৪০.৮৫	-৪৯.৫০	১৭৮১.৯০	২৩২২.৭৫	১০.৭২
জুন	৩২৬.৯০	২৬৫.১৮	১.০৭	৫৯৩.১৪	৫২.২৯	১৮৯৪.৮১	২৪৮৭.৯৫	১৬৫.২০
সেপ্টেম্বর	৩৯১.২৭	২৭১.০৯	০.৮৩	৬৬৩.১৯	৭০.০৫	২০০৫.৮৬	২৬৬৯.০৫	১৮১.১০
ডিসেম্বর	৩৭৫.৫১	২৭০.৪৮	১.১৩	৬৪৭.১৩	-১৬.০৬	২০৭২.৬৬	২৭১৯.৭৯	৫০.৭৪
২০০৯								
মার্চ	৩৫০.৮৫	২৬৩.৭৮	১.০৩	৬১৫.৬৬	-৩১.৪৭	২১৬৭.৪৮	২৭৮৩.১৪	৬৩.৩৫
জুন	৩৬০.৪৯	৩০২.৩৭	১.৪১	৬৬৪.২৭	৪৮.৬১	২৩০০.৭৩	২৯৬৫.০০	১৮১.৮৬
সেপ্টেম্বর	৪০৮.৯৫	৩০৩.৬০	১.৩৬	৭১৩.৯১	৪৯.৬৪	২৪০৬.৬৭	৩১২০.৫৮	১৫৫.৫৮
ডিসেম্বর	৪১৪.১৬	৩৩৭.৭৭	১.৬৭	৭৫৩.৬০	৩৯.৬৯	২৫২৮.৩২	৩২৮১.৯২	১৬১.৩৪
২০১০								
ফেব্রুয়ারি	৪১৬.০২	৩৪১.৯৫	১.৩৯	৭৫৯.৩৭	৫.৭৭	২৫৮৪.৩৪	৩৩৪৩.৭১	৬১.৭৯

নোট : *তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকসমূহে গচ্ছিত সরকারি আমানত এবং আন্তঃব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়। তলবি আমানতে বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত অ-তফসিলি ব্যাংকসমূহের আমানত অন্তর্ভুক্ত।*

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

ব্যাপক মুদ্রা ($এম_২$) ও এর বিভিন্ন উপাদানের শতকরা হার

সারণি-২

(বিলিয়ন টাকায়)

বছর/মাস	ব্যাপক মুদ্রা ($এম_২$)	ব্যাপক মুদ্রার শতকরা অংশ			
		জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রাষ্ট্রায়ত্ত খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	মেয়াদি আমানত
২০০৮					
মার্চ	২৩২২.৭৫	১২.৬৪	১০.৬১	০.০৩	৭৬.৭২
জুন	২৪৮৭.৯৫	১৩.১৪	১০.৬৬	০.০৪	৭৬.১৬
সেপ্টেম্বর	২৬৬৯.০৫	১৪.৬৬	১০.১৬	০.০৩	৭৫.১৫
ডিসেম্বর	২৭১৯.৭৯	১৩.৮১	৯.৯৪	০.০৪	৭৬.২১
২০০৯					
মার্চ	২৭৮৩.১৪	১২.৬১	৯.৪৮	০.০৪	৭৭.৮৮
জুন	২৯৬৫.০০	১২.১৬	১০.২০	০.০৫	৭৭.৬০
সেপ্টেম্বর	৩১২০.৫৮	১৩.১০	৯.৭৩	০.০৪	৭৭.১২
ডিসেম্বর	৩২৮১.৯২	১২.৬২	১০.২৯	০.০৫	৭৭.০৪
২০১০					
ফেব্রুয়ারি	৩৩৪৩.৭১	১২.৪৪	১০.২৩	০.০৪	৭৭.২৯

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

বিলিয়ন টাকায় এবং মেয়াদি আমানত ২৮৩.৬১ বিলিয়ন টাকা (১২.৩৩%) বৃদ্ধি পেয়ে ২৫৮৪.৩৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে, রাষ্ট্রায়ত্ত খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.০২ বিলিয়ন টাকা (১.৪৯%) হ্রাস পেয়ে ১.৩৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৩১.৪৭ বিলিয়ন টাকা (৯.৬৩%), মেয়াদি আমানত ২৩৩.১০ বিলিয়ন টাকা (১২.৩০%) এবং তলবি আমানত ৯.২৮ বিলিয়ন টাকা (৩.৫০%) ও রাষ্ট্রায়ত্ত খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.১৫ বিলিয়ন টাকা (১৪.১১%) হ্রাস পেয়েছিল। ২০১০ সালের ফেব্রুয়ারি শেষে ব্যাপক মুদ্রার শতকরা অংশ হিসেবে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা, তলবি আমানত, মেয়াদি আমানত এবং রাষ্ট্রায়ত্ত খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত-এর পরিমাণ দাঁড়ায় যথাক্রমে শতকরা ১২.৪৪ ভাগ, ১০.২৩ ভাগ, ৭৭.২৯ ভাগ ও ০.০৪ ভাগ। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে যার পরিমাণ ছিল যথাক্রমে শতকরা ১৩.০৬ ভাগ, ৯.৩৩ ভাগ, ৭৭.৫৭ ভাগ ও ০.০৩ ভাগ। সারণি-১ এবং সারণি-২-এ মুদ্রা যোগান সংক্রান্ত পরিসংখ্যান দেখানো হলো।

ব্যাপক মুদ্রা ($এম_২$) যোগান পরিবর্তনের কারণ

২০০৯-'১০ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রা যোগান ($এম_২$) বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বেসরকারি খাতে ঋণ ৩০০.৭৫ বিলিয়ন টাকা, রাষ্ট্রায়ত্ত খাতে ঋণ ১৯.৫২ বিলিয়ন টাকা এবং বৈদেশিক সম্পদ (নীট) খাতে ১৭৩.০০ বিলিয়ন টাকা বৃদ্ধি পাওয়ায় ব্যাপক মুদ্রা যোগানে সম্প্রসারণমূলক প্রভাব পরিলক্ষিত হয়। তবে, সরকারি খাতে ঋণ (নীট) ৮৭.৮৯ বিলিয়ন টাকা ও অন্যান্য পরিসম্পদ (নীট) খাতে ২৬.৬৭ বিলিয়ন টাকা হ্রাস পাওয়ায় এই সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৯-'১০ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত ব্যাপক মুদ্রা ($এম_২$) যোগান পরিবর্তনের কারণসূচক বিশ্লেষণ সারণি-৩-এ দেখানো হলো।

রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণ

২০০৯-১০ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বৈদেশিক সম্পদ (নীট) খাতে ১৬১.২৬ বিলিয়ন টাকা ও অন্যান্য পরিসম্পদ খাতে ২১.১৭ বিলিয়ন টাকা বৃদ্ধি রিজার্ভ মুদ্রা বৃদ্ধিতে সম্প্রসারণমূলক প্রভাব ফেলে। অন্যদিকে, সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা ১৩৬.৬৬ বিলিয়ন টাকা এবং তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা ১০.৭৬ বিলিয়ন টাকা হ্রাসের কারণে এই সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৯-'১০ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৪-এ দেখানো হলো।

ব্যাংক আমানত

২০০৯-'১০ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৩২৯.০৭ বিলিয়ন টাকা (১১.৮১%) বৃদ্ধি পেয়ে ২০১০ সালের ফেব্রুয়ারি শেষে ৩১১৫.৯৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে মোট ব্যাংক আমানতের পরিমাণ ২৩৩.৮০ বিলিয়ন টাকা (১০.০৯%) বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের মধ্যে মেয়াদি আমানত ২৮৩.৬২ বিলিয়ন টাকা (১২.৩৩%), সরকারি আমানত ৬.১৩ বিলিয়ন টাকা (৩.৩৫%) এবং তলবি আমানত ৩৯.৫৯ বিলিয়ন টাকা (১৩.০৯%) বৃদ্ধি পায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মেয়াদি আমানত ২৩৩.১১ বিলিয়ন টাকা (১২.৩০%), সরকারি আমানত ৯.৭৮ বিলিয়ন টাকা (৬.২৪%) বৃদ্ধি পেলেও তলবি আমানত ৯.২৭ বিলিয়ন টাকা (৩.৫০%) হ্রাস পেয়েছিল। সারণি-৫-এ ব্যাংক আমানতের উপাত্ত দেয়া হয়েছে।

সারণি-৩

ব্যাপক মুদ্রা ($এম_২$) যোগান ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০১০	জুন ২০০৯	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৯-২০১০	জুলাই-ফেব্রুয়ারি ২০০৮-২০০৯
ব্যাপক মুদ্রা ($এম_২$) যোগান (ক+.....+ঙ)	**৩৩৪৩.৭১**	**২৯৬৫.০০**	**৩৭৮.৭১**	**২৫৫.১৫**
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সী নোট ও মুদ্রা	৪১৬.০২	৩৬০.৪৯	৫৫.৫৩	৩১.৪৭
খ) তলবি আমানত	৩৪১.৯৫	৩০২.৩৭	৩৯.৫৮	-৯.২৮
গ) সরকারি সংস্থার আমানত	১.৩৭	১.৩৬	০.০১	-০.১০
ঘ) বাংলাদেশ ব্যাংকে অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	০.০২	০.০৫	-০.০৩	-০.০৪
ঙ) মেয়াদি আমানত	২৫৮৪.৩৪	২৩০০.৭৩	২৮৩.৬১	২৩৩.১০
ব্যাপক মুদ্রা ($এম_২$) যোগান পরিবর্তনের কারণসূচক উপাদানগুলো				
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	৬৪৭.৫৯	৪৭৪.৫৯	১৭৩.০০	-৩১.১৬
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ (i+ii)	২৬৯৬.১২	২৪৯০.৪১	২০৫.৭১	২৮৬.৩১
i) অভ্যন্তরীণ ঋণ	৩১১৭.৯১	২৮৮৫.৫৩	২৩২.৩৮	২৬৪.৪৯
ক) সরকারি খাত (নীট)	৪৯৩.৯৬	৫৮১.৮৫	-৮৭.৮৯	৬৩.২৩
খ) রাষ্ট্রায়ত্ত খাত	১৪৩.৯২	১২৪.৪০	১৯.৫২	২৭.৬৫
গ) বেসরকারি খাত	২৪৮০.০৩	২১৭৯.২৮	৩০০.৭৫	১৭৩.৬১
ii) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৪২১.৭৯	-৩৯৫.১২	-২৬.৬৭	২১.৮২

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

ব্যাংক ঋণ

২০০৯-'১০ অর্থবছরের প্রথম আট মাসে তফসিলি ব্যাংকগুলোর প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৩০৬.৪২ বিলিয়ন টাকা (১৩.৫৬%) বৃদ্ধি পেয়ে ২০১০ সালের ফেব্রুয়ারি শেষে ২৫৬৫.৭৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণ স্থিতির পরিমাণ ২১১.৫৫ বিলিয়ন টাকা (১০.৭৬%) বৃদ্ধি পেয়ে ২১৭৭.৯৬ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি খাতে ঋণ ২৯০.৩৩ বিলিয়ন টাকা (১৩.৫৯%) ও সরকারি খাতে ঋণ ১৬.০৯ বিলিয়ন টাকা (১৩.১৩%) বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৪২৭.১১ বিলিয়ন টাকা ও ১৩৮.৬৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে বেসরকারি খাতে ব্যাংক ঋণ ১৬৯.৭৭ বিলিয়ন টাকা (৯.০৮%) ও সরকারি খাতে ঋণ ৪১.৭৮ বিলিয়ন টাকা (৪২.৮২%) বৃদ্ধি পেয়েছিল। সারণি-৬-এ ব্যাংক ঋণের খাতওয়ারি প্রবাহ দেখানো হলো।

শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন পরিলক্ষিত হয়। ২০০৯-'১০ অর্থবছরের সেপ্টেম্বর পর্যন্ত পল্লী এলাকায় পূর্ববর্তী অর্থবছরের তুলনায় আমানত সংগ্রহের পরিমাণ বৃদ্ধি পায় এবং আগামের প্রবাহ হ্রাস পায়। ২০০০ সালের জুন শেষে মোট আমানতে পল্লী আমানতের অংশ ছিল শতকরা ২২.৬২ ভাগ, যা বিভিন্ন সময়ে উঠানামা করে ২০০৯ সালের সেপ্টেম্বর শেষে শতকরা ১৩.১২ ভাগে দাঁড়িয়েছে। পক্ষান্তরে, এই সময়ে মোট আগামে পল্লী এলাকার অংশ শতকরা ১৬.৮৭ ভাগ হতে বিভিন্ন সময়ে উঠানামার মাধ্যমে সেপ্টেম্বর ২০০৯ শেষে শতকরা ৭.৯৪ ভাগে এসে দাঁড়িয়েছে। সারণি-৭-এ সন্নিবেশিত পরিসংখ্যান থেকে দেখা যায় যে, পল্লী এলাকায় সংগৃহীত আমানতের চেয়ে সেখানে প্রদত্ত আগাম হার বরাবরই উল্লেখযোগ্যভাবে কম থাকে। এতে পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রতিফলন দেখা যায়। পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার সারণি-৭-এ দেখানো হলো।

নগদ জমা সংরক্ষণ আবশ্যকতা (CRR)

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে ও ব্যাংকগুলোর অতিরিক্ত জমার ব্যবহার সীমিতকরণের লক্ষ্যে ১৫ মে ২০১০ হতে বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের হার (CRR) দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম শতকরা ৫.০০ ভাগ থেকে বৃদ্ধি করে শতকরা ৫.৫০ ভাগ নির্ধারণ করা হয়। তবে, কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ৫.০০ ভাগ-এর কম হবে না। আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এ হার শতকরা ২.৫০ ভাগে অপরিবর্তিত রয়েছে। তবে, ১ ডিসেম্বর ২০০৪ থেকে আর্থিক প্রতিষ্ঠানগুলো দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক শতকরা ২.৫০ ভাগ হারে নগদ জমা (CRR) সংরক্ষণ করবে এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ২.০০ ভাগ-এর কম হবে না।

তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণ আবশ্যকতা (SLR)

১৫ মে ২০১০ তারিখ থেকে ইসলামি শরীয়াহ-ভিত্তিক এবং

বিশেষায়িত ব্যাংকগুলো ব্যতীত তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণের আবশ্যকীয় হার (SLR) তাদের মোট দায় (তলবি ও মেয়াদি)-এর শতকরা ১৮.০০ ভাগ থেকে বৃদ্ধি করে শতকরা ১৮.৫০ ভাগ নির্ধারণ করা হয়। একই সময় ইসলামি ব্যাংকগুলোর (ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ, আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ) তরল সম্পদ সংরক্ষণের আবশ্যকীয় হার তাদের মোট দায়-এর শতকরা ১০ ভাগ থেকে বৃদ্ধি করে শতকরা ১০.৫০ ভাগ নির্ধারণ করা হয়। অপরদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে অব্যাহতি দেয়া হয়েছে, যা আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

ব্যাংক রেট

ব্যাংক ঋণে উচ্চ মাত্রার প্রকৃত সুদের হার কমিয়ে আনার লক্ষ্যে ৬ নভেম্বর ২০০৩ তারিখে ব্যাংক রেট শতকরা ৬ ভাগ থেকে হ্রাস করে শতকরা ৫ ভাগ নির্ধারণ করা হয়, যা আলোচ্য সময়েও অপরিবর্তিত আছে।

সুদ হার

বাংলাদেশ ব্যাংক সুদ হার ব্যবধান (Interest rate spread) যুক্তিসংগত পর্যায়ে রাখার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করছে। আমানত ও আগাম-এর সুদ হার ২০০৯ সালের জুন শেষের যথাক্রমে শতকরা ৭.০১ ভাগ ও ১১.৮৭ ভাগের তুলনায় হ্রাস পেয়ে ২০০৯ সালের সেপ্টেম্বর শেষে যথাক্রমে শতকরা ৬.৫৭ ভাগ ও ১১.৫৯ ভাগে দাঁড়ালেও সুদ হার ব্যবধান শতকরা ৪.৮৬ ভাগ হতে বৃদ্ধি পেয়ে শতকরা ৫.০২ ভাগে দাঁড়ায়।

মুদ্রা ও ঋণনীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

আন্তর্জাতিক মানের ব্যাংক ব্যবস্থা গড়ে তোলা এবং দেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি আরও মজবুত, সুদৃঢ় ও শক্তিশালী করার পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম আরো বেশি শক্তিশালী ও সময়োপযোগী করার লক্ষ্যে সাম্প্রতিক বছরগুলোতে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০০৯-'১০ অর্থবছরের মার্চ পর্যন্ত মুদ্রা ও ঋণনীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপগুলো ছিল নিম্নরূপঃ

- ব্যাংকিং খাতের মূলধন সংরক্ষণ আরও ঝুঁকি সহনশীল ও সুদৃঢ় করার লক্ষ্যে জানুয়ারি ১, ২০১০ তারিখ হতে বাংলাদেশে কার্যরত ব্যাংকগুলো Basel-II Regime-এ প্রবেশ করার ফলে তফসিলি ব্যাংকগুলোকে মূলধন পর্যাপ্ততার সংশোধিত বিধান "Risk Based Capital Adequacy for Banks" বিধিবদ্ধভাবে পরিপালনের নির্দেশনা প্রদান;
- বিশ্ব মন্দার কারণে রপ্তানিমুখী শিল্প খাতের ক্ষতিগ্রস্ত গ্রাহকদের খেলাপী ঋণ/লীজ আবশ্যকীয় ডাউন পেমেন্ট ছাড়া প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত পুনঃতফসিলিকরণ;
- তত্ত্বাবধায়ক সরকারের সময়ে বিভিন্ন আতংকগ্রস্ত ব্যবসায়িক শ্রেণীর খেলাপী ঋণ/লীজ আবশ্যকীয় ডাউন পেমেন্ট ছাড়া প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০১০ তারিখ পর্যন্ত

সারণি-৪

রিজার্ভ মুদ্রা ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০১০	জুন ২০০৯	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৯-২০১০	জুলাই-ফেব্রুয়ারি ২০০৮-২০০৯
রিজার্ভ মুদ্রা (ক+খ+গ+ঘ)	**৭৩১.১৯**	**৬৯৩.৯০**	**৩৭.২৯**	**৫৩.৭৮**
ক) ইস্যুকৃত মুদ্রা ও নোট	৪৫৯.৫৬	৩৯৪.৪৯	৬৫.০৭	২৯.৪১
খ) বাংলাদেশ ব্যাংকে ব্যাংকগুলোর নগদ জমা	২৭০.২৪	২৯৮.০০	-২৭.৭৬	২৪.৫১
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	০.০২	০.০৫	-০.০৩	-০.০৪
ঘ) সরকারি সংস্থার আমানত	১.৩৭	১.৩৬	০.০১	-০.১০
রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদানগুলো				
ক) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	৫৯৩.৭১	৪৩২.৪৫	১৬১.২৬	-১১.৫১
খ) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ(১+২)	১৩৭.৪৮	২৬১.৪৫	-১২৩.৯৭	৬৫.২৯
১) অভ্যন্তরীণ ঋণ (ক+খ+গ+ঘ)	**২৪১.১৮**	**৩৮৬.৩২**	**-১৪৫.১৪**	**২.৪১**
ক) সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা (নীট)	১৫২.৮৯	২৮৯.৫৫	-১৩৬.৬৬	৭.০৮
খ) রাষ্ট্রায়ত্ত খাতের কাছে পাওনা	৭.৭৭	৮.০৮	-০.৩১	-১.০৬
গ) তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা	৫৭.৭১	৬৮.৪৭	-১০.৭৬	-৫.৪৯
ঘ) অন্যান্য প্রতিষ্ঠানগুলোর কাছে পাওনা	২২.৮১	২০.২২	২.৫৯	১.৮৮
২) অন্যান্য পরিসম্পদ (নীট)	**-১০৩.৭০**	**-১২৪.৮৭**	**২১.১৭**	**৬২.৮৮**

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

সারণি-৫

ব্যাংক আমানত

(বিলিয়ন টাকায়)

মাস/বছর	মোট আমানত*	মোট আমানতের পরিবর্তন	মোট আমানতের শতকরা অংশ হিসাবে			
			তলবি আমানত	মেয়াদি আমানত	সরকারি আমানত	নিয়ন্ত্রিত আমানত
২০০৮						
মার্চ	২১৬৯.৩১	৪৬.৭৪	১১.৩৬	৮২.১৪	৬.৪৮	০.০২
জুন	২৩১৭.২৬	১৪৭.৯৬	১১.৪৪	৮১.৭৭	৬.৭৭	০.০২
সেপ্টেম্বর	২৪২৩.৯৩	১০৬.৬৬	১১.১৮	৮২.৭৫	৬.০৪	০.০৩
ডিসেম্বর	২৫০৭.২৪	৮৩.৩১	১০.৭৯	৮২.৬৭	৬.৫২	০.০৩
২০০৯						
মার্চ	২৬০৩.৪৮	৯৬.২৪	১০.১৩	৮৩.২৫	৬.৫৯	০.০৩
জুন	২৭৮৬.৯০	১৮৩.৪২	১০.৮৫	৮২.৫৬	৬.৫৭	০.০২
সেপ্টেম্বর	২৮৮০.৩৪	৯৩.৪৪	১০.৫৪	৮৩.৫৫	৫.৮৮	০.০২
ডিসেম্বর	৩০৪২.৮৩	১৬২.৪৯	১১.১০	৮৩.০৯	৫.৮০	০.০১
২০১০						
ফেব্রুয়ারি	৩১১৫.৯৭	৭৩.১৪	১০.৯৭	৮২.৯৪	৬.০৭	০.০১

** নিয়ন্ত্রিত আমানত (Restricted Deposit)সহ এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।*

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

পুনঃতফসিলিকরণ;

- ❖ অর্থনৈতিক কর্মকাণ্ডে কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়টি বিবেচনায় রেখে নগদ ১০.০০ টাকা জমা গ্রহণপূর্বক কৃষকদের আমানত হিসাব খোলার জন্য সকল রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান;
- ❖ বিশ্ব বাজারে রপ্তানিমুখী জাহাজের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষাপটে দেশে এ শিল্পের প্রসারের মাধ্যমে রপ্তানি আয় বৃদ্ধির পাশাপাশি ব্যাপক কর্মসংস্থানের সুযোগ থাকায় এ শিল্পকে সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ;
- ❖ বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানির পরিচালক-পর্ষদের সভায় উপস্থিতির জন্য পরিচালকদেরকে প্রদেয় সম্মানীর উর্ধ্বসীমা ৫০০০.০০ টাকা নির্ধারণ;
- ❖ ব্যাংক কর্তৃক স্থায়ী সম্পদ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতির সিদ্ধান্ত গ্রহণ;
- ❖ বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানির পরিচালক নিয়োগ/পুনঃনিয়োগের পূর্বে মনোনীত ব্যক্তি ঋণ খেলাপী কি-না তা বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) -এর হালনাগাদ রিপোর্টের মাধ্যমে যাচাই করার নির্দেশ প্রদান;
- ❖ ঋণ ও ঝুঁকি ব্যবস্থাপনাসহ ব্যাংকের সামগ্রিক ব্যবসায়িক কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, মানবসম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন, আয়-ব্যয় ইত্যাদিসহ ব্যাংকগুলোর সার্বিক আর্থিক, পরিচালনাগত ও প্রশাসনিক নীতি-নির্ধারণী ও নির্বাহী কার্যক্রমে পরিচালনা পর্ষদ, পর্ষদের চেয়ারম্যান ও ব্যাংকের প্রধান নির্বাহীর মধ্যে দায়-দায়িত্ব ও ক্ষমতার সুনির্দিষ্ট বিভাজনের জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান;
- ❖ ব্যাংকগুলোকে তাদের মার্চেন্ট ব্যাংক কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগ/উইংকে জানুয়ারি ২০১০-এর মধ্যে সাবসিডিয়ারি কোম্পানিতে রূপান্তরের নির্দেশনা প্রদান;
- ❖ Regulatory Capital-এ অন্তর্ভুক্তির জন্য প্রস্তুতকৃত Guidelines on Subordinated Debt অনুসরণের জন্য ব্যাংকগুলোকে পরামর্শ প্রদান;
- ❖ বাংলাদেশে প্রতিবন্ধী জনগোষ্ঠীর কাছে ব্যাংকিং সেবা সহজতর করার লক্ষ্যে ব্যাংকগুলোকে ফোকাল ব্যক্তি নির্ধারণের নির্দেশনা প্রদান; ইত্যাদি।

উল্লেখ্য, প্রাইমারি ডিলার ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে সরকারি সিকিউরিটিজের বাজার গতিশীল ও কার্যকর তথা সিকিউরিটিজের ইস্যু পরবর্তী ক্রয়-বিক্রয় জোরদার করার লক্ষ্যে ইতোপূর্বে নিয়োগকৃত ৯টি প্রতিষ্ঠানের পাশাপাশি আরো ৪টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানকে নিয়োগদানের ফলে জানুয়ারি ১, ২০১০ তারিখ পর্যন্ত প্রাইমারি ডিলার হিসেবে নিয়োগকৃত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মোট সংখ্যা দাঁড়িয়েছে ১৫ (পনের)টি। এছাড়া, বিশ্বের উন্নত মুদ্রা বাজারগুলোর ন্যায় বাংলাদেশে Bangladesh Foreign Exchange Dealers Association (BAFEDA) ঢাকা আন্তঃব্যাংক মুদ্রা বাজার অফার রেট (DIBOR) প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। প্রাথমিকভাবে ওভারনাইট, ১ সপ্তাহ, ১ মাস ও ৩ মাস-এর জন্য এ রেট প্রতিদিন প্রকাশ করা হবে। উল্লেখ্য, উন্নত মুদ্রা বাজারগুলোতে একটি নির্দিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আন্তঃব্যাংক সুদের হার প্রকাশিত হয়ে থাকে, যা মুদ্রা

বাজারে সুদের হার ছাড়াও মেয়াদি ঋণ প্রদানের ক্ষেত্রে বেঞ্চমার্ক হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।

কৃষি ঋণ

বাংলাদেশের কৃষি ভরণপোষণ পর্যায়ে (Subsistence Level) পরিচালিত হচ্ছে বিধায় প্রয়োজনীয় উপকরণ হিসেবে কৃষি ঋণ একটি ভিন্ন মাত্রার গুরুত্ব বহন করে। দেশের খাদ্য নিরাপত্তা জোরদার তথা সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে কৃষি খাত এবং পল্লী অঞ্চলের ভূমিকা সমুন্নত রাখার লক্ষ্যে ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রান্তিক পর্যায়ে কৃষি ঋণ কার্যক্রম আরও গতিশীল করতে সম্প্রতি বেসরকারি ও বিদেশি ব্যাংকসহ বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে কৃষি ঋণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করার পাশাপাশি কৃষি ঋণ বিতরণ সহজতর করে নতুন নীতিমালা প্রণয়ন করা হয়েছে। বাণিজ্যিক ও কৃষি ব্যাংকগুলোর কৃষি খাতে অর্থায়নের পাশাপাশি দারিদ্র বিমোচনেও ক্ষুদ্র ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক বর্গাচাষীদের জন্য বিশেষ ঋণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া, অর্থনৈতিক কর্মকান্ডে কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় অধিকতরভাবে গ্রামীণ জনগণকে ব্যাংকিং নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে নগদ ১০ টাকা জমা গ্রহণপূর্বক রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে কৃষকদের আমানত হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণ করা হয়েছে। ২৯ এপ্রিল ২০১০ তারিখ পর্যন্ত রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে কৃষকদের ৮৪,৫৬,৪৫৩টি আমানত হিসাব খোলা হয়েছে।

২০০৮-'০৯ অর্থবছরে ৯৩.৭৯ বিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৯২.৮৪ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল। ২০০৯-'১০ অর্থবছরে বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, চারটি রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক, বিআরডিবি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এবং বেসরকারি ও বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহের মাধ্যমে মোট ১১৫.১২ বিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। যার মধ্যে চলতি অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত বিতরণ করা হয়েছে ৮১.৬০ বিলিয়ন টাকা; যা লক্ষ্যমাত্রার প্রায় শতকরা ৭০.৮৮ ভাগ। ১৯৯৫-'৯৬ অর্থবছর হতে ২০০৯-'১০ অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত কৃষি ঋণ পরিস্থিতির বিবরণ সারণি-৮ -এ দেখানো হলো।

দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি

রাষ্ট্রীয় মালিকাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলো এবং বিআরডিবি'র বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচিতে স্বকর্মসংস্থানমূলক ও আয়-উৎসারী কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে ক্ষুদ্র ঋণদান কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অন্যূন শতকরা ২৫ ভাগ উল্লিখিত দারিদ্র্য দূরীকরণ কর্মসূচির জন্য বরাদ্দ রাখা হয়েছে। আলোচ্য অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত উল্লিখিত ব্যাংকগুলো এবং বিআরডিবি এসব দারিদ্র্য দূরীকরণ খাতে ঋণ হিসেবে ১০.৫২ বিলিয়ন টাকা বিতরণ করেছে।

বৈদেশিক মুদ্রা বিনিময় হার

বৈদেশিক মুদ্রার বিনিময় হার নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ গত এক দশকের উর্ধ্বে নমনীয় মুদ্রা বিনিময় ব্যবস্থা অনুসরণ করে আসছিল। আন্তর্জাতিক বাজারে রপ্তানি প্রতিযোগিতা ক্ষমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক মূলতঃ প্রধান বাণিজ্য সহযোগী দেশগুলোর মুদ্রাঝুড়ির বাণিজ্য-ভারীত প্রকৃত কার্যকর বিনিময় হার (Real Effective Exchange Rate-REER) সূচকের ভিত্তিতে টাকার বিনিময়

সারণি-৬

ব্যাংক ঋণ

(বিলিয়ন টাকায়)

মাস/বছর	ব্যাংক ঋণ *			মোট ব্যাংক ঋণের পরিবর্তন
	সরকারি খাত	বেসরকারি খাত	মোট	
২০০৮				
মার্চ	১১৮.৪৯	১৭৫১.১৩	১৮৬৯.৬২	১০৭.৩৭
জুন	৯৭.৫৬	১৮৬৮.৮৫	১৯৬৬.৪১	৯৬.৭৯
সেপ্টেম্বর	১২৫.৮৬	১৯৬০.৭৭	২০৮৬.৬৩	১২০.২২
ডিসেম্বর	১৩৩.৫৮	২০০৬.৭৩	২১৪০.৩১	৫৩.৬৮
২০০৯				
মার্চ	১৩১.২৮	২০৬২.৮৮	২১৯৪.১৬	৫৩.৮৫
জুন	১২২.৫৬	২১৩৬.৭৮	২২৫৯.৩৪	৬৫.১৮
সেপ্টেম্বর	১৩০.২৫	২২১০.৬০	২৩৪০.৮৫	৮১.৫১
ডিসেম্বর	১৪৬.২৬	২৩৮৪.৮৪	২৫৩১.১০	১৯০.২৫
২০১০				
ফেব্রুয়ারি	১৩৮.৬৫	২৪২৭.১১	২৫৬৫.৭৬	৩৪.৬৬

** বৈদেশিক বিল এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।*

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

সারণি-৭

পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার

বছর (জুন শেষে)	আমানতের শতকরা হার		আগামের শতকরা হার	
	পল্লী	শহর	পল্লী	শহর
২০০০	২২.৬২	৭৭.৩৮	১৬.৮৭	৮৩.১৩
২০০১	১৯.৬২	৮০.৩৮	১৪.১৩	৮৫.৮৭
২০০২	১৯.০৮	৮০.৯২	১৩.০২	৮৬.০৮
২০০৩	১৭.৭৬	৮২.২৪	১২.১০	৮৭.৯০
২০০৪	১৫.৮০	৮৪.২০	১০.৮৭	৮৯.১৩
২০০৫	১৫.৪২	৮৪.৫৮	১০.৫২	৮৯.৪৮
২০০৬	১৪.৩১	৮৫.৬৯	৯.৯৪	৯০.০৬
২০০৭	১৩.৪৭	৮৬.৫৩	৮.৮৮	৯১.১২
২০০৮	১৩.২২	৮৬.৭৮	৮.১৮	৯১.৮২
২০০৯	১৩.২৪	৮৬.৭৬	৮.০৯	৯১.৮৯
২০০৯ (সেপ্টেম্বর)	১৩.১২	৮৬.৮৮	৭.৯৪	৯২.০৬

উৎস : *পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।*

হার সমন্বয় সাধনের নীতি অনুসরণ করত। পরবর্তীতে ৎ মে ২০০৩ থেকে বাজারভিত্তিক ভাসমান বিনিময় হার ব্যবস্থা চা করা হয়, যেখানে বৈদেশিক মুদ্রার বিনিময় হার মুদ্রার চাহিদা ও যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। এ ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারে সার্বক্ষণিকভাবে উপস্থিত না থেকে শুধু বিনিময় হারের স্থিতিশীলতা বজায় রাখার প্রয়োজনে বা রিজার্ভ বৃদ্ধির জন্য বাজার দরে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়-এর প্রয়োজনে বাজারে অংশগ্রহণ করে থাকে। বাংলাদেশে ভাসমান বিনিময় হার ব্যবস্থা প্রবর্তনের পর টাকার মূল্যমানে তেমন অস্বাভাবিক কোনো অস্থিতিশীলতা দেখা দেয়নি, যা সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নির্দেশ করে।

সাম্প্রতিক বৈশ্বিক মন্দার প্রভাবে চলতি অর্থবছরের প্রথমার্ধে বাংলাদেশের আমদানি ব্যয় ও রপ্তানি আয় সামান্য হ্রাস পেলেও প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অন্তর্মুখী রেমিট্যান্সের উল্লেখযোগ্য প্রবৃদ্ধির কারণে বাংলাদেশের বৈদেশিক মুদ্রা বাজারে পর্যাপ্ত তারল্য বজায় থাকে; ফলে বিনিময় হার স্থিতিশীল থাকে। তদুপরি বাংলাদেশ ব্যাংকের প্রবৃদ্ধি সহায়ক ও বিচক্ষণ মুদ্রানীতির হাতিয়ারগুলোর (রিপো, রিভার্স রিপো ইত্যাদি) কার্যকর ব্যবহারের ফলে উল্লিখিত সময়ে বিনিময় হারে খুব সামান্যই উঠা-নামা পরিলক্ষিত হয়। সাম্প্রতিক বিশ্ব আর্থিক মন্দার প্রভাবে বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী রেমিট্যান্সে প্রতিকূল প্রভাব না পড়লে এবং বৈদেশিক মুদ্রা চাহিদার স্বাভাবিক গতি অব্যাহত থাকলে বিনিময় হারের এ স্থিতিশীলতা অদূর ভবিষ্যতেও বজায় থাকবে বলে আশা করা যায়। ২০০৮-'০৯ অর্থবছরের গড় ভারীত টাকা ডলার বিনিময় হার ছিল প্রতি ডলার ৬৮.৮০১২ টাকা, যা চলতি অর্থবছরের মার্চ শেষে প্রতি ডলার ৬৯.১৮৩০ টাকায় দাঁড়ায়। ১৯৯৭-'৯৮ অর্থবছর থেকে ২০০৯-'১০ অর্থবছর (জুলাই-এপ্রিল) পর্যন্ত মার্কিন ডলারের সাথে টাকার গড় বিনিময় হার সারণি-৯-এ দেখানো হলো।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

রপ্তানি আয়ের প্রবৃদ্ধি এবং প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ৩০ জুন ২০০৯-এ ৭.৪৭ বিলিয়ন ডলারে দাঁড়ায়; যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ছিল ৬.১৫ বিলিয়ন ডলার। ২৯ এপ্রিল ২০১০ তারিখে বৈদেশিক মুদ্রার রিজার্ভ আরো বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১০.৬০ বিলিয়ন ডলার। জুন ১৯৯৮ থেকে জুন ২০০৯ পর্যন্ত বছরওয়ারি এবং সর্বশেষ প্রাপ্ত ২৯-০৪-২০১০ তারিখের বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের গতিধারা সারণি-১০-এ দেখানো হলো।

সার্বভৌম ঋণ মান (Sovereign Credit Rating) নির্ধারণ

সম্প্রতি আন্তর্জাতিক ঋণ মান নির্ণয়কারী সংস্থা Standard and Poors (S&P) এবং Moody বাংলাদেশকে প্রথম বারের মতো তাদের সার্বভৌম ঋণমানের তালিকায় অন্তর্ভুক্ত করেছে। এ রেটিং তালিকায় S&P এবং Moody বাংলাদেশকে যথাক্রমে BB- এবং Ba3 মান প্রদান করেছে। এই রেটিং অনুযায়ী ঋণ পরিশোধে অর্থনৈতিক সক্ষমতার দিক দিয়ে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান ভারতের পরে থাকলেও শ্রীলঙ্কা ও পাকিস্তান-এর উপরে রয়েছে। এরূপ রেটিং প্রাপ্তির ফলে দেশে বৈদেশিক বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি পাবে। এছাড়া ঋণপত্র নিশ্চিতকরণ, গ্যারান্টি চার্জ ইত্যাদি বাবদ ব্যয়ও সাশ্রয় হবে।

প্রবাসীদের প্রেরিত অর্থ (রেমিট্যান্স)

বৈদেশিক কর্মসংস্থান এবং প্রবাসীদের প্রেরিত অর্থ বেকার সমস্যা হ্রাস, দারিদ্র্য বিমোচন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিসহ দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণে ব্যাপক অবদান রাখছে। ২০০৮-২০০৯ অর্থবছরে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ ছিল জিডিপি'র

সারণি-৮

কৃষি ঋণ বিতরণ, আদায় ও স্থিতি

(বিলিয়ন টাকায়)

অর্থবছর	বার্ষিক লক্ষ্যমাত্রা	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া
১৯৯৫-'৯৬	২২.৪২	১৪.৮২	১২.৭৩	৭৭.৬৯
১৯৯৬-'৯৭	২১.৯৭	১৫.১৭	১৫.৯৪	৮২.৫৬
১৯৯৭-'৯৮	২৩.৫৩	১৬.৪৩	১৬.৯৯	৮৫.১৫
১৯৯৮-'৯৯	৩২.৭০	৩০.০৬	১৯.১৭	৯৭.০৩
১৯৯৯-'০০	৩৩.৩১	২৮.৫১	২৯.৯৬	১০৬.৪৯
২০০০-'০১	৩২.৬৬	৩০.২০	২৮.৭৮	১১১.৩৭
২০০১-'০২	৩৩.২৭	২৯.৫৫	৩২.৬০	১১৩.৫৬
২০০২-'০৩	৩৫.৬১	৩২.৭৮	৩৫.১৬	১১৯.১৩
২০০৩-'০৪	৪৩.৭৯	৪০.৪৮	৩১.৩৫	১২৭.০৬
২০০৪-'০৫	৫৫.৩৮	৪৯.৫৭	৩১.৭১	১৪০.৪০
২০০৫-'০৬	৫৮.৯২	৫৪.৯৬	৪১.৬৪	১৫৩.৭৭
২০০৬-'০৭	৬৩.৫১	৫২.৯৩	৪৬.৭৬	১৪৫.৮৩
২০০৭-'০৮	৮৩.০৯	৮৫.৮১	৬০.০৪	১৭৮.২৩
২০০৮-'০৯	৯৩.৭৯	৯২.৮৪	৮৩.৭৮	১৯৫.৯৮
২০০৯-'১০ (জুলাই-মার্চ)	১১৫.১২	৮১.৬০	৭৪.২৪	২১৪.৩১

উৎস : *বাংলাদেশ ব্যাংক।*

শতকরা ১০.৮৪ ভাগ এবং মোট পণ্য রপ্তানির শতকরা ৬২.২৫ ভাগ। দেশের শ্রম শক্তির এক উল্লেখযোগ্য অংশ মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত আছে। রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির গতিধারা বজায় রাখা তথা টেকসই করার লক্ষ্যে উচ্চ পর্যায়ের বেশ কিছু কমিটি গঠন করা হয়েছে। এ কমিটিগুলো জনশক্তি রপ্তানি বৃদ্ধি, রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি ও এর ব্যবহার এবং জনশক্তি রপ্তানি সেক্টরের সকল আর্থিক লেনদেন বৈধ ব্যাংকিং চ্যানেলে আনার পদ্ধতি নিরূপণ এবং প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নে কাজ করছে, যা ব্যাংকিং চ্যানেলে অন্তর্মুখী রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভকে সমৃদ্ধ করছে। ২০০৯-'১০ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে দেশ রেমিট্যান্স হিসেবে ৮.২৫৫ বিলিয়ন মার্কিন ডলার আয় করেছে; যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় শতকরা ২০.৯২ ভাগ বেশি। ১৯৯৬-'৯৭ অর্থবছর থেকে ২০০৯-'১০ অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ সারণি-১১-এ দেখানো হলো।

আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম

ব্যাংকিং খাতের পাশাপাশি বেশ কিছু অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (Non-bank Financial Institutions) দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ণ, পরিবহন ও তথ্য প্রযুক্তি প্রভৃতি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান অব্যাহত রেখেছে। ২০০৯-'১০ অর্থবছরের ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত দেশে লাইসেন্স প্রাপ্ত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ২৯টি। বর্তমানে এসব প্রতিষ্ঠানের ২৯টি প্রধান কার্যালয়সহ মোট ৯১টি শাখা ঢাকাসহ দেশের অন্যান্য স্থানে কার্যক্রম পরিচালনা করছে। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ২৬.৯৩ বিলিয়ন

সারণি-৯

মার্কিন ডলারের সংগে টাকার গড় বিনিময় হার

অর্থবছর	গড় বিনিময় হার
১৯৯৭-'৯৮	৪৫.৪৫৬৩
১৯৯৮-'৯৯	৪৮.০৬৪৪
১৯৯৯-'০০	৫০.৩১১২
২০০০-'০১	৫৩.৯৫৯২
২০০১-'০২	৫৭.৪৩৪৭
২০০২-'০৩	৫৭.৯০০০
২০০৩-'০৪	৫৮.৯৩৫৩
২০০৪-'০৫	৬১.৩৯৩৯
২০০৫-'০৬	৬৭.০৭৯৭
২০০৬-'০৭	৬৯.০৩১৮
২০০৭-'০৮	৬৮.৬০১৯
২০০৮-'০৯	৬৮.৮০১২
২০০৯-'১০ (জুলাই-এপ্রিল)	৬৯.২৯৯৯

উৎস : *বাংলাদেশ ব্যাংক।*

সারণি-১০

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

(বিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর (জুন শেষে)	বৈদেশিক মুদ্রার রিজার্ভ
১৯৯৭-'৯৮	১.৭৪
১৯৯৮-'৯৯	১.৫২
১৯৯৯-'০০	১.৬০
২০০০-'০১	১.৩১
২০০১-'০২	১.৫৮
২০০২-'০৩	২.৪৭
২০০৩-'০৪	২.৭১
২০০৪-'০৫	২.৯৩
২০০৫-'০৬	৩.৪৮
২০০৬-'০৭	৫.০৮
২০০৭-'০৮	৬.১৫
২০০৮-'০৯	৭.৪৭
২০০৯-'১০(২৯ এপ্রিল ২০১০ পর্যন্ত)	১০.৬১

উৎস : বাংলাদেশ ব্যাংক।

টাকা, যার মধ্যে পরিশোধিত মূলধন হচ্ছে ১২.৪৩ বি য়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর মোট সম্পদ ও আমানতের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৮৭.২৬ বিলিয়ন টাকা ও ৭৯.২৭ বিলিয়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত শেয়ার ও সিকিউরিটিজে আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ১০.৬৪ বিলিয়ন টাকা। ঋণ পরিস্থিতি পর্যালোচনার পাশাপাশি এর আদায় জোরদারকরণের মাধ্যমে অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী ও কার্যকর করে গড়ে তোলার লক্ষ্যে তফসিলি ব্যাংক-এর ন্যায় অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও ঋণ শ্রেণীকরণ এবং প্রভিশনিং-এর নিয়ম চালু রয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর মোট ঋণ ও লীজের পরিমাণ দাঁড়িয়েছে ১৩৯.৪১ বিলিয়ন টাকা, যার মধ্যে শ্রেণীকৃত ঋণ ও লীজের পরিমাণ ৮.৬৮ বিলিয়ন টাকা।

গৃহায়ন তহবিল

বাসস্থান মানুষের মৌলিক চাহিদাগুলোর অন্যতম বিবেচনায় দেশের গৃহহীন, দরিদ্র ও নিম্নবিত্ত জনগোষ্ঠী বিশেষ করে, গ্রামীণ গৃহহীন পরিবারের বাসস্থান সমস্যা নিরসন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকার কর্তৃক ১৯৯৭-'৯৮ অর্থবছরে ৫০০ মিলিয়ন টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ন তহবিল গঠিত হয়। সরকারের বাজেট বরাদ্দের মাধ্যমে এ পর্যন্ত গৃহায়ণ তহবিলে প্রাপ্ত অর্থের পরিমাণ দাঁড়িয়েছে ১৬০৫ মিলিয়ন টাকা। উল্লেখ্য, গৃহায়ণ ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা অর্থাৎ NGOগুলো আলোচ্য তহবিল হতে মাত্র শতকরা ১.০০ ভাগ হার সুদে ঋণ গ্রহণ করে এবং শতকরা ৫.০০ ভাগ হার সুদে ১০ (দশ) বছর মেয়াদে ঋণ পরিশোধের সুবিধাসহ সহজ শর্তে সুবিধাভোগীদের গৃহ নির্মাণ ঋণ প্রদান করে থাকে। সারা দেশে মোট ৪৬৪টি এনজিও ৬৪টি জেলার ৪৩০টি উপজেলায় গৃহায়ণ ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। গ্রামীণ দরিদ্র জনগণের গৃহ নির্মাণের জন্য গৃহায়ণ ঋণ কার্যক্রম-এর আওতায় ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত মোট ২০৮৩.৫ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে, যার বিপরীতে গৃহ নির্মাণ ঋণ বাবদ মোট ১১৮৯.৩ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে এবং ৪৭,৫৭৫টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া, এ তহবিল হতে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সুবিধাভোগীদের অনুকূলে এ পর্যন্ত ১০৮.৪ মিলিয়ন টাকা অনুদান হিসেবে বিতরণ করা হয়েছে। তবে, এ পর্যন্ত ছাড়কৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ৯৩৪.৫ মিলিয়ন টাকার মধ্যে ৮৩৬.০ মিলিয়ন টাকা আদায় হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায়ের হার দাঁড়ায় শতকরা ৮৯.৪৬ ভাগ। গৃহায়ন তহবিলের ঋণ কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে আর্থিকভাবে শক্তিশালী ও বৃহৎ এনজিওগুলোকে তহবিলের কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার পদক্ষেপ নেয়া হচ্ছে। ২০০৬-'০৭ অর্থবছর থেকে ২০০৯-'১০ অর্থবছর (ফেব্রুয়ারি ২০১০) পর্যন্ত গৃহায়ণ তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-১২-এ দেখানো হলো।

ইক্যুইটি অ্যান্ড অন্ট্র্যাপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ)

সম্ভাবনাময় ও ঝুঁকিপূর্ণ সফটওয়্যার শিল্প এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পভুক্ত প্রকল্পে বিনিয়োগ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ২০০০-'০১ অর্থবছরের জাতীয় বাজেটে প্রাথমিকভাবে ১.০০ বিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে ইইএফ তহবিল গঠন করা হয়। অর্থ মন্ত্রণালয়ের ১৬ এপ্রিল ২০০৯ তারিখের অনুমোদনের সূত্রে বাংলাদেশ ব্যাংকের সাব এজেন্ট হিসেবে ইক্যুইটি অ্যান্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ)-এর কার্যক্রম বাংলাদেশ ব্যাংক হতে আইসিবির নিকট হস্তান্তরের বিষয়ে বিগত ১ জুন, ২০০৯ তারিখে বাংলাদেশ ব্যাংক ও আইসিবি'র মধ্যে একটি চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তি অনুযায়ী ইইএফ-এর নীতি নির্ধারণ, তহবিল ব্যবস্থাপনা ও পারফরমেন্স মনিটরিং-এর কাজ বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট কর্তৃক সম্পাদিত হবে এবং অন্যান্য অপারেশনাল কার্যাবলী আইসিবি সম্পাদন করবে। ইতোমধ্যে আইসিবি অপারেশনাল কার্যাবলী শুরু করেছে। এ পর্যন্ত বিভিন্ন বছরের বাজেটে ইইএফ বাবদ বরাদ্দ করা হয়েছে ১৭.০০ বিলিয়ন টাকা; এর মধ্যে ছাড়কৃত অর্থের পরিমাণ ৬.২৫ বিলিয়ন টাকা। ২০০৮-'০৯ অর্থবছরে কোনো প্রকল্প ইইএফ মঞ্জুরী পায়নি। এই অর্থবছরে পুঞ্জীভূত ইইএফ সহায়তার পরিমাণ ৪০০.৭ মিলিয়ন টাকা। প্রথম বিতরণের তারিখ হতে ৮ (আট) বছরের মধ্যে ইইএফ সহায়তার অর্থ বাই-ব্যাক করার বিধান রয়েছে। প্রথম তিন বছরের মধ্যে শেয়ারের অভিহিত মূল্যে বাই-ব্যাক করা যাবে। পরবর্তী ৫ বছরের মধ্যে Break-up-value তে বাই-ব্যাক করতে হবে। এ পর্যন্ত ১২টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের বিপরীতে ৩৬০.৭ মিলিয়ন টাকা এবং ৩টি আইটি প্রকল্পের বিপরীতে ২৬.৪ মিলিয়ন টাকার শেয়ার বাই-ব্যাক করা হয়েছে। ১৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখ পর্যন্ত ১৫.০০ বিলিয়ন টাকা প্রকল্প মূল্যের ২১৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং ১.৪৫ বিলিয়ন টাকা প্রকল্প মূল্যের ৩৪টি আইটি প্রকল্পে অর্থাৎ সর্বমোট ১৬.৪০ বিলিয়ন টাকা প্রকল্প মূল্য বিশিষ্ট ২৫০টি প্রকল্পে ৬২৫১.৯৪ মিলিয়ন টাকার ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে। এই ২১৬টি কৃষি ভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের মধ্যে ২০০টি প্রকল্পের

অনুকূলে ৪৮৪৮.৭ মিলিয়ন টাকা এবং ৩২টি আইটি প্রকল্পের অনুকূলে ৪৪৮.৬ মিলিয়ন টাকা অর্থাৎ সর্বমোট ৫.৩০ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে ।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে পুনঃঅর্থায়ন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে কর্মসংস্থান সৃষ্টির বৃহৎ সম্ভাবনার প্রতি নীতিনির্ধারক এবং পর্যবেক্ষকদের মনোযোগ আকর্ষণের ফলে বর্তমানে ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে ঋণ বিতরণে নানাবিধ উদ্যোগ গ্রহণসহ এ শিল্পের বিকাশ ও সম্প্রসারণের জন্য বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃঅর্থায়ন সুবিধা আলোচ্য অর্থবছরেও অব্যাহত আছে। বর্তমানে SME খাতে বাংলাদেশ ব্যাংক হতে ৩টি তহবিল পরিচালিত হচ্ছে। এ তহবিলগুলো ঘূর্ণায়মান পদ্ধতিতে ব্যবহার করা হচ্ছে। তহবিলগুলোর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের নিমিত্তে ১৯টি ব্যাংক ও ২৩টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সংগে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করেছে এবং ১৮টি ব্যাংক ও ২১টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান নিয়মিতভাবে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করছে। তহবিলগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপঃ

- **বাংলাদেশ ব্যাংক তহবিল ঃ** উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড সম্প্রসারণের লক্ষ্যে এসএমই খাতে পুনঃঅর্থায়নের জন্য গঠিত তহবিল ১ বিলিয়ন টাকা থেকে বিভিন্ন পর্যায়ে বৃদ্ধি করে বর্তমানে ৬ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়েছে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত এ তহবিল হতে ১৭টি ব্যাংক ও ২১টি আর্থিক প্রতিষ্ঠানকে ৮৪৯৯টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ৮.৫৩ বিলিয়ন টাকা পুন:অর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে।
- **ইজিবিএমপি তহবিল (আইডিএ ফান্ড) ঃ** Enterprises Growth and Bank Modernization Programme (EGBMP)- এর আওতায় বিশ্বব্যাংকের এসএমই খাতে পুনঃঅর্থায়নের জন্য ১০ (দশ) মিলিয়ন মার্কিন ডলারসহ বাংলাদেশ সরকার ১.১২ বিলিয়ন টাকার তহবিল সরবরাহ করেছে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত এ তহবিল হতে ১৫টি ব্যাংক ও ১৪টি আর্থিক প্রতিষ্ঠানকে ২৫৪১টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ২.৪৪ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে ।
- **এডিবি তহবিল ঃ** এসএমই খাতকে উৎসাহিত করার লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ৩০ (ত্রিশ) মিলিয়ন মার্কিন ডলার প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের সংগে চুক্তি সম্পাদন করেছে এবং ইতোমধ্যে ডিসেম্বর ২০০৯ পর্যন্ত এ প্রকল্পের আওতায় এসএমই খাতে ৯টি ব্যাংক ও ৭টি আর্থিক প্রতিষ্ঠানকে ৩২৬৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ৩.৩৫ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে ।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থায়নের জন্য উপরোল্লিখিত কর্মসূচির আওতায় বিভিন্ন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানকে ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ১৪৩০৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে বাংলাদেশ ব্যাংক মোট ১৪.৩২ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করেছে, যার মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল থেকে ৮.৫৩ বিলিয়ন টাকা, আইডিএ প্রদত্ত তহবিল থেকে ২.৪৪ বিলিয়ন টাকা এবং এডিবি প্রদত্ত তহবিল থেকে ৩.৩৫ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, এ সকল অর্থায়ন সুবিধা SME খাতের উন্নয়ন কর্মসূচিকে আরো জোরদার করার পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দরিদ্র ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর ক্রয় ক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে।

সারণি-১১

প্রবাসীদের প্রেরিত বছরওয়ারি অর্থের পরিমাণ

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	প্রেরিত অর্থের পরিমাণ
১৯৯৬-'৯৭	১.৪৭৫
১৯৯৭-'৯৮	১.৫২৫
১৯৯৮-'৯৯	১.৭০৬
১৯৯৯-'০০	১.৯৪৯
২০০০-'০১	১.৮৮২
২০০১-'০২	২.৫০১
২০০২-'০৩	৩.০৬২
২০০৩-'০৪	৩.৩৭২
২০০৪-'০৫	৩.৮৪৮
২০০৫-'০৬	৪.৮০২
২০০৬-'০৭	৫.৯৭৮
২০০৭-'০৮	৭.৯১৫
২০০৮-'০৯	৯.৬৮৯
২০০৯-'১০ (জুলাই-মার্চ)	৮.২৫৫

উৎস : *বাংলাদেশ ব্যাংক।*

মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি

বাংলাদেশে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান যেমন- এনজিও, গ্রামীণ ব্যাংক, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের বিশেষায়িত কর্মসূচি, সরকারি মালিকানাধীন বিভিন্ন ধরনের ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ইত্যাদি কর্তৃক ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। দরিদ্র জনগোষ্ঠীকে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে ২০০৯ সালে গ্রামীণ ব্যাংকসহ দেশের বৃহৎ ২১টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ৩.৭১ বিলিয়ন ডলারের সমপরিমাণ প্রায় ২৬০ বিলিয়ন টাকার ক্ষুদ্রঋণ সেবা প্রদান করেছে, যা দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। ৩০ জুন ২০০৯-এ মাঠ পর্যায়ে ক্ষুদ্রঋণ স্থিতির পরিমাণ দাঁড়ায় ২.৪৩ বিলিয়ন ডলার বা প্রায় ১৭০.৪৪ বিলিয়ন টাকা এবং সদস্যদের থেকে আহরিত সঞ্চয়ের স্থিতি দাঁড়ায় ১.৬৩ বিলিয়ন ডলার বা প্রায় ১১৪.৩১ বিলিয়ন টাকা। এক হাজারের বেশী প্রতিষ্ঠান ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করলেও গ্রামীণ ব্যাংকসহ মাত্র তিনটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এ খাতের মোট ঋণ স্থিতির শতকরা ৭১ ভাগ এবং মোট সঞ্চয় স্থিতির শতকরা ৮২ ভাগ অংশীদারিত্ব করছে। উল্লেখ্য, মাত্র ২১টি বৃহৎ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এবং গ্রামীণ ব্যাংক এ খাতের মোট ঋণ স্থিতির শতকরা ৮৬ ভাগ ও মোট সঞ্চয় স্থিতির শতকরা ৯২ ভাগ অংশীদারিত্ব করছে। বর্তমানে এই খাতে প্রায় দুই লাখ লোক কর্মরত রয়েছে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গ্রাহকদের বিভিন্ন ধরনের সামাজিক ও আর্থিক সেবা প্রদান করলেও দীর্ঘদিন যাবত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ বিধিবদ্ধ তদারকির বাইরে থেকে গেছে।

সারণি-১২

গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ এবং আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৬-'০৭	২০০৭-'০৮	২০০৮-'০৯	২০০৯-'১০ (ফেব্রুয়ারি পর্যন্ত)	২০০৯-'১০ (ফেব্রুয়ারি পর্যন্ত পুঞ্জীভূত)
ক। বরাদ্দ					
১) ঋণ	১২৭.৭	১৬.৫	১৭২.৮	৪০.৯	২০৮৩.৫
২) অনুদান	-	৩.০	-	-	১২৩.০
মোট ঃ	১২৭.৭	১৯.৫	১৭২.৮	৪০.৯	২২০৬.৫
খ। বিতরণ					
১) ঋণ	১২৩.৭	৬৫.০	৩০.৫	৩২.৭	১১৮৯.৩
২) অনুদান	-	৩.০	-	-	১০৮.৪
মোট ঃ	১২৩.৭	৬৮.০	৩০.৫	৩২.৭	১২৯৭.৭
গ। আদায়					
১) লক্ষ্যমাত্রা	২০২.৮	১৫০.৭	১০৯.৯	৬৬.০	৯৩৪.৫
২) অর্জন	১৯৮.৭	১৫১.৩	৮০.২	৪৪.৮	৮৩৬.০
৩) অর্জনের হার (%)	৯৭.৯৮	১০০.৪০	৭২.৯৮	৬৭.৮৮	৮৯.৪৬
ঘ। সুবিধাভোগী					
১) নির্মিত গৃহসংখ্যা	৫৪৭৫	৩৪৮১	১১১১	১০০৮	৪৭৫৭৫
২) সুবিধাভোগীর সংখ্যা	২৭৩৭৫	১৭৪০৫	৫৫৫৫	৫০৪০	২৩৭৮৭৫

উৎস : *গৃহায়ন তহবিল, বাংলাদেশ ব্যাংক।*

তবে, বিগত ৩ দশকে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ব্যাপক প্রসারের পরিপ্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আলোচ্য ক্ষুদ্রঋণ সেক্টরকে বিধিবদ্ধ তদারকির আওতায় আনার লক্ষ্যে ২০০৬ সালের ১৬ জুলাই মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি আইন, ২০০৬ প্রবর্তন করে, যা ২৭ আগস্ট ২০০৬ হতে দেশব্যাপী কার্যকর হয়। এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) প্রতিষ্ঠা করা হয়। মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের পর্যবেক্ষণ ও তদারকির ক্ষমতা ও দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান। এই আইন অনুযায়ী, এমআরএ-এর সনদ ছাড়া কোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করতে পারবে না। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ৫০১টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয়েছে। এমআরএ ক্ষুদ্রঋণ কার্যক্রমকে দেশের প্রধান আর্থিক খাতের সাথে সম্পৃক্ত করে অর্থনৈতিক সুবিধা বঞ্চিত বিশেষতঃ গ্রামীণ জনগোষ্ঠীকে অর্থনৈতিক সেবা প্রদান সুনিশ্চিত করার মাধ্যমে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট

সরকার অনুমোদিত বেসরকারি অংশগ্রহণের মাধ্যমে "Public Private Partnership (PPP)" ভিত্তিতে অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়নের নিমিত্তে বিশ্ব ব্যাংক অর্থায়িত ৫ বছর মেয়াদি (জানুয়ারি ২০০৭-ডিসেম্বর ২০১১) ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্প বাংলাদেশ ব্যাংক অর্থ বিভাগের পক্ষে বাস্তবায়ন করছে। আইপিএফএফ একটি অন-লেন্ডিং কম্পোনেন্ট ভিত্তিক কারিগরি সহায়তা প্রকল্প। আইপিএফএফ-এর অন-লেন্ডিং কম্পোনেন্ট হতে প্রকল্পে অংশগ্রহণকারী বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে পিপিপি ভিত্তিতে বাস্তবায়নের জন্য গৃহীত অবকাঠামো প্রকল্পে দীর্ঘমেয়াদী ঋণ প্রদান এবং কারিগরি সহায়তা অংশের মাধ্যমে অবকাঠামো উন্নয়নে PPP কাঠামো স্থাপনে সহায়ক ভূমিকা, পিপিপি পদ্ধতি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি এবং Private Sector Infrastructure Guidelines (PSIG) বাস্তবায়নে সহায়তা করাই আইপিএফএফ প্রকল্পের মূল উদ্দেশ্যে।

আইপিএফএফ প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৪১৮১.৪ মিলিয়ন টাকা। Technical Assistance Project Proforma (TPP) তে টেকনিক্যাল অ্যাসিসটেন্স কম্পোনেন্ট ও অন-লেন্ডিং কম্পোনেন্ট বাবদ যথাক্রমে ১৭৪.২ মিলিয়ন টাকা ও ৪০০৭.২ মিলিয়ন টাকা বরাদ্দ আছে।

আইপিএফএফ-এর টিপিপি অনুযায়ী প্রকল্প হতে বেসরকারি উদ্যোগে গৃহীত বিভিন্ন অবকাঠামো যেমন ঃ বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ (অগ্রাধিকার ভিত্তিতে), বন্দর (স্থল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ফ্লাইওভার ও বিভিন্ন এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও স্যুয়ারেজ ব্যবস্থাপনা এবং শিল্প এস্টেট ও পার্ক উন্নয়ন প্রভৃতি খাতে প্রকল্পে অংশগ্রহণকারী বেসরকারি

ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট

ক্রমিক নং	নাম ও অবস্থান	উৎপাদন ক্ষমতা	ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
১।	ডরিন পাওয়ার জেনারেশন্স অ্যান্ড সিস্টেমস লিমিটেড এলেংগা, টাংগাইল।	২২ MW	এনসিসি ব্যাংক লিমিটেড
২।	ডরিন পাওয়ার জেনারেশন্স অ্যান্ড সিস্টেমস লিমিটেড নরসিংদী	২২ MW	
৩।	ডরিন পাওয়ার জেনারেশন্স অ্যান্ড সিস্টেমস লিমিটেড দেবীপুর, ফেনী।	২২ MW	
৪।	ডরিন পাওয়ার হাউস অ্যান্ড টেকনোলজিস লিমিটেড মহীপাল, ফেনী।	১১ MW	ঢাকা ব্যাংক লিমিটেড, আইআইডিএফসি
৫।	রিজেন্ট পাওয়ার লিমিটেড বাড়বকুন্ড, চট্টগ্রাম।	২২ MW	ইস্টার্ণ ব্যাংক লিমিটেড, আইডিএলসি ফিন্যান্স লিমিটেড, উত্তরা ফিন্যান্স লিমিটেড।
৬।	মালঞ্চ হোল্ডিংস লিমিটেড (চট্টগ্রাম ইপিজেড)	৪৪ MW	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড
৭।	মালঞ্চ হোল্ডিংস লিমিটেড (ঢাকা ইপিজেড)	৩৫ MW	ঢাকা ব্যাংক লিমিটেড, ইস্টার্ণ ব্যাংক লিমিটেড, আইআইডিএফসি।
	মোট	১৭৮ MW	

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে দীর্ঘমেয়াদী ঋণ দানের ব্যবস্থা থাকলেও এখন পর্যন্ত মোট ১৭৮ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন নিম্নোক্ত ৭টি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনে ৪টি ব্যাংক ও ৩টি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ৩৯১৩.৪ মিলিয়ন টাকা (৯৭.৬৫%) দীর্ঘমেয়াদী আইপিএফএফ ঋণ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, উপরোক্ত সব বিদ্যুৎ প্ল্যান্ট ইতোমধ্যে বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে। মালঞ্চ হোল্ডিংস লিমিটেড-এর দু'টি বিদ্যুৎ প্ল্যান্ট ব্যতীত সব বিদ্যুৎ প্ল্যান্ট-এর উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে যুক্ত হচ্ছে। মালঞ্চ হোল্ডিংস লিমিটেড-এর উৎপাদিত বিদ্যুৎ ঢাকা ও চট্টগ্রাম ইপিজেড এলাকার শিল্প প্রতিষ্ঠানগুলো ব্যবহার করছে ।

এছাড়া, মার্চ ২০১০ পর্যন্ত কারিগরি সহায়তা অংশে ব্যয় হয়েছে ৫৭.৫ মিলিয়ন টাকা (৩৩.০০%)। প্রকল্পের পরামর্শক নিয়োগকালে ক্ষেত্র বিশেষে প্রয়োজনীয় সংখ্যক সাড়া না পাওয়া এবং পরিকল্পনা অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন না হওয়ার কারণে কারিগরি সহায়তা অংশের ব্যয় তুলনামূলকভাবে কম হয়েছে। তবে, প্রক্রিয়াধীন পরামর্শক নিয়োগ সম্পন্ন ও বৈদেশিক প্রশিক্ষণ বাবদ বরাদ্দকৃত অর্থের ব্যবহার হলে প্রকল্পের অবশিষ্ট মেয়াদে কারিগরি সহায়তা অংশের ব্যয় বৃদ্ধি পাবে।

আইপিএফএফ প্রজেক্ট হতে গৃহীত ঋণের বিপরীতে পিএফআইগুলো অর্থ পরিশোধ শুরু করেছে। মার্চ ২০১০ পর্যন্ত তারা মোট ৩১৬.৪ মিলিয়ন টাকা (আসল ১৫২.৯ মিলিয়ন টাকা ও সুদ ১৬৩.৫ মিলিয়ন টাকা) পরিশোধ করেছে ।

বাংলাদেশ ব্যাংক ঃ স্থিতিপত্র
৩০ জুন, ২০০৯

(হাজার টাকা)

বিবরণ	২০০৯	(পুনঃপ্রস্তুতকৃত) ২০০৮
সম্পদ		
বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ		
বৈদেশিক মুদ্রা হিসাব	৮৫,৩৪৬,২৪৬	১০০,৯১৭,৮৮২
বৈদেশিক বিনিয়োগ	৪১৯,৮১৮,৩৫৩	৩১১,৭৪৯,৯৮৭
আইএমএফ সংশ্লিষ্ট সম্পদ	৬৮৮,৫৩৪	৮১,৫৫৬
অন্যান্য বৈদেশিক সম্পদ	৬,৮১৯,৪৬৩	১১,৬৩০,৫০১
	৫১২,৬৭২,৫৯৬	৪২৪,৩৭৯,৯২৬
স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ		
নগদ ও নগদ সমতুল্য	১৩৮,৯৭৭	৩১৭,৬৪৩
সরকারকে প্রদত্ত ঋণ	২৮৪,৭৪১,০২৩	২৫৫,১৮৬,৫২৩
শেয়ার ও ডিবেঞ্চারে বিনিয়োগ	৮,০৮০,৮৩৩	৮,৯১৯,১৬৭
ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও কর্মচারীদের প্রদত্ত ঋণ	৮৬,৬১৮,৩১৯	৮২,৭১৫,২১৩
	৩৭৯,৫৭৯,১৫২	৩৪৭,১৩৮,৫৪৬
মোট আর্থিক সম্পদ	**৮৯২,২৫১,৭৪৮**	**৭৭১,৫১৮,৪৭২**
অনার্থিক সম্পদ		
স্বর্ণ ও রৌপ্য	৪,০২৫,৮৮৬	৪,০০৮,৫৮৮
সম্পদ স্থাপনা ও সারঞ্জামাদি	২৩,২৩১,৫৯১	৯,৫৬২,০৬৫
মূলধনী চলতি কার্য	৭৯,২১১	২৬৫,৬৩৭
অন্যান্য স্থানীয় সম্পদ	১,৩২৫,৬২৯	১,৩৮৯,১৯৪
	২৮,৬৬২,৩১৭	১৫,২২৫,৪৮৪
মোট সম্পদ	**৯২০,৯১৪,০৬৫**	**৭৮৬,৭৪৩,৯৫৬**
দায় ও ইক্যুইটি		
বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়		
আইএমএফ সংশ্লিষ্ট দায়	৫০,৯২৫,৫৩৫	৫৪,৭৯৬,১১৬
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	৯৮,৭২৯,৪২১	৯২,৭৩৯,৩৫৭
অন্যান্য বৈদেশিক দায়	১,১৪৪,৫৭০	১,১০৭,৮০৯
	১৫০,৭৯৯,৫২৬	১৪৮,৬৪৩,২৮২
স্থানীয় মুদ্রায় আর্থিক দায়		
চালু নোট	৩৮৯,৭০১,৪১২	৩৫১,৮৮৭,৩৬৫
স্বল্পমেয়াদী দেনা	----------	৭,৯৫০,০০০
ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	২৩২,৯৫১,২০৫	১১৯,০৬৫,৭৭১
	৬২২,৬৫২,৬১৭	৪৭৮,৯০৩,১৩৬
মোট আর্থিক দায়	**৭৭৩,৪৫২,১৪৩**	**৬২৭,৫৪৬,৪১৮**
অনার্থিক দায়		
অন্যান্য স্থানীয় দায়	৫৩,৮৮৪,৯৬৫	৫৫,৭৮০,৪২০
মোট দায়	**৮২৭,৩৩৭,১০৮**	**৬৮৩,৩২৬,৮৩৮**
ইক্যুইটি		
মূলধন	৩০,০০০	৩০,০০০
স্বর্ণ ও রৌপ্য - পুনর্মূল্যায়ন রিজার্ভ	৬,৩৩৭,৯৯৩	৬,২৬৩,৬৯১
বৈদেশিক মুদ্রা - পুনর্মূল্যায়ন রিজার্ভ	১৬,৯২৮,৬২৮	৫৪,২৩১,৯৮৭
মুদ্রার তারতম্য সঞ্চিতি	১৩,৯৬৭,৫০৫	৭,৫১২,০৮৪
সম্পদ, স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি - পুনর্মূল্যায়ন রিজার্ভ	২১,১২০,০৫৭	৭,৯১৮,৪৮৯
বিধিবদ্ধ তহবিল	১২,২৬৭,০৪৬	১১,৭১৭,০৪৬
অবিধিবদ্ধ তহবিল	১১,০০০,০০০	৫,০০০,০০০
সম্পদ নবায়ন ও পুনস্থাপন রিজার্ভ	১,৪৫০,৪০০	১,২৮৬,৪০০
সুদ রিজার্ভ	৬,২২৪,৮২৮	৫,২০৬,৯২১
জেনারেল রিজার্ভ	৪,২৫০,৫০০	৪,২৫০,৫০০
মোট ইক্যুইটি	**৯৩,৫৭৬,৯৫৭**	**১০৩,৪১৭,১১৮**
মোট দায় এবং ইক্যুইটি	**৯২০,৯১৪,০৬৫**	**৭৮৬,৭৪৩,৯৫৬**

বাংলাদেশ ব্যাংক ঃ আয়ের বিবরণী
৩০ জুন ২০০৯ তারিখে সমাপ্ত বছরের

(হাজার টাকা)

বিবরণ	২০০৯	(পুনঃপ্রস্তুতকৃত) ২০০৮
আয়		
বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
সুদ আয়	৭,০৬০,৭৮১	১৭,৭৭১,৯৭৯
কমিশন এবং বাট্টা	১০,৩২৪	৪২,৯৫১
	৭,০৭১,১০৫	**১৭,৮১৪,৯৩০**
স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
সুদ আয়	২২,৭৪১,২২৬	২২,৩৮৪,৩৫৯
কমিশন এবং বাট্টা	১,০১৬,১১৬	৩৬৪,৪৪৩
ডিভিডেন্ড আয়	৫০,০০০	৫০,০০০
বিবিধ আয়	৫,৮৬২	৬,৫৮৮
	২৩,৮১৩,২০৪	২২,৮০৫,৩৯০
মোট আয়	**৩০,৮৮৪,৩০৯**	**৪০,৬২০,৩২০**
ব্যয়		
বৈদেশিক মুদ্রার আর্থিক দায়ের ব্যয়		
সুদ ব্যয়	(১,২০৪,৩০৭)	(২,৮২২,২১২)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(৭৭,৪৭০)	(২০৭,৪৩৭)
	(১,২৮১,৭৭৭)	**(৩,০২৯,৬৪৯)**
স্থানীয় মুদ্রার আর্থিক দায়ের ব্যয়		
সুদ ব্যয়	-	(৭৯৮,৪৮০)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(১,৬২১,২৬৮)	(১,৭০৮,২৫৫)
	(১,৬২১,২৬৮)	**(২,৫০৬,৭৩৫)**
অন্যান্য ব্যয়		
বৈকল্যের জন্য সঞ্চিতি	১,৫১৫,১৬০	৮৭৫,০০৩
সাধারন এবং প্রশাসনিক খরচ	(৪,৪৩৮,৪২১)	(৪,৪৩০,৬২৪)
	(২,৯২৩২৬১)	(৩,৫৫৫,৬২১)
মোট ব্যয়	**(৫,৮২৬,৩০৬)**	**(৯,০৯২,০০৫)**
পরিচালন উদ্বৃত্ত	**২৫,০৫৮,০০৩**	**৩১,৫২৮,৩১৫**
পুনর্মূল্যায়ন আয়		
স্বর্ন পুনর্মূল্যায়ন আয়	১২০,০৯৬	২,১৬৮,০১৭
রৌপ্য পুনর্মূল্যায়ন আয়/ক্ষতি	(৪৫,৭৯৪)	৬০,২০৩
বৈদেশিক মুদ্রার পুনর্মূল্যায়ন হতে আদায়কৃত আয়	৬,৪৫৫,৪২১	৭,৫১২,০৮৪
বৈদেশিক মুদ্রা পুনর্মূল্যায়ন আয়	(৩৭,৩০৩,৩৫৯)	১০,৪৯০,৬১৮
	(৩০,৭৭৩,৬৩৬)	২০,২৩০,৯২২
আর্থিক বছরের মুনাফা	**(৫,৭১৫,৬৩৩)**	**৫১,৭৫৯,২৩৭**

বাংলাদেশ ব্যাংক : ইক্যুইটি পরিবর্তনের বিবরণ
৩০ জুন ২০০৯ তারিখে সমাপ্ত বছরের

(হাজার টাকা)

বিবরণ	মূলধন	পুনর্মূল্যায়ন রিজার্ভ			মুদ্রার তারতম্য জনিত সঞ্চিতি	বিধিবদ্ধ তহবিল	অবিধিবদ্ধ তহবিল	সম্পদ নবায়ন ও পুনস্থাপন রিজার্ভ	সুদ রিজার্ভ	জেনারেল রিজার্ভ	আবন্টিত মুনাফা	মোট
		স্বর্ণ ও রৌপ্য	বৈদেশিক মুদ্রা হিসাব	সম্পত্তি, স্থাপনা ও যন্ত্রপাতি								
১ জুলাই ২০০৭-এর স্থিতি	৩০,০০০	৪,০৩৫,৪৭১	৪৩,৭৪১,৩৬৯	৭,৯১৮,৪৮৯	-	১২,১৬৭,০৪৬	-	১,১২০,০০০	৩,৭৬১,২৪১	৪,২৫০,৫০০	-	৭৭,০২৪,১১৬
অভ্যন্তরীণ দায়ের পুনঃশ্রেণীকরণ	-	-	-	-	-	-	২,০০০,০০০	-	-	-	-	২,০০০,০০০
১ জুলাই ২০০৭-এর পুনঃপ্রস্তুতকৃত স্থিতি	৩০,০০০	৪,০৩৫,৪৭১	৪৩,৭৪১,৩৬৯	৭,৯১৮,৪৮৯	-	১২,১৬৭,০৪৬	২,০০০,০০০	১,১২০,০০০	৩,৭৬১,২৪১	৪,২৫০,৫০০	-	৭৯,০২৪,১১৬
বছরের লাভ/ক্ষতি	-	-	-	-	-	-	-	-	-	-	৫১,৭৫৯,২৩৭	৫১,৭৫৯,২৩৭
অন্যান্য সঞ্চিতিতে স্থানান্তর	-	২,২২৮,২২০	১০,৪৯০,৬১৮	-	৭,৫১২,০৮৪	৫৫০,০০০	-	১৬৬,৪০০	১,৪৪৫,৬৮০	-	(২২,৩৯৩,০০২)	-
অন্যান্য তহবিলে স্থানান্তর (এসএমই ফান্ড)	-	-	-	-	-	(১,০০০,০০০)	১,০০০,০০০	-	-	-	-	-
অন্যান্য তহবিলে স্থানান্তর (এইচআর ফান্ড)	-	-	-	-	-	-	২,০০০,০০০	-	-	-	(২,০০০,০০০)	-
সরকারকে প্রদেয়	-	-	-	-	-	-	-	-	-	-	২৭,৩৬৬,২৩৫	২৭,৩৬৬,২৩৫
১ জুলাই ২০০৮ তারিখে স্থিতি	৩০,০০০	৬,২৬৩,৬৯১	৫৪,২৩১,৯৮৭	৭,৯১৮,৪৮৯	৭,৫১২,০৮৪	১১,৭১৭,০৪৬	৫,০০০,০০০	১,২৮৬,৪০০	৫,২০৬,৯২১	৪,২৫০,৫০০	-	১০৩,৪১৭,১১৮
বছরের লাভ/ক্ষতি	-	-	-	-	-	-	-	-	-	-	৫,৭১৫,৬৩৩	৫,৭১৫,৬৩৩
পুনর্মূল্যায়ন সমন্বয়	-	-	-	১৩,২০২,৯৭৮	-	-	-	-	-	-	-	১৩,২০২,৯৭৮
অন্যান্য সঞ্চিতিতে স্থানান্তর	-	৭৪,৩০২	৩৭,৩০৩,৩৫৯	-	৬,৪৫৫,৪২১	৫৫০,০০০	-	১৬৪,০০০	১,০১৭,৯০৭	-	২৯,০৪১,৭২৯	-
অন্যান্য তহবিলে স্থানান্তর (এসএমই ফান্ড)	-	-	-	-	-	-	৩,০০০,০০০	-	-	-	৩,০০০,০০০	-
অন্যান্য তহবিলে স্থানান্তর (এইচআর ফান্ড)	-	-	-	-	-	-	৩,০০০,০০০	-	-	-	৩,০০০,০০০	-
অস্বীকৃত সম্পদে পুনঃমূল্যায়ন সমন্বয় হতে ছাড়করণ	-	-	-	১,৪১০	-	-	-	-	-	-	১,৪১০	-
সরকারকে প্রদেয়	-	-	-	-	-	-	-	-	-	-	১৭,৩২৭,৫০৬	১৭,৩২৭,৫০৬
৩০ জুন ২০০৯ তারিখের স্থিতি	৩০,০০০	৬,৩৩৭,৯৯৩	১৬,৯২৮,৬২৮	২১,১২০,০৫৭	১৩,৯৬৭,৫০৫	১২,২৬৭,০৪৬	১১,০০০,০০০	১,৪৫০,৪০০	৬,২২৪,৮২৮	৪,২৫০,৫০০	-	৯৩,৫৬৭,৯৫৭

রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

সোনালী ব্যাংক লিমিটেড

সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক। ব্যাংকটির মূল লক্ষ্য জনগণের দ্বারপ্রান্তে সকল প্রকার ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া। সম্পূর্ণ মালিকানা সরকারের হাতে রেখে গ্রাহক সেবার মান উন্নয়ন, সর্বস্তরে ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আরো গতিশীল ও সাফল্যজনকভাবে পরিচালনার লক্ষ্যে সোনালী ব্যাংককে ১৫ নভেম্বর ২০০৭ তারিখে কর্পোরেটাইজড করে 'সোনালী ব্যাংক লিমিটেড'-এ রূপান্তরিত করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে সোনালী ব্যাংক লিমিটেড-এর মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ (সাময়িক) দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন টাকা, ৯০০০ মিলিয়ন টাকা ও ১৭২৪৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালে সোনালী ব্যাংক লিমিটেড ৮০৫৬ মিলিয়ন টাকা গ্রস মুনাফা (সাময়িক) অর্জন করেছে। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের মোট জনবল দাঁড়ায় ২১৫০৬ জন, এর মধ্যে ১৭৩৭০ জন কর্মকর্তা ও ৪১৩৬ জন কর্মচারী।

প্রশাসনিক বিন্যাসে ঢাকার মতিঝিলে প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা বিভাগে ১টি এবং দেশের অন্য ৬টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর) ১টি করে মোট ৭টি মহাব্যবস্থাপকের কার্যালয় আছে। এছাড়া জেলা শহরে ৪২টি প্রিন্সিপাল অফিস ও ১৯টি আঞ্চলিক কার্যালয়-এর মাধ্যমে ব্যাংকিং সেবা কার্যক্রম অব্যাহত আছে। প্রধান কার্যালয়ের ৩২টি বিভাগের মাধ্যমে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানটির প্রশাসনিক ও ব্যবসায়িক কার্যাবলী সম্পাদিত হচ্ছে। ৩১ মার্চ ২০১০ তারিখ পর্যন্ত দেশের অভ্যন্তরে শহর

সোনালী ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি জুট মিল।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৯০০০	৯০০০	৯০০০	৯০০০
৩।	রিজার্ভ ফান্ড	১২৯০৫	১৭২৪৯	১৭৩২০	১৭৫৮০
৪।	**আমানত**	**৩৫৪০১৯**	**৪০৬১১২**	**৪০৯৭২২**	**৪১৩৩৩১**
	ক) তলবি আমানত	১১১৬৪৫	১২৮০৮৮	১২৯২২৬	১৩০৩৬৫
	খ) মেয়াদি আমানত	২৪২৩৭৪	২৭৮০২৪	২৮০৪৯৬	২৮২৯৬৬
৫।	ঋণ ও অগ্রিম	২৩১০৯৬	২৫৪০২২	২৫৭৮৯২	২৬১৭৬১
৬।	বিনিয়োগ	১০০৩২০	১১৩৪৭৯	১২০১৪৭	১২৬৮১৫
৭।	মোট পরিসম্পদ	৪৯৪০২৮	৫৪৩৬৫১	৫৫৭৬৩৭	৫৭১৬২২
৮।	মোট আয়	২৬৮৭৯	৩২৬৮৭	৯০২৪	১৮০৪৮
৯।	মোট ব্যয়	২০৪৬০	২৪৬৩১	৬৮৯৯	১৩৭৯৮
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৩৪৭০৪২**	**২৬৩৯১৪**	**৬৯৫২৩**	**১৩৯১৬২**
	ক) রপ্তানি	৭৯৩৯০	৬৪৪৪২	১৮২৩৬	৩৬৪৭২
	খ) আমদানি	১৫১৪৬৫	৯৬৮৬৪	২৬৭৪৬	৫৩৪৯২
	গ) রেমিট্যান্স	১১৬১৮৭	১০২৬০৮	২৪৫৪১	৪৯১৯৮
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**২১৮৩৯**	**২১৫০৬**	**২১০৭৯**	**২১৪৬৮**
	ক) কর্মকর্তা	১১৫০৭	১৭৩৭০	১৬৯৮৮	১৭৪২৮
	খ) কর্মচারী	১০৩৩২	৪১৩৬	৪০৯১	৪০৪০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৫৭৭	৫৮১	৫৮২	৫৮৫
১৩।	**মোট শাখা (সংখ্যায়)**	**১১৮১**	**১১৮৩**	**১১৮৪**	**১১৮৪**
	ক) বাংলাদেশে	১১৭৯	১১৮১	১১৮২	১১৮২
	খ) বিদেশে	২	২	২	২

এলাকায় ১০৭টি (৩৪টি কর্পোরেট-১ শাখা ও ৭৩টি কর্পোরেট-২ শাখা) কর্পোরেট শাখাসহ ৩৪১টি, গ্রামীণ এলাকায় ৮৪১টি এবং বিদেশে ২টি (ভারতের পশ্চিম বঙ্গের কলকাতা ও শিলিগুড়ি) শাখাসহ মোট ১১৮৪টি শাখার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড-এর ব্যাংকিং সেবামূলক কার্যক্রম বিস্তৃত।

১৯৯৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ ব্যাংকিং ডিপার্টমেন্ট থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে 'ইন্টারন্যাশনাল মানি ট্রান্সমিটার' হিসেবে নিউইয়র্কে 'সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনকর্পোরেটেড' (SECI) নামে সোনালী ব্যাংকের সম্পূর্ণ মালিকানাধীন একটি পূর্ণাঙ্গ সাবসিডিয়ারি কোম্পানি স্থাপনের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড আন্তর্জাতিক ব্যাংকিং অঙ্গনে এর কার্যক্রম সম্প্রসারিত করে। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলে নিজ দেশে প্রেরণ দ্রুত, সহজতর ও নিরাপদ করার ক্ষেত্রে SECI-এর ভূমিকা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ার ফলে নিউইয়র্কের ম্যানহাটনে প্রধান অফিসসহ ব্রুকলীন, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস, জর্জিয়ার আটলান্টা, মিশিগানের ডেট্রোয়েট, ক্যালিফোর্নিয়ার লসএঞ্জেলেস এবং নিউ জার্সিতে প্যাটারসন শাখা/বুথ অফিস স্থাপন করা হয়েছে। এছাড়া সোনালী ব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যৌথ মালিকানায় ২০০১ সাল থেকে যুক্তরাজ্যে সোনালী ব্যাংক (ইউকে) লিঃ-এর কার্যক্রম শুরু হয়। বর্তমানে মোট ৬টি অফিসের (লন্ডন, লুটন, বার্মিংহাম, ব্রাডফোর্ড, ম্যানচেস্টার ও ক্যামডেন) মাধ্যমে এর কার্যক্রম চালু রয়েছে। মালয়েশিয়ার মে ব্যাংক-এর মাধ্যমে সোনালী ব্যাংকের সহযোগিতায় মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ দেশে আসছে। মধ্যপ্রাচ্যস্থ ৫২টি এক্সচেঞ্জ হাউস-এর মাধ্যমে মধ্যপ্রাচ্যে বসবাসকারী বাংলাদেশীরা তাদের অর্থ প্রেরণ করছেন। বর্তমানে দেশে ২টি ওয়েজ আর্নার্স শাখাসহ বৈদেশিক বাণিজ্যের জন্য ৪৪টি অনুমোদিত শাখা (Authorised Dealer) এবং বিশ্বের বিভিন্ন দেশে ৮৬টি ব্যাংকের ৫৮২টি বৈদেশিক করেসপন্ডেন্টস-এর মাধ্যমে এ ব্যাংকের বৈদেশিক বাণিজ্য কার্যক্রম পরিচালিত হচ্ছে।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা

৩১ ডিসেম্বর ২০০৯-এ সোনালী ব্যাংক লিমিটেডের মোট আমানতের পরিমাণ ২০০৮ সালের ডিসেম্বর শেষের ৩৫৪০১৯ মিলিয়ন টাকার তুলনায় ৫২০৯৩ মিলিয়ন টাকা বা শতকরা ১৪.৭ ভাগ বৃদ্ধি পেয়ে

৪০৬১১২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকটির তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ১২৮০৮৮ মিলিয়ন টাকা এবং ২৭৮০২৪ মিলিয়ন টাকা, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ৩১.৫ ভাগ এবং শতকরা ৬৮.৫ ভাগ। পূর্ববর্তী বছরের তুলনায় আলোচ্য বছরে ব্যাংকের তলবি আমানত ও মেয়াদি আমানত উভয়ই শতকরা ১৪.৭ ভাগ হারে বৃদ্ধি পেয়েছে। ২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিমের স্থিতি ২০০৮ সালের ডিসেম্বর শেষের ২৩১০৯৬ মিলিয়ন টাকার তুলনায় ২২৯২৬ মিলিয়ন টাকা বা শতকরা ৯.৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২৫৪০২২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সরকারি খাতে প্রদত্ত ঋণের পরিমাণ শতকরা ১৩.৮ ভাগ এবং বেসরকারি খাতে শতকরা ৮৬.২ ভাগ। ২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছর শেষের ১০০৩২০ মিলিয়ন টাকার তুলনায় ১৩১৫৯ মিলিয়ন টাকা বা শতকরা ১৩.১ ভাগ বৃদ্ধি পেয়ে ১১৩৪৭৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে, ২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছর শেষে ৩৪৭০৪২ মিলিয়ন টাকা হতে ৮৩১২৮ মিলিয়ন টাকা বা শতকরা ২৪.০ ভাগ হ্রাস পেয়ে ২৬৩৯১৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আমদানি, রপ্তানি ও রেমিট্যান্স ব্যবসার পরিমাণ ২০০৮ সালের ডিসেম্বর শেষে যথাক্রমে ১৫১৪৬৫ মিলিয়ন টাকা, ৭৯৩৯০ মিলিয়ন টাকা ও ১১৬১৮৭ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ৩৬.০ ভাগ, শতকরা ১৮.৮ ভাগ ও শতকরা ১১.৭ ভাগ হ্রাস পেয়ে যথাক্রমে ৯৬৮৬৪ মিলিয়ন টাকা, ৬৪৪৪২ মিলিয়ন টাকা ও ১০২৬০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সরকার ঘোষিত নীতিমালার সংগে সঙ্গতি রেখে রেমিট্যান্সের অন্তর্মুখী প্রবাহ বৃদ্ধি এবং নিরাপদ ও দ্রুততম সময়ে গ্রাহক/বেনিফিসিয়ারিদের টাকা জমাকরণের বিষয়ে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

১) ব্যাংকের নিজস্ব "Remittance Management System Plus (RMS+)" Sotware প্রবর্তনের মাধ্যমে ৬৭০টি Outlet-এর মাধ্যমে রেমিট্যান্স বিতরণ; ২) RMS Software-এর মাধ্যমে ৮ থেকে ২৪ ঘন্টায় প্রত্যন্ত অঞ্চলে রেমিট্যান্স প্রেরণ; ৩) প্রতিটি এক্সচেঞ্জ হাউস / ব্যাংকের জন্য ওয়েজ আর্নার্স কর্পোরেট শাখায় একটি ওয়ার্ক স্টেশন স্থাপন; ৪) ৩০০টি শাখায় IFRMS (Instant Financial and Reconciliation Messaging System)-এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে উপকারভোগীর হিসাবে রেমিট্যান্সের অর্থ জমাকরণ; ৫) IFRMS ও RMS পদ্ধতি ছাড়াও অন্যান্য শাখায় কুরিয়ার সার্ভিস যোগে ৪৮ ও ৭২ ঘন্টার মধ্যে রেমিট্যান্স উপকারভোগীদের হিসাবে প্রেরণ নিশ্চিতকরণ; ৬) প্রধান কার্যালয়ে ৩টি অভিযোগ সেলের মাধ্যমে তাৎক্ষণিক রেমিট্যান্স সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি ও তথ্য প্রেরণ; ৭) ৩টি Representative অফিস (কুয়েত, জেদ্দা ও রিয়াদে)-এর মাধ্যমে প্রবাসী বাংলাদেশী ওয়েজ আর্নার্সদের বাংলাদেশে সোনালী ব্যাংক লিমিটেড-এ হিসাব খোলা, স্থিতির নিশ্চয়তাপত্র প্রেরণ, ওয়েজ আর্নার্স বন্ড, প্রিমিয়াম বন্ড, সঞ্চয়পত্র ইত্যাদি কাজে বিনিয়োগে সহায়তা প্রদান; ৮) এন্টি মানি লন্ডারিং বা হুন্ডিনিরোধক আইন সম্পর্কে সকল প্রবাসীকে অবহিত করে ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রেরণে উদ্বুদ্ধকরণ, টেলিভিশনে ও সংবাদপত্রে প্রচারণা; ৯) ওয়েস্টার্ন ইউনিয়ন, আরব ন্যাশনাল ব্যাংক ও IME মালয়েশিয়ার সংগে এ ব্যাংকের শাখা না থাকায় উপকারভোগীর হিসাব না থাকা সত্ত্বেও Spot cash/Cash over the counter পদ্ধতিতে তাৎক্ষণিকভাবে নগদ টাকা প্রদান করার লক্ষ্যে সম্প্রতি এ ব্যাংকের চুক্তি স্বাক্ষরিত ও বাস্তবায়ন হয়েছে; ১০) প্রতি বছর রেমিট্যান্স সেবা পক্ষ উদযাপন এবং বৈদেশিক রেমিট্যান্স প্রেরণকারীগণকে উৎসাহিত করার লক্ষ্যে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ। সোনালী ব্যাংক লিমিটেড-এর ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৫২২১	৩৩৯৮	৪০০০	৭৩৯৮	২৩৩৬৬৪	২৪৬২৮৩
আদায়	৮২৫২	২৪৭৫	৩১৭৮	৫৬৫৩	২৩৩৯৬০	২৪৭৮৬৫
২০০৯						
বিতরণ	৬১৭৪	৩২৭৪	৬৪৫৭	৯৭৩১	১৬৬৪৪৮	১৮২৩৫৩
আদায়	৭৪৩৬	২৯৫৯	৩৮৫৭	৬৮১৬	১৫০৬৭৭	১৬৪৯২৯
৩১ মার্চ ২০১০ (সাময়িক)						
বিতরণ	৬৩৩৩	১২৭৪	১২৬৬	২৫৪০	৩৩৯২৩	৪২৭৯৬
আদায়	৬০১৭	১২১৮	৭৫৩	১৯৭১	৩৮৬৮০	৪৬৬৬৮
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)						
বিতরণ	৭০৮৩	২১৮৭	২৬৯১	৪৮৭৮	৬৬৬২৪	৭৮৫৮৫
আদায়	৭৩৭০	২৭৭৮	১৬৭৬	৪৪৫৪	৭৪৪২০	৮৬২৪৪

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে সোনালী ব্যাংক লিমিটেড সর্বমোট ১৮২৩৫৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১৬৪৯২৯ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২৪৬২৮৩ মিলিয়ন টাকা এবং ২৪৭৮৬৫ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০৯ সালে সোনালী ব্যাংক লিমিটেড কৃষি খাতে ৬১৭৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৭৪৩৬ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৫২২১ মিলিয়ন টাকা ও ৮২৫২ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে এ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৯৭৩১ মিলিয়ন টাকা ও ৬৮১৬ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৭৩৯৮ মিলিয়ন টাকা ও ৫৬৫৩ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংক লিমিটেড-এর খাতওয়ারি ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন, বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান ও দেশকে আমদানি নির্ভরশীলতা থেকে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে দ্রুত শিল্পায়নের নিমিত্তে সোনালী ব্যাংক লিমিটেড নির্ধারিত ১২০টি শাখার মাধ্যমে শিল্প খাতে অর্থায়ন করছে। ২০০৯ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত সোনালী ব্যাংক লিমিটেড ১০০৯২ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। পূর্ববর্তী বছরে এ মঞ্জুরীর পরিমাণ ছিল ৪৫১৮ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকটি শিল্প খাতে চলতি মূলধন ঋণ বাবদ ৬৪৫৭ মিলিয়ন টাকা বিতরণ করে। পূর্ববর্তী বছরে এ খাতে বিতরণের পরিমাণ ছিল ৪০০০ মিলিয়ন টাকা। এছাড়া বিভিন্ন কর্মসূচির মাধ্যমে শিল্প খাতে এ ব্যাংকের ঋণ প্রদান অব্যাহত রয়েছে। শিল্পের আকার অনুযায়ী সোনালী ব্যাংকের ঋণ মঞ্জুরীর পরিমাণ সারণি-৩-এ দেয়া হলো।

অন্যান্য কার্যাবলী

সরকারি নির্দেশনায় পরিচালিত ব্যাংকিং সেবাসমূহ

সরকারি নির্দেশে দেশ ও জাতির কল্যাণে সোনালী ব্যাংক লিমিটেড ১১টি ক্ষেত্রে নামমাত্র সার্ভিস চার্জ-এর বিনিময়ে এবং ২৪টি ক্ষেত্রে সার্ভিস চার্জ ছাড়াই ব্যাংকিং সেবা প্রদান করছে। বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি হিসেবে দেশের সকল জেলা ও উপজেলায় ট্রেজারি কার্যক্রম পরিচালনার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড সারাদেশে মুদ্রা সরবরাহ ব্যবস্থা সচল রেখেছে। সরকারি লেনদেন কার্যক্রমে এ ব্যাংকের ৫৮৩টি শাখা সম্পৃক্ত রয়েছে। ২০০৯ সালে সরকারি লেনদেনের টার্নওভার দাঁড়ায় ৬৫৩৬৫০ মিলিয়ন টাকা। বিদেশে কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে দেশে আনয়ন ছাড়াও অবসরপ্রাপ্ত সামরিক, বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের অবসর ভাতা; সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতন ও সরকারি অনুদান; ছাত্র/ছাত্রীর উপবৃত্তি; বয়স্ক, দুস্থ ও বিধবা ভাতা; অসহায় মুক্তিযোদ্ধা কল্যাণ ভাতা প্রভৃতি সারা দেশে বিস্তৃত সোনালী ব্যাংক লিমিটেডের শাখাগুলোর মাধ্যমে প্রদান করা হচ্ছে। এছাড়া ওয়েজ

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে			
প্রকল্প সংখ্যা	৮৮৬	২২৮১২	২৩৬৯৮
পরিমাণ	৫০৩৪২	২৪৭৬৮	৭৫১১০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত	৭৪	২৮	১০২
প্রকল্প সংখ্যা	৮৫৩৩	১৫৫৯	১০০৯২
পরিমাণ			
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০ * তারিখে			
প্রকল্প সংখ্যা	৮৯৮	২২৮১৮	২৩৭১৬
পরিমাণ	৫২২৬০	২৫৩৬৬	৭৭৬২৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০ * পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১২	০৬	১৮
পরিমাণ	১৯১৭	৫৯৮	২৫১৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০ ** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৭	১২	৩৯
পরিমাণ	৩৫১৭	১২৪৪	৪৭৬১

** সাময়িক। ** প্রাক্কলিত।*

আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড ও সঞ্চয়পত্র ক্রয়-বিক্রয়, সরকারি খাদ্যশস্য ক্রয় বিল প্রদান, বিদ্যুৎ ও টেলিফোন বিল, ওয়াসা বিল, পাসপোর্ট ফিস ও বিদেশ ভ্রমণ কর, আবগারী শুল্ক, উৎসে কর এবং হজ্জ, যাকাত ও রাষ্ট্রীয় তহবিলের অর্থ গ্রহণসহ নানাবিধ রাষ্ট্রীয় কার্য ও জনগণের ব্যাংকিং সেবামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

মাধ্যমে মাঝারি আয়ের দেশে উন্নীত করার একটি প্রকল্প গ্রহণ করেছে। দেশে ভারসাম্যপূর্ণ দীর্ঘমেয়াদী শিল্পোন্নয়নের স্বার্থে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগকে একটি মূলশক্তি হিসেবে গ্রহণ করা হয়েছে, যাতে বাজারভিত্তিক উন্নয়ন ও বিশ্বায়নের চ্যালেঞ্জগুলোকে সুষ্ঠুভাবে মোকাবেলা করা সম্ভব হয়। সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে সোনালী ব্যাংক লিমিটেড-এর অগ্রণী ভূমিকা অতীতের মতো

ক্রমিক নং	স্কীমের নাম	মেয়াদ	সুদের হার
০১.	সোনালী সঞ্চয় স্কীম (Sonali Deposit Scheme)	৫ বছর	৮.৫০%
০২.	শিক্ষা সঞ্চয় স্কীম (Education Deposit Scheme)	১০ বছর	৮.০০%
০৩.	চিকিৎসা সঞ্চয় স্কীম (Medicare Deposit Scheme)	১০ বছর	৮.০০%
০৪.	পল্লী সঞ্চয় স্কীম (Rural Deposit Scheme)	৭ বছর	৯.০০%
০৫.	বিবাহ সঞ্চয় স্কীম (Marriage Saving Scheme)	১০ বছর	৮.৫০%
০৬.	মাসিক উপার্জন প্রকল্প (Monthly Earning Scheme)	৩ বছর	৯.০০%
	মাসিক উপার্জন প্রকল্প (Monthly Earning Scheme)	৫ বছর	১০.০০%
০৭.	দ্বিগুন আমানত বৃদ্ধি প্রকল্প (Double Benefit Scheme)	৮ বছর	৯.০০%
০৮.	সোনালী ব্যাংক ডেইলি প্রফিট হিসাব (SBDP)	-	৫.০০%
০৯.	অনাবাসী আমানত স্কীম (NRDS)	৫ বছর	১০.০০%

বিশেষ সঞ্চয় কর্মসূচি

দেশের সীমিত আয়ের পেশাজীবী ও সমাজের সকল স্তরের জনসাধারণকে ও অনিবাসীদের সঞ্চয় সুবিধা প্রদান, সন্তানদের ভবিষ্যত শিক্ষা ব্যয়, বিবাহ সঞ্চিতির সুবিধা, মাসিক উপার্জন এবং সম্ভাব্য চিকিৎসা ব্যয় নির্বাহের লক্ষ্যে বর্তমানে সোনালী ব্যাংক লিমিটেডে উপরোল্লিখিত ৯টি সঞ্চয় স্কীম চালু রয়েছে।

উপরোল্লিখিত ৯টি স্কীমের আওতায় ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ২৪৭৮৭ মিলিয়ন টাকা আমানত সংগৃহীত হয়েছে। ব্যাংকের আমানত বৃদ্ধিকল্পে সুদবিহীন ও স্বল্প সুদযুক্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে। এছাড়া ২০০৮ সালে সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন-এর কর্মকর্তা/কর্মচারী ও সরকারি/বেসরকারি (এমপিওভুক্ত কলেজ, মাদ্রাসা ও স্কুল) শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ক্ষুদ্র ঋণ স্কীম চালু করা হয়েছে।

এসএমই খাতে ঋণ কর্মসূচি

সোনালী ব্যাংক লিমিটেড স্বাধীনতার পর থেকে আইডিএ, নোরাড, এক্সিম ব্যাংক ক্রেডিটের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে অর্থায়ন করলেও আশির দশকে সরকারি শিল্প নীতির সংগে সঙ্গতি রেখে দেশে ব্যাপক শিল্পায়নের লক্ষ্যে নিজস্ব অর্থায়নে শিল্পে বিনিয়োগ কর্মসূচি চালু করে। এ কর্মসূচির আওতায় বিগত দু'দশকেরও বেশি সময় ধরে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্প খাতে অর্থায়ন করে বাংলাদেশের বর্তমান অগ্রসরমান শিল্প প্রবৃদ্ধি অর্জনে পথিকৃৎ-এর ভূমিকা পালন করে আসছে। সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলপত্র ও শিল্পনীতি ২০০৫-এর আওতায় নিবিড় শ্রমঘন ও কর্মসংস্থানমুখী অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ব্যবসা প্রতিষ্ঠানগুলোর এসএমই ঋণের দ্রুত প্রসারের বর্তমানেও অব্যাহত আছে। সোনালী ব্যাংক লিমিটেড-এর ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে অর্থায়ন স্কীমের মূল বৈশিষ্ট্য হলো প্রোডাক্ট প্রোগ্রাম গাইডলাইনের মাধ্যমে উদ্যোক্তা বিকাশ, মেধাবী ও প্রতিশ্রুতিশীল উদ্যোক্তাদেরকে একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বিত করে উন্নয়নের মূলধারার সংগে সংযোগ স্থাপন করা। এ লক্ষ্যে, সোনালী ব্যাংক লিমিটেড-এর পক্ষ থেকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে অর্থায়নে সরকারের শিল্পনীতি ও বাংলাদেশ ব্যাংকের Prudential Regulatory Guideline-এর আলোকে ১১৮২টি শাখার মাধ্যমে ব্যাংক তার এসএমই খাতের ঋণ কর্মসূচিগুলো নিবিড়ভাবে পরিচালনা করছে।

নারীর ক্ষমতায়নে সরকারের গৃহীত নীতিমালার সংগে সঙ্গতি রেখে উদ্যমী নারী উদ্যোক্তাগণকে অপেক্ষাকৃত কম সুদহারে সহজ শর্তে এসএমই খাতে ঋণ প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়া সরকার ঘোষিত অগ্রাধিকার খাতের (Thrust sector) জন্য রয়েছে কম সুদে অর্থায়নের নীতিমালা। সোনালী ব্যাংক কর্তৃক দেশের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন রপ্তানি সংশ্লিষ্ট কর্মকান্ডে কম সুদ হারে অর্থায়ন করা হচ্ছে। নারী উদ্যোক্তাদের জন্য Access to Finance সহজতর করার লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেডের এসএমই নীতিমালার কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য রয়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো- এসএমই খাতে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া; নারী উদ্যোক্তাদের জন্য সহায়ক জামানত ছাড়াই ১.০০ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণসীমা মঞ্জুরীর ব্যবস্থা রাখা; নারী উদ্যোক্তাদের জন্য প্রকল্প ঋণ এবং শিল্প/ব্যবসা/সেবা খাতে চলতি মূলধন ঋণের জন্য সুদের হার শতকরা ১০ ভাগে নির্ধারণ; যা প্রচলিত হারের চেয়ে কম। সোনালী ব্যাংক লিমিটেড এসএমই খাতে ডিসেম্বর ২০০৯ পর্যন্ত মোট ৪৬০৩৫ জন

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ, '১০ (সাময়িক)	৩০ জুন, '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**২১৮৭৭**	**২২৫৭৯**	**২৫৮৫৫**	**২৬০০৯**
	(ক) শস্য	১৮৯৪২	২০১৮০	২৩২২১	২৩৩১৫
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	২৬২৯	২২৩০	২৪৫৩	২৪৯৮
	(গ) মৎস্য	৩০৩	১৬৭	১৭৯	১৯৩
	(ঘ) বনায়ন	০৩	০২	০২	০৩
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৩৪০৯১**	**৩৬৫৭৪**	**৩৬৭৮১**	**৩৬৯০৮**
	(ক) বৃহৎ ও মাঝারি	২৯৯৩৬	৩২৩৩৯	৩২৪৯৯	৩২৫৭৮
	(খ) ক্ষুদ্র ও কুটির	৪১৫৫	৪২৩৫	৪২৮২	৪৩৩০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৪৪১৬৯	৪৭৪৭৪	৪৮২৩০	৪৮৯৫৯
৪।	নির্মাণ	১৬৩৪	১৭৩৮	২৬৩৭	২৮৩৬
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১১৬০	৭৬১২	৭৬১২	৭৬১২
৬।	পরিবহন ও যোগাযোগ	১০৭	১০৭	১০৭	১০৭
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৯৬০০৫**	**১০৫২৪১**	**৯০৮২৩**	**৯২৮৫৩**
	ক) পাইকারি ও খুচরা	১৮৪১৮	১৭৯২৬	১৮৩২০	১৮৬১৯
	খ) রপ্তানি	৩৭০২৪	৪৪০৬৭	৪৫৫৪১	৪৫৯৭৬
	গ) আমদানি	৩৯৫২৫	৪২০৭৬	২৫৭৮৭	২৭০৭৭
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১০৩৮	১১৭২	১১৭৫	১১৮১
৮।	দারিদ্র্য বিমোচন	৪৮১৯	৪৮২২	৫৩৫৭	৫৩৯৮
৯।	অন্যান্য	২৭২৩৪	২৭৮৭৫	৪০৪৯০	৪১০৭৯
	সর্বমোট	**২৩১০৯৬**	**২৫৪০২২**	**২৫৭৮৯২**	**২৬১৭৬১**

উদ্যোক্তার অনুকূলে ঋণ বিতরণ করেছে, যার মধ্যে বকেয়া ৮৭৮৯৩ মিলিয়ন টাকা। এ ছাড়াও, এ ব্যাংক আগস্ট ২০০৯ থেকে শহর ও পল্লী এলাকায় গৃহস্থালি ও বাণিজ্যিক ভিত্তিতে সৌর শক্তি প্যানেল স্থাপন, গরু পালনসহ বায়োগ্যাস প্ল্যান্ট ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্থাপনের নিমিত্তে ঋণ সুবিধা প্রদানের জন্য দেশের সকল শাখা ও নিয়ন্ত্রক কার্যালয়ে নির্দেশনা প্রদান করেছে।

কৃষি/পল্লী ঋণ কর্মসূচি

দেশের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে সোনালী ব্যাংক লিমিটেড ১৯৭৩-'৭৪ সাল থেকে পল্লী এলাকায় কৃষি/পল্লী ঋণ প্রদান করে আসছে। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ব্যাংকের কৃষি/পল্লী ঋণের বর্তমান বকেয়ার পরিমাণ দাঁড়িয়েছে ৩১৪৩৪ মিলিয়ন টাকা, যার উল্লেখযোগ্য অংশ শস্য, কৃষিজাত পণ্য উৎপাদন এবং গ্রামীণ ক্ষুদ্র চাষীদের আয় উৎসারী কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাংকের মোট ১১৮২টি শাখার (২টি বৈদেশিক শাখা বাদে) মধ্যে ৭০৭টি শাখার মাধ্যমে সারাদেশে ১৬৩৯টি ইউনিয়নে কৃষি/পল্লী ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণ গ্রহীতার সংখ্যা ১.১ মিলিয়ন। এ ঋণ কর্মসূচি/প্রকল্পের আওতায় মূলতঃ ক্ষুদ্র আয় উৎসারী কর্মকান্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হয়ে থাকে। ২০০৯-'১০ অর্থবছরে কৃষি/পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ ১০০০০ মিলিয়ন টাকা, যার মধ্যে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত ৬৬০০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। এছাড়া ১৯৭৭ সালে কৃষি ব্যাংকের পাশাপাশি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে "১০০০ মিলিয়ন টাকা বিশেষ কৃষি ঋণ কর্মসূচি"-এর আওতায় বিভিন্ন প্রকার শস্য উৎপাদনের জন্য ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। এখাতে সোনালী ব্যাংক লিমিটেড এ পর্যন্ত ৩২৫৩৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যার মধ্যে বর্তমানে ১৫৮৫৮ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে। ১৯৭৫ সালে সুগার মিল এলাকায় নির্ধারিত আখ চাষীদের মাঝে ঋণ বিতরণের জন্য ১১টি সুগার মিল-এ ঋণ প্রদান চালু করা হয়। বর্তমানে সে খাতে ৫০৪৬ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে।

বিশেষ বিনিয়োগ কর্মসূচি

নব্বই দশকের পূর্ব পর্যন্ত সোনালী ব্যাংক লিমিটেড-এর কৃষি/পল্লী ঋণ কর্মসূচি মূলতঃ শস্য উৎপাদনের মধ্যেই সীমাবদ্ধ ছিল। ফেব্রুয়ারি ১৯৯৩ থেকে এ ব্যাংক মৎস্য চাষ, হাঁস-মুরগী ও গবাদি পশু-পালন, জামদানী তাঁত শিল্পসহ বিভিন্ন কৃষি/অ-কৃষি উপ-খাতে পুঁজি বিনিয়োগে অক্ষম অথচ সম্ভাবনাময় গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ

প্রদানের লক্ষ্যে নিবিড় তদারকিমূলক ব্যবস্থাপনায় বিশেষ বিনিয়োগ কর্মসূচি প্রবর্তন করেছে। ব্যাংকের নির্ধারিত ২৩৬টি শাখার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে ৫০০০০ টাকা পর্যন্ত সহায়ক জামানতবিহীন ঋণ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। এ কর্মসূচির সর্বোচ্চ ঋণসীমা ০.৫ মিলিয়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত এ কর্মসূচিতে ৪০৩২৮ জন উদ্যোক্তার মাঝে ১৬১৮ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে, যার বিপরীতে আদায়ের হার প্রায় শতকরা ৮৬ ভাগ। এ খাতে বর্তমানে ৩৩৮ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে।

কৃষি খামার ঋণ কর্মসূচি

ক্ষুদ্র ও কুটির শিল্প এবং মাঝারি ও বৃহদায়তনের দুগ্ধ উৎপাদন, গরু মোটাতাজাকরণ, মহিষ পালন, ছাগল পালন, হাঁস-মুরগী, মৎস্য খামার (সনাতনী, উন্নত ও আধা নিবিড়), চিংড়ি (গলদা ও বাগদা) চাষ, হ্যাচারি (মৎস্য, চিংড়ি ও পোলট্রি) প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৩ সাল হতে সোনালী ব্যাংক লিমিটেড তদারকিমূলক কৃষিজ শিল্প ঋণ কর্মসূচি প্রবর্তন করেছে। কৃষিজ শিল্প খাতে আমিষ জাতীয় খাদ্য ঘাটতি পূরণের পাশাপাশি সম্ভাবনাময় উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন ও জাতীয় আয় বৃদ্ধিকরণই আলোচ্য কর্মসূচির মূল লক্ষ্য। এই কর্মসূচির আওতায় সোনালি ব্যাংক লিমিটেড এ পর্যন্ত ১৩০টি প্রকল্পের অনুকূলে ৪২৮ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে। এ খাতে বর্তমানে ৩৪০ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে।

পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি

গ্রাম অঞ্চলে হাজা-মজা জলাশয় ও পুকুর সংস্কার করে মৎস্য চাষের আওতাভুক্ত করার জন্য সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি চালু রয়েছে। ক্ষুদ্র পুকুর মালিক/অংশীদারদের ঋণ সুবিধা প্রদানের জন্য বর্তমানে সারাদেশে বিশেষ গুরুত্বপূর্ণ ২০০টি শাখাকে মনোনীত করা হয়েছে। এ খাতে সহায়ক জামানতবিহীন ৫০০০০ টাকা এবং সহায়ক জামানতসহ সর্বোচ্চ ০.৫ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়। এ খাতে বর্তমানে ৫৪ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে ।

দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি

১৯৯৪ সাল থেকে গ্রামীণ এলাকায় হাঁস-মুরগী পালন, দুগ্ধ খামার স্থাপন, মৎস্য চাষ, নার্সারি, গরু মোটাতাজাকরণ, ফলদ, বনজ ও লবণ চাষ ইত্যাদি বিভিন্ন প্রকল্পে দারিদ্র্য বিমোচন/আয়বর্ধক কর্মসূচিতে ঋণদান চালু করা হয়। বর্তমানে এ খাতে ৩৫০০ জন ঋণগ্রহীতার নিকট ব্যাংকের ৩৩৯ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে। এছাড়া বাণিজ্যকভাবে ১৯৯৪ সালে বনায়ন খাতে ঋণদান কর্মসূচি চালু করা হয়।

মাইক্রো ক্রেডিট

দারিদ্র্য বিমোচন, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আরো গতিশীল ও কার্যকরভাবে পরিচালনা করার লক্ষ্যে ২০০৩ সালে মাইক্রো ক্রেডিট ডিভিশন নামে সোনালী ব্যাংক লিমিটেড-এর প্রধান কার্যালয়ে একটি পূর্ণাঙ্গ ডিভিশনের গোড়াপত্তন করা হয়। বর্তমানে মাইক্রো ক্রেডিট ডিভিশন থেকে দারিদ্র্য বিমোচনে জাতীয় পর্যায়ে বিভিন্ন ঋণ কর্মসূচিসহ সর্বমোট ৩২টি প্রকল্প/কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। এ প্রকল্প/কর্মসূচিগুলোর আওতায় ১) এনজিও-লিংকেজ হোলসেল ঋণ কর্মসূচির আওতায় ইতোমধ্যে ৭৬টি এনজিওকে ২৮১৪ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং আদায়ের হার শতকরা ৯৮ ভাগ; ২) প্রতিবন্ধীদের জন্য ঋণ কর্মসূচি; ৩) স্বনির্ভর ঋণ কর্মসূচি; ৪) বিআরডিবি-এর মাধ্যমে পরিচালিত নানাবিধ ঋণ কর্মসূচি (শস্য, সেচ ও দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি); ৫) শহরাঞ্চলের মহিলাদের জন্য ৫.০০ লাখ টাকা পর্যন্ত জামানতবিহীন মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ক্রেডিট (কিউমেড)-এর আওতায় বর্তমানে ঢাকা শহরে ১৭টি এবং প্রতিটি জেলা শহরে ১টি করে নির্বাচিত শাখার মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে; ৬) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর অর্থায়নে সারাদেশে ১৫২টি উপজেলার মাধ্যমে পরিচালিত পল্লী জীবিকায়ন প্রকল্প (আরএলপি) ঋণ কর্মসূচি; ৭) মৌলভীবাজার জেলায় বাস্তবায়িত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কর্মসূচি-উন্মেষ-এর মাধ্যমে মহিলা উদ্যোক্তাদেরকে ১.০০ লাখ টাকা পর্যন্ত জামানতবিহীন সর্বোচ্চ ২.০০ লাখ টাকা রেয়াতি সুদ হারে ঋণ প্রদান করা হচ্ছে। এ সকল ক্ষুদ্র ঋণ কার্যক্রম দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ইতোমধ্যে এই ঋণ কর্মসূচির আওতায় প্রায় ১ হাজার জন উদ্যোক্তাকে ১০১ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে; ৮) মঙ্গাকবলিত কুড়িগ্রাম জেলার জন্য এমএসএফএসসিআইপি দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে; ৯) বাণিজ্যিক ভিত্তিতে আম উৎপাদন বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ২০০৯ সালে আম বাগান অধ্যুষিত ৭টি জেলায় (রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, দিনাজপুর, ঠাকুরগাঁও, সাতক্ষীরা) "আম্রকুঞ্জ উন্নয়ন ঋণ" কর্মসূচি চালু করা হয়েছে; ১০) ডিসেম্বর ২০০৭ সালে সিডর আক্রান্ত ১২টি এলাকার জন্য ২০০০০/- টাকা পর্যন্ত জামানতবিহীন এক বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়েছে, এই কর্মসূচির আওতায় ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২৫ মিলিয়ন টাকা এবং ১১) গ্রামীণ জনগণসহ সারা দেশের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির লক্ষ্যে ২০০৪ সালে ৫০০০০ টাকা পর্যন্ত জামানত বিহীন 'গ্রামীণ ক্ষুদ্র খামার ঋণ' ও 'গ্রামীণ ক্ষুদ্র ব্যবসা ঋণ' কর্মসূচি নামে ২টি ঋণ কর্মসূচি চালু করা হয়েছে। এই কর্মসূচি দু'টি সাফল্যের সংগে পরিচালিত হচ্ছে।

২০০৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন প্রকল্প/কর্মসূচির মাধ্যমে মোট ৩৮৬৫২ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৮ সালে এর পরিমাণ ছিল ৩৫৫৭৯ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৯ শেষে আদায় হয়েছে ৪৬৩৮৫ মিলিয়ন টাকা এবং ক্ষুদ্র ঋণের বকেয়ার পরিমাণ ৯৩১৫ মিলিয়ন টাকা ও আদায়ের হার শতকরা ৮৯ ভাগ।

মার্চেন্ট ব্যাংকিং অপারেশন

পুঁজিবাজার দেশের অর্থনৈতিক কাঠামোর বুনিয়াদ। দেশের সর্ববৃহৎ বাণিজ্যিক ব্যাংক হিসেবে পুঁজিবাজার কার্যক্রমে অংশগ্রহণের নিমিত্তে সোনালী ব্যাংক লিমিটেড সেপ্টেম্বর ২০০৯ থেকে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। দেশের বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমে

সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে যেমন ব্যাংকের সাফল্য অর্জিত হয়েছে তেমনি দেশের পুঁজিবাজারেও গতিশীলতা আনয়নে সোনালী ব্যাংক লিমিটেড গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হচ্ছে। সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন থেকে লাইসেন্স প্রাপ্তির পর একটি পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংকের যাবতীয় কার্যক্রম নিয়ে বর্তমানে সোনালী ব্যাংক লিমিটেড-এর মার্চেন্ট ব্যাংকিং ইউনিট কাজ করছে এবং খুব শিগগিরই এই ইউনিট "সোনালী ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড" নামে সাবসিডিয়ারি কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করবে। সোনালী ব্যাংক লিমিটেড মার্চেন্ট ব্যাংকিং ইউনিট "Own Portfolio" এবং "Investors Portfolio" দুই ধরনের পোর্টফোলিও পরিচালনা করছে। মার্চেন্ট ব্যাংকিং-এর আওতায় ইস্যু ব্যবস্থাপনা, আন্ডাররাইটিং ও পোর্টফোলিও ম্যানেজমেন্টের কার্যক্রম শুরু করেছে। এছাড়া "Own Portfolio" বিনিয়োগের অংশ হিসেবে প্রাইভেট প্লেসমেন্টে অংশগ্রহণ ও সেকেন্ডারি মার্কেটে ট্রেডিং-এর কার্যক্রম পরিচালনা করছে।

শ্রেণীকৃত ঋণ আদায়

৩১ ডিসেম্বর ২০০৮-এ সোনালী ব্যাংক লিমিটেড-এর মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২৩১০৯৬ মিলিয়ন টাকা, যার মধ্যে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ছিল ৭২২৬৫ মিলিয়ন টাকা এবং যা ছিল শ্রেণীকৃত ঋণের শতকরা ৩১.৩ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৯ শেষে মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৫৪০২২ মিলিয়ন টাকায়; যার মধ্যে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৬৯৮৩৩ মিলিয়ন টাকা, যা শ্রেণীকৃত ঋণের শতকরা ২৭.৫ ভাগ। ২০০৯ সালে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৩২৩৮০ মিলিয়ন টাকা, যার মধ্যে আদায় হয়েছে ১৮৫২৭ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৫৯.২ ভাগ।

শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ

খেলাপী ঋণ আদায় বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে সুনির্দিষ্ট করে দায়িত্ব অর্পণ ও আদায়তব্য অংক নির্দিষ্ট করে মাঠ পর্যায়ে দপ্তরাদেশের মাধ্যমে নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া, প্রধান কার্যালয় হতে নির্বাহীদের মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রমের সংগে সম্পৃক্ত করা আছে এবং এ ধারা অব্যাহত আছে। অন্যান্য বিশেষ পদক্ষেপগুলো নিম্নরূপঃ

১) ব্যাংকের বার্ষিক সম্মেলন এবং বিভিন্ন আঞ্চলিক সম্মেলনে বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি শ্রেণীকৃত ঋণ আদায়ের পরামর্শ দেয়া হয়।

২) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে অবলোপন কার্যক্রম অব্যাহত আছে।

৩) স্বাভাবিক উপায়ে ঋণ আদায়ে ব্যর্থতায় অর্থঋণ আদালতে খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হচ্ছে। এছাড়া মামলাকৃত ঋণ আদায়ে ৫০টি বৃহৎ শাখার শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে এ শাখাগুলোকে একটি বিশেষ পরিকল্পনার আওতায় আনা হয়েছে।

৪) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ৭টি রিকভারি এজেন্ট-এর সংগে চুক্তি সম্পাদন করা হয়েছে।

৫) ৫০টি বৃহৎ শাখার শ্রেণীকৃত ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে শাখাগুলোকে একটি বিশেষ পরিকল্পনার আওতায় আনা হয়েছে।

৬) শ্রেণীকৃত ঋণ আদায়ের অন্যান্য কৌশলের মধ্যে "Meet the Borrowers Programme" চালু হয়েছে।

৭) সকল নিয়ন্ত্রণকারী কার্যালয় ও শাখায় শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে টাস্কফোর্স গঠন করা হয়েছে। প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শাখাগুলোর মধ্যে যে ৩টি (তিন) শাখায় শ্রেণীকৃত ঋণের পরিমাণ বেশি সে ৩টি শাখার শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য পিও/আরও প্রধানদেরকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রতি মাসে ঋণ আদায়ের সার্বিক অবস্থা পর্যালোচনা করে দিক নির্দেশনাসহ প্রত্যেক কর্পোরেট শাখা/আঞ্চলিক কার্যালয়/প্রিন্সিপাল অফিস প্রধানদেরকে নিয়মিত ফলোআপ/মূল্যায়নপত্র দেয়া হয়।

৮) বৃহৎ অংকের (শীর্ষ ২০ খেলাপী) ঋণগ্রহীতাদের নিকট থেকে ঋণ আদায়ের দায়িত্ব ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকবৃন্দের মধ্যে বণ্টন করে দেয়া হয়েছে। এছাড়া ২০ শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য প্রধান কার্যালয়ে একটি পৃথক শাখা গঠন করা হয়েছে।

৯) পাবলিক সেক্টরের শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার সংগে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া অর্থ মন্ত্রণালয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

১০) শাখা পর্যায়ে ঋণ আদায়ে নিয়োজিত সবাইকে যাতায়াত খরচ ও ভ্রমন ভাতা বিল প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

১১) কৃষি ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রতি ইউনিয়নে মাসে ন্যূনতম ২টি ঋণ আদায় ক্যাম্প আয়োজনের ব্যবস্থা করার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

১২) সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনস্টিটিউটগুলোতে সব ধরনের কোর্সে খেলাপী ঋণ আদায় ও ঋণ আদায় সংক্রান্ত আইন বিষয়ক ন্যূনপক্ষে ২টি ক্লাস অন্তর্ভুক্ত করা হয়েছে।

অধিকন্তু, প্রধান কার্যালয় হতে ৩১ ডিসেম্বর ২০১০ পর্যন্ত শ্রেণীকৃত ঋণ আদায়ে সাংবাৎসরিক কর্মপরিকল্পনা গ্রহণ করে মাঠ পর্যায়ে অর্থাৎ জিএমও/পিও/আরও/কর্পোরেট শাখায় বছরের শুরুতে প্রেরণ করা হয়েছে। এছাড়া শ্রেণীকৃত ঋণ হতে ২০১০ সালে ২৭৯৩৩ মিলিয়ন টাকা আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস করার লক্ষ্যে শ্রেণীকৃত ঋণের সুদ মওকুফ নীতিমালা ২০১০ ইতোমধ্যে জারি করা হয়েছে। অধিকন্তু অবলোপনকৃত ঋণ হতে ২০১০ সালে আদায়ের লক্ষ্যমাত্রা ১১১৫৩ মিলিয়ন টাকা নির্ধারণ করে মাঠ পর্যায়ে পাঠানো হয়েছে।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সোনালী ব্যাংক লিমিটেডের ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৯ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৯.৯ ভাগ বৃদ্ধি পেয়ে

২৫৪০২২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৯ সালে কৃষি, মৎস্য ও বনায়ন; শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য, চলতি মূলধন অর্থায়ন, নির্মাণ, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ২২৫৭৯ মিলিয়ন টাকা, ৩৬৫৭৪ মিলিয়ন টাকা, ১০৫২৪১ মিলিয়ন টাকা, ৪৭৪৭৪ মিলিয়ন টাকা, ১৭৩৮ মিলিয়ন টাকা, ৭৬১২ মিলিয়ন টাকা এবং ১০৭ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৪৮২২ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সোনালী ব্যাংকের কম্পিউটারায়ন কার্যক্রম

আধুনিক ও প্রতিযোগিতামূলক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শাখা পর্যায়ে কম্পিউটার প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। সে লক্ষ্যে ১৯৮৯ সাল হতে সোনালী ব্যাংক লিমিটেডের কম্পিউটারায়ন কার্যক্রম শুরু হয়। বর্তমানে সোনালী ব্যাংক লিমিটেড-এর ২৪১টি শাখা Live Operation-এ আছে। ১৯৯টি শাখায় ডাটা এন্ট্রি চলছে। কার্যাদেশ প্রদান করা হয়েছে ৩৮৬টি শাখায় এবং কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন-১০০টি শাখা। সকল পর্যায় মিলে কম্পিউটারায়নের আওতায় মোট শাখার সংখ্যা ৯২৬টি। উন্নত ও আধুনিক Online Realtime Banking System (ORTB) চালুর নিমিত্তে Tender Schedule প্রস্তুত করা হয়েছে এবং শিগগিরই টেন্ডার আহবান করা হবে।

৩০০টি শাখায় Instant Financial Reconciliation & Messaging System (IFRMS) কার্যক্রম চালু রয়েছে। পরিচালনা পর্ষদের ১২ জানুয়ারি ২০০৯ তারিখের ৬০তম সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২ (দুই) বছরের জন্য সংশ্লিষ্ট ভেন্ডরের সংগে ৭ এপ্রিল ২০০৯ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। ব্যাংকের বৈদেশিক বাণিজ্য কার্যক্রম দ্রুততর করার জন্য গুরুত্বপূর্ণ ২৮টি শাখায় SWIFT (Society for Worldwide Inter Bank Financial Telecommunication) ব্যবস্থা চালু রয়েছে।

সকল জেলা শাখা, কর্পোরেট শাখা এবং প্রধান কার্যালয়ের Executive floor ও আইটি বিভাগীয় ডাটা সেন্টারসহ ৯০টি শাখায় CCTV স্থাপন করা হয়েছে। গুরুত্বপূর্ণ আরও ৪০টি শাখায় সিসিটিভি স্থাপনের প্রক্রিয়া চলছে। জেলা পর্যায়ে ৫৭টি চেস্ট শাখায় কম্পিউটারের মাধ্যমে সরকারি চেস্টের উত্তোলন ও জমার রিপোর্টিং কার্যক্রম চলছে। সোনালী ব্যাংক লিমিটেডের নিজস্ব সফটওয়্যার Remittance Management System Plus (RMS+) এর মাধ্যমে ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখ পর্যন্ত ৬৫০টি শাখায় রেমিট্যান্স প্রেরিত হয়েছে। পর্যায়ক্রমে ব্যাংকের সকল শাখায় Web based RMS+ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। RMS+এ ইনল্যান্ড রেমিট্যান্স আদান-প্রদান, প্রবাসীদের প্রেরিত অর্থ বেনিফিসিয়ারির হিসাব না থাকলেও কাউন্টারে সরাসরি পেমেন্ট (Spot Payment), অনলাইন ফরেন রেমিট্যান্সের গতি-বিধি পর্যবেক্ষণের সুবিধা রয়েছে। SECI, Newyork সহ Exchange House সমূহের প্রেরিত অর্থ সরাসরি শাখায় পৌছানোর ব্যবস্থা করা হচ্ছে।

প্রথম পর্যায়ে ঢাকা শহরের গুরুত্বপূর্ণ ৩৩টি শাখার মধ্যে ৩১টি শাখায় WAN Connectivity সম্পন্নপূর্বক পূর্ণোদ্যমে Any Branch Banking (ABB) কার্যক্রম চলছে। মে ২০০৯ থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে ৩১টি শাখায় পরীক্ষামূলকভাবে SMS Banking চলছে। কমন সার্ভিস বিভাগে MICR চেক সকল অ্যাকাউন্ট হোল্ডারদের কাছে সরবরাহের কাজ প্রক্রিয়াধীন আছে। বাংলাদেশ ব্যাংকের পরামর্শ মোতাবেক পরীক্ষামূলকভাবে Automated Clearing House-এর কাজ পরিচালনা করা হচ্ছে। ৪৩টি শাখায় সফটওয়্যারের মাধ্যমে সঞ্চয়পত্র কার্যক্রম চলছে। ২৩টি শাখায় সফটওয়্যারের মাধ্যমে পেনশন কার্যক্রম চলছে। আরো ১৬টি শাখায় প্রাথমিক ডাটা এন্ট্রির কাজ চলছে এবং ৩৯টি শাখায় পেনশন কার্যক্রম কম্পিউটারায়নের লক্ষ্যে হার্ডওয়্যার ক্রয় করা হয়েছে। সোনালী ব্যাংক লিমিটেডের ৪৭০টি শাখার সরকারি লেন-দেন (আদান-প্রদান) পিও/আরও-এর কম্পিউটারের মাধ্যমে রিপোর্টিং সম্পাদন করা হচ্ছে। জেলা পর্যায়ে ৫৭টি চেস্ট শাখার সরকারি আদান-প্রদান কার্যক্রম কম্পিউটারায়ন করা হয়েছে। এছাড়া ঢাকা শহরের ৫২টি শাখাসহ ৬টি বিভাগীয় শহর, বগুড়া ও রংপুর শহরে অবস্থিত মোট ১১৫টি শাখায় সরকারি আদান কার্যক্রম কম্পিউটারায়ন করা হয়েছে।

Q-Cash ATM Network-এর আওতায় ঢাকা বিভাগে ৮টি, সিলেট

সুদের হার (শতকরা হার) *সারণি-৫*

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি (DPS-15%, SDPS-8%-10%) হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.০০-৬.৫০	৪.০০	৮.০০-৯.০০	৪.৩০	২.০০-১২.৫০	১২.০০-১৩.০০	১১.০০-১৭.০০	৯.২৪
২০০৯	৫.০০-৬.৫০	৩.৫০- ৩.৬০	৭.২৫-৮.২৫	৪.০২	২.০০-১২.৫০	১২.৫০-১৩.০০	১১.০০-১৭.০০	৯.৫৪
৩১মার্চ ২০১০ (সাময়িক)	৫.০০-৬.৫০	৩.৫০- ৩.৬০	৭.২৫- ৮.২৫	৪.৯২	২.০০-১২.৫০	১২.৫০-১৩.০০	১১.০০-১৭.০০	৯.৮২
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৫.০০-৬.৫০	৩.৫০- ৩.৬০	৭.২৫- ৮.২৫	৪.৯০	২.০০-১২.৫০	১২.৫০-১৩.০০	১১.০০-১৭.০০	৯.৮০

বিভাগে ১টি, রাজশাহী বিভাগে ১টি, খুলনা বিভাগে ২টি ও চট্টগ্রাম বিভাগে ১টিসহ সর্বমোট ১৩টি ATM কার্যক্রম চলছে। আরও ৪টি শাখায় Q-Cash ATM স্থাপনের জন্যে বুথ নির্মাণ কাজ চলছে। এছাড়াও আরো ৩৮টি শাখায় Q-Cash ATM স্থাপন ও ৬৫টি শাখায় ইন্টারফেসিং-এর মাধ্যমে Q-Cash ATM চালু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

সংস্কার কর্মসূচি

Sound & Prudent Banking Practice প্রবর্তনের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রমকে যুগোপযোগী ও সেবার মান উন্নত করার জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত এন্টারপ্রাইজ গ্রোথ অ্যান্ড ব্যাংক মডার্ণাইজেশন প্রজেক্ট (EGBMP)-এর আওতায় নিয়োগকৃত সিনিয়র কনসালট্যান্টগণের সুপারিশ মোতাবেক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হয়েছে। ব্যাংক কার্যাবলী পরিকল্পিত উপায়ে পরিচালনার জন্য ২০১০-২০১৪ মেয়াদে Five Years Strategic Plan (Long Term Business Plan) প্রণয়ন করা হয়েছে, যা ব্যাংকের পরিচালনা পর্ষদ অনুসমর্থন (Concurrence) করেছেন। ব্যাংকের অধিকতর উন্নয়নের লক্ষ্যে প্রণীত "Action Plan For Further Improvement" সংশোধিত ও হালনাগাদ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক-এর ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন-এর পরামর্শে বিদ্যমান মূল ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়নকল্পে এবং ব্যাংকের ব্যবসায়িক ঝুঁকির সংগে সংশ্লিষ্ট প্রধান কার্যালয়ের বিভাগগুলোর অপারেশনসহ মাঠ পর্যায়ের সকল ব্যাংকিং কর্মকান্ডের ঝুঁকি চিহ্নিতকরণ, ঝুঁকি নিরূপন ও বিশ্লেষণ, ঝুঁকি হ্রাস, অতিমাত্রায় ঝুঁকি গ্রহণ থেকে বিরত থাকা ইত্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট প্রতিষ্ঠা করা হয়েছে।

দি এশিয়ান ব্যাংকার (স্ট্র্যাটেজিক বিজনেস ইনটেলিজেন্স ফর দি ফিন্যানসিয়াল সার্ভিসেস কমিউনিটি), সিংগাপুর কর্তৃক "The Asian Banker Excellence in Retail Financial Services Awards Programme-2010"-এ সোনালী ব্যাংক লিমিটেড অংশ গ্রহণ করে। আয়োজনকারী কর্তৃপক্ষ কর্তৃক এশিয়া-প্যাসিফিক, সেন্ট্রাল এশিয়া এবং উপসাগরীয় অঞ্চলের ২২টি দেশের মধ্যে সার্বিক বিবেচনায় সোনালী ব্যাংক লিমিটেডকে Best Retail Banker in Bangladesh অ্যাওয়ার্ড প্রদানের জন্য মনোনীত করা হয়।

সুদের হার

২০০৯ সালে সরকার ঘোষিত সুদনীতির সংগে সামঞ্জস্য রেখে সোনালী ব্যাংক লিমিটেডের আমানতের সুদের হার সুষমকরণ করা হয়েছে। ৩১ মার্চ ২০১০ সালে কৃষিভিত্তিক খাতকে উৎসাহিত করার লক্ষ্যে সুদের হার শতকরা ২.০-১২.৫ ভাগ এবং শিল্প ও সেবা খাতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ খাতে সুদের হার যথাক্রমে শতকরা ১২.০-১৩.০ ভাগ এবং শতকরা ১১.০-১৭.০ ভাগ করা হয়েছে। সোনালী ব্যাংকের আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

জনতা ব্যাংক লিমিটেড

জনতা ব্যাংক লিমিটেড দেশের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। ১৯৭২ সালের ব্যাংক জাতীয়করণ অধ্যাদেশ (রাষ্ট্রপতির আদেশ-২৬) অনুযায়ী তৎকালীন ইউনাইটেড ব্যাংক লিঃ ও ইউনিয়ন ব্যাংক লিঃ-এর সমন্বয়ে জনতা ব্যাংক গঠিত হয়। রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলোর সংস্কারের লক্ষ্যে সরকার ২০০৪-'০৫ অর্থবছরে Enteprise Growth and Bank Modernization Project (EGBMP) হাতে নেয়। এই সংস্কার কর্মসূচির আওতায় এবং বিদ্যমান কোম্পানি আইন মোতাবেক 'জনতা ব্যাংক লিমিটেড' কোম্পানি গঠন করে জনতা ব্যাংকের ব্যবস্থাপনা এই কোম্পানির নিকট হস্তান্তর করা হয়। ১৫ নভেম্বর ২০০৭ তারিখ হতে জনতা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রম শুরু হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে জনতা ব্যাংক লিমিটেড-এর মোট অনুমোদিত, পরিশোধিত এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০০০০ মিলিয়ন, ৫০০০ মিলিয়ন এবং ৮৮৩৯ মিলিয়ন টাকা। ২০০৯ সাল শেষে ব্যাংকের ৪টি বিদেশস্থ শাখাসহ মোট শাখার সংখ্যা দাঁড়িয়েছে ৮৫১টি, এর মধ্যে ৪০৭টি শাখা গ্রামাঞ্চলে অবস্থিত। বিদেশস্থ শাখাগুলো আবুধাবি, দুবাই, শারজাহ ও আলআইন-এ অবস্থিত। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে এ ব্যাংকের বিদেশি প্রতিসংগী (Foreign Correspondents) রয়েছে ১২০৮টি। প্রশাসনিক বিন্যাসের ক্ষেত্রে ঢাকাস্থ প্রধান কার্যালয় ব্যতীত ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল-এ ছয়টি বিভাগীয় কার্যালয় রয়েছে। প্রতিটি বিভাগীয় কার্যালয়ে একজন মহাব্যবস্থাপক পদায়নের মাধ্যমে ব্যাংকের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও ঢাকাস্থ ৪টি রিজিওন্যাল অফিস, জেলা শহরে ২১টি এরিয়া অফিস, স্থানীয় কার্যালয় ও ৫০টি কর্পোরেট শাখার মাধ্যমে ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা হয়েছে। প্রধান কার্যালয়ের ৩৭টি বিভাগের মাধ্যমে ব্যাংকের সার্বিক কার্যক্রম

জনতা ব্যাংক লিমিটেড-এর আর্থিক সহযোগিতায় প্রতিষ্ঠিত একটি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান।

মনিটরিং করা হচ্ছে। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০০৯ সালে জনতা ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ব্যাংকিং-এর বিভিন্ন বিষয়ে ১০টি কোর্স পরিচালনার মাধ্যমে ১৫৪ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বিগত বছরগুলোর সাফল্যের উপর ভিত্তি করে বর্তমান বছর অর্থাৎ ২০১০ সালের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২০০৯ সালে ব্যাংকের গুরুত্বপূর্ণ খাতগুলোর প্রায় সকল ক্ষেত্রেই ব্যবসায়িক অর্জন/সাফল্য বৃদ্ধি পেয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের মোট জনবলের পরিমাণ দাঁড়ায় ১৩১২২ জন, এর মধ্যে কর্মকর্তার সংখ্যা ৭৬৬৭ এবং কর্মচারী ৫৪৫৫ জন। দক্ষ ব্যবস্থাপনা ও সক্রিয় প্রচেষ্টার মাধ্যমে ২০০৯ সালে জনতা ব্যাংক মোট ৮৬০৫ মিলিয়ন টাকা অপারেটিং মুনাফা অর্জনে সক্ষম হয়েছে।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

২০০৯ সালে জনতা ব্যাংক লিমিটেডের আমানত ২০০৮ সালের তুলনায় ২২০১৭ মিলিয়ন টাকা বা শতকরা ১০ ভাগ বৃদ্ধি পেয়ে ২৪০৯১৯ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ২০০৯ সাল শেষে ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৮ সালের ১৪৪৬৭৮ মিলিয়ন টাকা থেকে শতকরা ১৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১৬৬৩৫৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৯ সাল শেষে মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের ৫৭৮২৪ মিলিয়ন টাকার তুলনায় বৃদ্ধি পেয়ে ৭২৫৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। চলতি বছরে আমদানির পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ১০৮৮৮ মিলিয়ন টাকা বা শতকরা ৮ ভাগ কমে ১১৮৫২৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। তবে, ২০০৯ সালে রপ্তানির পরিমাণ দাঁড়ায় ৮৮৬৫৩ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৩২৩৫ মিলিয়ন টাকা বা শতকরা ৪ ভাগ বেশি। ২০০৯ সালে রেমিট্যান্সের পরিমাণ ২০০৮ সালের তুলনায় ১০২৬৬ মিলিয়ন টাকা বা শতকরা ২২ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৬১৯০ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে । জনতা ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেখানো হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে জনতা ব্যাংক লিমিটেড ৪৫৯৪৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৩৬৩৫৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৪৯২২০ মিলিয়ন টাকা ও ৪২৪৩০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে কৃষি ও শিল্প খাতে

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	২০০০০	২০০০০	২০০০০
২।	পরিশোধিত মূলধন	২৫৯৪	৫০০০	৫০০০	৫০০০
৩।	রিজার্ভ ফান্ড	৪১৮২	৮৮৩৯	৮৯৯০	৯১৫০
৪।	**আমানত**	**২১৮৯০২**	**২৪০৯১৯**	**২৪৮৭৩০**	**২৫২২৩০**
	(ক) তলবি আমানত	৪৬২৫৩	৫০৬৫৬	৫৬২৩০	৫৭২৩০
	(খ) মেয়াদি আমানত	১৭২৬৪৯	১৯০২৬৩	১৯২৫০০	১৯৫০০০
৫।	ঋণ ও অগ্রিম	১৪৪৬৭৮	১৬৬৩৫৯	১৬৮৯০০	১৭৯০০০
৬।	বিনিয়োগ	৫৭৮২৪	৭২৫৩৩	৭৫৮০০	৭৬৯০০
৭।	মোট পরিসম্পদ	২৬৭১৫৭	২৯৬৮৯৪	২৯৮৫০০	৩০১৫০০
৮।	মোট আয়	২০৯২২	২৪০৭৪	৭০০০	১৪০০০
৯।	মোট ব্যয়	১৩৯১৯	১৫৪৯৫	৪১০০	৮৩২০
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**২৬০৭৫৫**	**২৬৩৩৬৮**	**৬৮৬১৬**	**১৫২০০০**
	(ক) রপ্তানি	৮৫৪১৮	৮৮৬৫৩	২৫০০০	৫০০০০
	(খ) আমদানি	১২৯৪১৩	১১৮৫২৫	৩১০০০	৬২০০০
	(গ) রেমিট্যান্স	৪৫৯২৪	৫৬১৯০	১২৬১৬	৪০০০০
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**১৩৩৭৯**	**১৩১২২**	**১২৭৫৫**	**১২৯৫৫**
	(ক) কর্মকর্তা	৭২১৪	৭৬৬৭	৭৪৭১	৭৭২১
	(খ) কর্মচারী	৬১৬৫	৫৪৫৫	৫২৮৪	৫২৩৪
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১২০২	১২০৮	১২১২	১২১৪
১৩।	**শাখা (সংখ্যায়)**	**৮৪৯**	**৮৫১**	**৮৫১**	**৮৫৪**
	ক) বাংলাদেশে	৮৪৫	৮৪৭	৮৪৭	৮৫০
	খ) বিদেশে	৪	৪	৪	৪

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮							
	বিতরণ	২৮৬০	২২৬৬	১০৪৫	৩৩১১	৪৩০৪৯	৪৯২২০
	আদায়	২১০০	১২৫০	৭৮৫	২০৩৫	৩৮২৯৮	৪২৪৩০
২০০৯							
	বিতরণ	২৪৪৩	৩৯৮৮	৫৩০৭	৯২৯৫	৩৪২১০	৪৫৯৪৮
	আদায়	১১৬৭	১৫০৪	৪৯৩৩	৬৪৩৭	২৮৭৫০	৩৬৩৫৪
৩১ মার্চ ২০১০ *							
	বিতরণ	২৮৭৫	৭২৩	৬১০	১৩৩৩	৩৫০৬০	৩৯২৬৮
	আদায়	১৪৬২	৩৪৭	৪৮৪	৮৩১	২৯৭৫০	৩২০৪৩
৩০ জুন ২০১০ **							
	বিতরণ	২৮৮৭	১০৪৮	৯৩১	১৯৭৯	৩৫৯২০	৪০৭৮৬
	আদায়	২০২৫	৫৪৬	৭৯৩	১৩৩৯	৩১২০০	৩৪৫৬৪

* *সাময়িক।* ** *প্রাক্কলিত।*

যথাক্রমে ২৪৪৩ মিলিয়ন টাকা এবং ৯২৯৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ২৮৬০ মিলিয়ন টাকা ও ৩৩১১ মিলিয়ন টাকা। জনতা ব্যাংক লিমিটেডের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২-এ দেখানো হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে জনতা ব্যাংক লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতগুলোর উপর বিশেষ গুরুত্ব আরোপ করছে। ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত জনতা ব্যাংক লিমিটেড ৫৯টি শিল্প প্রকল্পের জন্য মোট ৪৭৮৩ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ২৭৫৮১ মিলিয়ন টাকা, যার মধ্যে ২৭৪৮৩ মিলিয়ন টাকা বা শতকরা ৯৯.৬ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৯৮ মিলিয়ন টাকা বা শতকরা ০.৪ ভাগ মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। জনতা ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ প্রদত্ত হলো।

শিল্প ঋণ কার্যক্রম

জনতা ব্যাংক লিমিটেড শিল্প ঋণ বিভাগের মাধ্যমে যেসব খাতে অর্থায়ন করে থাকে সেগুলো নিম্নরূপ ঃ

১) বস্ত্র (স্থানীয় ও রপ্তানিমুখী), ২) খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ৩) পশু খাদ্য, ৪) অবকাঠামো উন্নয়ন, ৫) পেপার, ৬) চিকিৎসা (হাসপাতাল ও ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি), ৭) ভারী ইঞ্জিনিয়ারিং শিল্প, ৮) তথ্য প্রযুক্তি ও টেলিকমিউনিকেশন, ৯) বিদ্যুৎ উৎপাদন, ১০) সার, ১১) চামড়া ও ১২) সিমেন্ট।

এসএমই কার্যক্রম

এসএমই খাতে অর্থায়নে জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত স্কীম ঃ

অর্থনৈতিক উন্নয়নসহ দেশের বিপুল সংখ্যক মানব সম্পদের কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য নিরসনের জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের বিকল্প নেই। সরকার দারিদ্র্য বিমোচন কৌশলপত্র (PRSP) ও Millennium Development Goals (MDGs)-এর আওতায় নিবিড় শ্রমঘন ও কর্মসংস্থানমুখী অর্থনৈতিক উন্নয়ন এবং ২০১৫ সালের মধ্যে দারিদ্র্যের হার অর্ধেকে কমিয়ে আনার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ও ব্যবসায় প্রতিষ্ঠানগুলোর (SMEs) দ্রুত প্রসারের মাধ্যমে দেশকে মাঝারি আয়ের দেশে উন্নীত করার একটি রূপকল্প গ্রহণ করেছে। এসএমই অর্থায়নে জনতা ব্যাংক লিমিটেড পথিকৃত হিসেবে দায়িত্ব পালন করে আসছে। ২০০৯ সালে জনতা ব্যাংক এসএমই কার্যক্রমের আওতায় যেসব খাতে অর্থায়ন করে থাকে সেগুলো নিম্নরূপ ঃ

১) ফুড অ্যান্ড এলাইড, ২) টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ, ৩) ইঞ্জিনিয়ারিং, ৪) কেমিক্যাল অ্যান্ড ফার্মাসিউটিক্যালস, ৫) পেপার অ্যান্ড প্রিন্টিং, ৬) কম্পিউটার সফটওয়্যার, ৭) সেবা শিল্প, ৮) মহিলা উদ্যোক্তা উন্নয়ন, ৯) মাইক্রো ক্রেডিট, ১০) এস এম ই-ব্রিক ফিল্ড, ১১) এসএমই-ফুড গ্রেইন, ১২) এসএমই-লেদার প্রোডাক্ট, ১৩) এসএমই-ডায়াগনোস্টিক সেন্টার, ১৪) এসএমই-লাইট ইঞ্জিনিয়ারিং, ১৫) এসএমই-ট্রেডিং, ১৬) জামানতবিহীন ঋণ, ১৭) হাঁস মুরগীর খামার, ১৮) দুগ্ধ খামার, ১৯) গরু মোটাতাজাকরণ, ২০) ছাগল পালন, ২১) মৎস্য খামার, ২২) মিশ্র খামার, ২৩) চিংড়ি চাষ, ২৪) মৎস্য ও চিংড়ি হ্যাচারি (মৎস্য ও চিংড়ি পোনা উৎপাদন) ও মৎস্যজাত অন্যান্য প্রকল্প, ২৫) পশু খাদ্য

তৈরি কারখানা, ২৬) কৃষিভিত্তিক খামার/কারখানা সম্প্রসারণ ও চলতি মূলধন সরবরাহ, ২৭) হর্টিকালচার, ২৮) উচ্চ আয়ের ফসল উৎপাদন ও বাজারজাতকরণ, ২৯) কৃষিপণ্যভিত্তিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ৩০) বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ, ৩১) চা শিল্প, ৩২) রাবার চাষ প্রকল্প, ৩৩) কৃষি যন্ত্রপাতি প্রস্তুত কারখানা, ৩৪) হিমাগার, ৩৫) রপ্তানিযোগ্য দ্রব্যাদি উৎপাদন খাত, ৩৬) আমদানি বিকল্প খাত, ৩৭) কৃষিভিত্তিক খাত, ৩৮) ধান প্রক্রিয়াকরণের মাধ্যমে চিড়া ও মুড়ি তৈরিকরণ এবং বাজারজাতকরণ প্রকল্প, ৩৯) পাদুকা শিল্পে মডেল ফাইন্যান্স এবং ৪০) প্রতিবন্ধী ব্যক্তিদের অর্থায়ন ।

অন্যান্য বিশেষ ঋণ কর্মসূচি

পল্লী ঋণ ও মাইক্রো ক্রেডিট প্রোগ্রামের কার্যক্রম

দেশের সামগ্রিক অর্থনীতিতে পল্লী খাতের গুরুত্ব বিবেচনা করে জনতা ব্যাংক লিমিটেড (সাবেক জনতা ব্যাংক) এ খাতে ১৯৭৪ সাল হতে পল্লী ঋণ কার্যক্রম শুরু করে। বর্তমানে ব্যাংকের কৃষি/পল্লী ঋণ কার্যক্রম দেশের প্রায় সব শাখার মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। বিশেষ করে ৬০৮টি শাখার মাধ্যমে ১৪৬৫টি ইউনিয়নে শস্য ঋণসহ বিভিন্ন ধরনের কৃষি ঋণ বিতরণ করছে। খাদ্য উৎপাদন বৃদ্ধি, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে অর্থনৈতিকভাবে সহায়তার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও আত্মনির্ভরশীল করা, পল্লী জনগণের নিকট আধুনিক চাষাবাদ ও উৎপাদন পদ্ধতির নতুন ধারণা পৌঁছে দেয়া এবং সঞ্চয়ী সৃষ্টির মাধ্যমে গ্রামীণ পুঁজি বিকাশে সহায়তাকরণের উদ্দেশ্যকে সামনে রেখে কৃষি/পল্লী কর্মসূচি গ্রহণ করা হয়েছে ।

রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৩ ও ৪-এর আওতায় বর্তমানে ৪২টি কৃষি/পল্লী ঋণ কর্মসূচি রয়েছে। এই কর্মসূচিগুলোর মধ্যে গুরুত্বপূর্ণ খাতগুলো হচ্ছে শস্যঋণ কর্মসূচি, ডাল, তৈলবীজ, মসলাজাতীয় ফসল ও ভুট্টা চাষ ঋণ কর্মসূচি, কৃষি ও সেচ যন্ত্রপাতি ঋণ কর্মসূচি, মৎস্য ও চিংড়ি চাষ ঋণ কর্মসূচি, কাঁকড়া চাষ ঋণ কর্মসূচি, এনজিও লিংকেজ ঋণ কর্মসূচি, ফল-মূল ও শাক সব্জির নার্সারি, ভেষজ উদ্যান স্থাপন নার্সারি, অর্থকরী বনজ বৃক্ষ চাষ সংক্রান্ত ঋণ কর্মসূচি, ফুল চাষ ঋণ কর্মসূচি, মাশরুম চাষ ঋণ কর্মসূচি, উন্নত জাতের গাভী পালন ঋণ কর্মসূচি, ছাগল ও ভেড়া পালন ঋণ কর্মসূচি, বহুমুখী তদারকী ঋণ কর্মসূচি, স্বনির্ভর ঋণ কর্মসূচি, পরিবারভিত্তিক ক্ষুদ্র ঋণ কর্মসূচি, ঘরোয়া ঋণ কর্মসূচি, প্রতিবন্ধী ঋণ কর্মসূচি, দারিদ্র্য পীড়িত এলাকায় বিশেষ ঋণ কর্মসূচি, চাকরিজীবী বিশেষ ঋণ কর্মসূচি, মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ কর্মসূচি, কনজ্যুমারস ক্রেডিট স্কীম, সাইবার ক্যাফে, কৃষিভিত্তিক প্রকল্প/শিল্প ইত্যাদি। এ সকল কার্যক্রম গ্রহণের ফলে কৃষি/পল্লী ঋণ কর্মকান্ডের ব্যাপকতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

সম্প্রতি জনতা ব্যাংক লিমিটেড সামাজিক দায়বদ্ধতা পরিপালনের লক্ষ্যে দেশের মঙ্গাপীড়িত, সিডর ও আইলায় আক্রান্ত এলাকায় ভূমিহীন ও প্রান্তিক কৃষকদের মহাজনী ও অন্যান্য উৎসের ঋণের চড়া সুদের বৃত্তের বাইরে নিয়ে এসে কৃষিকে লাভজনক এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে 'ভূমিহীন ও প্রান্তিক কৃষকদের জন্য সুদমুক্ত ঋণ' কর্মসূচি চালু করেছে। আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় ইতোমধ্যে মঙ্গাপীড়িত ৩টি রিজিয়ন এবং সিডর ও আইলায় আক্রান্ত ৭টি রিজিয়নসহ মোট ১০টি রিজিয়নে ৩৪টি শাখার মাধ্যমে চলতি অর্থবছরের জন্য বরাদ্দকৃত ১.০০ (এক) কোটি টাকা

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে	প্রকল্প সংখ্যা	৪৬৩৮	৮	৪৬৪৬
	পরিমাণ	২৭৪৮৩	৯৮	২৭৫৮১
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৫৬	৩	৫৯
	পরিমাণ	৪৭৪৪	৩৯	৪৭৮৩
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০ তারিখে	প্রকল্প সংখ্যা	৪৬৬০	৭	৪৬৬৭
	পরিমাণ	২৮৬৫৪	১২৫	২৮৭৭৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০*	প্রকল্প সংখ্যা	১৫	২	১৭
	পরিমাণ	১১৭১	৫০	১২২১
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০ পর্যন্ত**	প্রকল্প সংখ্যা	৩৫	৪	৩৯
	পরিমাণ	৩৪৩৯	১০০	৩৫৩৯

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সুদমুক্ত ঋণ বিতরণ করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত কৃষি/পল্লী ও ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় প্রদত্ত ঋণের অনাদায়ী স্থিতির পরিমাণ ১২৮৭২.৭ মিলিয়ন টাকা ।

দারিদ্র্য বিমোচন এবং সমাজ কল্যাণমূলক কর্মকান্ডে জনতা ব্যাংকের কার্যক্রম

সরকারি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি জাতীয় এবং রাষ্ট্রীয় স্বার্থে জনতা ব্যাংক লিমিটেড সাধারণ মানুষের সেবা ও কল্যাণে বহুমুখী ভূমিকা পালন করে আসছে। সামরিক-বেসামরিক কর্মকর্তাদের বেতন/ অবসর ভাতা প্রদান, বিভিন্ন প্রকার ইউটিলিটি বিল/ফি গ্রহণ ইত্যাদি ছাড়াও উপবৃত্তি, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা কল্যাণ ভাতা প্রভৃতি প্রদানের মাধ্যমে জনতা ব্যাংক কল্যাণমূলক কর্মকান্ডে অংশ গ্রহণ করে থাকে। এছাড়া, সামাজিক বিভিন্ন কর্মকান্ডে সি এস আর (Corporate Social Responsibility)-এর আওতায় বিভিন্নমুখী আর্থিক সহায়তা প্রদান করে থাকে। ২০০৯ সালে এ ব্যাংক শিক্ষা ও গবেষণা, স্বাস্থ্য ও চিকিৎসা এবং দারিদ্র্য দূরীকরণ ও পুনর্বাসন খাতগুলোর ৪৯টি কর্মকান্ডে আর্থিক সহায়তা প্রদান করেছে।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

জনতা ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৯ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য এবং চলতি মূলধন অর্থায়ন খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ৬৫৪৩ মিলিয়ন টাকা, ১৫৭৭৭ মিলিয়ন টাকা, ৬৭৪১৮ মিলিয়ন টাকা এবং ৩৯৯৪৯ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ২৬৪৩ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

কম্পিউটারাইজেশন/তথ্য প্রযুক্তির ব্যবহার

ব্যাংকের গ্রাহকগণকে আধুনিক, মানসম্পন্ন এবং ত্বরিত সেবা প্রদানের জন্য জনতা ব্যাংক লিমিটেড কম্পিউটারাইজেশন-এর মাধ্যমে তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারে গৃহীত বিভিন্ন প্রকার কার্যক্রম শুরু করে। ইতোমধ্যে আইটি খাত ডেভেলপমেন্ট-এর আওতায় ১৯৬টি শাখা এবং ৫১টি কন্ট্রোলিং অফিস সম্পূর্ণ কম্পিউটারাইজড করা হয়েছে, UAE তে অবস্থিত ব্যাংকের ৪টি শাখা অনলাইনের আওতায় আনা হয়েছে। আরও ২১২টি শাখার কম্পিউটারাইজেশনের কার্যক্রম

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ, '১০ (সাময়িক)	৩০ জুন, '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৬২৯৬**	**৬৫৪৩**	**৬৭০৫**	**৬৭১৭**
	(ক) শস্য	৫৫৬০	৫৭২৩	৫৮৮৩	৫৮৯৫
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৬১১	৬১৩	৬১৪	৬১৪
	(গ) মৎস্য	১১৭	১৯৭	১৯৮	১৯৮
	(ঘ) বনায়ন	৮	১০	১০	১০
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১৫৬৯০**	**১৫৭৭৭**	**১৬৮৫২**	**১৭৭৮২**
	(ক) বৃহৎ ও মাঝারি	১৫৩৯৮	১৫৭২৭	১৬৭৮৫	১৭৬৯৮
	(খ) ক্ষুদ্র ও কুটির	২৯২	৫০	৬৭	৮৪
৩।	চলতি মূলধন অর্থায়ন	৪২৪৫০	৩৯৯৪৯	৩৬১১৪	৩৭১৮৬
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ,গ্যাস ও পনি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	৩১	৩১	৩১
৭।	**ব্যবসা / বাণিজ্য**	**৪৭৩৩০**	**৬৭৪১৮**	**৭০৯৭০**	**৭৬৭০০**
	(ক) পাইকারি ও খুচরা	১৪৯৬০	১৫৬৩০	১৬৩৮০	১৭৫০০
	(খ) রপ্তানি	১৫৬২০	১৯০৮৩	২০৭২০	২২৯৫০
	(গ) আমদানি	১৬৭৫০	৩২৭০৫	৩৩৮৭০	৩৬২৫০
	(ঘ) হোটেল / রেস্তোরাঁ	--	-	--	-
৮।	দারিদ্র্য বিমোচন	২৭৯১	২৬৪৩	৩৬৬৮	৪১৩০
৯।	অন্যান্য	৩০১২১	৩৩৯৯৮	৩৪৫৬০	৩৬৪৯৪
	সর্বমোট	**১৪৪৬৭৮**	**১৬৬৩৫৯**	**১৬৮৯০০**	**১৭৯০০০**

বাস্তবায়নাধীন রয়েছে। এ কাজ সম্পন্ন হলে ৪০৮টি শাখা কম্পিউটারাইজড হবে এবং পর্যায়ক্রমে ভবিষ্যতে ৮৫১টি শাখাকে এর আওতায় আনা হবে। এছাড়া প্রতিটি শাখার জন্য ২টি পিসি, ১টি প্রিন্টার ও অন্যান্য কম্পিউটার সামগ্রী প্রেরণ করা হচ্ছে, যাতে করে পরবর্তীতে বাংলাদেশের সকল শাখা অনলাইনের আওতায় আনা সহজ হয়। ফরেন রেমিট্যান্স প্রাপ্তি কার্যক্রম আরো গতিশীল করার জন্য ব্যাংকের ২০৫টি শাখায় Speedy Foreign Remittance Payment System চালু করা হয়েছে। ওয়ার্ল্ড জায়ান্ট রেমিট্যান্স কোম্পানি Western Union-এর সংগে রেমিট্যান্স আনার জন্য সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হয়েছে এবং দ্রুততম সময়ে উপকারভোগীর হিসাবে রেমিট্যান্স প্রাপ্তির পরবর্তী ৬ ঘন্টার মধ্যে জমাকরণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ব্যাংকের গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় তথ্যাদি প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে ইতোমধ্যে ব্যাংকের সকল রিজিওনাল, এরিয়া এবং ডিভিশনাল অফিস অর্থাৎ ৫১টি কন্ট্রোলিং অফিস লোকাল এরিয়া নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। প্রবাসী বাংলাদেশীগণকে সেবা প্রদানের উদ্দেশ্যে চালু করা জনতা ব্যাংকের এন আর বি শাখাটির ইতোমধ্যে ৫টি বুথসহ অনলাইনের আওতায় আনা হয়েছে; এবং ব্যাংকের মার্চেন্ট ব্যাংকিং অপারেশন ও এয়ারপোর্ট বুথ অটোমেশন -এর আওতায় আনা হয়েছে। এমআইএস ডাটা, ক্লোজিং স্টেটমেন্ট, সি আইবি, সিটিআর, এসটিআর, এসবিএস ১, ২, ৩, সিএল ১, সাসপেন্স অ্যাকাউন্ট এবং অন্যান্য ডকুমেন্ট ট্রান্সফার ইত্যাদি তাৎক্ষণিকভাবে প্রাপ্তির লক্ষ্যে প্রধান কার্যালয় এবং অন্যান্য কন্ট্রোলিং অফিসে ইন্টারনেট কানেকশন সংস্থাপন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের অটোমেটেড চেক ক্লিয়ারিং সিস্টেম কার্যক্রমের সংগে সম্পৃক্তকরণের জন্য ঢাকা শহরের ৯৫টি শাখায় ফাইবার অপটিক কানেকশন স্থাপন করা হয়েছে। ব্যাংকের ২৩৫টি শাখা অন লাইন ব্যাংকিং-এর আওতায় আনয়নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ব্যাংকের সকল শাখায় একটি করে কম্পিউটার সরবরাহ করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে, যাতে করে ব্যাংকের প্রশাসনিক, এমআইএস এবং অন্যান্য কার্যাদি কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা যায়। তথ্য প্রযুক্তিগত সমস্যার তাৎক্ষণিক সমাধানের জন্য ৫টি জোনাল অফিসে আইটি সেল সংস্থাপন করা হয়েছে।

২০১০ সালে তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারে গৃহীত লক্ষ্যমাত্রা

ডিসেম্বর ২০১০-এর মধ্যে ব্যাংকের ১২টি পাইলট ব্রাঞ্চে সি ডি সি (Central data Center) ও ডি আর এস (Disaster Recovery Side) সংস্থাপনসহ অন লাইন ব্যাংকিং চালু করা। এ সময়ের মধ্যে ব্যাংকের ৪১৬টি শাখায় স্পীডি রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম চালু করা। ঢাকা শহরের ৯৫টি শাখা BACH (Bangladesh Automated Clearing House) আওতায় আনয়ন। কমপক্ষে ২০০ জন ব্যাংক কর্মকর্তাকে কাস্টমাইজড সফটওয়্যার, ব্যাংকিং অ্যাপ্লিকেশন সফটওয়্যার, হার্ডওয়্যার মেইনটেনেন্স, ট্রাবলশুটিং এবং নেটওয়ার্কিং-এর উপর প্রশিক্ষণ প্রদান। প্রধান কার্যালয়ের কমপক্ষে ৩টি ডিপার্টমেন্টে Web Based Inventory System সংস্থাপন। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনানুযায়ী BASEL-II Compliance-এর জন্য সফটওয়্যার তৈরি এবং Client Information-এর জন্য কন্ট্রোলিং অফিসে সংস্থাপন।

সুদের হার

জনতা ব্যাংক লিমিটেডের ২০১০ সালের মার্চ শেষে কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ২-১০ ভাগ, ১১-১২.৫ ভাগ এবং ১৩.০ ভাগ নির্ধারণ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার) *সারণি-৫*

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১ -১২.৫০	১৩.০০	১২.০০
২০০৯	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১ - ১২.৫০	১৩.০০	১২.০০
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১- ১২.৫০	১৩.০০	১২.০০
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৫-৬	৩.৫০	৭-৮	৬.৩৯	২-১০	১১- ১২.৫০	১৩.০০	১২.০০

অগ্রণী ব্যাংক লিমিটেড

বাংলাদেশ সরকার ও ব্যাংকের মধ্যে সম্পাদিত ভেন্ডরস্ চুক্তির মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড ১৫ নভেম্বর ২০০৭ থেকে দেশের অন্যতম বৃহত্তম পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নতুন অভিযাত্রা শুরু করেছে। পরিবর্তিত পরিস্থিতিতে নতুন উৎসাহ ও অঙ্গীকার নিয়ে দেশের শিল্প-কারখানা, ব্যবসা-বাণিজ্য ও গ্রামীণ অর্থনীতিকে টেকসই ভিতের ওপর দাঁড় করার জন্য অগ্রণী ব্যাংক সকল উদ্যোগ অব্যাহত রেখেছে। ডিসেম্বর ২০০৯ শেষে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ৪৯৬৮ মিলিয়ন টাকা এবং ১৩৯৪ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের পরিচালনা পর্ষদ ব্যবস্থাপনা পরিচালক এবং সিইওসহ মোট ১৩ জন পরিচালক সমন্বয়ে গঠিত। পরিচালনা পর্ষদ ব্যাংকের সামগ্রিক নীতি নির্ধারণ করে থাকেন। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত সমগ্র দেশব্যাপী ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৮৬৭টি। এর মধ্যে ৪৪৮টি শাখা শহরকেন্দ্রিক ও অবশিষ্ট ৪১৯টি শাখা গ্রামভিত্তিক। ৮৬৭টি শাখার মধ্যে Authorised Dealer শাখার সংখ্যা ৪০টি। বিদেশি প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ৪০১টি। ব্যাংকের সর্বমোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ১১৪৪৩ জন। এর মধ্যে ২৬২ জন নির্বাহীসহ ৬৯৯২ জন কর্মকর্তা এবং ৪৪৫১ জন কর্মচারী। যা শাখা প্রতি গড়ে মাত্র ১৪ জন। ২০০৯ সালে ব্যাংকে সিনিয়র অফিসার, অফিসার এবং অফিসার (ক্যাশ) এই ৩টি পদে মোট ১৬০৭ জন নতুন কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। এছাড়াও একজন সার্বক্ষণিক আইন উপদেষ্টা নিয়োগ করা হয়েছে। নগদ অর্থ আনা-নেয়া এবং শাখার সার্বিক নিরাপত্তার লক্ষ্যে Out sourcing-এর মাধ্যমে বিভিন্ন শাখায় ৯২৩ জন আনসার নিয়োজিত করার জন্য প্রধান কার্যালয় হতে অনুমোদন দেয়া হয়েছে।

অগ্রণী ব্যাংক লিমিটেড মানব সম্পদকে সর্বশ্রেষ্ঠ সম্পদরূপে গণ্য করে। মানব সম্পদের সার্বিক উন্নয়ন ও পূর্ণাঙ্গ ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা ও কাজের গুণগত মান উৎকর্ষের লক্ষ্যে ২৪ ডিসেম্বর

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি এনার্জি পাওয়ার প্ল্যান্ট।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৪৮৪	৪৯৬৮	৪৯৬৮	৪৯৬৮
৩।	রিজার্ভ ফান্ড	৭৪৩	১৩৯৪	১৫৫২	১৯৮২
৪।	**আমানত**	**১৪৬৮১৫**	**১৬৬২৮৪**	**১৬৮৮২৯**	**১৯৪১৫৩**
	ক) তলবি আমানত	৯২৬৯৪	৩৭৪০৫	৩৭৯৭৭	৪৩৬৭৪
	খ) মেয়াদি আমানত	৫৪১২১	১২৮৮৭৯	১৩০৮৫২	১৫০৪৭৯
৫।	ঋণ ও অগ্রিম	১১৩৩৬২	১২২২৩৬	১২৮৭৪১	১৩০০০০
৬।	বিনিয়োগ	২৯৩৩০	৪০৮৯৭	৩৭০০০	৪০০০০
৭।	মোট পরিসম্পদ	১৮৭৩২৬	২১১৭৮৯	২১৫৪৬৪	২৪২৫৯৮
৮।	মোট আয়	১৪৯৮১	১৬৩৬৭	৬৭৯১	১৪৭০০
৯।	মোট ব্যয়	৮৬৫১	৯৯২৪	৫৬৭০	১১১০০
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**২১১৭৪১**	**১৭৮০১১**	**৬৩৫০০**	**১২৮০০০**
	ক) রপ্তানি	৪৯৫৩৮	৪৪৬০৬	১৫০০০	৩০০০০
	খ) আমদানি	১০৯৫১৭	৭৭৫৩৪	৩৩০০০	৬৫০০০
	গ) রেমিট্যান্স	৫২৬৮৬	৫৫৮৭১	১৫৫০০	৩৩০০০
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**১০৯৮৮**	**১১৪৪৩**	**১১৩৮৩**	**১১১৮২**
	ক) কর্মকর্তা	৬২৯৯	৬৯৯২	৬৯৫৮	৬৭৮৪
	খ) কর্মচারী	৪৬৮৯	৪৪৫১	৪৪২৫	৪৩৯৮
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৮৩	৪০১	৪১০	৪১৫
১৩।	**শাখা (সংখ্যায়)**	**৮৬৭**	**৮৬৭**	**৮৬৭**	**৮৮০**
	ক) বাংলাদেশে	৮৬৭	৮৬৭	৮৬৭	৮৮০
	খ) বিদেশে	-	-	-	-

১৯৭৬ সালে অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) প্রতিষ্ঠিত হয়। এখানে ৮ মে ২০০৪ সালে ৩০টি আধুনিক কম্পিউটারসজ্জিত একটি কম্পিউটার ল্যাব স্থাপিত হয়। এ ল্যাব-এ এক সংগে ৩০ জন প্রশিক্ষণার্থী তাত্ত্বিক জ্ঞান অন্বেষার পাশাপাশি কম্পিউটার পরিচালনার খুঁটিনাটি বিষয়ে হাতে-কলমে শিক্ষা লাভ করতে পারেন। ট্রেনিং ইনস্টিটিউটে ২০০৯ সালে ১২৮টি কোর্স ও কর্মশালার মাধ্যমে মোট ২৬৭ জন নির্বাহী, ৩২১৭ জন কর্মকর্তা এবং ৩৮ জন কর্মচারীসহ সর্বমোট ৩৫২২ জন প্রশিক্ষণ লাভ করেন। এবিটিআই আয়োজিত কোর্সগুলো ছাড়াও ব্যাংক ৪৫৩ জন নির্বাহী এবং কর্মকর্তাকে বিআইবিএম, বিপিএটিসি, বিবিটিএ, আইসিসিবি, আইসিআইসিআই, বাফেদা, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ইত্যাদি প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিভিন্ন ধরনের প্রশিক্ষণে প্রেরণ করে। এছাড়া ২০০৯ সালে বিভিন্ন বিদেশি আর্থিক প্রতিষ্ঠানের আমন্ত্রণক্রমে আধুনিক ব্যাংকিং সম্পর্কে জ্ঞান অর্জনের লক্ষ্যে ৪ জন নির্বাহীকে বিবিধ প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, সেমিনার, কনফারেন্স ও সিম্পোজিয়ামে অংশ নেয়ার জন্য বিদেশে প্রেরণ করা হয়।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০৮ সালের তুলনায় শতকরা ১৩ ভাগ বৃদ্ধি পেয়ে ১৬৬২৮৪ মিলিয়ন টাকায় উন্নীত হয়। এর মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ৩৭৪০৫ এবং ১২৮৮৭৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৮ সালের ১১৩৩৬২ মিলিয়ন টাকা থেকে শতকরা ৮ ভাগ বৃদ্ধি পেয়ে ১২২২৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ডিসেম্বর ২০০৯ শেষে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ছিল ৪০৮৯৭ মিলিয়ন টাকা। দেশ-বিদেশের অস্বাভাবিক বাজার পরিস্থিতি বৈদেশিক বাণিজ্যের উপর বিরূপ প্রভাব ফেলে। ফলে ডিসেম্বর ২০০৯ শেষে ব্যাংকের মোট বৈদেশিক ব্যবসার পরিমাণ ২০০৮ সালের তুলনায় শতকরা ১৬ ভাগ হ্রাস পেয়ে ১৭৮০১১ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ৭৭৫৩৪, ৪৪৬০৬ ও ৫৫৮৭১ মিলিয়ন টাকা। তবে ব্যাংক এ পরিস্থিতি মোকাবিলা করার সর্বাত্মক প্রয়াস গ্রহণ করেছে। ২০০৯ সালে অপারেটিং মুনাফার পরিমাণ দাঁড়ায় ৬৪৪০

মিলিয়ন টাকা, যা ২০০৮ সালে ছিল ৬৩৩০ মিলিয়ন টাকা।

অগ্রণী ব্যাংক লিমিটেড, বিভিন্ন এক্সচেঞ্জ হাউস/ব্যাংকের সংগে টাকা ড্রাফট ও ইলেক্ট্রনিক্স ফান্ড ট্রান্সফার-এর মাধ্যমে রেমিট্যান্স সংগ্রহ করে আসছে। মধ্যপ্রাচ্য, উপসাগরীয় অঞ্চল, দক্ষিণ-পূর্ব এশিয়া ছাড়িয়ে ইতালি পর্যন্ত নিজস্ব ২টি সাবসিডিয়ারি প্রতিষ্ঠানসহ ৩২টি বিদেশি ব্যাংক/এক্সচেঞ্জ হাউসের সংগে রেমিট্যান্স বাণিজ্য চুক্তি দ্বারা রেমিট্যান্স কার্যক্রম সম্প্রসারণ করেছে। ২০০৯ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড রেমিট্যান্স বাণিজ্যে আধুনিক Instant Cash Payment / Cash Over Counter (COC) পদ্ধতির প্রবর্তন করেছে। এ পর্যায়ে বিশ্বব্যাপী পরিচিত ও জনপ্রিয় মানি ট্রান্সফার প্রতিষ্ঠান MoneyGram, মালয়েশিয়ার শীর্ষ স্থানীয় মানি ট্রান্সফার প্রতিষ্ঠান IME ও আমেরিকান মানি ট্রান্সফার প্রতিষ্ঠান Trans Fast-এর সংগে চুক্তি সম্পাদন করা হয়েছে। এছাড়াও নিজস্ব ২টি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান অগ্রণী এক্সচেঞ্জ হাউস, সিঙ্গাপুর ও অগ্রণী রেমিট্যান্স হাউস, মালয়েশিয়া এবং বিদেশি ব্যাংক আরব ন্যাশনাল ব্যাংক, সৌদি আরব থেকেও Instant Cash Payment / Cash Over Counter (COC)-এর মাধ্যমে রেমিট্যান্স সংগ্রহ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া খুব শিগগিরই Instant Cash Payment Xpress Money শুরু হতে যাচ্ছে। গৃহীত চুক্তিগুলোর ফলে বিশ্বের প্রায় সকল দেশ হতে রেমিট্যান্সের অর্থ অগ্রণী ব্যাংক লিমিটেডের মাধ্যমে পরিশোধ করা সম্ভব হয়েছে। অতি সম্প্রতি রেমিট্যান্স বাণিজ্যে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর নতুন সংযোজন প্রবাসী অগ্রণী রেমিট্যান্স কার্ড। এ ব্যবস্থায় রেমিটার কর্তৃক প্রেরিত অর্থ বেনিফিশিয়ারির কার্ডে জমা হয় এবং তাৎক্ষণিকভাবে SMS- এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়। পরবর্তীতে বেনিফিশিয়ারি শাখায় সংরক্ষিত POS (Point of Sale) মেশিনে Swap করে অথবা ATM মেশিনের মাধ্যমে রেমিট্যান্স-এর অর্থ গ্রহণ করতে পারেন। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সরকারের বাজার অর্থনীতির সংগে সংগতি রেখে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে আনয়ন করে ঋণকে উৎপাদনমুখী ও প্রতিযোগিতামূলক করা হয়েছে। ২০০৯ সালে ব্যাংক মোট ৪৩৫১৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ১৮০২৩ মিলিয়ন টাকা আদায় করে। বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ২৪৫২ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৯৪৫৯ টাকা মিলিয়ন শিল্প ঋণ ও ৩১৬০৬ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২২৯৯ মিলিয়ন, ৭৫৬১ মিলিয়ন টাকা ও ৮১৬৩ মিলিয়ন টাকা। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে অগ্রণী ব্যাংক লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতগুলোর ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ২০০৯ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংক ৩৯৮৩টি প্রকল্পের জন্য ঋণ হিসাবে ৩৮০৪৩ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। এর মধ্যে কেবল ২০০৯ সালে ২২৫টি প্রকল্পের অনুকূলে ৪৩১৪ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে, যার মধ্যে ৫৬ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন একটি বিদ্যুৎ উৎপাদন প্ল্যান্টও অন্তর্ভুক্ত রয়েছে। যে সকল ঋণ কর্মসূচির আওতায় ব্যাংক শিল্পে অর্থায়ন করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হলোঃ আইডিএ ক্রেডিট, এক্সিম ক্রেডিট, ওপেক ক্রেডিট, এডিবি ক্রেডিট, ব্যাংকের নিজস্ব তহবিল, ক্রেডিট গ্যারান্টি স্কীম, বিশেষ ঋণ কর্মসূচি, বিসিক কনসোর্টিয়াম, উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি, মাইক্রো এন্টারপ্রাইজ লোন স্কীম, ক্ষুদ্র প্রকৌশল ও শিল্প উন্নয়ন বন্ড তহবিল ইত্যাদি। ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮	বিতরণ	১১৬৩	১৭১৮	৩৮৮৪	৫৬০২	৩৫৬০৭	৪২৩৭২
	আদায়	১১৪৬	১৪০৯	১৮৭০	৩২৭৯	১৪৩১৫	১৮৭৪০
২০০৯	বিতরণ	২৪৫২	৩২৬৭	৬১৯২	৯৪৫৯	৩১৬০৬	৪৩৫১৭
	আদায়	২২৯৯	৩০৮১	৪৪৮০	৭৫৬১	৮১৬৩	১৮০২৩
৩১ মার্চ ২০১০*	বিতরণ	১০৪৭	৮১৭	৩৪১৫	৪২৩২	১৭৭৩৬	২৩০১৫
	আদায়	৯২৮	৭৭০	১৩৬২	২১৩২	১৬৫৮	৪৭১৮
৩০ জুন ২০১০**	বিতরণ	২০০৫	১৬৩৩	৩৬৭৬	৫৩০৯	২৩৯৯৯	৩১৩১৩
	আদায়	১৭৭০	১৫৪১	১৬২৬	৩১৬৭	৪৪৯৯	৯৪৩৬

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে	প্রকল্প সংখ্যা	২৯৫	৩৬৮৮	৩৯৮৩
	পরিমাণ	৩১৩৯৪	৬৬৪৯	৩৮০৪৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	২১	২০৪	২২৫
	পরিমাণ	৪০০৩	৩১১	৪৩১৪
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০ তারিখে	প্রকল্প সংখ্যা	৩০১	৩৬৯৮	৩৯৯৯
	পরিমাণ	৩৩৩৮৩	৬৯০০	৪০২৮৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৬	১০	১৬
	পরিমাণ	১৯৮৯	২৫১	২২৪০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১২	২১	৩৩
	পরিমাণ	৩৯৭৭	৫১৬	৪৪৯৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

কৃষি ও পল্লী ঋণ

দেশের অর্থনীতি মূলতঃ কৃষি উৎপাদনের উপর নির্ভরশীল হওয়ায় অগ্রণী ব্যাংক লিমিটেড এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে অর্থায়ন করে চলেছে। ব্যাংক ১৯৭৭ সাল থেকে সরকারি নীতিমালার আলোকে পল্লী এলাকার বিপুল জনগোষ্ঠীকে দেশের অর্থনীতির মূল স্রোতধারার সংগে সম্পৃক্তকরণপূর্বক গ্রামীণ অর্থনীতিকে গতিশীল ও উজ্জীবিতকরণসহ দারিদ্র্য বিমোচন-এর লক্ষ্যে বিবিধ কর্মসূচি/প্রকল্প হাতে নেয়। কৌশলগত অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পগুলোর মধ্যে আয় উৎসারী কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য বিমোচন অন্যতম। এসব প্রকল্পের মাধ্যমে দরিদ্র ভূমিহীন, প্রান্তিক চাষী, ক্ষুদ্র ব্যবসায় উদ্যোক্তা, দুঃস্থ ও নিঃস্ব নারী সমাজ, বেকার যুবশ্রেণীর জন্য ব্যাংক প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা প্রদান করে আসছে। ২০০৯ সাল পর্যন্ত ২৫টি কর্মসূচি/প্রকল্পের মাধ্যমে ব্যাংক ৩৪২০৬৬৫ জনের মধ্যে ৩২৪৭২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

অন্যান্য কর্মসূচি

ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই)

এসএমই (স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস) বর্তমান প্রেক্ষাপটে একটি অগ্রাধিকার ও গুরুত্বপূর্ণ খাত। অগ্রাধিকার ও গুরুত্বপূর্ণ খাত হিসেবে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনায় ২০০৫ সালে এসএমই ঋণ কার্যক্রম এ ব্যাংকে শুরু হয়। বর্তমানে অগ্রণী ব্যাংক লিমিটেড সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও জিডিপির কলেবর বৃদ্ধির লক্ষ্যে এসএমই খাতে ব্যাপকভাবে অর্থায়ন করে যাচ্ছে এবং এর মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসার, উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন করা সম্ভব হচ্ছে। এ খাত উন্নয়নে গৃহীত পদক্ষেপগুলো হলো- মহিলা উদ্যোক্তাদের এসএমই ঋণ বিতরণে বিশেষ গুরুত্ব দেয়ার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান, জেলা ও বিভাগীয় শহরে সকল শাখা ও উপজেলা সদরে ১টি করে শাখায় এসএমই ডেস্ক খোলা এবং এসএমই ঋণ কার্যক্রম আরও সম্প্রসারণ করার লক্ষ্যে এসএমই ও মাইক্রো ক্রেডিট বিভাগকে আরও শক্তিশালী ও উন্নত করা। এসএমই ডেস্ক-এর পাশাপাশি SME Help Desk ও Women Entrepreneurs Dedicated Desk খোলার ব্যবস্থা নেয়া হচ্ছে। সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে এ খাতের উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত এসএমই মেলায় অংশ গ্রহণ করা হচ্ছে। এসএমই ঋণের প্রচার ও প্রসারে ব্রুসিয়ার ছাপানো, বিতরণ এবং ব্যানার ও ফেস্টুন তৈরির ব্যবস্থা করা হয়েছে।

ক্ষুদ্র ঋণ কার্যক্রম

অগ্রণী ব্যাংক লিমিটেড মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (মেডু) অনুবিভাগকে এসএমই ও মাইক্রো ক্রেডিট বিভাগ নামে একটি পূর্ণাঙ্গ বিভাগে রূপান্তর করে দারিদ্র্য বিমোচনে জোরালো পদক্ষেপ গ্রহণ করেছে। এর মাধ্যমে ১৯৯৫ সাল থেকে অগ্রণী ব্যাংক লিমিটেড ও ইফাদ-এর যৌথ উদ্যোগে এমপ্লয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি) প্রকল্পটি দক্ষতার সংগে পরিচালিত হয়ে আসছে। পরবর্তীতে জুলাই ২০০০ থেকে বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে অন্যান্য ৩টি পাবলিক লিমিটেড ব্যাংকের সংগে প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি চালু করেছে।

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	মার্চ ৩১, '১০ (সাময়িক)	জুন ৩০, '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৬৪৫৫**	**৭৪৬১**	**৭৪৪১**	**৭৩৮৪**
	ক) শস্য	৫২১৯	৬৩৬০	৬৩৬৬	৬৪০১
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৮৪৩	৬৯০	৬৭৫	৬৮১
	গ) মৎস্য	৩৯১	৪১০	৩৯৯	৩০১
	ঘ) বনায়ন	২	১	১	১
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**২২১৫৫**	**২৭৪১১**	**২৮৪৭৪**	**২৯৩৫৪**
	ক) বৃহৎ ও মাঝারি	১২৪৩৯	২০৯০১	২১৪৮৭	২১৯৩৪
	খ) ক্ষুদ্র ও কুটির	৯৭১৬	৬৫১০	৬৯৮৭	৭৪২০
৩।	চলতি মূলধন অর্থায়ন	২২৮৩৭	২৩২২৫	২৩৫৬৫	২৩৮৮৯
৪।	নির্মাণ	৭৫১২	৭৮২৮	৮০১৪	৮২৫৮
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	০	৭৪৫	৭৭০	৭৯০
৬।	পরিবহন ও যোগাযোগ	৮২৫	৮৫৩	৮৭৪	৮৯৮
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৩৬৩৮**	**১৩৯১৩**	**১৪১৬৫**	**১৪৪৯১**
	ক) পাইকারি/খুচরা	৫৮৮১	৫৯৯১	৬০৮২	৬১৪৭
	খ) রপ্তানি	২৫৬২	২৬৩৮	২৭১২	২৮৪২
	গ) আমদানি	৪৭৫০	৪৮২২	৪৯০১	৫০১৭
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৪৪৫	৪৬২	৪৭০	৪৮৫
৮।	দারিদ্র্য বিমোচন	৪১৩১	৩৮৮৪	৩৭৬৮	৩৯২১
৯।	অন্যান্য	৩৫৮০৯	৩৬৯১৬	৪১৬৭০	৪১০১৫
	সর্বমোট	**১১৩৩৬২**	**১২২২৩৬**	**১২৮৭৪১**	**১৩০০০০**

বর্তমানে এ বিভাগের আওতাধীনে দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্র ব্যবসা সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এনজিওদের ঋণদানসহ ১৪টি ক্ষুদ্র ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য ৩টি কর্মসূচি নিম্নরূপঃ

এমপ্লয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি)

প্রকল্পটি ইফাদ ও অগ্রণী ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে ১৯৯৫-'৯৬ সাল থেকে জুন ২০০০ সাল পর্যন্ত বাস্তবায়িত হয়। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় তা বর্তমানে ব্যাংকের নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। মাইক্রো এন্টারপ্রাইজ প্রতিষ্ঠা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিই হলো এই কর্মসূচির উদ্দেশ্য। প্রকল্পের আওতায় সর্বনিম্ন ২০০০০ টাকা এবং সর্বোচ্চ ৫০০০০০ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। এছাড়া এর আওতায় এনজিওদেরও ঋণ দেয়া হয়ে থাকে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত এ প্রকল্পের মাধ্যমে ৫৮৪৮০ জন উদ্যোক্তাকে মোট ৫২২৩ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে। বিতরণকৃত ঋণের বিপরীতে এ পর্যন্ত সুদসহ আদায় হয়েছে ৫৪৪৩ মিলিয়ন টাকা। পুঞ্জীভূত ঋণ আদায়ের হার শতকরা ৯৭ ভাগ।

প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি

বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে ২০০২ সালে এই বিশেষ ঋণ কর্মসূচিটি চালু করা হয়। প্রতিবন্ধীদের স্বাবলম্বী এবং সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডের মূল স্রোতধারায় একীভূত করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রণীত এই ঋণ কর্মসূচিটি অগ্রণী ব্যাংক লিমিটেড কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। শারীরিকভাবে পঙ্গু কিন্তু বুদ্ধিমান ও ব্যবসার ক্ষেত্রে পারদর্শী প্রতিবন্ধীরা এককভাবে বা পরিবারের কোনো যোগ্য সদস্যের সংগে যৌথভাবে এ ঋণ গ্রহণ করতে পারেন। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত মোট ১২৭৫ জন ঋণ গ্রহীতাকে ২৩ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে এবং আদায় করা হয়েছে ১৯ মিলিয়ন টাকা।

মহিলাদের ঋণদান কর্মসূচি

মহিলাদের সমাজে আর্থিকভাবে প্রতিষ্ঠিত করা এবং তাদের স্বনির্ভর করার লক্ষ্যে ১৯৯৭ সালে ব্যাংকের নিজস্ব অর্থায়নে এ কর্মসূচি শুরু করা হয়। একজন মহিলা সর্বোচ্চ ১০০০০০ টাকা ঋণ পেয়ে থাকেন। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত মোট ৭৬০ জন ঋণ গ্রহীতাকে ২৩.৭ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে এবং আদায় করা হয়েছে ১৯ মিলিয়ন টাকা।

ব্যাংকের অন্যান্য কার্যক্রম

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (এসইকিউএইপি)

মাধ্যমিক স্তরে শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ১৬ জুলাই ২০০৮ তারিখে বিশ্ব ব্যাংকের তত্ত্বাবধানে সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (SEQAEP) নামে ১২১টি উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জন্য বিশ্ব ব্যাংক এবং অগ্রণী ব্যাংক লিমিটেড-এর মধ্যে পার্টিসিপেশন অ্যাগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। ২০০৯ সালের জুলাই-ডিসেম্বর পর্যন্ত এ ব্যাংকের সংশ্লিষ্ট শাখাগুলোর মাধ্যমে উপবৃত্তি বাবদ প্রায় ১২৯ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি)

উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রী উপবৃত্তি প্রদানের লক্ষ্যে হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (পর্যায়-৪)-এর আওতায় ২০০৮-'০৯ এবং ২০০৯-'১০ শিক্ষা বছরে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ২০০৮-'০৯ শিক্ষা বর্ষের ৯৫ মিলিয়ন টাকা এবং ২০০৯-'১০ শিক্ষা বর্ষের ১৯৫ মিলিয়ন টাকা বিতরণের জন্য ইতোমধ্যে এ ব্যাংকের সংশ্লিষ্ট শাখাগুলোতে প্রেরণ করা হয়েছে।

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি)

উচ্চ মাধ্যমিকে নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (SESDP)-এর আওতায় ২০০৯ সালে ১৬৫ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয়। এর মধ্যে এ ব্যাংকের ৪৩টি শাখার মাধ্যমে ১৫৮ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার বেতন-ভাতাদি প্রদান

ঢাকা বিভাগের আওতাধীন বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতাদি এ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়।

বয়স্ক ভাতা

২০০৯ সালে বয়স্ক ভাতা কার্যক্রমের আওতায় প্রায় ১১৭৯ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়। এ ব্যাংকের প্রায় ৫০০ শাখার মাধ্যমে এই অর্থ বিতরণ কার্যক্রম সম্পাদনের পদক্ষেপ নেয়া হয়।

বিবিধ সেবা প্রদানমূলক কার্যক্রম

মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা, অবসরপ্রাপ্ত সামরিক ও সরকারি কর্মকর্তাদের পেনশন প্রদান, সরকারের অভ্যন্তরীণ খাদ্য-শস্য সংগ্রহবাবদ মূল্য পরিশোধ কার্যক্রম এ ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয়। সরকারি নির্দেশনা/বিভিন্ন সংস্থার অনুরোধক্রমে এ ব্যাংকের মাধ্যমে বিভিন্ন যে সকল পরিসেবা প্রদান করা হয় সেগুলো হলোঃ বিটিসিএল (সাবেক বিটিটিবি), গ্রামীণ ফোন, পিডিবি, পল্লী বিদ্যুৎ, ডিপিডিসি, ডেসকো, ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির বিদ্যুৎ বিল কালেকশন, ওয়াসা ও তিতাস গ্যাসের বিল কালেকশন, বাংলাদেশ রেলওয়ের ক্যাশ কালেকশন ইত্যাদি।

ঝুঁকি ব্যবস্থাপনা, ক্রেডিট রেটিং ও ব্যাসেল-২ বাস্তবায়ন প্রস্তুতি

ক) ব্যাংক ব্যবস্থাপনা ও পরিচালনায় বিভিন্ন প্রকার অনিশ্চিত ঝুঁকির সম্মুখীন হতে হয়। ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল এমনভাবে প্রণীত হয়েছে যা যে কোনো অনিষ্টকর লেনদেনের বিপরীতে ব্যাংকের স্বার্থ রক্ষা করবে। পরিবর্তনশীল ব্যবসায়িক পরিবেশ দ্বারা সৃষ্ট বিবিধ ঝুঁকি নিয়ন্ত্রণের লক্ষ্যে তা চিহ্নিতকরণসহ নিবারণের নিমিত্তে অগ্রণী ব্যাংক লিমিটেড কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক চিহ্নিত পাঁচটি ক্ষেত্রে কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনা চালু করেছে এবং এ লক্ষ্যে প্রণয়ন করা হয়েছে আলাদা আলাদা ম্যানুয়েল। ঝুঁকির ক্ষেত্রগুলো হচ্ছে- ঋণ ঝুঁকি, সম্পদ ও দায় ব্যবস্থাপনা ঝুঁকি, বৈদেশিক বাণিজ্য ব্যবস্থাপনা ঝুঁকি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি এবং মানি লন্ডারিং ঝুঁকি; খ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশক্রমে ব্যাংক ২০০৬ সালে ক্রেডিট রেটিং ইনফরমেশন অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (CRISL)-কে ব্যাংকের ক্রেডিট রেটিং-এর জন্য নিয়োগ প্রদান করে। ২০০৮ সালের জন্য প্রতিষ্ঠানটি ব্যাংকের অনুকূলে দীর্ঘ সময়ের জন্যে AAA এবং স্বল্পকালীন সময়ের জন্যে ST-1 রেটিং প্রদান করে; যা ৮ নভেম্বর ২০০৯ তারিখে সম্পন্ন হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিশ্চয়তা বিদ্যমান থাকায় সর্বোচ্চ ঝুঁকিমুক্ত সংস্থা বিবেচনায় এ রেটিং দেয়া হয়েছে। এই রেটিংভুক্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর রয়েছে সর্বোচ্চ মান, পর্যাপ্ত আর্থিক নিরাপত্তা

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৪.০০	৩.২৫	৭.০০-৮.৫০	৪.১৫	৮.০০	১২.০-১৪.০	১৪.০০	১০.৩৮
২০০৯	৪.০০	৩.৫০	৭.০০-৮.৫০	৩.৯৫	২.০০-৮.০০	১২.০-১৩.০	১৪.০০	৮.৪৫
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৪.০০	৩.৫০	৭.২৫-৮.০০	৩.৯৫	২.০০-৮.০০	১২.০-১৩.০	১৪.০০	৮.৪৫
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৪.০০	৩.৫০	৭.২৫-৮.০০	৪.০৫	২.০০-৮.০০	১২.০-১৩.০	১৪.০০	৮.৬০

ও সর্বাধিক ঋণ প্রদানের যোগ্যতা; গ) বাংলাদেশ ব্যাংকের পরামর্শ অনুসারে প্রধান নির্বাহীর নেতৃত্বে এ ব্যাংকে ৯ (নয়) সদস্য বিশিষ্ট ব্যাসেল-২ ইম্প্লিমেন্টেশন ইউনিট গঠন করা হয়েছে। এছাড়া ব্যাংকে ব্যাসেল-২ বাস্তবায়নের লক্ষ্যে গ্রাউন্ড লেভেলে কাজ করার নিমিত্তে মহাব্যবস্থাপক (পরিচালন)-এর নেতৃত্বে ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগগুলোর নির্বাহী/কর্মকর্তাদের সমন্বয়ে ২০ (বিশ) সদস্য বিশিষ্ট ব্যাসেল-২ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক, CRISL এবং নিজস্ব বিশেষজ্ঞদের সহায়তায় ব্যাংকের নির্বাহী/কর্মকর্তাদের ব্যাসেল-২-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

মার্চেন্ট ব্যাংকিং ইউনিট

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২৩ মার্চ ২০০৯ তারিখে অগ্রণী ব্যাংককে মার্চেন্ট ব্যাংকিং পরিচালনার জন্য রেজিস্ট্রেশন দেয়। আনুষ্ঠানিকভাবে ৩ সেপ্টেম্বর ২০০৯ তারিখে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম চালু হয়। বর্তমানে আইসিবি সিকিউরিটিজ অ্যান্ড ট্রেডিং কোম্পানি লিমিটেড-এর মাধ্যমে শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আগামীতে একাধিক ব্রোকারেজ হাউস-এর সংগে ব্রোকারিং অ্যাগ্রিমেন্ট করার পদক্ষেপ নেয়ার পরিকল্পনা রয়েছে। এছাড়া এই মার্চেন্ট ব্যাংকিং ইউনিটকে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান অগ্রণী ইক্যুইটি অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড হিসেবে গঠন করা হয়েছে।

ইসলামি ব্যাংকিং ইউনিট

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালনের জন্য শরীয়াহ কাউন্সিল গঠনের বাধ্যবাধকতা রয়েছে বিধায় অপরাপর মুসলিম দেশগুলোর মতো বাংলাদেশেও ইসলামি শরীয়াহভিত্তিক ব্যাংকিং একটি জনপ্রিয় ব্যাংকিং ব্যবস্থা। বাংলাদেশ ব্যাংকের নিকট ৮ জুন ২০০৯ তারিখে এ ব্যাংকে ইসলামি ব্যাংকিং চালু করার অনুমোদন চাওয়া হয়। তদনুযায়ী বাংলাদেশ ব্যাংক ২২ জুলাই ২০০৯ তারিখে ব্যাংকের ৫টি শাখায় ইসলামী ব্যাংকিং উইন্ডো খোলার অনুমোদন দেয়। প্রধান কার্যালয়ের চতুর্থ তলায় ইসলামি ব্যাংকিং ইউনিট নামে একটি বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। যে ৫টি শাখাকে ইসলামি ব্যাংকিং উইন্ডো খোলার অনুমোদন দেয়া হয়েছে সেগুলো হলো: (১) আমিনকোর্ট শাখা, ঢাকা, (২) গুলশান শাখা, ঢাকা, (৩) আগ্রাবাদ (জাহান বিল্ডিং) শাখা, চট্টগ্রাম, (৪) লালদীঘির পাড় শাখা, সিলেট, (৫) মাইজদী কোর্ট শাখা, নোয়াখালী।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ২০০৯ সালের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি দাঁড়ায় ১২২২৩৬ মিলিয়ন টাকা; যার মধ্যে কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ৭৪৬১ মিলিয়ন টাকা; শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) খাতে ২৭৪১১ মিলিয়ন টাকা; চলতি মূলধন অর্থায়ন খাতে ২৩২২৫ মিলিয়ন টাকা; নির্মাণ খাতে ৭৮২৮ মিলিয়ন টাকা; পরিবহন ও যোগাযোগ খাতে ৮৫৩ মিলিয়ন টাকা এবং ব্যবসা-বাণিজ্য খাতে ১৩৯১৩ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন খাতে ঋণের স্থিতি ছিল ৩৮৮৪ মিলিয়ন টাকা। ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

গ্রাহক সেবা উন্নয়নে কম্পিউটার প্রযুক্তির ভূমিকা

সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে অগ্রণী ব্যাংক লিমিটেড ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। ১৯৬৮ সালে ব্যাংকে প্রধান কার্যালয়ভিত্তিক কম্পিউটার ব্যবহার শুরু হলেও আশির দশকের শেষ ভাগে এসে এতে গতি সঞ্চারিত হয় এবং বর্তমান সময় পর্যন্ত ব্যাংকের মোট ৮৬৭টি শাখার মধ্যে ব্যবসায়িক ও ভৌগোলিক গুরুত্বপূর্ণ ২৬৬টি শাখায় ব্যাংকিং সফটওয়্যারের মাধ্যমে সকল ধরনের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা এবং Profit and Loss Accounts, General Ledger, Statement of Affairs সহ প্রয়োজনীয় সকল ধরনের বিবরণী প্রস্তুত কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে সম্পাদিত হচ্ছে। অবশিষ্ট ৬০১টি শাখায় ন্যূনতম একটি কম্পিউটার (প্রিন্টার এবং ইউপিএসসহ) সংস্থাপিত রয়েছে। যার মাধ্যমে দৈনন্দিন বিবরণীসহ বিভিন্ন বিবরণী প্রস্তুত, দাপ্তরিক কাজ ও ইন্টারনেট ব্যবহার করে ই-মেইল ও অন-লাইনভিত্তিক বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। প্রাথমিক পর্যায়ে প্রধান কার্যালয়সহ ব্যাংকের ৭টি সার্কেল অফিস, ৫২টি আঞ্চলিক কার্যালয় এবং ১০টি কর্পোরেট শাখাসহ মোট ৪০টি এডি শাখাকে সংযুক্ত করে পূর্ণাঙ্গ Core Banking Solution-এর সংস্থাপন চলমান রয়েছে; যা ২০১০-এর মধ্যে সম্পন্ন হবে। Core Banking Solution চালু হলে কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত ডাটাবেজের মাধ্যমে ১০টি কর্পোরেট শাখাসহ মোট ৪০টি এডি শাখার সকল গ্রাহক অন-লাইন রিয়েলটাইম ব্যাংকিং লেনদেনের সুবিধাসহ ফোন ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদি সেবা পাবেন। পর্যায়ক্রমে ২০১৩ সালের মধ্যে ব্যাংকের ৮৬৭টি শাখা অন-লাইন ব্যাংকিং সুবিধার আওতায় আনার পরিকল্পনা রয়েছে। ব্যাংকের ওয়েবসাইট www.agranibank.org-এ উল্লেখযোগ্য গ্রাহক সেবা, আমানত ও ঋণ এবং বিনিয়োগের পণ্যসহ আর্থিক বিবরণী সংক্রান্ত হালনাগাদ তথ্য সংরক্ষিত রয়েছে। ২০০২ সালে E-Cash নামে এটিএম ব্যবস্থা চালু করা হয়, যা গ্রাহক সেবার ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করে। এর মাধ্যমে প্রতি ২৪ ঘন্টা নগদ টাকা তোলা ও বিভিন্ন সেবা সংস্থার সব ধরনের পরিসেবা বিল পরিশোধ করার সুযোগ পাচ্ছেন গ্রাহকবৃন্দ। এটি একটি Shared ব্যবস্থা, যার সংগে সম্পৃক্ত রয়েছে ৭টি সদস্য ব্যাংক। বর্তমানে দেশের বিভিন্ন শহরে সদস্য ব্যাংকগুলোর ৪০টি এটিএম বুথের মাধ্যমে এই সুবিধা চালু রয়েছে। এটিএম-এর সংখ্যা এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য প্রোডাক্ট সম্প্রসারণের পরিকল্পনা ব্যাংকের বিবেচনাধীন রয়েছে।

সুদের হার

সরকার ঘোষিত সুদনীতির সংগে সামঞ্জস্য রেখে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে রেখেছে এবং আমানতের সুদের হার সুষমকরণ করা হয়েছে। বিভিন্ন প্রকার সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

রূপালী ব্যাংক লিমিটেড

১৯৭২ সালের রাষ্ট্রপতির ২৬ নম্বর আদেশ বলে পাকিস্তান আমলের মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এবং অস্ট্রেলেশিয়া ব্যাংক লিঃ-কে জাতীয়করণের মাধ্যমে রূপালী ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। অতঃপর ১৯৮৬ সালের ১৪ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আদেশ নং-অম/অবি/বিকে-৩/৩৩/৮৬/৩৬১ অনুসারে ব্যাংকটি রূপালী ব্যাংক লিঃ হিসেবে কার্যক্রম পরিচালনা করছে এবং এতে সরকারি ও বেসরকারি শেয়ারের অনুপাত নির্ধারণ করা হয় ৫১ ঃ ৪৯। ২০০৯ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭০০০ মিলিয়ন টাকা ও ১২৫০ মিলিয়ন টাকা এবং ৩৪৪৪ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনে সরকারি এবং বেসরকারি শেয়ারের পরিমাণ যথাক্রমে শতকরা ৯৩ ভাগ এবং শতকরা ৭ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে দেশের অভ্যন্তরে ব্যাংকের মোট শাখার সংখ্যা ছিল ৪৯২টি, যার মধ্যে ২৭২টি শাখা শহর অঞ্চলে এবং বাকি ২২০টি পল্লী অঞ্চলে অবস্থিত। পাকিস্তানের করাচিস্থ একমাত্র বৈদেশিক শাখাটি ২০০৬ সালে পাকিস্তানের একটি সিকিউরিটি কোম্পানি মেসার্স আরিফ হাবিব সিকিউরিটিজ লিঃ-এর সংগে জয়েন্ট ভেঞ্চার ব্যাংক হিসেবে ইতোমধ্যে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। ব্যাংকটির নাম হয়েছে "আরিফ হাবিব ব্যাংক লিঃ" এবং এই ব্যাংকে রূপালী ব্যাংক লিঃ-এর শতকরা ৫ ভাগ শেয়ার রয়েছে। এছাড়া বিদেশি প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ১৬২টি। ২০০৯ সালের শেষে ব্যাংকটির মোট জনবলের সংখ্যা দাঁড়ায় ৪৫২৯ জন, যার মধ্যে

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি সোয়েটার কারখানা।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
০১।	অনুমোদিত মূলধন	৭০০০	৭০০০	৭০০০	৭০০০
০২।	পরিশোধিত মূলধন	১২৫০	১২৫০	১২৫০	১২৫০
০৩।	রিজার্ভ	৩১৫০	৩৪৪৪	৩৪৪৪	৩৪৪৪
০৪।	**আমানত**	**৭১৩৯৪**	**৭২৯৮৫**	**৭৭৫১৬**	**৮১৩৫০**
	(ক) তলবি আমানত	১৪৪৫৬	২২২৭৭	২৩৬৬০	২৪৮৩৩
	(খ) মেয়াদি আমানত	৫৬৯৩৮	৫০৭০৮	৫৩৮৫৬	৫৬৫২০
০৫।	ঋণ ও অগ্রীম	৪৯০৩০	৫২৩৪৪	৫৫৯৩৪	৫৯৫২৩
০৬।	বিনিয়োগ	১২৫৪৬	১৪৩০৩	১৪৯৪০	১৪৯৭৬
০৭।	মোট পরিসম্পদ	৮২৩১২	৮৭৫৭৪	৮৯৩২৫	৯০২০১
০৮।	মোট আয়	৫৮৫০	৭২৪২	২৪৮৬	৪৯৭২
০৯।	মোট ব্যয়	৪৭০৫	৫১৪৩	১৭৩৬	৩৪৭২
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৪৯৫১৭**	**৫৫০৩৩**	**১৩৬৬৪**	**৩১৫০০**
	(ক) রপ্তানি	৭২৮৪	৭৫২৭	১৮৬৫	৪০০০
	(খ) আমদানি	২০৫৯০	২৫১৯৪	৬২৯৮	১৫০০০
	(গ) রেমিট্যান্স	২১৬৪৩	২২৩১২	৫৫০১	১২৫০০
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**৪২৬৯**	**৪৫২৯**	**৪৪৩০**	**৪৩৫১**
	(ক) কর্মকর্তা	২৮৩০	৩১৪৮	৩০৭২	৩০০৫
	(খ) কর্মচারী	১৪৩৯	১৩৮১	১৩৫৮	১৩৪৬
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৬২	১৬২	১৬৩	১৬৪
১৩।	**শাখা (সংখ্যায়)**	**৪৯২**	**৪৯২**	**৪৯২**	**৪৯২**
	(ক) দেশে	৪৯২	৪৯২	৪৯২	৪৯২
	(খ) বিদেশে	০	০	০	০

কর্মকর্তার সংখ্যা ৩১৪৮ জন এবং কর্মচারীর সংখ্যা ১৩৮১ জন।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

৩১ ডিসেম্বর ২০০৯-এ রূপালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ (মূলতবি হিসাবে রক্ষিত সুদ বাদে) দাঁড়ায় ৭২৯৮৫ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালের ৭১৩৯৪ মিলিয়ন টাকার তুলনায় ১৫৯১ মিলিয়ন টাকা বা শতকরা ২ ভাগ বেশি। ৩১ ডিসেম্বর ২০০৯-এ রূপালী ব্যাংক লিঃ-এর ঋণ ও অগ্রিমের স্থিতি দাঁড়ায় ৫২৩৪৪ মিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৬.৮ ভাগ বেশি। ৩১ ডিসেম্বর ২০০৯-এ ব্যাংকের বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৪ ভাগ বৃদ্ধি পেয়ে ১৪৩০৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৫৫০৩৩ মিলিয়ন টাকায়, যার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ২৫১৯৪ মিলিয়ন টাকা, ৭৫২৭ মিলিয়ন টাকা ও ২২৩১২ মিলিয়ন টাকা। যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে শতকরা ২২.৪ ভাগ, শতকরা ৩.৪ ভাগ ও শতকরা ৩.১ ভাগ বেশি। ২০০৯ সালে ব্যাংকটির কম্পিউটারাইজড শাখা ও ওয়ান স্টপ শাখার সংখ্যা ছিল যথাক্রমে ১৩০টি ও ১২২টি। ২০১০ সালের মধ্যে আরও ১২৭ টি শাখা কম্পিউটারাইজড (ওয়ান স্টপসহ) করার পরিকল্পনা রয়েছে। ২০০৯ সালে ব্যাংকটি ২০৯৯ মিলিয়ন টাকা পরিচালনগত মুনাফা অর্জন করেছে, যা পূর্ববর্তী বছরে ছিল ১১৪৫ মিলিয়ন টাকা। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে রূপালী ব্যাংক লিমিটেড সর্বমোট ১৪২৭৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৩৮৮৭ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ২০০৮ সালে রূপালী ব্যাংকের মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৯৭২০ মিলিয়ন টাকা ও ২৮০১ মিলিয়ন টাকা। ২০০৯ সালে খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ৬০৬ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ১২৩২৮ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ১৩৩৯ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে এই খাতগুলো থেকে ঋণ আদায়ের পরিমাণ

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৪৯৯	১৪৬১	৬৬২২	৮০৮৩	১১৩৮	৯৭২০
আদায়	২০৯	১৩৮০	৫৬৯	১৯৪৯	৬৪৩	২৮০১
২০০৯						
বিতরণ	৬০৬	৩৪৬৩	৮৮৬৫	১২৩২৮	১৩৩৯	১৪২৭৩
আদায়	৩৬১	২০১০	৭৬৬	২৭৭৬	৭৫০	৩৮৮৭
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৪৪২	১২৯১	১৫৬৪	২৮৫৫	৩১২	৩৬০৯
আদায়	১০৪	৫৬৮	৭৩৬	১৩০৪	১৬১	১৫৬৯
৩০ জুন ২০১০**						
বিতরণ	৭০৩	২৮২৫	২২৩৭	৫০৬২	৫১০	৬২৭৫
আদায়	২২১	১০৮০	১০০৬	২০৮৬	৩৩১	২৬৩৮

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে			
সংখ্যা	১৭৩	৩৬৪	৫৩৭
পরিমাণ	৩৬৫৫৯	৮১৪	৩৭৩৭৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত			
সংখ্যা	৪২	৬	৪৮
পরিমাণ	১১৯৯৫	৪৭	১২০৪২
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০০৯ তারিখে			
সংখ্যা	১৭৬	৩৬৫	৫৪১
পরিমাণ	৩৭১৭৯	৮৮৫	৩৮০৬৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত			
সংখ্যা	৭	১	৮
পরিমাণ	২৪৯৩	২	২৪৯৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত			
সংখ্যা	২৩	২৮	৫১
পরিমাণ	৬২৯৮	৯৭	৬৩৯৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ, '১০ (সাময়িক)	৩০ জুন, '১০ (প্রাক্কলিত)
০১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**১৫১**	**১৭৩**	**১৬৬**	**১৬৬**
	(ক) শস্য	১৩	১২	১২	১২
	(খ) শস্য ব্যতীত	৭২	৭১	৭৩	৭৪
	(গ) মৎস্য	৫৯	৮২	৭২	৭০
	(ঘ) বনায়ন	৭	৮	৯	১০
০২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১০৫৯২**	**১১৩২৫**	**১২৮৮৫**	**১৪১৯০**
	(ক) বৃহৎ ও মাঝারি	১০১২৩	১০৮০৩	১২২৩০	১৩৪০০
	(খ) ক্ষুদ্র ও কুটির	৪৬৯	৫২২	৬৫৫	৭৯০
০৩।	চলতি মূলধন অর্থায়ন	১৩৭৩৭	১৫০৩৯	১৬১০০	১৭৫০০
০৪।	নির্মাণ	-	-	-	-
০৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
০৬।	পরিবহন ও যোগাযোগ	৬০২	৮৭৩	৮৯০	৯৫০
০৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২০৪২৯**	**২০৭৪০**	**২০৯৪২**	**২১৩৮২**
	(ক) পাইকারি ও খুচরা	১২১২২	১২৩৮৪	১২৪৫০	১২৬৫০
	(খ) রপ্তানি	১০৪৫	১০২২	১০৭৫	১১৫০
	(গ) আমদানি	৭২৩৭	৭৩১২	৭৩৯৫	৭৫৬০
	(ঘ) হোটেল/রেস্তোরাঁ	২৫	২২	২২	২২
০৮।	দারিদ্র্য বিমোচন	৩৮৩	৯৭৪	১৩৩০	১৪৭৫
০৯।	অন্যান্য	৩১৩৬	৩২২০	৩৬২১	৩৮৬০
	সর্বমোট	**৪৯০৩০**	**৫২৩৪৪**	**৫৫৯৩৪**	**৫৯৫২৩**

দাঁড়ায় যথাক্রমে ৩৬১ মিলিয়ন টাকা, ২৭৭৬ মিলিয়ন টাকা ও ৭৫০ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে রূপালী ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতগুলোর উপর বিশেষ গুরুত্ব আরোপ করছে। ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত রূপালী ব্যাংক ৪৮টি শিল্প প্রকল্পের জন্য মোট ১২০৪২ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০৯ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ৩৭৩৭৩ মিলিয়ন টাকা, যার মধ্যে ৩৬৫৫৯ মিলিয়ন টাকা বা শতকরা ৯৭.৮ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৮১৪ মিলিয়ন টাকা বা শতকরা ২.২ ভাগ মাত্র মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। রূপালী ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

শ্রেণীবিন্যাসিত ঋণ

৩১ ডিসেম্বর ২০০৯ সালে রূপালী ব্যাংক লিঃ-এর ঋণের স্থিতি দাঁড়ায় ৫২৩৪৪ মিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৬.৮ ভাগ বেশি। যার মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১০৯৪৪ মিলিয়ন টাকা। অর্থাৎ মোট ঋণের মধ্যে শ্রেণীবিন্যাসিত ঋণের হার শতকরা ২০.৯ ভাগ। ২০০৯ সালে শ্রেণীবিন্যাসিত ঋণের হার কমিয়ে আনার লক্ষ্যে আদায় প্রচেষ্টা জোরদার করা হয়েছে এবং শ্রেণীবিন্যাসিত ঋণ আদায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়ে ৫৩১০ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে নগদ আদায় হয়েছে ৬১৬ মিলিয়ন টাকা। ফলে ২০০৯ সাল শেষে ব্যাংকের শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের ১৫৩৪২ মিলিয়ন টাকার তুলনায় ৪৩৯৮ মিলিয়ন টাকা বা শতকরা ২৮.৭ ভাগ হ্রাস পেয়ে ১০৯৪৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

রূপালী ব্যাংক লিমিটেড প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৯ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৬.৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৫২৩৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রূপালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৯ সালে কৃষি, মৎস্য ও বনায়ন; শিল্প (চলতি মূলধন

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৪.৫	২.৭৫	৬.৫-৭.৫	৪.৪০	৯.৫	৭.০-১৩.৫	১০.০-১৩.৫	৭.১৬
২০০৯	৪.৫	৩.৫০	৭.৫-৮.৫	৫.৩৩	১০.০	৭.০-১৩.০	১০.০-১৩.০	১১.৩৩
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৪.৫	৩.৭০	৭.৫-৮.৫	৫.৩৩	১০.০	৭.০-১৩.০	১০.০-১৩.০	১১.৩৩
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৪.৫	৩.৫০	৭.৫-৮.৫	৫.৩৩	১০.০	৭.০-১৩.০	১০.০-১৩.০	১১.৩৩

অর্থায়ন ব্যতীত), চলতি মূলধন অর্থায়ন, ব্যবসা-বাণিজ্য এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ১৭৩ মিলিয়ন টাকা, ১১৩২৫ মিলিয়ন টাকা, ১৫০৩৯ মিলিয়ন টাকা, ২০৭৪০ মিলিয়ন টাকা এবং ৮৭৩ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৯৭৪ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সুদের হার

২০০৯ সালে রূপালী ব্যাংক লিঃ-এর কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ১০.০ ভাগ, ৭.০-১৩.০ ভাগ এবং ১০.০-১৩.০ ভাগ করা হয়েছে।

ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

স্থানীয় বেসরকারি ব্যাংক

পূবালী ব্যাংক লিমিটেড

পূবালী ব্যাংক লিমিটেড স্বাধীনতা পূর্বকালে ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড-এর উত্তরাধিকারী হিসেবে স্বাধীনতাত্তোর সময়ে জাতীয়করণ করা হয়। ব্যাংকটি ১৯৮৪ সালে ১৬০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৩৬ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে বেসরকারি ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। মার্চ ২০১০ শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন ও ৩৮২২ মিলিয়ন টাকা। এই সময়ে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৬২৮৯ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৩৮৬টি এবং ৩৬৫০ জন কর্মকর্তা ও ১৫৮৫ জন কর্মচারীসহ মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৫২৩৫ জনে।

২০০৯ সালে পূবালী ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৮৮৪৬৬ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২১.১৬ ভাগ বেশি। এই মোট আমানতের মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ২৭৪৩২ মিলিয়ন টাকা এবং ৬১০৩৪ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৬১৭৮৮ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে ২০০৯ শেষে ৭৪২০৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ শেষে ব্যাংকটির মোট বিনিয়োগ দাঁড়ায় ১২১৬৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকটি মোট ১২০৪৮৪ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ যথাক্রমে ২৪৭৪০ মিলিয়ন, ৬০৪৯৪ মিলিয়ন এবং ৩৫২৫০ মিলিয়ন টাকা। পূবালী

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি টেক্সটাইল মিল।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০০	৫০০০	৫০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	২৯৪০	৩৮২২	৩৮২২	৪৯৬৯
৩।	রিজার্ভ ফান্ড	৪৬০৭	৫৬৮৭	৬২৮৯	৬৮৯২
৪।	**মোট আমানত**	**৭৩০১৬**	**৮৮৪৬৬**	**৮৮২১৩**	**৯০৪১৮**
	ক) তলবি আমানত	২২৩৮৯	২৭৪৩২	২৭৩৫৪	২৮০৩৮
	খ) মেয়াদি আমানত	৫০৬২৭	৬১০৩৪	৬০৮৫৯	৬২৩৮০
৫।	ঋণ ও অগ্রিম	৬১৭৮৮	৭৪২০৪	৭১১৯৮	৮৬৬০০
৬।	বিনিয়োগ	৮৩৭৬	১২১৬৯	১৫৩৬৬	১৬৯০৩
৭।	মোট পরিসম্পদ	৮৯৮৮৫	১০৭৫৮০	১০৭২৩১	১১২৫৯৩
৮।	মোট আয়	৯০০৯	১০৬৬৪	২৮৯৬	৫২১২
৯।	মোট ব্যয়	৫৫৬৩	৬৮২৪	১৬৭৫	৩০১৪
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**১১০৯৯৫**	**১২০৪৮৪**	**৩২০০০**	**৯০০০০**
	ক) রপ্তানি	২৪৭৯৬	২৪৭৪০	৮০০০	২০০০০
	খ) আমদানি	৫৮০০৯	৬০৪৯৪	১৬০০০	৪০০০০
	গ) রেমিট্যান্স	২৮১৯০	৩৫২৫০	৮০০০	৩০০০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৫০৮৬**	**৫১১৫**	**৫২৩৫**	**৫২৬০**
	ক) কর্মকর্তা	৩৫০৮	৩৫৫৪	৩৬৫০	৩৬৯০
	খ) কর্মচারী	১৫৭৮	১৫৬১	১৫৮৫	১৫৭০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৬৮	২৭০	২৭৫	২৮০
১৩।	**শাখা (সংখ্যা)**	**৩৭১**	**৩৮৬**	**৩৮৬**	**৩৮৬**
	ক) বাংলাদেশে	৩৭১	৩৮৬	৩৮৬	৩৮৬
	খ) বিদেশে	-	-	-	-

ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে পূবালী ব্যাংক লিমিটেড মোট ৭৪২০৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৫৩৮৫০ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৬১৭৮৮ মিলিয়ন ও ৪৩৯৩০ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭১১৯৮ মিলিয়ন ও ৫১৬৭০ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৯ সালে পূবালী ব্যাংক লিমিটেড ৮৬টি শিল্প প্রকল্পে মোট ৩২৪৬ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, এর মধ্যে ৫৮টি বৃহৎ ও মাঝারি শিল্পে ৩২২২ মিলিয়ন টাকা এবং ২৮টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ২৩ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ পর্যন্ত মোট ৭৩১টি প্রকল্পে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ২৭৩৭৫ মিলিয়ন টাকা, এর মধ্যে ৪৮৮টি বৃহৎ ও মাঝারি শিল্পে ২৭১৫৫ মিলিয়ন টাকা এবং ২৪৩টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ২২০ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

ডিসেম্বর ২০০৯ শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৭৪২০৪ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ শেষে এ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৭১১৯৮ মিলিয়ন টাকা, এর মধ্যে দারিদ্র্য বিমোচন খাতে ১৭৭ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৪	৬১৪৪	১৭৬৬২	২৩৮০৬	৩৭৯৭৮	৬১৭৮৮
আদায়	২	১৮১১	৪৭০৩	৬৫১৪	৩৭৪১৪	৪৩৯৩০
২০০৯						
বিতরণ	৫	৬৯৮২	২০০৭০	২৭০৫২	৪৭১৪৭	৭৪২০৪
আদায়	২	২০৫৮	৫৩৪৪	৭৪০২	৪৬৪৪৬	৫৩৮৫০
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৫	৬৬৯৯	১৯২৫৭	২৫৯৫৬	৪৫২৩৭	৭১১৯৮
আদায়	২	১৯৭৫	৫১২৮	৭১০৩	৪৪৫৬৫	৫১৬৭০
৩০ জুন ২০১০**						
বিতরণ	৫	৮৬১২	২৪৭৫৪	৩৩৩৬৬	৫৩২২৯	৮৬৬০০
আদায়	১	২৫৩৯	৬৫৯১	৯১৩০	৫২৪৩৯	৬১৫৭০

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪৮৬	২৩০	-	৭১৬
পরিমাণ	২৬৮৫৭	১৯৫	-	২৭০৫২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৫৮	২৮	-	৮৬
পরিমাণ	৩২২৩	২৩	-	৩২৪৬
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৪৮৮	২৪৩	-	৭৩১
পরিমাণ	২৭১৫৫	২২০	-	২৭৩৭৫
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২	১৩	-	১৫
পরিমাণ	২৯৯	২৫	-	৩২৪
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১	২৮	-	৩৯
পরিমাণ	১৭০৫	৮৫	-	১৭৯০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**২৩২**	**২৭৯**	**২৬৭**	**৩২৫**
	ক) শস্য	৪	৫	৫	৬
	খ) শস্য ব্যতীত অন্যান্য	২২৮	২৭৪	২৬৩	৩২০
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৫৯৩৪**	**৭১২৬**	**৬৮৩৮**	**৮৩১৭**
	ক) বৃহৎ ও মাঝারি	৫৮৫৪	৭০৩০	৬৭৪৬	৮২০৫
	খ) ক্ষুদ্র ও কুটির	৮০	৯৬	৯২	১১২
৩।	চলতি মূলধন অর্থায়ন	১৭৬৬২	২১২১১	২০৩৫২	২৪৭৫৪
৪।	নির্মাণ	২১৬২	২৫৯৬	২৪৯১	৩০৩০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৩১৪	৩৭৭	৩৬২	৪৪০
৬।	পরিবহন ও যোগাযোগ	৮৭৬	১০৫২	১০০৯	১২২৮
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৩১৮৩৮**	**৩৮২৩৬**	**৩৬৬৮৭**	**৪৪৬২৩**
	ক) পাইকারি ও খুচরা	২৪৫৪৯	২৯৪৮২	২৮২৮৮	৩৪৪০৭
	খ) রপ্তানি	২০৬৩	২৪৭৮	২৩৭৭	২৮৯১
	গ) আমদানি	৫২১৬	৬২৬৪	৬০১০	৭৩১১
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১০	১২	১২	১৪
৮।	দারিদ্র্য বিমোচন	১৫৪	১৮৫	১৭৭	২১৬
৯।	অন্যান্য	২৬১৬	৩১৪২	৩০১৪	৩৬৬৭
	সর্বমোট	**৬১৭৮৮**	**৭৪২০৪**	**৭১১৯৮**	**৮৬৬০০**

পূবালী ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.২৫	৪.০০-৮.০০	১১.৫০-১৩.০০	-	১০.০০	১৪.৫০	১৪.৭৫	-
২০০৯	৪.৫০	৪.০০-৫.০০	৩.৫০-৮.০০	-	১০.০০	১৩.০০	১৩.০০	-
৩১ মার্চ ২০১০*	৪.৫০	৪.০০-৫.০০	৩.৫০-৮.০০	-	১০.০০	১৩.০০	১৩.০০	-
৩০ জুন ২০১০**	৪.৫০	৪.০০-৫.০০	৩.৫০-৮.০০	-	১০.০০	১৩.০০	১৩.০০	-

** সাময়িক। ** প্রাক্কলিত।*

উত্তরা ব্যাংক লিমিটেড

উত্তরা ব্যাংক লিমিটেড ১৯৬৫ সালের ২৮ জানুয়ারি ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন নামে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে জাতীয়করণের পর এটি উত্তরা ব্যাংক নাম ধারণ করে। সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতির আওতায় পুঁজি প্রত্যাহারপূর্বক এ ব্যাংক উত্তরা ব্যাংক লিমিটেড নামে ১৯৮৩ সালের সেপ্টেম্বর হতে বেসরকারি খাতে অনুমোদন লাভ করে। ১৯৮৪ সালে শেয়ার বিক্রির মাধ্যমে এ ব্যাংক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর তালিকাভুক্ত প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হয় এবং ২০০৪ সালে এ ব্যাংক চিটাগাং স্টক এক্সচেঞ্জ লিঃ-এর তালিকাভুক্ত হয়।

২০০৯ সালে ব্যাংকের অনুমোদিত মূলধন পূর্ববর্তী বছরের ১৬০০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৩২০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সালে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ ১৫৯৭ মিলিয়ন টাকায় উন্নীত হয়, যা ২০০৮ সালে ছিল ৭৯৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকের মোট শেয়ারহোল্ডারদের ইক্যুইটির পরিমাণ দাঁড়ায় ৬২১০ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালে ছিল ৩৬৯০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে ব্যাংকের রিজার্ভ ফান্ড ২৮৯০ মিলিয়ন টাকা থেকে ৫৯.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৬১০ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের মোট পরিসম্পদের পরিমাণ ছিল ৭১৯৪৬ মিলিয়ন টাকা, যা ২০০৮-এর ৫৮৪৪৪ মিলিয়ন টাকার তুলনায় ২৩.১০ শতাংশ বেশি। প্রচলিত ধারার ব্যাংকিং পণ্য ও সেবার পাশাপাশি ব্যাংক গ্রাহক চাহিদার প্রতি লক্ষ্য রেখে দায় ও সম্পদ সম্পর্কিত কতিপয় পণ্য ও সেবা প্রবর্তন করেছে। এগুলোর মধ্যে রয়েছে আমানত সংগ্রহের জন্য মাসিক আমানত হিসাব এবং দ্বিগুন মুনাফাভিত্তিক আমানত হিসাব ইত্যাদি। অন্যদিকে, সম্পদ বৃদ্ধির লক্ষ্যে রয়েছে ব্যক্তিগত ঋণ প্রকল্প, উত্তরণ কনজ্যুমার ঋণ, উত্তরণ ক্ষুদ্র ব্যবসা ঋণ, উত্তরণ গৃহসংস্কার ঋণ, উত্তরণ পরিবেশবান্ধব ঋণ, ইজারা অর্থায়ন ও এসএমই অর্থায়ন ইত্যাদি। এছাড়াও তথ্যপ্রযুক্তিনির্ভর কতিপয় ইলেকট্রো ব্যাংকিং পণ্য সেবাও এ ব্যাংক

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি জুট মিল।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১৬০০	৩২০০	৩২০০	৩২০০
২।	পরিশোধিত মূলধন	৭৯৯	১৫৯৭	১৫৯৭	২৩৯৬
৩।	রিজার্ভ ফান্ড	২৮৯০	৪৬১০	৫৪৬১	৬২৭৩
৪।	**মোট আমানত**	**৫০৮১৭**	**৫৯৩৮৭**	**৬০৪০০**	**৬৪৭০০**
	ক) তলবি আমানত	১৩৬২৫	১৪২২২	১৫১০০	১৬১০০
	খ) মেয়াদি আমানত	৩৭১৯২	৪৫১৬৬	৪৫৩০০	৪৮৬০০
৫।	ঋণ ও অগ্রিম	৩৭১৪১	৩৯৪৫১	৩৭৮৪৮	৪৬২৫০
৬।	বিনিয়োগ	১১১৮৮	২২৫০৩	২০৪১৯	২০৪০০
৭।	মোট পরিসম্পদ	৫৮৪৪৪	৭১৯৪৬	৭৫৩০০	৭৮৭০০
৮।	মোট আয়	৬৩১৪	৭৩৯৭	২৯৯৯	৩৩১০
৯।	মোট ব্যয়	৪০০৮	৪৮৮৩	২১৮৭	৩১৫০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৮২২৬০**	**৮৮৮৬২**	**৪৪৫৪৯**	**৫৯৪০০**
	ক) রপ্তানি	১৫০৪০	১৫০৯৭	৯৯৭৫	১০৫০০
	খ) আমদানি	৩১১৪৭	২৯১২৯	২১৩৭৫	২২৫০০
	গ) রেমিট্যান্স	৩৬০৭৩	৪৪৬৩৫	১৩১৯৯	২৬৪০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৩৪৭৬**	**৩২৯১**	**৩৪২৫**	**৩৫৫০**
	ক) কর্মকর্তা	২৩১১	২১২৩	২২৬২	২৩৫০
	খ) কর্মচারী	১১৬৫	১১৬৮	১১৬৩	১২০০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৭২০	৬৬২	৬৭০	৬৮০
১৩।	**শাখা (সংখ্যা)**	**২০৭**	**২১১**	**২১১**	**২১১**
	ক) বাংলাদেশে	২০৭	২১১	২১১	২১১
	খ) বিদেশে	-	-	-	-

প্রবর্তন করেছে। এগুলোর মধ্যে অন্যতম হলো এটিএম ডেবিট কার্ড; যার মাধ্যমে ব্যাংক গ্রাহকদের ২৪ ঘণ্টাব্যাপী সেবা প্রদান করে থাকে।

আর্থিক খাতের বর্তমান ও সম্ভাব্য বিনিয়োগকারীদের অর্থনীতি সম্পর্কে অবহিত করা এবং দেশের পুঁজিবাজার বিকাশের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০০৬ সালের জানুয়ারি থেকে বিভিন্ন ব্যাংকের জন্য ক্রেডিট রেটিং ব্যবস্থা চালু করেছে। CRAB নামক দেশীয় একটি ক্রেডিট রেটিং কোম্পানির মান নিরূপণ মোতাবেক উত্তরা ব্যাংক ২০০৯ সালে প্রকাশিত ৩১.১২.২০০৮ তারিখ ভিত্তিক Survelliance Credit Rating-এ দীর্ঘমেয়াদি রেটিং দাঁড়িয়েছে A2 (Strong Capacity & High Quality) এবং স্বল্পমেয়াদি রেটিং দাঁড়িয়েছে ST-2 (High Grade)।

২০০৯ সালে ব্যাংকের মোট (Gross) মুনাফা গত বছরের চেয়ে ৯.০২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০০৯ সালে ব্যাংকের মোট আয়ের পরিমাণ ৭৩৯৭ মিলিয়ন টাকা এবং মোট ব্যয়ের পরিমাণ ৪৮৮৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বাংলাদেশ ব্যাংকের সংশোধিত নির্দেশনা মোতাবেক ডিসেম্বর ২০০৯-এর হিসাব অনুযায়ী শ্রেণীবিন্যাসিত ও অশ্রেণীকৃত ঋণ এবং অগ্রিমের জন্য আবশ্যকীয় মোট ৮৯০ মিলিয়ন টাকা সংরক্ষণের বিপরীতে আলোচ্য বছরে ব্যাংক মোট ৯১০ মিলিয়ন টাকা সংরক্ষণ করেছে। শ্রেণীবিন্যাসিত ঋণের বিপরীতে সংরক্ষণ এবং অন্যান্য খাতে সংরক্ষণের পর আলোচ্য বছরে করপূর্ব মুনাফা দাঁড়িয়েছে ২১৮৯ মিলিয়ন টাকা।

২০০৯ সালের ডিসেম্বরে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট আমানত দাঁড়ায় ৫৯৩৮৭ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৬০৪০০ মিলিয়ন টাকা। ২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংক -এর মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩৯৪৫১ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে হ্রাস পেয়ে ৩৭৮৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৯ সালে ব্যাংক-এর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ২২৫০২ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে হ্রাস পেয়ে দাঁড়ায় ২০৪১৯ মিলিয়ন টাকায়।

২০০৯ সালে উত্তরা ব্যাংক লিমিটেড মোট ৮৮৮৬২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, এর মধ্যে রপ্তানি ১৫০৯৭ মিলিয়ন টাকা, আমদানি ২৯১২৯ মিলিয়ন টাকা এবং বৈদেশিক

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৮৭	৩১১০	৪০১৬	৭১২৬	১৩০৩০	২০২৪৩
আদায়	৪০	২১২৮	১৭৮৮	৩৯১৬	৯৯০৫	১৩৮৬১
২০০৯						
বিতরণ	২৫৩	২১২১	৩১৬৭	৫২৮৮	১১৪৬২	১৭০০৩
আদায়	৭৫	৪৬০৭	২৮৭২	৭৪৮৯	৯৮৬০	১৭৪১৪
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১৮০	৮৫০	১১০০	১৯৫০	৩৫০০	৫৬৩০
আদায়	১০০	৫৫০	৫০০	১০৫০	২৫০০	৩৬৫০
৩০ জুন ২০১০**						
বিতরণ	৪০০	১৬০০	২২০০	৩৮০০	৬৬০০	১০৮০০
আদায়	১২০	১০০০	৯০০	১৯০০	৪৬০০	৬৬২০

* সাময়িক ** প্রাক্কলিত।

রেমিট্যান্স ৪৪৬৩৫ মিলিয়ন টাকা।

২০০৯ সালে উত্তরা ব্যাংক লিমিটেড করেসপন্ডেন্ট ব্যাংক ও এক্সচেঞ্জ হাউসগুলোর মাধ্যমে বৈদেশিক অর্থ প্রেরণ ব্যবসা উল্লেখযোগ্যভাবে বাড়াতে সক্ষম হয়েছে। বর্তমানে উত্তরা ব্যাংক লিমিটেডের বৈদেশিক এজেন্ট ও প্রতিনিধির মোট সংখ্যা প্রায় ৬৬২ এবং ৬৫টি এক্সচেঞ্জ হাউসের মাধ্যমে ব্যাংকের বৈদেশিক বাণিজ্য পরিচালনার ব্যবস্থা রয়েছে। অন্যদিকে, আমেরিকাভিত্তিক আন্তর্জাতিক অর্থ প্রেরণকারী প্রতিষ্ঠান Money Gram-এর সংগে উত্তরা ব্যাংক লিমিটেড-এর সম্পাদিত চুক্তির আওতায় পৃথিবীর যে কোন প্রান্ত থেকে প্রবাসীরা বাংলাদেশে টাকা পাঠাতে পারেন।

উত্তরা ব্যাংক লিমিটেড ২০০৩ সালের নভেম্বর থেকে প্রাইমারি ডিলার হিসেবে সরকারি ট্রেজারি বিল ও সরকারি সিকিউরিটেজের প্রাইমারি ইস্যু এবং ইস্যু পরবর্তী সেকেন্ডারি মার্কেটে ক্রয়-বিক্রয় পরিচালনা করছে। ২০০৯ সালে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ২২৫০৩ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৯৭ শতাংশ বেশি। প্রাইমারি ডিলার হিসাবে Underwriting Commitment রক্ষার্থে নিলামে অবিক্রিত বন্ড/বিল ক্রয় করতে হয়। ফলে ব্যাংকের বন্ড এবং ট্রেজারি বিলে বিনিয়োগ বৃদ্ধি পায়। এছাড়াও ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের মধ্যে ছিল "বাধ্যতামূলক তারল্য সংরক্ষণ" যা মূলত বিভিন্ন মেয়াদি সরকারি ট্রেজারি বন্ড ও ট্রেজারি বিল, জাতীয় প্রাইজবন্ড এবং সরকার অনুমোদিত ডিবেঞ্চার ও আইসিবি শেয়ার। ব্যাংকের মোট বিনিয়োগের মধ্যে সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করা হয়েছে ২২৩৪৪ মিলিয়ন টাকা।

প্রবাসী বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা স্বদেশে প্রেরণ এবং তা তাদের পছন্দনীয় খাতে সঞ্চয়/বিনিয়োগে উৎসাহিত করার উদ্দেশ্যে উত্তরা ব্যাংক লিমিটেড অনিবাসী বৈদেশিক মুদ্রা মেয়াদি আমানত (NFCD), বৈদেশিক মুদ্রা চলতি আমানত (FCAD/FCAP) ও ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড (WEDB) এবং পোর্টফোলিও বিনিয়োগের জন্য অনিবাসী বিনিয়োগ টাকা হিসাব (NRITA) চালু করেছে। এসব তদারকির জন্য প্রধান কার্যালয়ে হোম রেমিট্যান্স সেল (HRC) রয়েছে। ২০০৯ সালে বৈদেশিক রেমিট্যান্সের পরিমাণ ছিল ৪৪৬৩৫ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৩৬০৭৩ মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে শতকরা ২৩.৭৪ ভাগ। ব্যাংক অন্তর্মুখী রেমিট্যান্সের ক্ষেত্রে উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে "এক্সপ্রেস পেমেন্ট স্কীম" নামে একটি প্রকল্প চালু রয়েছে। এর অধীনে প্রাপকের অ্যাকাউন্ট-এ ব্যাংকে পরিচালিত হলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে প্রেরিত অর্থপ্রাপ্তির দু'ঘন্টার মধ্যে প্রাপকের অ্যাকাউন্টে জমা নিশ্চিত করা হয়। বিদেশ থেকে প্রেরিত অর্থ কাউন্টারে নগদ পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ক্যাশ স্কীম (Instant Cash Scheme) নামে একটি স্কীমও চালু করা হয়েছে। এই স্কীমে পাসপোর্ট/কার্ডধারীর নাম এবং পাসপোর্ট/কার্ডের নম্বর দিয়ে কোনো প্রবাসী দেশে টাকা পাঠালে ব্যাংক তা নগদে পরিশোধ করে থাকে। এর জন্য ব্যাংকে প্রাপকের কোনো হিসাব থাকা অত্যাবশ্যক নয়। এছাড়াও পূর্ব সমঝোতার ভিত্তিতে অর্থ প্রেরণকারী কোম্পানি কর্তৃক প্রেরিত এবং ওয়েবসাইট-এর মাধ্যমে প্রাপ্ত কম্পিউটারে মুদ্রিত ড্রাফট ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ প্রাপকের ঠিকানায় পৌছে দিয়ে বৈদেশিক মুদ্রার সমপরিমাণ টাকা পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ড্রাফট (Instant draft) নামে একটি স্কীমও চালু রয়েছে।

উত্তরা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সার্কুলার অনুযায়ী ব্যাংকের একটি নিজস্ব 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা' রয়েছে, যাতে তথ্য-

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১২২	৪৯৬১	৫০৮৩
	পরিমাণ	১৩৫৪৩	৫২৮৯	১৮৮৩২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪	৭৯০	৭৯৪
	পরিমাণ	৩২০	৭৮৯	১১০৯
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে	প্রকল্প সংখ্যা	১২৪	৫২১১	৫৩৩৫
	পরিমাণ	১৩৮৪৩	৫৪৬৯	১৯৩১২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	২	২৫০	২৫২
	পরিমাণ	৩০০	১৮০	৪৮০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪	৪০০	৪০৪
	পরিমাণ	৬০০	৩৫০	৯৫০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

নিরাপত্তা, নেটওয়ার্ক নিরাপত্তা, বাহ্যিক নিরাপত্তা সেবা পরিকল্পনা, দুর্যোগ ব্যবস্থাপনা, হার্ডওয়্যার-এর ব্যবহার, মেধাস্বত্ব রক্ষা ইত্যাদি সকল কার্যাবলী ও পরিচালনা বিষয়ে সুস্পষ্ট নিয়ম ও বিধিমালা সন্নিবেশিত করা হয়েছে। ব্যয় ও ঝুঁকি কমাতে এবং উন্নত গ্রাহক সেবার জন্য সার্বিক দক্ষতা বৃদ্ধি এবং সর্বাধিক মুনাফা অর্জনের জন্য শাখাগুলোর ব্যাংকিং কার্যক্রমের কম্পিউটারায়ন করা হয়েছে। শাখাগুলো দিনের শেষে আর্থিক বিবরণী প্রস্তুত করতে সক্ষম। সর্বোপরি বৈদেশিক বাণিজ্যে দ্রুততম সেবা প্রদানের জন্য প্রধান কার্যালয় ও সকল শাখাগুলো E-Mail ও Internet-এর আওতায় এসেছে।

বর্তমানে ব্যাংকের আন্তর্জাতিক বিভাগসহ ৩৫টি শাখা SWIFT-এর আওতায় এসেছে। এই সিস্টেমের (System) সংগে যুক্ত হবার ফলে ব্যাংক বিশ্বব্যাপী ঋণপত্র প্রেরণ, তহবিল স্থানান্তর, বার্তা বিনিময়সহ অন্যান্য আর্থিক কার্যক্রম তাৎক্ষণিকভাবে কম খরচে এবং বিশ্বস্ততার সংগে পরিচালনা করতে সক্ষম হচ্ছে। আন্তর্জাতিক মুদ্রাবাজার পরিস্থিতির প্রতি মুহূর্তের সঠিক তথ্য সংগ্রহের লক্ষ্যে ব্যাংকের নিজস্ব স্বয়ংসম্পূর্ণ ডিলিং রুমে রয়টার-এর সর্বাধুনিক ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রোডাক্ট Reuters-3000 Xtra এবং Reuters Dealing System (RDS) কাজ করে চলেছে। উত্তরা ব্যাংক লিমিটেড ২০০৮ সালে এটিএম (ATM) কার্ড সুবিধা প্রবর্তন করেছে, যা Q-Cash UBL-ATM ডেবিট কার্ড নামে পরিচিত। এ পদ্ধতিতে গ্রাহকবৃন্দ ২৪ ঘণ্টা ব্যাপী নগদ টাকা ওঠানোর সুবিধা পাচ্ছেন। ব্যাংকের কর্পোরেট শাখায় একটি নিজস্ব এটিএম বুথসহ মোট তিনটি বুথ রয়েছে এবং সমগ্র দেশে যে কোনো Q-Cash এটিএম বুথ এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড, ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড ও সিটি ব্যাংক লিমিটেডের সকল এটিএম বুথ-এর মাধ্যমে এই সুবিধা চালু রয়েছে।

ব্যাংকের সামাজিক দায়িত্ব

উত্তরা ব্যাংক লিঃ সামাজিক দায়বদ্ধতা কর্মসূচিকে তার সংস্কৃতি, স্বকীয়তা এবং ব্যবসা পরিচালনার মূল নীতিমালার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনা করে। এ লক্ষ্যে ব্যাংক দুর্যোগ পরবর্তী সহায়তা, ক্রীড়া কার্যক্রম পরিচালনার নিমিত্তে আর্থিক পৃষ্ঠপোষকতা, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে খাতভিত্তিক বাণিজ্যিক ঋণ, দারিদ্র্য বিমোচন খাত, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ খাতে নারী উদ্যোক্তাদের মাঝে অর্থায়ন স্কীম, মহানগরীর সৌন্দর্যবর্ধন ইত্যাদি কর্মসূচি বাস্তবায়ন করেছে।

ঋণ ও অগ্রিম

ঋণ ও অগ্রিম প্রদানের ক্ষেত্রে উত্তরা ব্যাংক লিমিটেড ২০০৯ সালে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে, যার প্রবৃদ্ধি ৬.২২ শতাংশ। ২০০৯ সালের ডিসেম্বরে ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ৩৯৪৫১ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালে ছিল ৩৭১৪১ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শাখা প্রতি গড় ঋণের পরিমাণ ছিল ১৮৭ মিলিয়ন টাকা।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

লোন পোর্টফলিওর নিরাপত্তা বিধান ও সম্পদের গুণগতমান উন্নয়নের লক্ষ্যে ঋণ ঝুঁকি নিরূপণ, ঋণ মঞ্জুরী সিদ্ধান্ত ও ঋণ তদারকি ইত্যাদি দায়িত্বসমূহকে পৃথকীকরণ-এর মাধ্যমে ব্যাংক তার ঋণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করছে। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫২৮৮ মিলিয়ন ও

৭৪৮০ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৭১২৬ মিলিয়ন ও ৩৯১৫ মিলিয়ন টাকা।

উত্তরা ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০১০ সালের মার্চ শেষে ব্যাংক-এর ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১৯৩১২ মিলিয়ন টাকা, এরমধ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে ১৩৮৪৩ মিলিয়ন টাকা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে ৫৪৬৯ মিলিয়ন টাকা।

উত্তরা ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

২০০৯ সাল পর্যন্ত ব্যাংক সিন্ডিকেশন ফাইন্যান্সে ফান্ডেড ও নন ফান্ডেড সুবিধা হিসেবে ২৯৭১ মিলিয়ন টাকা প্রদান করেছে এবং এই ঋণ হিসাবে বছর শেষে স্থিতি দাঁড়িয়েছে ২৪০২ মিলিয়ন টাকা।

আলোচ্য বছরে ব্যাংক লীজ ফাইন্যান্সিং নামে বিশেষ প্রকল্পেও ঋণ প্রদান কর্মসূচির আওতায় বছরান্তে স্থিতি দাঁড়িয়েছে ৩৯২ মিলিয়ন টাকা। এছাড়াও ব্যাংক যে সকল ক্ষেত্রে তার ব্যবসা সম্প্রসারণ করেছে সেগুলো প্রধানত আমদানি ও রপ্তানি, বাণিজ্যিক প্রতিষ্ঠান, স্টীল রি-রোলিং কারখানা, তৈরী পোশাক শিল্প, টেক্সটাইল, ভোজ্য তেল, সিমেন্ট কারখানা ইত্যাদি।

২০০৯ সালের ডিসেম্বর শেষে উত্তরা ব্যাংক লিমিটেড-এর বিশেষ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ ছিল ৪৬০০ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে দাঁড়িয়েছে ৪৭০৫ মিলিয়ন টাকায়। দেশের সর্বাঙ্গীন অর্থনৈতিক অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে শহর ও গ্রামের স্বল্প আয়ের লোকদের প্রয়োজন নিরসনে এবং বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্তে বেশ কিছু বিশেষ ঋণ দান কর্মসূচি আলোচ্য বছরেও অব্যাহত রয়েছে। ব্যাংক বিভিন্ন শাখার মাধ্যমে উদ্যমী ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে অগ্রাধিকার খাতভিত্তিক বাণিজ্যিক ঋণ প্রদানের কর্মসূচি অব্যাহত রেখেছে। এ উদ্দেশ্যে বিত্তহীন জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তাদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাংক হাঁস-মুরগী পালন ও মৎস্য ও পশুপালন খাতে ঋণ প্রদান করে আসছে। এ খাতে ২০০৯ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংক ২২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। উত্তরা ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের দিক নির্দেশনা অনুযায়ী ক্ষুদ্র ও মাঝারি

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৭৩**	**৪৩৮**	**৪৭৬**	**৫১৪**
	ক) শস্য	১৬	৫৩	৫৮	৬২
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৪২	৩৩৯	৩৬৮	৩৯৮
	গ) মৎস্য	১৫	৪৬	৫০	৫৪
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৬১৯২**	**৫৫৬০**	**৬০৩২**	**৬৫৩৩**
	ক) বৃহৎ ও মাঝারি	৬১৭৭	৫২৪০	৫৬৮৫	৬১৫৭
	খ) ক্ষুদ্র ও কুটির	১৫	৩২০	৩৪৭	৩৭৬
৩।	চলতি মূলধন অর্থায়ন	৪২২৪	৪৯৭৭	৫৪০০	৫৮৪৮
৪।	নির্মাণ	৫৩১	৪৩৫	৪৭২	৫১২
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২২০০৪**	**১৬৬৬৯**	**১৫৪৩০**	**১৯৫৮৭**
	ক) পাইকারি ও খুচরা	১৬৩২৬	১৫১৮২	১৩৮১৭	১৭৮৩৯
	খ) রপ্তানি	৪৭৮৫	৮৫৮	৯৩১	১০০৯
	গ) আমদানি	৮৯৩	৬২৯	৬৮২	৭৩৯
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	৭	৩৫	৩৮	৪১
৯।	অন্যান্য	৪১১০	১১৩৩৭	১০০০০	১৩২১৫
	সর্বমোট	**৩৭১৪১**	**৩৯৪৫১**	**৩৭৮৪৮**	**৪৬২৫০**

শিল্পোদ্যোগে অর্থায়ন এবং ভোক্তা অর্থায়ন-এর ওপর জোর প্রদান করে চলেছে। ব্যাংকের কৌশল ছিল এসএমই (SME)-এর আওতাভুক্ত বিভিন্ন ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ের উৎপাদনকারী, ব্যবসায়ী এবং সেবা প্রদানকারীকে চলতি মূলধন ঋণ এবং মেয়াদি ঋণ দিয়ে সাহায্য করা।

বর্তমানে উত্তরা ব্যাংক লিমিটেড নিম্নলিখিত ৫ (পাঁচ) ধরনের এসএমই ঋণ প্রদান করে আসছে ঃ-

১। মহিলা উদ্যোক্তাদের জন্য 'নারী স্বনির্ভর ঋণ প্রকল্প' (০.০৫ মিলিয়ন টাকা হতে ১.৫ মিলিয়ন টাকা পর্যন্ত)

২। উত্তরণ স্মল বিজনেস লোন প্রকল্প (০.০৫ মিলিয়ন টাকা হতে ১.৫ মিলিয়ন টাকা পর্যন্ত)

৩। সেবা খাতের জন্য ঋণ (০.০৫ মিলিয়ন টাকা হতে ১.৫ মিলিয়ন টাকা পর্যন্ত)

৪। ব্যবসা খাতের জন্য ঋণ (০.০৫ মিলিয়ন টাকা হতে ১.৫ মিলিয়ন টাকা পর্যন্ত)

৫। উৎপাদন/শিল্প খাতের জন্য ঋণ (০.০৫ মিলিয়ন টাকা হতে ১.৫ মিলিয়ন টাকা পর্যন্ত)

৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ব্যাংক এসএমই সেক্টরে ১৬৭৪ কোটি টাকা বিনিয়োগ করেছে। ক্রেডিট পোর্টফোলিও বহুমুখী রণ করার পাশাপাশি ঋণ ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে এখন এসএমই সেক্টরে ঋণ প্রদানকে গুরুত্ব আরোপ করা হয়েছে। এ জন্য ব্যাংকের প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের জন্য 'ডেডিকেটেড ডেস্ক' রয়েছে এবং এ ডেস্ক থেকে সকল প্রকার পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হয়।

এছাড়াও ব্যাংক বর্তমানে উত্তরণ পরিবেশবান্ধব ঋণ প্রকল্প নামে একটি নতুন স্কীম চালু করেছে। এ প্রকল্পের আওতায়, সৌর প্যানেল, সৌর ফটো ভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প স্থাপন, বায়োগ্যাস প্ল্যান্ট, বর্জ্য পরিশোধন প্ল্যান্টসমূহে ঋণদান করা হয়।

চাকরিজীবীদের প্রয়োজন মিটানোর লক্ষ্যে "ব্যক্তিগত ঋণ" প্রকল্পের আওতায় ২০০৯ সালের ডিসেম্বর পর্যন্ত ২ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে।

৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত "উত্তরণ-কনজ্যুমার ঋণ", "ব্যক্তিগত ঋণ", "উত্তরণ ক্ষুদ্র ব্যবসা ঋণ" এবং "উত্তরণ-গৃহ সংস্কার ঋণ" নামে ব্যাংকে ৪টি ভোক্তা ঋণ প্রকল্প চালু রয়েছে। এই প্রকল্পে ঋণের স্থিতি যথাক্রমে ৮৭ মিলিয়ন, ৩ মিলিয়ন এবং ২৪৬ মিলিয়ন এবং ৪২৬৪ মিলিয়ন টাকা।

ব্যবসা পরিচালনায় মহিলাদের উৎসাহিত করার লক্ষ্যে নারী উদ্যোক্তাদের মাঝে ক্ষুদ্র ও কুটির শিল্পে ব্যাংক অর্থায়ন করছে। আলোচ্য বছরে এই খাতে ব্যাংক ৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

উত্তরা ব্যাংক লিমিটেড বর্তমানে প্রায় সকল শাখার মাধ্যমে অত্যন্ত সহজ শর্তে স্বচ্ছ প্রক্রিয়ায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বার ও বিভিন্ন গণ্যমাণ্য ব্যক্তির উপস্থিতিতে কৃষকদের সরাসরি কৃষি ঋণ বিতরণ করছে। এক্ষেত্রে ভূমিহীন প্রান্তিক চাষী, বর্গা চাষী এবং কৃষি কাজে আগ্রহী নারী ও পুরুষ সকলে কৃষি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর কৃষি ঋণের খাতসমূহ হলো- ফসল ঋণ, সেচ যন্ত্রপাতি, কৃষি যন্ত্রপাতি, পশুসম্পদ, মৎস্য চাষ (চিংড়িসহ), শস্য গুদাম, দারিদ্র্য বিমোচন ও অন্যান্য। আলোচ্য বছরে এই খাতে স্থিতি ছিল ৩১৪ মিলিয়ন টাকা।

মন্দ ঋণ ব্যবস্থাপনা

ব্যাংকের গ্রাহকদের সন্তোষজনক ব্যবসায়িক লেনদেন ও সহ-জামানতের উপর গুরুত্ব আরোপের পাশাপাশি প্রদত্ত ঋণের গুণগতমান উন্নত রাখা এবং ঋণ শ্রেণীকৃত হওয়ার প্রবণতা হ্রাস করার জন্য ঋণ তদারকি বিভাগের কার্যক্রম জোরদার করা হয়েছে। ফলে ব্যাংকের মোট ঋণের তুলনায় শ্রেণীকৃত ঋণের হার ২০০৯ সালে ৭.২০%-এ দাঁড়িয়েছে।

আমানত ও ঋণের উপর সুদের হার

২০০৯ সালের ডিসেম্বরে উত্তরা ব্যাংক লিমিটেড-এর আমানত ও ঋণের উপর ভারিতগড় (Weighted Average) দাঁড়িয়েছে যথাক্রমে ৫.২৬% এবং ১১.৫৯%, যা বিগত বছরে ছিল যথাক্রমে ৫.৭৫% এবং ১১.৭২%।

উত্তরা ব্যাংক লিমিটেড-এর আমানত ও ঋণের উপর সুদের হার (শতকরা হার) সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.০০	৫.৫০	৮.২৫-১১.৫০	৫.৭৫	১০.০০	১৩.৫০-১৪.০০	১২.৫০-১৪.০০	১১.৭২
২০০৯	৪.৭৫	৩.৫০	৭.৭৫-৮.৫০	৫.২৬	১০.০০	১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫৯
৩১ মার্চ ২০১০*	৪.৭৫	৩.৫০	৭.৭৫-৮.৫০	৫.১৫	১০.০০	১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫৯
৩০ জুন ২০১০**	৪.৭৫	৩.৫০	৭.৭৫-৮.৫০	৫.১৫	১০.০০	১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫৯

** সাময়িক। ** প্রাক্কলিত।*

এবি ব্যাংক লিমিটেড

এবি ব্যাংক লিমিটেড ১৯৮২ সালের ১২ এপ্রিল ২০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৮৫ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ২০০৯ সালের শেষে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৬০০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধনের পরিমাণ ২৫৬৪ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ৩৯৮৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ শেষে ব্যাংকটির শাখা ৭৮টিতে এবং মোট জনশক্তি ১৯৫২ জনে দাঁড়ায়। এ সময়ে ব্যাংকের মোট জনশক্তির ১৭৫১ জন কর্মকর্তা এবং ২০১ জন কর্মচারী ছিল।

২০০৯ সালে এবি ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৮৩০৮৭ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ১১৪৮৩ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ৭১৬০৪ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ শেষে ব্যাংকটির মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৮৪২৫৫ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ১২২৪৪ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ৭২০১১ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৭০৮৮০ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে ৭২৭৭৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সালে ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ১০৯২১৩ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ৩০৬৪০ মিলিয়ন, ৬৫৯৬০ মিলিয়ন এবং ১২৬১৩ মিলিয়ন টাকা। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংকটি ৩১৯০৪ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ হলো।

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি বস্ত্র কল।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৬০০০	৬০০০	৬০০০
২।	পরিশোধিত মূলধন	২২৩০	২৫৬৪	২৫৬৪	২৫৬৪
৩।	রিজার্ভ ফান্ড	২৭০৩	৩৯৮৩	৩৯৮৩	৩৯৮৩
৪।	**মোট আমানত**	**৬৮৫৬০**	**৮৩০৮৭**	**৮৪২৫৫**	**৯২৮৫০**
	ক) তলবি আমানত	৮৭৬৩	১১৪৮৩	১২২৪৪	১২৮৩২
	খ) মেয়াদি আমানত	৫৯৭৯৭	৭১৬০৪	৭২০১১	৮০০১৮
৫।	ঋণ ও অগ্রিম	৫৬৭০৯	৭০৮৮০	৭২৭৭৮	৭৮৫৬৩
৬।	বিনিয়োগ	১১৪০৯	১৬৩৬৯	১৬২১০	২০৩৫০
৭।	মোট পরিসম্পদ	৮৪০৫৪	১০৬৯০২	১১৮৯০৮	১২৪৪৫০
৮।	মোট আয়	১১৪৮৫	১৪১৮৭	৩৫৪৯	৭৩৪৭
৯।	মোট ব্যয়	৭১৮৭	৮৫১০	২০১৩	৪৬১০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**১১০২৫৪**	**১০৯২১৩**	**৩১৯০৪**	**৫৪৬০৭**
	ক) রপ্তানি	২৮৯৩৭	৩০৬৪০	৮২২৭	১৫৩২০
	খ) আমদানি	৭০০৪১	৬৫৯৬০	১৯৬৬৮	৩২৯৮০
	গ) রেমিট্যান্স	১১২৭৫	১২৬১৩	৪০০৯	৬৩০৭
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**১৮০৪**	**১৯৫২**	**১৯৭৩**	**২০০০**
	ক) কর্মকর্তা	১৬০২	১৭৫১	১৭৭২	১৭৯৯
	খ) কর্মচারী	২০২	২০১	২০১	২০১
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৭০	৪৫০	৪৭০	৫০০
১৩।	**শাখা (সংখ্যা)**	**৭২**	**৭৮**	**৭৮**	**৭৮**
	ক) বাংলাদেশে	৭১	৭৭	৭৭	৭৭
	খ) বিদেশে	১	১	১	১

ঋণ বিতরণ ও আদায়

এবি ব্যাংক লিমিটেড ২০০৯ সালে ৯১৮৮২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৭৬৪৬৮ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। এ সময়ে বিতরণকৃত ঋণের মধ্যে ২৯৫৬৯ মিলিয়ন টাকা ছিল শিল্প ঋণ এবং ১২১০ মিলিয়ন টাকা ছিল কৃষি ঋণ। খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

এবি ব্যাংক লিমিটেড শুরু থেকে মার্চ ২০১০ পর্যন্ত ৫৪৪টি প্রকল্পের আওতায় মোট ৭১১০৪ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৭০২৪০ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পে এবং ৮৬৪ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্পে মঞ্জুর করা হয়েছে। শুধু ২০০৯ সালে এ ব্যাংক ২২৮টি প্রকল্পে ২৯৫৬৯ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ২৯৫৬৮ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পে মঞ্জুর করা হয়েছে। শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণের স্থিতি

এবি ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতির পরিমাণ ২০০৯ সাল শেষে ৭০৮৮০ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০৮ সাল শেষে ছিল ৫৬৭০৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালে মোট ঋণের স্থিতির মধ্যে কৃষি ও মৎস্য খাতে ১০৬৭ মিলিয়ন টাকা, শিল্প খাতে ২৩৯০২ মিলিয়ন টাকা, পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরাঁ খাতে ১১৩৫৬ মিলিয়ন টাকা, পরিবহন ও যোগাযোগ খাতে ৩৮৭ মিলিয়ন টাকা, বিশেষ ঋণ কর্মসূচি খাতে ১২৩৭ মিলিয়ন টাকা। এবি ব্যাংক-এর খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো। সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৬৫৮	৪১৬৮	২৫০৮৯	২৯২৫৭	৩৮৫১৭	৬৮৪৩২
আদায়	৭২২	১৪২১	১৮৩৫০	১৯৭৭১	৩১৫৬১	৫২০৫৪
২০০৯						
বিতরণ	১২১০	৬২৮৪	২৩২৮৪	২৯৫৬৮	৬১১০৩	৯১৮৮১
আদায়	৫৭৫	২৬০৪	১৬৯৪১	১৯৫৪৪	৫৬৩৪৮	৭৬৪৬৮
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৩০৩	১৫৭১	৫৮২১	৭৩৯২	১৫২৭৬	২২৯৭১
আদায়	১৪৪	৬৫১	৪২৩৫	৪৮৮৬	১৪০৮৭	১৯১১৭
৩০ জুন ২০১০**						
বিতরণ	৬০৫	৩১৪২	১১৬৪২	১৪৭৮৪	৩০৫৫১	৪৫৯৪১
আদায়	২৮৮	১৩০২	৮৪৭০	৯৭৭২	২৮১৭৪	৩৮২৩৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩৮৬	১২৩	৫০৯
পরিমাণ	৬৫৮৩৮	৮৩১	৬৬৬৬৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৮৬	৪২	২২৮
পরিমাণ	২৯৩৫১	২১৮	২৯৫৬৯
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে			
প্রকল্প সংখ্যা	৪১৪	১৩০	৫৪৪
পরিমাণ	৭০২৪০	৮৬৪	৭১১০৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৮	৭	৩৫
পরিমাণ	৪৪০২	৩৩	৪৪৩৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫৬	১৪	৭০
পরিমাণ	৮৮০৪	৬৫	৮৮৬৯

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৮০২**	**১০৬৭**	**১১২১**	**১১৮৩**
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৭৮১	৮৬৮	৯১২	৯৬২
	গ) মৎস্য	২১	১৯৯	২০৯	২২১
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৭৯১৬**	**১১৫৬৮**	**১২১৪৭**	**১২৮২২**
	ক) বৃহৎ ও মাঝারি	৭৮৮৩	১১৫২৮	১২১০৫	১২৭৭৮
	খ) ক্ষুদ্র ও কুটির	৩৩	৪০	৪২	৪৪
৩।	চলতি মূলধনে অর্থায়ন	১০৬১৪	১২৩৩৪	১২৯৫০	১৩৬৭০
৪।	নির্মাণ	২৮১০	৩১৩৯	৩২৯৫	৩৪৭৯
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৭০০	১৩৩৫	১৪০২	১৪৮০
৬।	পরিবহন ও যোগাযোগ	২৬৪	৩৮৭	৪০৭	৪২৯
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২৩৯৬৬**	**২৭৫৬৬**	**২৮৯৪৫**	**৩০৫৫৫**
	ক) পাইকারি ও খুচরা	১০৭৯৯	১১১২৮	১১৬৮৫	১২৩৩৫
	খ) রপ্তানি	২৩৮৬	২৪৪৮	২৫৭০	২৭১৩
	গ) আমদানি	১০৫৯৪	১৩৭৬২	১৪৪৫০	১৫২৫৪
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১৮৭	২২৮	২৪০	২৫৩
৮।	দারিদ্র্য বিমোচন	৮১৭	১২৩৭	১২৯৯	১৩৭১
৯।	অন্যান্য	৮৮২২	১২২৪৭	১১২১৩	১৩৫৭৪
	সর্বমোট	**৫৬৭০৯**	**৭০৮৮০**	**৭২৭৭৮**	**৭৮৫৬৩**

এবি ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.০০	৫.০০	১০.০০-১৩.০০	৮.৪৫	১৩.২৫-১৩.৭৫	১৪.৫০-১৪.৭৫	১৫.০০-১৫.২৫	১২.৪২
২০০৯	৬.০০	৪.৭০	৬.০০ - ১৩.৫০	৮.৫২	১২.০০-১৩.০০	১২.০০- ১৩.০০	১২.০০- ১৬.০০	১৩.৪৯
৩১ মার্চ ২০১০*	৬.০০	৪.৭০	৬.০০ - ৮.৫০	৭.৪২	১৩.০০	১৩.০০	১৩.০০- ১৬.০০	১২.৪০
৩০ জুন ২০১০**	৬.০০	৪.৭০	৬.০০ - ৯.০০	৭.৪০	১৩.০০	১৩.০০	১৩.০০- ১৬.০০	১২.৩০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ন্যাশনাল ব্যাংক লিমিটেড

ন্যাশনাল ব্যাংক লিমিটেড (এনবিএল) বাংলাদেশের প্রথম প্রজন্মের একটি বেসরকারি বাণিজ্যিক ব্যাংক। ১৯৮৩ সালের ২৩ মার্চ ১০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৪৪ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে যাত্রা শুরু করে। ২০০৯ সালের ডিসেম্বরে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং সংরক্ষিত তহবিল দাঁড়ায় যথাক্রমে ৭৪৫০ মিলিয়ন, ২৮৪৭ মিলিয়ন এবং ৬০৭০ মিলিয়ন টাকা।

বর্তমানে ব্যাংকটি ১৩১টি শাখার মাধ্যমে দেশে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে ৪১৫টি করেসপনডেন্ট এবং ৩৬টি এক্সচেঞ্জ কোম্পানির সংগে ব্যাংকের ড্রইং অ্যারেঞ্জমেন্ট রয়েছে। মার্চ ২০১০ সালে ব্যাংকের মোট জনশক্তি ছিল ৩০৯৬ জন, যার মধ্যে ২২৩৯ জন কর্মকর্তা এবং ৮৫৭ জন কর্মচারী। ২০০৯ সালের ডিসেম্বরে ন্যাশনাল ব্যাংক লিমিটেড-এর মোট আমানত ছিল ৭৬৮৩৮ মিলিয়ন টাকা এবং একই মাসে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৬৫১২৯ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০-এ ৮০২৭৬ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ২০০৯ সালে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ১২৩১৫ মিলিয়ন টাকা। ব্যাংকটির মোট বৈদেশিক মুদ্রা ব্যবসার পরিমাণ ২০০৯ সালে ছিল ১৬০৩২০ মিলিয়ন টাকা; এর মধ্যে ৩৮৩৯৯ মিলিয়ন টাকার রপ্তানি, ৭৭৫৪০ মিলিয়ন টাকার আমদানি এবং ৪৪৩৮২ মিলিয়ন টাকার রেমিট্যান্স ব্যবসা করেছে। ২০১০ সালের প্রথম তিন মাসে মোট বৈদেশিক মুদ্রার ব্যবসা ছিল ৪৪৩৭০ মিলিয়ন টাকা; যার মধ্যে রপ্তানি, আমদানি এবং রেমিট্যান্স ব্যবসা হয়েছে যথাক্রমে ১০৫৮৫ মিলিয়ন, ২১৭০৯ মিলিয়ন এবং ১২০৭৬ মিলিয়ন টাকা। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।



আলু বীজ উৎপাদনে ব্যাংকের অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২৪৫০	৭৪৫০	৭৪৫০	৭৪৫০
২।	পরিশোধিত মূলধন	১৮৭৩	২৮৪৭	৪৪১৩	৪৪১৩
৩।	রিজার্ভ ফান্ড	৪২৫৩	৬০৭০	৫১৭৩	৬৪৬৬
৪।	**মোট আমানত**	**৬০১৮৮**	**৭৬৮৩৮**	**৮০২৭৬**	**১০৮৪৬১**
	ক) তলবি আমানত	২৩২৭০	১৩৭৪০	১৫৬৭৮	২৩৫১৬
	খ) মেয়াদি আমানত	৩৬৯১৮	৬৩০৯৮	৬৪৫৯৯	৮৪৯৪৫
৫।	ঋণ ও অগ্রিম	৫০৬৬৫	৬৫১২৯	৬৭২৬০	৭৩৪০০
৬।	বিনিয়োগ	৯১৫৭	১২৩১৫	১৫৮৬৫	১৮২৪৪
৭।	মোট পরিসম্পদ	৭২২০৬	৯২০৮৫	৯৭৮৪৫	১১৭৪১৪
৮।	মোট আয়	৮৮৯৩	১০৯৮২	৩৩৪৫	১০৪৫৪
৯।	মোট ব্যয়	৫৭৬৯	৭৬০৪	২৪৪৯	৫৪৪৪
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**১৫৪৩৮৮**	**১৬০৩২১**	**৪৪৩৭০**	**১৬৩২৪৪**
	ক) রপ্তানি	৩৬২৮৪	৩৮৩৯৯	১০৫৮৫	৪১৮৮৫
	খ) আমদানি	৭৮২২৬	৭৭৫৪০	২১৭০৯	৯৩৮৫৯
	গ) রেমিট্যান্স	৩৯৮৭৮	৪৪৩৮২	১২০৭৬	২৭৫০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**২৭৩৭**	**২৯৬০**	**৩০৯৬**	**৩৪৭৩**
	ক) কর্মকর্তা	২০৭৯	২২১৩	২২৩৯	২৫৩০
	খ) কর্মচারী	৬৫৮	৭৪৭	৮৫৭	৯৪৩
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪০৫	৪১৫	৪১৫	৪১৫
১৩।	**শাখা (সংখ্যা)**	**১০৬**	**১৩১***	**১৩১***	**১৩১***
	ক) বাংলাদেশে	১০৬	১৩১	১৩১	১৩১
	খ) বিদেশে	-	-	-	-

** শাখা-১২১ +এসএমই শাখা-১০।*

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে ন্যাশনাল ব্যাংকের মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ৫৪৮৯৮ মিলিয়ন টাকা এবং এর বিপরীতে আদায়ের পরিমাণ ৩২৭৬১ মিলিয়ন টাকা। ২০০৮ সালে এর পরিমাণ ছিল যথাক্রমে ৪৯৩৫২ মিলিয়ন এবং ৩২০৪৮ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ঋণের খাতওয়ারি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ৬১১ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ৩০৯৫ মিলিয়ন টাকা মেয়াদি ঋণ, ১০৪৬০ মিলিয়ন টাকা চলতি মূলধন এবং ৪০৭৩২ মিলিয়ন টাকা অন্যান্য খাতে ঋণ বিতরণ করা হয়েছে এবং এর বিপরীতে আদায় যথাক্রমে ১৭৭ মিলিয়ন, ১৮১৮ মিলিয়ন, ১০১১৪ মিলিয়ন এবং ২০৬৫২ মিলিয়ন টাকা। সারণি-২-এ ঋণ বিতরণ ও আদায় দেখানো হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ন্যাশনাল ব্যাংক লিমিটেড মোট ৯৪১টি প্রকল্পে ২৪১৬১ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। এর মধ্যে ৩১০টি বৃহৎ ও মাঝারি শিল্পে ২৩৫৬৮ মিলিয়ন টাকা এবং ৬৩১টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ৫৯৩ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে। সারণি-৩-এ শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী দেখানো হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৯ সালে ব্যাংকটির মোট ঋণের পরিমাণ ছিল ৬৫১২৯ মিলিয়ন টাকা। অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ব্যাংকটি ৯৬৭৯ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্প খাতে, ১৬৯ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে, ৪৮৫৫ মিলিয়ন টাকা চলতি মূলধন খাতে, ৩২৫৫ মিলিয়ন টাকা নির্মাণ খাতে, ১৭৭৫০ মিলিয়ন টাকা পাইকারি ও খুচরা ব্যবসা খাতে, ৩৫৭৬ মিলিয়ন টাকা রপ্তানি খাতে এবং ১১০৮৩ মিলিয়ন টাকা আমদানি খাতে ঋণ প্রদান করেছে। সারণি-৪-এ অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি দেখানো হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৫৫৯	৩৬৫৮	৩৪০১	৭০৫৯	৪১৭৩৪	৪৯৩৫২
আদায়	২৩৮	৮১৪	২৩৮৪	৩১৯৮	২৮৬১২	৩২০৪৮
২০০৯						
বিতরণ	৬১১	৩০৯৫	১০৪৬০	১৩৫৫৫	৪০৭৩২	৫৪৮৯৮
আদায়	১৭৭	১৮১৮	১০১১৪	১১৯৩২	২০৬৫২	৩২৭৬১
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	২৫৬	২৩০৫	৪৩৪৫	৬৬৫০	২১৬৪৭	২৮৫৫৩
আদায়	৫০	৬০১	৩০০১	৩৬০২	৫৮৩৪	৯৪৮৬
৩০ জুন ২০১০**						
বিতরণ	২২২	৪৩৯১	৬৭০২	১১০৯৩	২৭০১৪	৩৮৩২৯
আদায়	২৩৮	৯৯২	৩৫৫৫	৪৫৪৭	৯৮১১	১৪৫৯৬

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩১০	৬৩১	৯৪১
পরিমাণ	২৩৫৬৮	৫৯৩	২৪১৬১
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৩৩	২৮৩	৪১৬
পরিমাণ	৭৭৪৬	৩০০	৮০৪৬
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে			
প্রকল্প সংখ্যা	৩৫৪	৭৬২	১১১৬
পরিমাণ	৩০১৯৭	৬৬৯	৩০৮৬৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪৪	১৩১	১৭৫
পরিমাণ	৬৬২৯	৭৬	৬৭০৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১১৮	১১৩	২৩১
পরিমাণ	১৪৩৭৫	১৯৮	১৪৫৭৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৬৫৬**	**৮৩৩**	**৮৬০**	**৯৪৬**
	ক) শস্য	৯৬	১৩৬	১৪০	১৫৪
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৯৬	৪৭৯	৪৯৫	৫৪৫
	গ) মৎস্য	১৬৪	২১৮	২২৫	২৪৭
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১২৬৪২**	**৯৮৪৮**	**১০১৯৫**	**১১২১৩**
	ক) বৃহৎ ও মাঝারি	১২৪৫৯	৯৬৭৯	১০০২১	১১০২৩
	খ) ক্ষুদ্র ও কুটির	১৮৩	১৬৯	১৭৪	১৯০
৩।	চলতি মূলধন অর্থায়ন	২৯৬২	৪৮৫৫	৫০২৬	৫৫২৮
৪।	নির্মাণ	৩০৯৯	৩২৫৫	৩৩৭০	৩৭০৭
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৭৫	১৭০	১৭৬	১৯৩
৬।	পরিবহন ও যোগাযোগ	৯৯	৪৯০	৫০৭	৫৫৮
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২৩১০৭**	**৩২৪১৫**	**৩৩৫৫৫**	**৩৬৯০৯**
	ক) পাইকারি ও খুচরা	৮৬৫২	১৭৭৫০	১৮৩৭৮	২০২১৫
	খ) রপ্তানি	৪১৬৬	৩৫৭৬	৩৭০২	৪০৭২
	গ) আমদানি	১০২৮৩	১১০৮৩	১১৪৭৫	১২৬২২
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৬	৬	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য	৭৯২৫	১৩২৬৩	১৩৫৭১	১৪৩৪৬
	সর্বমোট	**৫০৬৬৫**	**৬৫১২৯**	**৬৭২৬০**	**৭৩৪০০**

ন্যাশনাল ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো ।

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.০০	৪.৫-৬.৫০	৭.০০-১২.৫০	৭.৯৯	১০.০০-১৪.৫০	১৪.০০-১৪.৫০	-	১২.৯৪
২০০৯	৪.৫০	১.০০-৪.০০	৭.৫০-৮.৫০	৬.৯৯	১৩.০০	১৩.০০	-	১১.৮৭
৩১ মার্চ ২০১০*	৪.৫০	২.০০-৬.০০	৫.০০-৯.১৫	৬.৭২	১৩.০০	১৩.০০	-	১১.৬৯
৩০ জুন ২০১০**	৫.০০-৫.৫০	২.০০-৫.৫০	৫.০০-৯.০০	৬.৭০	১৩.০০	১৩.০০	-	১১.৬৯

** সাময়িক। ** প্রাক্কলিত।*

দি সিটি ব্যাংক লিমিটেড

দেশের বেসরকারি খাতে সর্বপ্রথম অনুমোদনপ্রাপ্ত ব্যাংক দি সিটি ব্যাংক লিমিটেড ১৯৮৩ সালের ২৭ মার্চ আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠালগ্নে এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ২০০ মিলিয়ন ও ৩৪ মিলিয়ন টাকা, যা ২০১০ সালের মার্চ শেষে দাঁড়ায় যথাক্রমে ১৭৫০ মিলিয়ন ও ১৫৭১ মিলিয়ন টাকায়। পরিশোধিত মূলধনের মধ্যে ৭৮৫.৫ মিলিয়ন টাকা উদ্যোক্তাগণ কর্তৃক এবং অবশিষ্ট ৭৮৫.৫ মিলিয়ন টাকা জনসাধারণ কর্তৃক পরিশোধিত। ২০১০ সালের মার্চ শেষে ব্যাংকের রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৪৬২২ মিলিয়ন টাকা। ব্যাংকের বর্তমান শাখার সংখ্যা ৯৮টি। ২০১০-এর মার্চ শেষে ব্যাংকের মোট জনবল দাঁড়ায় ২৪৭১ জন, যার মধ্যে ১৯১৮ জন নির্বাহী/কর্মকর্তা ও ৫৫৩ জন কর্মচারী।

২০০৯ সালে ব্যাংকের মোট আমানত শতকরা ৩৮.৫৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৬২৩৮৪ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ২০০৮ সালের শেষে এর পরিমাণ ছিল ৪৫০৩৪ মিলিয়ন টাকা। ব্যাংকের মোট আমানত ২০১০ সালের মার্চে দাঁড়ায় ৫৭৪২১ মিলিয়ন টাকায়। ২০০৮ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের স্থিতি ছিল ৩৩১৪৯ মিলিয়ন টাকা, যা ২০০৯ সালের শেষে দাঁড়ায় ৩৯৮০১ মিলিয়ন টাকা। ২০০৯ সালে এ খাতে শতকরা ২০ ভাগ বৃদ্ধি পরিলক্ষিত হয়। ২০১০-এর মার্চ শেষে ব্যাংকের মোট ঋণের পরিমাণ দাঁড়ায় ৪৬৬৪৪ মিলিয়ন টাকা।

২০০৯ সালে দি সিটি ব্যাংক লিমিটেড ট্রেজারি বিল, বন্ড, শেয়ার ও ডিবেঞ্চারে মোট ১০৫৮৬ মিলিয়ন টাকা বিনিয়োগ করে। ২০০৮ সালে এর পরিমাণ ছিল ৯০৭৪ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংক মোট ৬০৪৬৬ মিলিয়ন টাকার বৈদেশিক বাণিজ্য পরিচালনা করে। এর মধ্যে রপ্তানি ১৩৮১৫ মিলিয়ন, আমদানি ২৮৭১৮ মিলিয়ন ও রেমিট্যান্স ১৭৯৩৩ মিলিয়ন টাকা। ২০১০ সালের প্রথম ৩ (তিন) মাসে এ ব্যাংকের বৈদেশিক বাণিজ্য পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোট ১১০৬৮ মিলিয়ন টাকা। এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স যথাক্রমে ৫২৩৮ মিলিয়ন, ২০৪৬ মিলিয়ন ও ৩৭৮৪ মিলিয়ন টাকা। দি সিটি



একটি প্রিন্টিং ও প্যাকেজিং শিল্পে ব্যাংকের অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১৭৫০	১৭৫০	১৭৫০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	১৩৬৬	১৫৭১	১৫৭১	১৯৬৪
৩।	রিজার্ভ ফান্ড	২৮৫১	৪২৯৩	৪৬২২	৪৮১৩
৪।	**মোট আমানত**	**৪৫০৩৪**	**৬২৩৮৪**	**৫৭৪২১**	**৬৬৭৭৯**
	ক) তলবি আমানত	৭৯৫৬	৯৫৩২	১২১৯৭	১৪১৮৫
	খ) মেয়াদি আমানত	৩৭০৭৮	৫২৮৫২	৪৫২২৪	৫২৫৯৪
৫।	ঋণ ও অগ্রিম	৩৩১৪৯	৩৯৮০১	৪৬৬৪৪	৫২৮৫৫
৬।	বিনিয়োগ	৯০৭৪	১০৫৮৬	১১৪৩৫	১৩৬৮৬
৭।	মোট পরিসম্পদ	৫৭১১৫	৭৬৪৬৭	৭৪৯৫৮	৯০৮৩৯
৮।	মোট আয়	৬৫৪৩	৮০৪০	২৩৪১	৫০৬৪
৯।	মোট ব্যয়	৪৭৮৮	৫৭৮৪	১৪৯৪	৩৭১১
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৫৫৪৮৮**	**৬০৪৬৬**	**১১০৬৮**	**২২১৩৬**
	ক) রপ্তানি	১৪৭৬৬	১৩৮১৫	৫২৩৮	১০৪৭৬
	খ) আমদানি	৩০৮৯৪	২৮৭১৮	২০৪৬	৪০৯২
	গ) রেমিট্যান্স	৯৮২৮	১৭৯৩৩	৩৭৮৪	৭৫৬৮
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**২১৩৪**	**২৪২৪**	**২৪৭১**	**২৫২০**
	ক) কর্মকর্তা	১৫৯৪	১৮৬৩	১৯১৮	১৯৬৭
	খ) কর্মচারী	৫৪০	৫৬১	৫৫৩	৫৫৩
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৫০১	৫১৩	৫১৮	৫৩০
১৩।	**শাখা (সংখ্যা)**	**৮৩**	**৯৭**	**৯৮**	**৯৮**
	ক) বাংলাদেশে	৮৩	৯৭	৯৮	৯৮
	খ) বিদেশে	-	-	-	-

ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে দি সিটি ব্যাংক লিমিটেড মোট ৩০৩৪৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ২০৯৬৫ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২৪৬২২ মিলিয়ন ও ১৫৬৩৪ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণ বিশ্লেষণ করলে দেখা যায়, মার্চ ২০১০ পর্যন্ত সিটি ব্যাংক কৃষি খাতে ২২০ মিলিয়ন টাকা বিতরণ করে। ৩১ মার্চ ২০১০ পর্যন্ত শিল্প খাতে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৯২৮৮ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

শিল্প খাতে ২০০৯ সালে দি সিটি ব্যাংক লিমিটেড অন্যান্য ব্যাংকের সংগে সম্মিলিতভাবে ৯০টি প্রকল্পে ৩৩৯৭ মিলিয়ন টাকা ঋণ প্রদান করে। ২০০৯ সাল শেষে ক্রমপুঞ্জীভূত প্রকল্প সংখ্যা ও ঋণের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫৫০টি ও ২৮৯৪০ মিলিয়ন টাকা। অন্যদিকে ২০১০ সালে মার্চ শেষে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় মোট ৩০৯৯৬ মিলিয়ন টাকা। সারণি-৩-এ শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০১০ সালের মার্চ শেষে দি সিটি ব্যাংক লিমিটেড-এর ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় মোট ৪৬৬৪৪ মিলিয়ন টাকা (কৃষি খাতে ২১০, শিল্প খাতে ১৫০৬২, নির্মাণ খাতে ৯৫৫, পরিবহন ও যোগাযোগ খাতে ৪২৫, ব্যবসা-বাণিজ্য খাতে ১৯০৫০ এবং অন্যান্য খাতে ৬৯৭৫ মিলিয়ন টাকা), যা ২০০৯ সালের শেষে ছিল ৩৯৮০১ মিলিয়ন টাকা। ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো। দি সিটি ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	-	৬২৪০	২২২৫	৮৪৬৫	১৬১৫৭	২৪৬২২
আদায়	২	২৫৬০	১২৬৪	৩৮২৪	১১৮০৮	১৫৬৩৪
২০০৯						
বিতরণ	১৫০	২৯২৩	৪৮৭৮	৭৮০১	২২৩৯৩	৩০৩৪৪
আদায়	২১৭	১৬১৫	৪৩৯২	৬০০৭	১৪৭৪১	২০৯৬৫
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	২২০	৪১৮৩	৫১০৫	৯২৮৮	৩০৮৪৭	৪০৩৫৫
আদায়	১২৫	২৭১৮	৪১২৫	৬৮৪৩	২৭৫৭০	৩৪৫৩৮
৩০ জুন ২০১০**						
বিতরণ	৯০০	৫১০৬	৬৫০৫	১১৬১১	৩২৫০৪	৪৫০১৫
আদায়	৩০৫	৩৪০৫	৫৫৭০	৮৯৭৫	২৮০৭০	৩৭৩৫০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	৪৯৪	৫৬	৫৫০
	পরিমাণ	২৮৬৩৩	৩০৭	২৮৯৪০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	৩৪	৫৬	৯০
	পরিমাণ	৩০৯০	৩০৭	৩৩৯৭
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
	প্রকল্প সংখ্যা	৫১০	৮৮	৫৯৮
	পরিমাণ	৩০৪৩৮	৫৫৮	৩০৯৯৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	১৬	৩২	৪৮
	পরিমাণ	১৮০৫	২৫১	২০৫৬
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	৩৫	৫৪	৮৯
	পরিমাণ	৩২০৫	৬৭২	৩৮৭৭

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৫৯**	**১৫২**	**২১০**	**৪৫৫**
	ক) শস্য	-	৬৫	৮৬	১১৫
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	৫৮	৭৮	২৫২
	গ) মৎস্য	৫৯	২৯	৪৬	৮৮
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৬৬২৪**	**১৩৫২৪**	**১৫০৬২**	**১৫৮৫২**
	ক) বৃহৎ ও মাঝারি	৬৬২৪	১৩২১৮	১৪৪২১	১৫০০৫
	খ) ক্ষুদ্র ও কুটির	-	৩০৬	৬৪১	৮৪৭
৩।	চলতি মূলধন অর্থায়ন	২৪৩৮	১৯২৯	২৫৫৬	৩৬৪৫
৪।	নির্মাণ	৬১১	৮০২	৯৫৫	১১০৫
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৯৭	৯৯৫	১০৯৫	১৩৫৫
৬।	পরিবহন ও যোগাযোগ	২৮৭	৩৬৫	৪২৫	৬২৫
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৪৩৩৯**	**১৬৪৩৭**	**১৯০৫০**	**২১৭২৫**
	ক) পাইকারি ও খুচরা	১১৬২৫	৫১৬১	৭২৫৬	৮৭৫৮
	খ) রপ্তানি	২১৩৫	১৯২৯	২২৫৪	৩১০২
	গ) আমদানি	২২৮	৮৭৭৯	৮৮৪৬	৯০১০
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৩৫১	৫৬৮	৬৯৪	৮৫৫
৮।	দারিদ্র্য বিমোচন	-	২৩৩	৩১৬	৪৫০
৯।	অন্যান্য	৮৫৯৪	৫৩৬৪	৬৯৭৫	৭৬৪৩
	সর্বমোট	**৩৩১৪৯**	**৩৯৮০১**	**৪৬৬৪৪**	**৫২৮৫৫**

দি সিটি ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.৫০-৬.৫০	৪.০০-৯.০০	৮.০০-১৩.০০	৮.৩৬	১১.০০-১৪.৫০	১১.৭৫-১২.২৫	১৩.০০-১৮.০০	১৩.২৯
২০০৯	৪.০০-৩.০০	১.৫০-৩.০০	৪.০০-৭.০০	৭.৬০	১১.৫০	১১.৫০-১৩.০০	১৩.০০-১৮.০০	১২.৯৭
৩১ মার্চ ২০১০*	৫.০০-৪.০০	১.৫০-৫.০০	৪.০০-৮.৫০	৭.৩৫	১১.৫০	১১.৫০-১৩.০০	১৩.০০-১৮.০০	১২.৪৩
৩০ জুন ২০১০**	৫.০০-৪.০০	১.৫০-৫.০০	৪.০০-৮.৫০	৭.৩৫	১১.৫০	১১.৫০-১৩.০০	১৩.০০-১৮.০০	১২.৪৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ১৩ মার্চ ১৯৮৩ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং ৩০ মার্চ ১৯৮৩ হতে দেশের প্রথম সুদমুক্ত ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। এ ব্যাংক দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম সুদমুক্ত ব্যাংক, যা যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যাংকিং কোম্পানি। এর মূলধনের অংশীদারিত্বে শতকরা ৫৮.২৩ ভাগ ইসলামী উন্নয়ন ব্যাংক, কয়েকটি বিদেশি আর্থিক প্রতিষ্ঠান এবং বিদেশি উদ্যোক্তা রয়েছে। শতকরা ৪১.৭৭ ভাগ মূলধনের অংশীদার হচ্ছেন বাংলাদেশী উদ্যোক্তা ও শেয়ারহোল্ডারগণ। ৩১ ডিসেম্বর ২০০৯ শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন, ৬১৭৮ মিলিয়ন ও ১৩৯২৮ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ শেষে ব্যাংকের মোট শাখার সংখ্যা ২৩১টিতে এবং মোট জনশক্তির সংখ্যা ৯৬২২ জনে দাঁড়ায়। জনশক্তির মধ্যে ৫৯৫০ জন কর্মকর্তা এবং ৩৬৭২ জন কর্মচারী। ব্যাংকের কার্যক্রম ইসলামি শরীয়াহ অনুযায়ী পরিপালন ও বাস্তবায়নের জন্য দেশের প্রখ্যাত আলেম, আইনজীবী, বিশিষ্ট অর্থনীতিবিদ এবং ব্যাংকারদের নিয়ে একটি 'শরীয়াহ কাউন্সিল' রয়েছে। ২০০৯ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ২৪৪২৯২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৪৩৯৪৯ মিলিয়ন টাকা বেশি। এ ক্ষেত্রে প্রবৃদ্ধির হার হচ্ছে শতকরা ২১.৯৪ ভাগ। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংকের আমানত বৃদ্ধি পায় ৮১১৬ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকের বিনিয়োগ (অগ্রিম ও ঋণ) স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় ১৮১৩৪ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ১৭৩০৯৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ ক্ষেত্রে প্রবৃদ্ধির হার হচ্ছে শতকরা ১৯.২০ ভাগ। ২০০৯ সালে ব্যাংক মোট ৪৬২৩৭০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের

একটি ইস্পাত শিল্পে ব্যাংকের অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৪৭৫২	৬১৭৮	৬১৭৮	৭৪১৩
৩।	রিজার্ভ ফান্ড	৯৩০৮	১৩৯২৮	১৫২৩০	১৮০৭৫
৪।	**মোট আমানত**	**২০০৩৪৩**	**২৪৪২৯২**	**২৫২৪০৮**	**২৭২১৪৬**
	ক) তলবি আমানত	২৭৬৪২	৩০৪৯২	৩৩২২৭	৩৬৩৯০
	খ) মেয়াদি আমানত	১৭২৭০১	২১৩৮০০	২১৯১৮১	২৩৫৭৫৬
৫।	বিনিয়োগ (ঋণ ও অগ্রিম)	১৯১২৩০	১৭৩০৯৬	২২৬৪০৮	২৫২৮৫২
৬।	বিনিয়োগ	৭৫৩৩	১১১৩৭	১৪৮৬৪	১৪৮৬৪
৭।	মোট পরিসম্পদ	২৩০৮৭৯	২৭৮৩০২	২৮৮৭১৯	৩১৭৫৯১
৮।	মোট আয়	২৪২৩০	২৫৪০৪	৬৬১৯	১৫০০০
৯।	মোট ব্যয়	১৭৩৯৬	১৮৮৮৬	৩৮৮১	১০০০০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৪০২৬৯৫**	**৪৬২৩৭০**	**১৩২৫২১**	**৩১৫০০০**
	ক) রপ্তানি	৯৩৯৬২	১০৬৪২৪	৩০৮২৫	৭১০০০
	খ) আমদানি	১৬৮৩২৯	১৬১২৩০	৪৮৬০৯	১০৯০০০
	গ) রেমিট্যান্স	১৪০৪০৪	১৯৪৭১৬	৫৩০৮৮	১৩৫০০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৯৩৯৭**	**৯৫৮৮**	**৯৬২২**	**৯৮৩০**
	ক) কর্মকর্তা	৫৩৪১	৫৯৩০	৫৯৫০	৫৯৫০
	খ) কর্মচারী	৪০৫৬	৩৬৫৮	৩৬৭২	৩৮৮০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৯০৬	৯১৯	৯৬৩	৯৭৫
১৩।	**শাখা (সংখ্যা)**	**১৯৬**	**২৩১***	**২৩১***	**২৩৫**
	ক) বাংলাদেশে	১৯৬	২৩১	২৩১	২৩৫
	খ) বিদেশে	-	-	-	-

পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০৬৪২৪ মিলিয়ন, ১৬১২৩০ মিলিয়ন ও ১৯৪৭১৬ মিলিয়ন টাকা।

বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

২০০৯ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মোট ৩১৪৩৫৪ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ ও ২৪১০২৮ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৮৪০৩৫ মিলিয়ন ও ১৪৭৯১৭ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিতরণকৃত বিনিয়োগের মধ্যে কৃষি ও শিল্প খাতে বিতরণ করা হয় যথাক্রমে ৩১০৬ মিলিয়ন ও ১৫২০২৮ মিলিয়ন টাকা এবং খাত দু'টিতে আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৮৮৯ মিলিয়ন ও ১২০৮০৯ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতভিত্তিক বিনিয়োগ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২ -এ দেয়া হলো।

শিল্প বিনিয়োগ মঞ্জুরী

২০০৯ সালে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ৯১৫টি প্রকল্পের জন্য ৪৯৬২০ মিলিয়ন টাকা শিল্প বিনিয়োগ মঞ্জুর করে। এর মধ্যে বৃহৎ ও মাঝারি আকারের শিল্পের জন্য ৪৫৬৮০ মিলিয়ন টাকা মঞ্জুর করা হয়। ২০১০ সালের প্রথম তিন মাসে মোট ৮৪০টি প্রকল্পে ৩৭৭৬০ মিলিয়ন টাকার শিল্প বিনিয়োগ মঞ্জুর করা হয়। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ মঞ্জুরীর তুলনামূলক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচি

ইসলামি পদ্ধতিতে সুদমুক্ত আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে প্রাইম ব্যাংক লিমিটেড শরীয়াহ্ নীতিমালা অনুসারে সেবা কার্যক্রমের পরিচালনায় দিক নির্দেশনা প্রদানের জন্য ব্যাংকে দশ সদস্য বিশিষ্ট শরীয়াহ্ কাউন্সিল রয়েছে। ইসলামি ব্যাংকিং ব্যবসা পরিচালনায় ২০০৯ সালে এসব শাখার পরিচালন মুনাফা বেড়েছে ৪৯.৩৩ শতাংশ। মোট বিনিয়োগের বিপরীতে ইসলামি ব্যাংকিং শাখাসমূহের নন-পারফরমিং ঋণের পরিমাণ ০.২৪ শতাংশ। আলোচ্য সময়ে মোট আমদানি ও রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৫.০১ বিলিয়ন টাকা ও ৫.৬৭ বিলিয়ন টাকা।

মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম

প্রাইম ব্যাংক লিমিটেড-এর মার্চেন্ট ব্যাংকিং ও ইনভেস্টমেন্ট বিভাগের মাধ্যমে Secondary মার্কেটে ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য "Prime Investment Portfolio Management Services" নামে একটি নতুন স্কীম চালু করেছে। ২০০৯ সালে মার্চেন্ট ব্যাংকিং বিভাগ গ্রাহকদের ভিন্নধর্মী পোর্টফোলিও ব্যবস্থাপনায় ব্যাপকভাবে মনোনিবেশ করেছে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী মার্চেন্ট ব্যাংকিং বিভাগকে "প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড" নামে সহযোগী কোম্পানিতে রূপান্তরের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০০ মিলিয়ন এবং পরিশোধিত মূলধন ৩০০০ মিলিয়ন টাকা। ব্যবসা সম্প্রসারণের উদ্দেশ্যে পুঁজিবাজারে ব্রোকারেজ সার্ভিস প্রদানের লক্ষ্যে "Prime Bank Securities Ltd." নামে অরো একটি কোম্পানি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই কোম্পানির অনুমোদিত মূলধন ১৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৭৫০ মিলিয়ন টাকা। প্রাইম ব্যাংক ইতোমধ্যেই চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (CSE)-এর সদস্য পদ লাভ করেছে এবং DSE-এর সদস্য হওয়ার পরিকল্পনা গ্রহণ করেছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সম্প্রসারিত আধুনিক ডেলিভারি চ্যানেল যথা ATM বুথ, নগদ অর্থ

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৩৪৬**	**৪৩১**	**৪২০**	**৪৫৫**
	ক) শস্য	১	৭	৭	৮
	খ) শস্য ব্যতীত অন্যান্য	২০৯	৩১১	৩০৩	৩২৮
	গ) মৎস্য	১৩৬	১১৩	১১০	১১৯
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১০৬৪৪**	**১৩৭৯৪**	**১৩৪৪২**	**১৪৫২৮**
	ক) বৃহৎ ও মাঝারি	১০২০৫	১৩৫৬৭	১৩২২১	১৪২৮৯
	খ) ক্ষুদ্র ও কুটির	৪৩৯	২২৭	২২১	২৩৯
৩।	চলতি মূলধন অর্থায়ন	৯৭৩৮	১০৭৪২	১০৪৬৮	১১৩১৩
৪।	নির্মাণ	৭৫১৬	৯৪৯৩	৯২৫১	৯৯৯৮
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	১৭৬৭	১৬৪০	১৫৯৮	১৭২৭
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৮৬২৫**	**২৫৯৭০**	**২৫৩০৮**	**২৭৩৫১**
	ক) পাইকারি ও খুচরা	৪৭৫২	১৩০৪১	১২৭০৯	১৩৭৩৫
	খ) রপ্তানি	৪৪১৬	২৮০৮	২৭৩৬	২৯৫৭
	গ) আমদানি	৮৭৮১	৯৩৬৫	৯১২৬	৯৮৬৩
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৬৭৬	৭৫৬	৭৩৭	৭৯৬
৮।	দারিদ্র্য বিমোচন	৫৩৯	৪৩৮	৪২৭	৪৬১
৯।	অন্যান্য	২৫৯৮৩	২৬৭৪৪	২৬০৬২	২৮১৬৬
	সর্বমোট	**৭৫১৫৬**	**৮৯২৫২**	**৮৬৯৭৯**	**৯৪০০০**

বিতরণের আধুনিক ব্যবস্থা, টেলিফোন, SMS Banking, ইন্টারনেট ব্যাংকিং প্রভৃতির মাধ্যমে ব্যাংক প্রযুক্তিনির্ভর প্রোডাক্ট ও সেবা সরবরাহের পরিকল্পনার লক্ষ্যে ইতোমধ্যে উল্লিখিত ৮৪টি শাখা এবং ৫টি এসএমই শাখার মধ্যে আধুনিক Online Banking সেবা (Fund Transfer, SMS Banking, ATM Service etc.) প্রদান করা সম্ভব হচ্ছে।

প্রাইম ব্যাংক এককভাবে মার্চ ২০১০ পর্যন্ত ৩৯টি ATM বুথ স্থাপন করেছে। উপরন্তু, DBBL (Dutch Bangla Bank Limited)-এর সুইচিং ব্যবস্থার সংগে সংযুক্তি সফলভাবে বাস্তবায়ন করেছে, যার ফলে প্রাইম ব্যাংক-এর গ্রাহকরা DBBL-এর ৬০০ ATM বুথ-এর মাধ্যমেও লেনদেন করতে পারে। এটিএম দলের অন্যান্য উল্লেখযোগ্য চলমান প্রজেক্টের মধ্যে রয়েছে ভিসা, মাস্টার, ডেবিট ও ক্রেডিট কার্ড একত্রীকরণ, EMV-এর কার্ড সিস্টেম দ্বারা পরিচালিত চিপ্ ভিত্তিক কার্ড একত্রীকরণ প্রচলন করা।

প্রাইম ব্যাংক ব্যাংকিং সেক্টরে সর্বোৎকৃষ্ট বার্ষিক হিসাব প্রতিবেদন উপস্থাপনের জন্য প্রথম বারের মতো বাংলাদেশের কোনো আর্থিক প্রতিষ্ঠান হিসেবে SAFA (South Asian Federation of Accountants) Award ২০০৮-এ প্রথম স্থান অর্জন করেছে। এছাড়াও ২০০৮ সালে প্রকাশিত হিসাব বিবরণীর জন্য আর্থিক প্রতিষ্ঠান-এর ব্যাংকিং উপখাতে আইসিএবি (ICAB) হতে পরপর পঞ্চম বারের মতো শ্রেষ্ঠ ব্যাংকের পুরস্কার এবং ICMAB কর্তৃক Best Corporate Governance Award লাভ করেছে। Credit Rating and Information Services Limited (CRISL) ৩য় বারের মতো প্রাইম ব্যাংকের দীর্ঘ মেয়াদে AA (Double AA) এবং স্বল্প মেয়াদে ২০০৭ সালের ST-2 থেকে ২০০৮ সালে ST-1 রেটিং করেছে।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সাল শেষে প্রাইম ব্যাংক লিমিটেড কর্তৃক মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৯৮৫৪০ মিলিয়ন ও ৮০৮০৩ মিলিয়ন টাকা। শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩৪১২৭ মিলিয়ন ও ২৫৭৫৭ মিলিয়ন টাকা। ব্যাংকটির বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৯ সালে প্রাইম ব্যাংক ২৩৭টি প্রকল্পের আওতায় মোট ৫৪৪৬ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৪৯৬৮ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং ৪৭৮ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে মঞ্জুর করা হয়। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৯ শেষে প্রাইম ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতি দাঁড়ায় ৮৯২৫২ মিলিয়ন টাকা, এর মধ্যে কৃষি খাতে ৪৩১ মিলিয়ন টাকা, শিল্প খাতে ১৩৭৯৪ মিলিয়ন টাকা, চলতি মূলধন খাতে ১০৭৪২ মিলিয়ন টাকা, নির্মাণ খাতে ৯৪৯৩ মিলিয়ন টাকা, পরিবহন ও যোগাযোগ খাতে ১৬৪০ মিলিয়ন টাকা, ব্যবসা-বাণিজ্য খাতে ২৫৯৭০ মিলিয়ন টাকা এবং দারিদ্র্য হ্রাসকরণ খাতে ৪৩৮ মিলিয়ন টাকা। ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

প্রাইম ব্যাংক লিমিটেড কর্তৃক আমানত ও ঋণের উপর আরোপিত সুদের হার সংক্রান্ত উপাত্ত সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার) *সারণি-৫*

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.০০	৫.৫০	১০.৫০	৯.৩৬	১১.০০	১৪.০০	১৬.০০	১৪.০৩
২০০৯	৫.৫০	৫.০০	৮.৫০	৮.১৮	১৩.০০	১৩.০০	১৫.৫০	১৩.৬০
৩১ মার্চ ২০১০*	৫.৫০	৫.০০	৮.০০	৬.৭৭	১৩.০০	১৩.০০	১৫.৫০	১২.৫৩
৩০ জুন ২০১০**	৫.৫০	৫.০০	৮.০০	৬.৭৭	১৩.০০	১৩.০০	১৫.৫০	১২.৫৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সাউথইস্ট ব্যাংক লিমিটেড

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ১৯৯৫ সালের ১২ মার্চ পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং একই বছরের ২৫ মে ৫০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ডিসেম্বর ২০০৯ শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ১০০০০ মিলিয়ন এবং পরিশোধিত মূলধন ৩৪২৩ মিলিয়ন টাকায় উন্নীত হয়। মার্চ ২০১০ শেষে ব্যাংকের মোট জনশক্তির সংখ্যা ১৪২৪ জনে দাঁড়ায়, এর মধ্যে কর্মকর্তা ১২৭৬ জন এবং কর্মচারী ১৪৮ জন। এ সময়ে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ৬৬টিতে উন্নীত হয় এবং এসএমই (SME) সেন্টারের সংখ্যা দাঁড়ায় ১০টি।

২০০৯ সালে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ৯৬৬৬৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়, এর মধ্যে তলবি আমানত ৭৯৯২ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৮৮৬৭৭ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ শেষে ব্যাংকটির মোট আমানতের পরিমাণ ৯৫৪০৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, এর মধ্যে তলবি আমানত ৯৭১৭ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৮৫৬৮৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৭৭৪৯৮ মিলিয়ন টাকায়, যা মার্চ ২০১০ শেষে ৭৯৬৩১ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ২০০৯ সালে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ২১৩৫০ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে ১৮৪৩০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সালে ব্যাংকটি মোট ১৪০০৮৭ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, এর মধ্যে রপ্তানি খাতে ৪৬৭২৪ মিলিয়ন টাকা, আমদানি খাতে ৬৯৫৮৩ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স বাবদ ২৩৭৮০ মিলিয়ন টাকা। ২০১০ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা বিগত বছরের

ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি রপ্তানিমুখী সিরামিক কারখানা।

তুলনায় উল্লেখযোগ্য হারে বাড়তে শুরু করেছে, প্রথম তিন মাসে যার পরিমাণ দাঁড়িয়েছে ৩৯৬৩২ মিলিয়ন টাকা। এর মধ্যে রপ্তানি খাতে ১২১১৬ মিলিয়ন, আমদানি খাতে ২১৪৭৬ মিলিয়ন এবং রেমিট্যান্স বাবদ ৬০৪০ মিলিয়ন টাকা। সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো ।

ঋণ বিতরণ ও আদায়

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ২০০৯ সালে মোট ১০৭৪৩৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৯০২৩১ মিলিয়ন টাকা আদায় করে। এর মধ্যে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৯৪৫৭ মিলিয়ন ও ২৫৮৮২ মিলিয়ন টাকা।

সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩৫০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	২৮৫২	৩৪২৩	৩৪২৩	৬৯৩১
৩।	রিজার্ভ ফান্ড	৪৮০৫	৬৫০৫	৬৫০৫	৭৯২৭
৪।	**মোট আমানত**	**৬৮৭১৫**	**৯৬৬৬৯**	**৯৫৪০৬**	**১১০০০০**
	ক) তলবি আমানত	৬৪০১	৭৯৯২	৯৭১৭	১১০০০
	খ) মেয়াদি আমানত	৬২৩১৪	৮৮৬৭৭	৮৫৬৮৯	৯৯০০০
৫।	ঋণ ও অগ্রিম	৬০২৮১	৭৭৪৯৮	৭৯৬৩১	৯০০০০
৬।	বিনিয়োগ	১২৩০০	২১৩৫০	১৮৪৩০	২১৪৩০
৭।	মোট পরিসম্পদ	৮১১৮২	১১২৬৭৭	১১২২৩২	১২৬৮২৬
৮।	মোট আয়	১০২৫০	১৩৭০২	৪১০২	৮১৬০
৯।	মোট ব্যয়	৭২৩৮	৯০৮৮	২৯৩৫	৫৪৪০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**১১৫৪২১**	**১৪০০৮৭**	**৩৯৬৩২**	**৮৫৫৬০**
	ক) রপ্তানি	৪২১৭৯	৪৬৭২৪	১২১১৬	২৭২০০
	খ) আমদানি	৫৮০২০	৬৯৫৮৩	২১৪৭৬	৪৪৩৬০
	গ) রেমিট্যান্স	১৫২২২	২৩৭৮০	৬০৪০	১৪০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১২৩১	১৪০২	১৪২৪	১৪৭৪
	ক) কর্মকর্তা	১০৮০	১২৫৪	১২৭৬	১৩২৬
	খ) কর্মচারী	১৫১	১৪৮	১৪৮	১৪৮
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৪৫	১৪৬	১৪৬	১৪৬
১৩।	**শাখা (সংখ্যা)**	**৪৬**	**৫৬**	**৫৬**	**৫৬**
	ক) বাংলাদেশে	৪৬	৫৬	৫৬	৫৬
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৯৪	৫৫১২	১১২৭১	১৬৭৮৩	৫৪৭৬৮	৭১৬৪৫
আদায়	৩০	৪২৪৩	৭১৯৯	১১৪৪২	৫০৭০৩	৬২১৭৫
২০০৯						
বিতরণ	৯৬	৬৩৫৫	২৩১০২	২৯৪৫৭	৭৭৮৮৪	১০৭৪৩৭
আদায়	৮০	৫০২৮	২০৮৫৪	২৫৮৮২	৬৪২৬৯	৯০২৩১
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৩২	২২১৬	৮৯৯৭	১১২১৩	২২২০১	৩৩৪৪৬
আদায়	৩৫	২৯০০	৮০৭৭	১০৯৭৭	২১৩৬৬	৩২৩৭৮
৩০ জুন ২০১০**						
বিতরণ	১০০	৫৪৮০	১৩৩৪৭	১৮৮২৭	৩৪৭৮৪	৫৩৭১১
আদায়	৬০	৩৪৭৭	১০৫৬৫	১৪০৪২	২৮২০২	৪২৩০৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৬৩	৪০	-	৩০৩
পরিমাণ	৩৮০৫২	৩৫৬	-	৩৮৪০৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪১	৭	-	৪৮
পরিমাণ	৩০৪৪	২৪	-	৩০৬৮
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	২৭৪	৪২	-	৩১৬
পরিমাণ	৪০৩২১	৩৬৪	-	৪০৬৮৫
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১	২	-	১৩
পরিমাণ	২২৬৯	৮	-	২২৭৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২০	৫	-	২৫
পরিমাণ	৪১৭৭	২০	-	৪১৯৭

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**২৫৬**	**২৮০**	**২৯১**	**৪১০**
	ক) শস্য	১১৭	৮০	৮৭	১১০
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৬৫	১১২	১১৬	১৯০
	গ) মৎস্য	৭৪	৮৮	৮৮	১১০
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১৬২১৯**	**১৮৪৭৫**	**১৮৭৯৮**	**২০৩৪৯**
	ক) বৃহৎ ও মাঝারি	১৬২০০	১৮৪৩৭	১৮৭৫২	২০২৯৫
	খ) ক্ষুদ্র ও কুটির	১৯	৩৮	৪৬	৫৪
৩।	চলতি মূলধন অর্থায়ন	১১০৮৬	১৩৬৯৯	১৪০৩৫	১৬৯০০
৪।	নির্মাণ	২৪৯৫	৩৫১৮	৩৯৮৬	৫৩৬৯
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	২৯০	৯১০	৯২৭	৯৩৭
৬।	পরিবহন ও যোগাযোগ	১২৮৬	১৩৭৫	১৪৮৮	১৫৫৩
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২৩৫৫৪**	**৩৩৫৩১**	**৩৪৩৫১**	**৩৮১৯০**
	ক) পাইকারি ও খুচরা	১০৯১৩	১৫৭০৮	১৫৮১০	১৬৩৩৭
	খ) রপ্তানি	৩৯০৭	২৬৮৫	৩০৭০	৫১২২
	গ) আমদানি	৮২৩১	১৪৮৭৮	১৫১৫৯	১৬৩৭১
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৫০৩	২৬০	৩১২	৩৬০
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	৫
৯।	অন্যান্য	৫০৯৫	৫৭১০	৫৭৫৫	৬২৮৭
	সর্বমোট	**৬০২৮১**	**৭৭৪৯৮**	**৭৯৬৩১**	**৯০০০০**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.০০	৪.৫০-৬.০০	১১.৫০-১২.৫০	৯.৪৪	১১.৫০	১৩.০০-১৫.০০	১৪.৫০-১৬.৫০	১৪.২৩
২০০৯	৬.০০	৪.৫০-৬.০০	১১.০০-১৩.৫০	৯.৪৬	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১৩.০০-১৭.০০	১৩.৪১
৩১ মার্চ ২০১০*	৫.০০	২.৫০-৪.৫০	৮.৫০	৭.৭৫	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১৩.০০-১৭.০০	১২.১৭
৩০ জুন ২০১০**	৬.০০	৪.৫০-৬.০০	১১.৫০-১২.৫০	৯.৪৪	১১.৫০	১০.০০-১৩.০০	১৪.৫০-১৬.৫০	১৪.২৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ঢাকা ব্যাংক লিমিটেড

১৯৯৫ সালের ৫ জুলাই ঢাকা ব্যাংক লিমিটেড ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ডিসেম্বর ২০০৯ শেষে ঢাকা ব্যাংকের অনুমোদিত মূলধন ৬০০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধন ২১২৮ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ড ২৮৩৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকের মোট আমানত ছিল ৬০৯১৮ মিলিয়ন টাকা, যা ডিসেম্বর ২০০৮ শেষের ৫৬৯৮৬ মিলিয়ন টাকা হতে ৭ শতাংশ বেশি। ব্যাংকের ঋণ ও অগ্রিম এবং বিনিয়োগ ২০০৮ থেকে যথাক্রমে ৬ শতাংশ ও ২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ৫২৯১০ মিলিয়ন ও ৮৬৬০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

২০০৯ সালে ব্যাংকটি ৮৯২৫১ মিলিয়ন টাকা বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করেছে, যার মধ্যে রপ্তানি ৩৩৩০৫ মিলিয়ন টাকা, আমদানি ৪৬১৬০ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ৯৭৮৬ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ৬৮৩১ মিলিয়ন টাকা ব্যয় করে ব্যাংক আয় করেছে ৯৬৪১ মিলিয়ন টাকা। ব্যাংকটির কর্মী সংখ্যা ২০০৯ শেষে ৯২৪ জনে দাঁড়িয়েছে। তাদের মধ্যে ৮৩৪ জন কর্মকর্তা/নির্বাহী ও ৯০ জন কর্মচারী। দেশজুড়ে ব্যাংকের ৫২টি শাখা রয়েছে, যার মধ্যে দু'টি শরীয়াহভিত্তিক শাখা, ৬টি এসএমই সার্ভিস সেন্টার, ৬টি ক্যাপিটাল মার্কেট সার্ভিস শাখা এবং ২টি অফশোর ব্যাংকিং আউটলেট রয়েছে।

উন্নত ও ব্যাপকভিত্তিক গ্রাহক সেবার লক্ষ্যে ব্যাংকটি তথ্যপ্রযুক্তি, রিটেইল, গ্লোবাল ট্র্যানজ্যাকশন সার্ভিস, পুঁজিবাজার সেবা, কাস্টোডিয়াল সার্ভিস ও এসএমই (ছোট ও মাঝারি উদ্যোগ) ইত্যাদি উদ্যোগ নিয়েছে।

ঢাকা ব্যাংকের চালুকৃত পার্সোনাল লোন, কার লোন, ভ্যাকেশন লোন, অ্যানিপারপাস লোন, ডিপিএস, ডাবল ডিপোজিট স্কীম,

ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র।

স্পেশাল ডিপোজিট, ইনকাম আনলিমিটেড, ডিবিএল/ভিসা ক্রেডিট কার্ড ইত্যাদি গ্রাহক সাধারণের প্রশংসা পেয়েছে। ঢাকা ও চট্টগ্রাম- দুই স্টক এক্সচেঞ্জেরই সদস্য হিসেবে এ ব্যাংক গ্রাহকদেরকে শেয়ার ব্যবসায়ের ব্যবস্থা করে দিয়েছে। এটিএম কার্ড, এসএমএস ব্যাংকিং ও ইন্টারনেট ব্যাংকিংও ঢাকা ব্যাংকের সেবার অন্তর্ভুক্ত হয়েছে।

ঢাকা ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৬০০০	৬০০০	৬০০০	৬০০০
২।	পরিশোধিত মূলধন	১৯৩৪	২১২৮	২৬৫৯	২৬৫৯
৩।	রিজার্ভ ফান্ড	২০৬৫	২৮৩৮	২৪১৬	২৬০৭
৪।	**মোট আমানত**	**৫৬৯৮৬**	**৬০৯১৮**	**৬০০৬৫**	**৬৭৭৬৫**
	ক) তলবি আমানত	৮০৫৪	৭৯৬০	৬৬৫৬	৭৫০০
	খ) মেয়াদি আমানত	৪৮৯৩২	৫২৯৫৮	৫৩৪০৯	৬০২৬৫
৫।	ঋণ ও অগ্রিম	৪৯৬৯৮	৫২৯১০	৫৩৫০৮	৫৯৭৫৯
৬।	বিনিয়োগ	৭২৩৯	৮৬৬০	৭৯৭৩	৮৫০৫
৭।	মোট পরিসম্পদ	৭১১৩৭	৭৭৭৬৭	৭৭৬২৬	৮০১০০
৮।	মোট আয়	৯১০০	৯৬৪১	২৪১২	৪৮২৪
৯।	মোট ব্যয়	৬৫৬৭	৬৮৩১	১৫০৬	৩১৫৬
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**১১৬৬০৯**	**৮৯২৫১**	**২৬৮২০**	**৫৭৪৮৩**
	ক) রপ্তানি	৩৯০৩৮	৩৩৩০৫	৭৩২৭	১৮৫৮০
	খ) আমদানি	৬৫৭৩৭	৪৬১৬০	১৬১৮৪	৩১৪২০
	গ) রেমিট্যান্স	১১৮৩৪	৯৭৮৬	৩৩০৯	৭৪৮৩
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৮৯৮**	**৯২৪**	**১০৩৫**	**১০৬৮**
	ক) কর্মকর্তা	৮০৬	৮৩৪	৯৪৫	৯৭৮
	খ) কর্মচারী	৯২	৯০	৯০	৯০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৫০	৩৫০	৩৫০	৩৫০
১৩।	**শাখা (সংখ্যা)**	**৪৫**	**৫০**	**৫২**	**৫৬**
	ক) বাংলাদেশে	৪৫	৫০	৫২	৫৬
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	১৭৭	৪৭০৩	১৩১৬৬	১৭৮৬৯	২১৬০৩	৩৯৬৪৯
আদায়	২৩	৩৫৮৭	৯৮২৬	১৩৪১৩	১০০০০	২৩৪৩৭
২০০৯						
বিতরণ	১৬৬	৭১২৩	৯৩৮২	১৬৫০৫	১৪৩২৪	৩০৯৯৫
আদায়	৬৮	৩৪১২	৭৮৭৭	১১২৮৯	৮১২০	১৯৪৭৭
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১৭৫	১৭১৮	৪১২৮	৫৮৪৬	৬২০৫	১২২২৬
আদায়	৩৬	১৩৫৭	৩২৮৭	৪৬৪৪	২৯২৯	৭৬০৯
৩০ জুন ২০১০**						
বিতরণ	২০০	২৫৬৭	৫৬৭১	৮২৩৮	৬২৫৬	১৪৬৯৪
আদায়	৪৭	১৮২৯	৪৪৯৯	৬৩২৮	৩৬৪১	১০০১৬

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৭৯৪	৭৯৭	-	১৫৯১
পরিমাণ	৩২৪৯৪	১১১০	-	৩৩৬০৪
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৪৩	৩৮৮	-	৬৩১
পরিমাণ	৫৮৬১	৫৫৫	-	৬৪১৬
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৯৩৮	৯৪৩	-	১৮৮১
পরিমাণ	৩৬২৮৩	১৩২৩	-	৩৭৬০৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৪৪	১৪৬	-	২৯০
পরিমাণ	৩৭৮৯	২১৩	-	৪০০২
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৪১	২৬২	-	৫০৩
পরিমাণ	৬৩৪১	৩৯৯	-	৬৭৪০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৬৯**	**১১৭**	**১৭৪**	**২১৯**
	ক) শস্য	৩	৯	৮	৯
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৪৩	৭৬	৯৩	৯৬
	গ) মৎস্য	২৩	৩২	৭৩	১১৪
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১১৮৩৭**	**১২৪০৭**	**১৩৩০৯**	**১৪৬৯৯**
	ক) বৃহৎ ও মাঝারি	১১৪৬২	১১৬০৩	১২৯৬১	১৪২৭৫
	খ) ক্ষুদ্র ও কুটির	৩৭৫	৮০৪	৩৪৮	৪২৪
৩।	চলতি মূলধন অর্থায়ন	৯১৪৩	১২১৮৫	১১৪৩৭	১৩৩৬৯
৪।	নির্মাণ	৭৯১০	৭৮০৩	৬৯০৬	৭৩৫৬
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৩১	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	২০৫১	১১৮৯	১১৭৩	১৫৫৯
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৮২৭৮**	**১০১৭৩**	**১১০১৪**	**১২২১৪**
	ক) পাইকারি ও খুচরা	২৩৩২	২১৮৬	২৩২৭	২৮২৭
	খ) রপ্তানি	১০৬৯	১০১৪	১০৯৮	১৩৯৩
	গ) আমদানি	৪৮৬২	৬৯৬৮	৭৫৮৩	৭৯৮১
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১৫	৫	৬	১৩
৮।	দারিদ্র্য বিমোচন	১১	-	-	-
৯।	অন্যান্য	১০৩৬৮	৯০৩৬	৯৪৯৫	১০৩৪৩
	সর্বমোট	**৪৯৬৯৮**	**৫২৯১০**	**৫৩৫০৮**	**৫৯৭৫৯**

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৭.০০	৬.০০	১১.২৫	৯.৪০	৭.০০	১৪.৫০	১৬.০০	১৪.৯১
২০০৯	৪.০০	৪.০০	৯.০০	৮.৬৮	৭.০০	১৩.০০	১৫.৫০	১৪.৩২
৩১ মার্চ ২০১০*	৪.০০	৪.০০	৯.০০	৭.০২	৭.০০	১৩.০০	১৫.৫০	১৪.০০
৩০ জুন ২০১০**	৪.৫০	৪.৫০	৯.০০	৭.৫০	৭.০০	১৩.০০	১৫.০০	১৩.০০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ২৭ সেপ্টেম্বর ১৯৯৫ সাল থেকে ইসলামি ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। ইসলামি শরীয়াহ্ মোতাবেক পরিচালিত ব্যাংকটি সম্পূর্ণ দেশীয় উদ্যোগে প্রতিষ্ঠিত বেসরকারি ব্যাংক। ২০০৯ সালে ব্যাংকটির অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন, ১৭৯৯ মিলিয়ন এবং ২২৯৯ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৯-এ ব্যাংকটির শাখার সংখ্যা ৬০টিতে দাঁড়ায়। উল্লিখিত সময়ে ব্যাংকের মোট জনশক্তি ছিল ১২৯৬ জন, এর মধ্যে ১১৯৭ জন কর্মকর্তা এবং ৯৯ জন কর্মচারী। ২০০৯ সালে ব্যাংকটির মোট আমানত ছিল ৩৮৩৫৫ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি ও মেয়াদি আমানত যথাক্রমে ৪৫৮৯ মিলিয়ন এবং ৩৩৭৬৬ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩৬১৩৪ মিলিয়ন টাকায়।

২০০৯ সালে ব্যাংকটি মোট ৬০৪৫২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ২৩৫৪৬ মিলিয়ন, ৩৪০৭৪ মিলিয়ন এবং ২৮৩২ মিলিয়ন টাকা।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো। এছাড়া- খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায় পরিস্থিতি, শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী , অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগের (ঋণের) স্থিতি এবং মুনাফার হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫ -এ দেয়া হলো।

ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি স্বর্ণালংকার উৎপাদনকারী প্রতিষ্ঠান।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২৫০০	৫০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	১৩৮৪	১৭৯৯	১৭৯৯	১৭৯৯
৩।	রিজার্ভ ফান্ড	৮৩৯	২২৯৯	২৬২৮	২৯৫৭
৪।	**মোট আমানত**	**৩১৪৭০**	**৩৮৩৫৫**	**৪০৭৬৪**	**৫০৪৮২**
	ক) তলবি আমানত	৩৪৬০	৪৫৮৯	৪৭৮৮	৪৮৫০
	খ) মেয়াদি আমানত	২৮০১০	৩৩৭৬৬	৩৫৯৭৬	৪৫৬৩২
৫।	ঋণ ও অগ্রিম	২৯৭২৩	৩৬১৩৪	৩৭০০৫	৪৬২৩০
৬।	বিনিয়োগ	৮৮	১৫০২	১৫০২	১৬০২
৭।	মোট পরিসম্পদ	৩৯১৫৮	৫০৫৭৭	৫৪৫১০	৫৮২৪৫
৮।	মোট আয়	৪৪১৪	৫২৮১	১৪৪৯	২৯০৮
৯।	মোট ব্যয়	২৮৪১	৩৫৩২	৮৭৫	১৭৫০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৫৫৫৩৩**	**৬০৪৫২**	**১৮৬৫৮**	**৪০০০০**
	ক) রপ্তানি	২০১৭৬	২৩৫৪৬	৬৪২৬	১৫০০০
	খ) আমদানি	৩২৬৮৫	৩৪০৭৪	১১২১৩	২২৫০০
	গ) রেমিট্যান্স	২৬৭২	২৮৩২	১০১৯	২৫০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**১০৭৭**	**১২৯৬**	**১৩২২**	**১৩৫০**
	ক) কর্মকর্তা	৯৯৪	১১৯৭	১২২৩	১২৪৬
	খ) কর্মচারী	৮৩	৯৯	৯৯	১০৪
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৭	১৯	১৯	২২
১৩।	**শাখা (সংখ্যা)**	**৫০**	**৬০**	**৬০**	**৬৫**
	ক) বাংলাদেশে	৫০	৬০	৬০	৬৫
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২

খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	১৬	৭৯৫	৮৫৯	১৬৫৪	২৩৫৭১	২৫২৪১
আদায়	১৩	৩৭৫	৬৫৭	১০৩২	১৭৩৭৯	১৮৪২৪
২০০৯						
বিতরণ	২১	১০২৬	১১০৮	২১৩৪	২৮১০৯	৩০২৬৪
আদায়	১৭	৪৮৪	৮৪৮	১৩৩২	২২৫০১	২৩৮৫০
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১৩	৩৩২	৭১১	১০৪৩	৭৪৬৪	৮৫২০
আদায়	১০	২৯০	৬১৫	৯০৫	৬৭৩৪	৭৬৪৯
৩০ জুন ২০১০**						
বিতরণ	১৮	৩৯৬	৮৫২	১২৪৮	৮৯৫০	১০২১৬
আদায়	১২	৩৪৮	৭৩০	১০৭৮	৮০৮০	৯১৭০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪১২	১২৫৬	-	১৬৬৮
পরিমাণ	১০৫৬২	৩৩২২	-	১৩৮৮৪
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৫৮	৮৪	-	১৪২
পরিমাণ	৫২৭৭	২১৮	-	৫৪৯৫
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৪৭০	১৩৪৫	-	১৮১৫
পরিমাণ	১০৮১৫	৩৪০২	-	১৪২১৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৫৮	৮৯	-	১৪৭
পরিমাণ	২৫৩	৮০	-	৩৩৩
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১২০	২০০	-	৩২০
পরিমাণ	২৯৫০	৯২৮	-	৩৮৭৮

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৩৫৩**	**৫৮৮**	**৬০৩**	**৭৫৪**
	ক) শস্য	৯	৫২৩	৫৩৫	৬৭০
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৪৪	১৬	১৭	২০
	গ) মৎস্য	-	৫০	৫১	৬৪
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৫১১৬**	**১৩৮৮৪**	**১৪২১৭**	**১৭৭৬২**
	ক) বৃহৎ ও মাঝারি	৫০১৮	১০৫৬২	১০৮১৫	১৩৫১২
	খ) ক্ষুদ্র ও কুটির	৯৮	৩৩২২	৩৪০২	৪২৫০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৪৬৪৫	৪৯৬৭	৫০৮৬	৬৩৫৪
৪।	নির্মাণ	১৮১৩	১৮১৩	১৮৫৬	২৩২০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১১	২০৬	২১০	২৬৪
৬।	পরিবহন ও যোগাযোগ	১০৫১	১২৩৬	১২৭০	১৫৮০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৬৬১২**	**১৩৪২৫**	**১৩৭৪৮**	**১৭১৭৭**
	ক) পাইকারি ও খুচরা	৭২৯৬	৩৫৫৯	৩৬৩২	৪৫৫৫
	খ) রপ্তানি	১১২৩	২৭৩৮	২৮১০	৩৫০৩
	গ) আমদানি	৮১৮৭	৭১২৩	৭৩০০	৯১১৩
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৬	৫	৬	৬
৮।	দারিদ্র্য বিমোচন	১০	১৬	১৬	১৯
৯।	অন্যান্য	১১২	-	-	-
	সর্বমোট	**২৯৭২৩**	**৩৬১৩৪**	**৩৭০০৫**	**৪৬২৩০**

মুনাফার হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.০০	৪.০০	১২.৫০	৯.১২	১১.৫০-১৪.৫০	১১.৫-১৪.৫	১৪.৫০-১৭.৫০	১২.৭৮
২০০৯	৪.০০	৩.৫০	৯.০০	৮.৯০	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১১.৫০
৩১ মার্চ ২০১০*	৪.০০	৩.৫০	৮.৫০	৮.৪০	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১১.৫০
৩০ জুন ২০১০**	৪.০০	৩.৫০	৮.৫০	৮.৪০	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১০.০০-১৩.০০	১১.৫০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড (এসআইবিএল) ইসলামি ব্যাংক হিসেবে ১৯৯৫ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এ ব্যাংক লাভ লোকসানের অংশীদারিত্বের ভিত্তিতে গ্রাহকদেরকে সুদমুক্ত সর্বাধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করে আসছে। এসআইবিএল সারা দেশে ৪২টি শাখার মাধ্যমে গ্রাম ও শহর অঞ্চলের সকল গ্রাহকের জন্য আকর্ষণীয় আমানত ও বিনিয়োগ সুবিধা প্রদান করে আসছে।

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড শুরু থেকেই আনুষ্ঠানিক (Formal) অর্থাৎ জেনারেল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা, অনানুষ্ঠানিক (Non-Formal) অর্থাৎ দারিদ্র্য বিমোচনের জন্য মাইক্রো ক্রেডিট এবং এসএমই ফিন্যান্স ও স্বেচ্ছামূলক (Voluntary) এ তিন খাতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

এসআইবিএল আনুষ্ঠানিক খাতের মাধ্যমে গ্রাহকদেরকে প্রচলিত ব্যাংকিং (Conventional Banking) সুবিধা প্রদান করে আসছে। এ ব্যাংক ইসলামি শরীয়াহ্ মোতাবেক আমানত সংগ্রহ, বিনিয়োগ প্রদান এবং বৈদেশিক বিনিময় ও বাণিজ্যসহ যাবতীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

আধুনিক ব্যাংক ব্যবস্থার অংশ হিসেবে এ ব্যাংক ইসলামি ব্যাংকগুলোর মধ্যে প্রথম স্যাটেলাইট প্রযুক্তির মাধ্যমে গ্রাহকগণকে অনলাইন ব্যাংকিং সেবা প্রদান করছে। এছাড়া SWIFT ও ATM কার্ডের মাধ্যমে দ্রুত গ্রাহক সেবা প্রদানসহ ইসলামি ক্রেডিট কার্ড, টেলি ব্যাংকিংসহ বিভিন্ন আধুনিক প্রযুক্তি ও ইসলামি ব্যাংকিং-এর নতুন প্রোডাক্ট সংযোজনের মাধ্যমে অধিকতর উন্নত ব্যাংকিং সেবা প্রদানের

ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি পোলট্রি শিল্প।

উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অনানুষ্ঠানিক ব্যাংকিং খাত (Non-formal Sector)

এসআইবিএল অনানুষ্ঠানিক খাতের মাধ্যমে ক্ষুদ্র ঋণ (Micro credit) এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (SMEs) সহজ শর্তে বিনিয়োগ সুবিধা প্রদান করে আসছে। সামাজিক অঙ্গীকার পালনসহ এ কর্মসূচিগুলো সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলপত্র (PRSP) এবং জাতিসংঘের Millennium Development Goals (MDGs) অর্জনের লক্ষ্যে বিশেষ ভূমিকা পালন করছে।

আইএলও (ILO) প্রকল্পের আওতায় ব্যাংক ইতালি ও নরওয়ে সরকারের সহযোগিতায় ২০০১ সাল থেকে দু'টি এবং ইউনিসেফ (UNICEF)-এর সংগে যৌথ উদ্যোগে ২০০৩ সাল থেকে চাইল্ড লেবার উন্নয়নের জন্য ক্ষুদ্র বিনিয়োগ কর্মসূচি পরিচালনা করে আসছে। ইউএসএইড-জবস (USAID-JOBS)-এর সহযোগিতায় এই ব্যাংক মধুপুরে আনারস চাষীদের আর্থ-সামাজিক উন্নয়নে আনারস উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্পে বিনিয়োগ সহযোগিতা প্রদান করছে।

স্বেচ্ছামূলক ব্যাংকিং খাত (Voluntary Banking Sector)

স্বেচ্ছামূলক খাতে সামাজিক পুঁজি গঠনের প্রক্রিয়া হিসেবে সোস্যাল ইসলামী ব্যাংক সর্বপ্রথম "ক্যাশ ওয়াক্ফ সার্টিফিকেট" স্কীম চালু করেছে। ক্যাশ ওয়াক্ফের মূল অর্থ ব্যাংকের কাছে চিরস্থায়ী আমানত হিসেবে জমা থাকে। শুধু লভ্যাংশ ইসলামি শরীয়াহ্ মোতাবেক সার্বিক সামাজিক কল্যাণে অর্থাৎ পরিবার পুনর্বাসন, শিক্ষা, স্বাস্থ্যসেবা, সামাজিক উপযোগিতা ইত্যাদি খাতে অথবা সার্টিফিকেট ক্রয়কারীর ইচ্ছানুযায়ী ব্যয় করা হয়।

এসআইবিএল জেনারেল ক্যাশ ওয়াক্ফ-এর মুনাফা থেকে বহু ব্যক্তি, প্রতিষ্ঠান, মসজিদ, মাদ্রাসা ও এতিমখানায় আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। এছাড়াও গরিব ও অসহায় রোগীদের ক্যান্সার, হার্ট এবং অন্যান্য জটিল রোগে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। সাভারস্থ সিআরপি (CRP)-এর মাধ্যমে পক্ষাঘাতগ্রস্ত রোগীদের পারিবারিক পুনর্বাসন, সাইট সেভারস-এর মাধ্যমে গরিব রোগীদের চোখের ছানি ও চশমা প্রদান, কুমিল্লাস্থ বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	১১১৯	২৬৯২	২৬৯২	২৬৯২
৩।	রিজার্ভ ফান্ড	৬৫৯	৮৪১	১০০০	১২০০
৪।	**মোট আমানত**	**২২৬৮৮**	**৩১৫৮৮**	**৩৬০০০**	**৪১০০০**
	ক) তলবি আমানত	৪৮১৪	৭১৭৮	৮০০০	৯০০০
	খ) মেয়াদি আমানত	১৭৮৭৪	২৪৪১১	২৮০০০	৩২০০০
৫।	ঋণ ও অগ্রিম	১৮৭২৫	২৪৯৩৮	২৭৬১১	৩০১৭৪
৬।	বিনিয়োগ	৯২২	১৩১১	১৩৫০	১৪০০
৭।	মোট পরিসম্পদ	২৯২৬২	৩৯৯৭৯	৪৫০০০	৫২০০০
৮।	মোট আয়	১৬১১	৩৮১৭	১০০০	২২০০
৯।	মোট ব্যয়	১১৯০	২৭১৫	৬০০	১৩০০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**২৭০২৪**	**৩৪৮৮৮**	**১০৩০০**	**২৮৮৫০**
	ক) রপ্তানি	৮৬৯৬	১৩৯৬৪	৩৫০০	৯৫০০
	খ) আমদানি	১৭২৮৬	১৮২৮৭	৬৫০০	১৮৫০০
	গ) রেমিট্যান্স	১০৪২	২৬৩৭	৩০০	৮৫০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৬৯৪**	**৯৬৫**	**১০৮৬**	**১১৮৩**
	ক) কর্মকর্তা	৬১৮	৮৮২	১০০০	১০৯৩
	খ) কর্মচারী	৭৬	৮৩	৮৬	৯০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২২০০	১৮০০	১৮০০	১৮০০
১৩।	**শাখা (সংখ্যা)**	**২৮**	**৪২**	**৪২**	**৪৫**
	ক) বাংলাদেশে	২৮	৪২	৪২	৪৫
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২

খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি বিনিয়োগ	শিল্প বিনিয়োগ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি বিনিয়োগ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৭৭৭	৫০১৯	৫১৩১	১০১৫০	২৫৯০৭	৩৬৮৩৪
আদায়	২৯২	১১১৮	২৯০৯	৪০২৭	২৮৭২৩	৩৩০৪২
২০০৯						
বিতরণ	৯১৩	৬৫৭৩	৮২১৭	১৪৭৯০	১২৫৫৯	২৮২৬২
আদায়	৩৭৬	১৩১৫	৪১০৯	৫৪২৪	৯৪৫৪	১৫২৫৪
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৩৮৮	৬৪০	১৪০৩	২০৪৩	১৩৮৮১	১৬৩১২
আদায়	৯০	৩৩১	১০৫৮	১৩৮৯	৯৬৫৪	১১১৩৩
৩০ জুন ২০১০**						
বিতরণ	৪২৭	৭০৪	১৫৪৪	২২৪৮	১৩২১৩	১৫৮৮৮
আদায়	১৪৯	২৪৬	৮৪৯	১০৯৫	৮৫৮৮	৯৮৩২

** সাময়িক। ** প্রাক্কলিত।*

হাসপাতালে শিশুবান্ধব ওয়ার্ড প্রতিষ্ঠা, ফ্যাশন আই হাসপাতাল-এর মাধ্যমে গরিব রোগীদের চক্ষুরোগের সেবাসহ বিভিন্ন স্কুলের গরিব ছাত্র-ছাত্রীদের বৃত্তিসহ বই, জুতা ও স্কুল ব্যাগ প্রদান করা হয়েছে। কিডনি ফাউন্ডেশন, বাংলাদেশ ক্যান্সার ফাউন্ডেশন হাসপাতাল ও প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত প্রতিষ্ঠানসহ বহু সামাজিক ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলোকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়ের অবস্থা, শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি এবং মুনাফার হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেখানো হলো।

শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৫৭	৮১৩	৮১৩	১৮৮৩
পরিমাণ	৭০০৩	৮৭১৫	৪২৪৭	১৯৯৬৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২১	১১২	৫৫২	৬৮৫
পরিমাণ	২২৬০	২৪৮০	১৫৭৩০	২০৪৭০
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	২৭৫	৮৬৫	৯০৯	২০৪৯
পরিমাণ	৭৬১৬	৯৪৯৮	৬৯৮০	২৪০৯৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৮	৫২	৯৬	১৬৬
পরিমাণ	৬১৩	৭৮২	২৭৩৩	৪১২৮
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৭	৬৮	৫৮	১৫৩
পরিমাণ	৮৯৭	৯৭২	৫১	১৯২০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৫৪৩**	**৫১৮**	**৫৬২**	**৬২৬**
	ক) শস্য	৫০	৬৩	৭২	৭৬
	খ) শস্য ব্যতীত অন্যান্য	২৮৪	৩৬২	৩৯৮	৪৩৮
	গ) মৎস্য	২০৯	৯৩	৯২	১১২
	ঘ) বনায়ন				
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**২১৬৮**	**৪২২০**	**৪৭৯৮**	**৫১০৫**
	ক) বৃহৎ ও মাঝারি	১১২৬	১৯৪২	২১৯৩	২৩৫০
	খ) ক্ষুদ্র ও কুটির	১০৪২	২২৭৭	২৬০৫	২৭৫৫
৩।	চলতি মূলধন অর্থায়ন	১৯০৩	৩৬৬৪	৪১৩০	৪৪৩৩
৪।	নির্মাণ	১৮৬০	১৩৬৪	১৪৮৯	১৬৫০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৮৯	৭৯	৭৯	৯৫
৬।	পরিবহন ও যোগাযোগ	৪২৯	৫১৭	৫৬৯	৬২৬
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৯৭৭৮**	**১১৯৮৫**	**১৩১৫৬**	**১৪৫০৩**
	ক) পাইকারি ও খুচরা	৬০৯৩	৭৯৬৮	৮৭৬৫	৯৬৪২
	খ) রপ্তানি	১২৮৭	১৪৯১	১৬৪০	১৮০৪
	গ) আমদানি	২১৭৬	২৩৪৮	২৫৮৩	২৮৫১
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	২২২	১৭৮	১৬৮	২১৬
৮।	দারিদ্র্য বিমোচন	২৮০	৩০৫	৩১৩	৩৬৯
৯।	অন্যান্য	১৬৭৫	২২৮৭	২৫১৫	২৭৬৭
	সর্বমোট	**১৮৭২৫**	**২৪৯৩৮**	**২৭৬১১**	**৩০১৭৪**

মুনাফার হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.১২	৫.৬২	৭.০০-১১.৭৫	১০.৩৮	-	১৩.০০-১৬.০০	১৩.০০-১৬.০০	১৪.০৩
২০০৯	৩.৫০	৩.০০	৮.০০-৮.৫০	৭.০৭	১০.০০	১৩.০০	১৩.০০-১৬.০০	১১.১৮
৩১ মার্চ ২০১০*	৩.৫০	৩.০০	৮.২৫-৯.২৫	৭.৫৬	১০.০০	১৩.০০	১৩.০০-১৬.০০	১১.১৩
৩০ জুন ২০১০**	৩.৫০	৩.০০	৮.২৫-৮.৭৫	৭.৯৫	১০.০০	১৩.০০	১৩.০০-১৬.০০	১১.১৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড

নেদারল্যান্ডস্ ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি (এফএমও) এবং বাংলাদেশী উদ্যোক্তাগণের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল) ৩ জুন ১৯৯৬ হতে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসা শুরু করে। ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড ১৪ বছরের কার্যক্রম পরিচালনার মধ্যে দিয়ে নিজেকে ভিন্নভাবে প্রতিষ্ঠিত করেছে। ডিবিবিএল স্বল্প ও সহনীয় খরচে দেশে সর্ববৃহৎ এটিএম নেটওয়ার্ক স্থাপন ও সম্প্রসারণের মাধ্যমে তার গ্রাহকদের কাছে সর্বশেষ প্রযুক্তিনির্ভর ব্যাংকিং সেবা প্রদান করছে। ২০০৯ শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ৪০০০ মিলিয়ন এবং পরিশোধিত মূলধন ১৫০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বর্তমানে একজন ইনডিপেন্ডেন্ট পরিচালক, দু'জন ডিপোজিটরদের মধ্যে থেকে পরিচালক ও একজন সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্যে থেকে নির্বাচিত পরিচালকসহ মোট ৮ জন পরিচালকের সমন্বয়ে গঠিত একটি পর্ষদ ব্যাংকটি পরিচালনা করছে। ২০০৯ সালে ডিবিবিএল-এর

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	১০০০	১৫০০	২০০০	২০০০
৩।	রিজার্ভ ফান্ড	১১৯৭	২০০০	২১৩০	২৩২০
৪।	**মোট আমানত**	**৫১৫৭৬**	**৬৭৭৮৯**	**৭০১৩০**	**৮২০০০**
	ক) তলবি আমানত	৯৯৯৫	১৪৪৫৪	১৫৪০১	১৮০০০
	খ) মেয়াদি আমানত	৪১৫৮১	৫৩৩৩৫	৫৪৭২৯	৬৪০০০
৫।	ঋণ ও অগ্রিম	৪১৬৯৮	৪৯৫৭১	৫২৫০০	৪৪৭১৫
৬।	বিনিয়োগ	৫৩০৩	৯৬৭০	১০৯৫১	১২৪৫১
৭।	মোট পরিসম্পদ	৬০৬১৯	৮১৪৮১	৮৪৩৬৫	৮৭৩৫১
৮।	মোট আয়	৭২৭৬	৮৯১৪	৩৬০৭	৫৫০৯
৯।	মোট ব্যয়	৫৩৪০	৬২১৯	২৭৬০	২৯১৪
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৮৯২৫৪**	**১০১০১২**	**৩৪৪৫৫**	**৮২০০০**
	ক) রপ্তানি	৪০০৮৩	৪১১৬৩	১৩৯৭৬	৩৪৮৫০
	খ) আমদানি	৪৩৯৯৯	৫৩০৮৯	১৮৬০৯	৪৩৩৫০
	গ) রেমিট্যান্স	৫১৭২	৬৭৬০	১৮৭০	৩৮০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**১২২৯**	**১৭৮৫**	**২০৯৩**	**২৩৩০**
	ক) কর্মকর্তা	১২২৯	১৭৮৫	২০৯৩	২৩৩০
	খ) কর্মচারী				
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৯৮	৪৪২	৪৬৫	৪৮৫
১৩।	**শাখা (সংখ্যা)**	**৬৪**	**৭৯**	**৭৯**	**৭৯**
	ক) বাংলাদেশে	৬৪	৭৯	৭৯	৭৯
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	২২০	৬৪০৪	১৬০৭১	২২৪৭৫	১১৬১৭	৩৪৩১২
আদায়	২১৫	৩৯৯৭	১৩৭৮৮	১৭৭৮৫	৯৪৮০	২৭৪৮০
২০০৯						
বিতরণ	৩০০	১১৯৬৪	১২৬৮৬	২৪৬৫০	১৩৬৩৫	৩৮৫৮৫
আদায়	১৯৪	৯৮৮৯	১১২২৪	২১১১৩	১১০৮৯	৩২৩৯৬
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৮	৩৪৯৭	৪৫৯০	৮০৮৭	৬৬৯৪	১৪৭৮৯
আদায়	৭৫	১৭৮৫	৩৬১২	৫৩৯৭	৫১৭২	১০৬৪৪
৩০ জুন ২০১০**						
বিতরণ	৪০	৪৩৩২	৯৯০০	১৪২৩২	৮৬০০	২২৮৭২
আদায়	১১২	২৭১৪	৮২৫৯	১০৯৭৩	৫১৩০	১৬২১৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

কর্মকর্তার সংখ্যা ৫৫৬ জন বৃদ্ধি পেয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ সালে ব্যাংকে কর্মরত মোট জনশক্তির সংখ্যা ছিল ১৭৮৫ জন। শাখা নেটওয়ার্ক সম্প্রসারণের লক্ষ্য নিয়ে ২০০৯ সালে ১৫টি নতুন শাখা উদ্বোধনের মাধ্যমে বছর শেষে ব্যাংকের মোট শাখার সংখ্যা ৭৯টিতে দাঁড়িয়েছে। ২০০৯ সালে ৫টি নতুন এসএমই সার্ভিস সেন্টার উদ্বোধনের মাধ্যমে বছর শেষে মোট এসএমই সার্ভিস সেন্টারের সংখ্যা ১০টিতে দাঁড়িয়েছে।

ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড ব্যাংকিং খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT)-এর অবকাঠামো উন্নয়নে ২.০০ বিলিয়ন টাকার অধিক অর্থ বিনিয়োগ করেছে। সূচনালগ্ন থেকেই ব্যাংক তার গ্রাহকদের সুযোগ-সুবিধা প্রদান ও সন্তুষ্টি অর্জনে দেশের ব্যাংকিং খাতে বিশ্বমানের প্রযুক্তিনির্ভর ব্যাংকিং সেবা প্রদান অব্যাহত রেখেছে। ব্যাংকিং সেবা প্রদান করতে ডিবিবিএল On-line Synchronous Disaster Recovery Site বাস্তবায়ন করেছে, যা বাংলাদেশে প্রথম।

২০০৯ শেষে এটিএম বুথ-এর সংখ্যা ৭০০ টিতে উন্নীত করা হয়, যা দেশের সর্ববৃহৎ এটিএম নেটওয়ার্ক। এছাড়া দেশের বিভিন্ন ব্যবসায়িক কেন্দ্রসমূহে ১১০০টি POS টার্মিনাল স্থাপন করা হয়েছে। ডিবিবিএল -এর এটিএম বুথ ও POS টার্মিনাল নেটওয়ার্ক EMV (Europay, MasterCard and VISA) কমপ্লায়েন্ট, যা দেশে প্রথমবারের মতো গ্রাহকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য করা হয়েছে।

বর্তমানে দেশে-বিদেশে ব্যবহারের জন্য ডিবিবিএল ক্লাসিক এবং গোল্ড ভিসা ইএমভি ক্রেডিট কার্ড প্রবর্তন করেছে। ইউএস ডলার এবং বাংলাদেশী টাকা উভয়ের জন্য ব্যাংকের মাল্টিকারেন্সি ক্রেডিট কার্ড আছে। অপরপক্ষে, ইএমভি কার্ডের মূল বৈশিষ্ট্য হলো প্রতিযোগিতামূলক সুদের হার, এটিএম বুথ থেকে শতভাগ ক্যাশ উত্তোলন সুবিধা, ক্যাশ উত্তোলনের ক্ষেত্রে শূন্য ক্যাশ অ্যাডভান্স ফি ও ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০ দিন সুদমুক্ত সময়। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ডিবিবিএল তার গ্রাহকবৃন্দের জন্য ৭৫৫০০০টি ডেবিট কার্ড ইস্যু করেছে।

বিশ্বব্যাপী অর্থনৈতিক সংকট এবং দেশের ব্যবসায়িক মন্দা সত্ত্বেও ২০০৯ সালে ডিবিবিএল-এর ব্যবসা এবং মুনাফার ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে। ২০০৯ সালে আমানত ৫১৫৭৬ মিলিয়ন টাকা থেকে ৩১.৪৪% বৃদ্ধি পেয়ে ৬৭৭৮৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। একই সংগে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০০৮ সালের ৪১৬৯৮ মিলিয়ন টাকা থেকে ১৮.৮৮% বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ৪৯৫৭১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সালে ব্যাংক ১০১০১২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, এর মধ্যে রপ্তানি ৪১১৬৩ মিলিয়ন ও আমদানি ৫৩০৮৯ মিলিয়ন টাকা। এছাড়া পরিচালনালব্ধ মুনাফা ২০০৮ সালের ১৯৩৬ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ২৬৯৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

সামাজিক দায়বদ্ধতা পালনে ব্যাংকের সরাসরি ভূমিকা রাখার জন্য ডিবিবিএল ২০০১ সালে ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন গঠন করে। এর আওতায় ব্যাংক প্রতি বছর কর পূর্ববর্তী মুনাফার ৫.০% ডাচ্-বাংলা ব্যাংক ফাউন্ডেশনকে প্রদান করে, যার পরিমাণ পূর্ববর্তী বছরের ৯৩.৫ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ১১৩.৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ডিবিবিএল মেধাবী কিন্তু আর্থিকভাবে অস্বচ্ছল ছাত্র-ছাত্রীদেরকে এইচএসসি ও স্নাতক পর্যায়ে বৃত্তি প্রদানের পাশাপাশি এমফিল/পিএইচডি/পোস্ট ডক্টরাল স্তরে গবেষণার জন্য ফেলোশীপ প্রদান করে আসছে। ২০০৯ সাল পর্যন্ত এইচএসসি পর্যায়ে ৭৪৫ জন

ও স্নাতক পর্যায়ে ৮৭৬ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করেছে। এছাড়া, ২০০৯ সাল পর্যন্ত এমফিল/পিএইচডি/পোস্ট ডক্টরাল স্তরে গবেষণার জন্য ১৫৯ জনকে ফেলোশীপ প্রদান করেছে।

ডাচ্-বাংলা ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে ২০০৩ সাল থেকে বিভিন্ন জেলার ৪৬৭৯ জনেরও বেশি দরিদ্র ঠোঁট কাটা ছেলেমেয়েদের প্লাস্টিক সার্জারি তথা "মধুর হাসি" কার্যক্রমের মাধ্যমে মুখে হাসি ফিরিয়ে দিয়েছে। ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড তার ফাউন্ডেশনের মাধ্যমে ২০০৮ সাল থেকে পর্যায়ক্রমে সারাদেশব্যাপী ১২০০০ জন দরিদ্র ও অন্ধ লোককে উন্নততর ছানি অপারেশনের মাধ্যমে অন্ধত্ব দূর করার কার্যক্রম গ্রহণ করেছে। এই কার্যক্রমের আওতায় ২০০৯ সাল পর্যন্ত দেশের বিভিন্ন অঞ্চলের প্রায় ১৭৫০ জনের চোখের ছানি অপারেশন বিনামূল্যে সফলভাবে সম্পন্ন করেছে। ডিবিবিএল Obstetrical and Gynecological Society of Bangladesh (OGSB) হাসপাতাল, মিরপুর, ঢাকাকে ভবন নির্মাণের জন্য ২০ মিলিয়ন টাকা সাহায্যের অনুমোদন দিয়েছে। ২০০৯ সালে ডিবিবিএল ফাউন্ডেশন ICDDRB কে একটি আন্তর্জাতিক মানসম্পন্ন আধুনিক ব্লাড ব্যাংক স্থাপনের জন্য ১১.৪৮ মিলিয়ন টাকা আর্থিক সাহায্যের অনুমোদন দিয়েছে। এছাড়া পল্লীর জনগণকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করার জন্য ডিবিবিএল তার পল্লী শাখাগুলোতে স্বাস্থ্য সেবা কেন্দ্র খুলেছে।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি- ৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৫৫৬	৫৮৬	-	২১৪২
পরিমাণ	৭২৩৯০	৪৩৬৫	-	৭৬৭৫৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪২৬	১২৭	-	৫৫৩
পরিমাণ	১৭৯৭৭	৮৮৮	-	১৮৮৬৫
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	১৭৮৪	৬৪৭	-	২৪৩১
পরিমাণ	৭৫০৮৪	৪৬৬৪	-	৭৯৭৪৮
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২২৮	৬১	-	২৮৯
পরিমাণ	২৬৯৪	২৯৯	-	২৯৯৩
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩৯৫	৬৭	-	৪৬২
পরিমাণ	৯৬৮০	৬৯৮	-	১০৩৭৮

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৬৬৩**	**৭৪৫**	**১৩১০**	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৬৬৩	৭৪৫	১৩১০	
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৯৫৬০**	**১৪৩০৯**	**১৫৯৭৫**	-
	ক) বৃহৎ ও মাঝারি	৯০৫৪	১২৩২৮	১৪০৫৫	-
	খ) ক্ষুদ্র ও কুটির	৫০৬	১৯৮১	১৯২০	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	১২২৩৪	১৫৪৫১	১৫১৯৫	১৮২৭৮
৪।	নির্মাণ	৫৮৪	৬৭৮	৭১১	৮৬৮
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৪২২	৪৯০	৫১৩	৬২৬
৬।	পরিবহন ও যোগাযোগ	৭০৮	৮২২	৮৬২	১০৫২
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৯৯৪০**	**১০৩৩৫**	**১০৮৩৭**	**১৩২৩৪**
	ক) পাইকারি ও খুচরা	৪৬৩৪	৫১৮০	৫৪৩২	৬৬৩৪
	খ) রপ্তানি	৬৮৯	৭৯৫	৮৩৩	১০১৭
	গ) আমদানি	৪৬১৭	৪৩৬০	৪৫৭২	৫৫৮৩
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	৩৩	১	১	১
৯।	অন্যান্য	৭৫৫৪	৬৭৪০	৭০৯৬	১০৬৫৬
	সর্বমোট	**৪১৬৯৮**	**৪৯৫৭১**	**৫২৫০০**	**৪৪৭১৫**

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.০০-৬.০০	৪.০০-৫.০০	৮.৫০-১২.৭৫	৭.৬৬	৯.৫০-১২.৫০	১৩.৫০-১৫.৫০	১৩.০০-১৭.৫০	১৩.৬২
২০০৯	৪.০০-৫.০০	১.০০-৪.০০	৬.০০-৭.০০	৬.৫৩	১১.০০-১৩.০০	১৩.০০	১৩.৫০-১৭.৫০	১২.৯৬
৩১ মার্চ ২০১০*	৪.০০-৫.০০	১.০০-৪.০০	৬.০০-৭.০০	৪.৫৩	১১.০০-১৩.০০	১৩.০০	১৩.৫০-১৭.৫০	১১.৬৯
৩০ জুন ২০১০**	৪.০০-৫.০০	১.০০-৪.০০	৬.০০-৭.০০	৪.১৬	১১.০০-১৩.০০	১৩.০০	১৩.৫০-১৭.৫০	১১.৮৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড ১৯৯৯ সালের ২ জুন ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এটি সম্পূর্ণ দেশীয় উদ্যোগে প্রতিষ্ঠিত তৃতীয় প্রজন্মের বেসরকারি ব্যাংক। ২০০৯ সালের শেষে এ ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ৮০০০ মিলিয়ন ও ২১৫৮ মিলিয়ন টাকা। ২০০৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংকের শাখার সংখ্যা ছিল ৫৩টি, যার মধ্যে ১২টি পল্লী শাখা এবং ৩টি এসএমই/কৃষি শাখা। ২০০৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংকের মোট জনশক্তি ছিল ১৩০৩ জন, এর মধ্যে কর্মকর্তা ১২৭৭ জন এবং কর্মচারী ২৬ জন।

২০০৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম-এর পরিমাণ ছিল যথাক্রমে ৫৮০৩৩ এবং ৪৮২৯৫ মিলিয়ন টাকা। ব্যাংকের অর্থায়নকৃত প্রধান খাতগুলো হচ্ছে ব্যবসা ও বাণিজ্য, পোশাক শিল্প, টেক্সটাইল, পরিবহন শিল্প, বৃহৎ ও মাঝারি শিল্প, কৃষি, রিয়েল এস্টেট, কনজ্যুমার্স ক্রেডিট, ক্ষুদ্র ঋণ এবং কাচ ও কাচ পণ্য। ব্যাংকটি ২০০৯ সালে মোট ১১১৯৫৩ টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করেছে, যার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ৬০৫৯৩, ৪৬২৯৯ এবং ৫০৬১ মিলিয়ন টাকা। ব্যাংক যে সব সামগ্রীর আমদানি ঋণপত্র খুলেছে সেগুলোর মধ্যে

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	১৭৯৯	২১৫৮	২১৫৮	২৬৩৩
৩।	রিজার্ভ ফান্ড	২৩৮৮	২৮৩৭	৪০৯৯	৪৬৯৯
৪।	**মোট আমানত**	**৪৯৫৩৮**	**৫৮০৩৩**	**৬০৮২৭**	**৬৬৯১০**
	ক) তলবি আমানত	৫৬৭৪	৬৯৬৬	৬৭৫৭	৭৪৩২
	খ) মেয়াদি আমানত	৪৩৮৬৪	৫১০৬৮	৫৪০৭০	৫৯৪৭৭
৫।	ঋণ ও অগ্রিম	৪১৯৯৩	৪৮২৯৫	৪৯৯০৯	৫২৪৪৫
৬।	বিনিয়োগ	৭৬৯০	৯৬৭৩	৯৬২১	১০৫৮৪
৭।	মোট পরিসম্পদ	৫৫৯২৯	৬৬১৬৭	৭২৫৩৭	৭৯৭৯০
৮।	মোট আয়	৬৮৭৮	৮২৪৮	২৬৪৯	৩৭০৯
৯।	মোট ব্যয়	৫২৯৬	৬৩৩৬	২০৭৭	২৪৯৩
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**১০৪৩৬০**	**১১১৯৫৩**	**৬৫৪৩৩**	**৭১৯৭৬**
	ক) রপ্তানি	৪৩১০৯	৪৬২৯৯	১১৮৩৩	২৭২১৭
	খ) আমদানি	৫৬৫২৯	৬০৫৯৩	২০১৬৮	৪৬৩৮৬
	গ) রেমিট্যান্স	৪৭২৩	৫০৬১	১১৪৭	২৬৩৯
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**১১১৫**	**১৩০৩**	**১৩২২**	**১৩৪০**
	ক) কর্মকর্তা	১০৮৭	১২৭৭	১২৯৫	১৩০৫
	খ) কর্মচারী	২৮	২৬	২৭	৩৫
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৫৮৬	৫৯০	৫৯৫	৬১০
১৩।	**শাখা (সংখ্যা)**	**৪২**	**৫৩**	**৫৩**	**৫৩**
	ক) বাংলাদেশে	৪২	৫৩	৫৩	৫৩
	খ) বিদেশে	-	-	-	-

মূলধনী যন্ত্রপাতি, হট রোল স্টীল, ইলেক্ট্রনিক্স সামগ্রী, চাল, গম, বীজ, সিডিএসও, রঞ্জক পদার্থ, রাসায়নিক দ্রব্য, তুলা, গার্মেন্টস অ্যাক্সেসরিজ অন্যতম। ব্যাংকের রপ্তানি বাণিজ্যে মূল পণ্য ছিল তৈরী পোশাক। এছাড়াও অন্যান্য সামগ্রীর মধ্যে ছিল পাটজাত সামগ্রী, চামড়া, হস্তশিল্পজাত সামগ্রী, চা, হিমায়িত খাদ্য ও মাছ। ব্যাংকের অগ্রগতির বিভিন্ন তথ্য সারণি-১-এ উল্লেখ করা হলো।

মার্কেন্টাইল ব্যাংক জনসাধারণের জন্য বিভিন্ন প্রকার আমানত ও ঋণ প্রকল্প চালু করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হলোঃ

১. ফ্যামিলি মেইনটেনেন্স ডিপোজিট স্কীম;

২. মাসিক সঞ্চয় প্রকল্প;

৩. দ্বিগুণ বৃদ্ধি আমানত প্রকল্প;

৪. দেড় গুণ বৃদ্ধি আমানত প্রকল্প;

৫. অগ্রিম মুনাফা আমানত প্রকল্প;

৬. কনজ্যুমার্স ক্রেডিট স্কীম;

৭. ক্ষুদ্র ঋণ প্রকল্প;

৮. ডাক্তার ঋণ প্রকল্প;

৯. পল্লী উন্নয়ন প্রকল্প;

১০. ত্রৈমাসিক আমানত প্রকল্প;

১১. মহিলা উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প;

১২. ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থায়ন প্রকল্প;

১৩. পার্সোনাল লোন স্কীম;

১৪. কার লোন স্কীম;

১৫. হোম লোন স্কীম; এবং

১৬. ওভারসিজ এমপ্লয়মেন্ট লোন স্কীম।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে এ ব্যাংকের ঋণ বিতরণের পরিমাণ দাঁড়িয়েছে ৩৯৫২৪ মিলিয়ন টাকা, যার মধ্যে শিল্প ঋণের পরিমাণ ১৩৩১৭ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকের মোট আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ২৭২৬১ মিলিয়ন টাকা। ২০০৮ ও ২০০৯ সালে ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২-এ উল্লেখ করা হলো। সেই সংগে ২০১০ সালের মার্চ পর্যন্ত সাময়িক এবং জুন পর্যন্ত প্রাক্কলিত ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ উল্লেখ করা হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড শুরু থেকে ২০০৯ সাল পর্যন্ত মোট ১৪৮৫টি বৃহৎ ও মাঝারি প্রকল্পে ঋণ মঞ্জুর করেছে, যার পরিমাণ ২৫৪৩২ মিলিয়ন টাকা। এর মধ্যে ব্যাংক ২০০৯ সালে ঋণ মঞ্জুর করেছে ১৫০টি প্রকল্পে, যার পরিমাণ ২৫২২ মিলিয়ন টাকা। ব্যাংকের শুরু থেকে ২০০৯ সাল পর্যন্ত ২৮৬০টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ঋণ মঞ্জুর করেছে, যার পরিমাণ ৯২২ মিলিয়ন টাকা। শিল্পের আকারভিত্তিক মঞ্জুরকৃত ঋণের পরিমাণ সারণি-৩-এ উল্লেখ করা হলো ।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৪৮	২০৫৫৮	১৯৫৩২	৪০০৯০	২১২৬৫	৬১৪০৩
আদায়	৪৪১	৪২০৭	১২০৫০	১৬২৫৭	২৭১১	১৯৪০৯
২০০৯						
বিতরণ	১৯৯	৬০৭৫	৭২৩২	১৩৩১৭	২৬০১৮	৩৯৫২৪
আদায়	৪৪৯	৬৫৬৮	৫৮৪৫	১২৪১৩	১৪৩৯৯	২৭২৬১
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৩২	১৭৫০	৩২৫০	৫০০০	৯৫০০	১৪৫৩২
আদায়	৩০	১৬৫০	৩১৮০	৪৭৫০	৫৭৫০	১০৫৩০
৩০ জুন ২০১০**						
বিতরণ	২০০	৫১৫০	৭৫০০	১২৬৫০	১৩০০০	২৫৮৫০
আদায়	১৯০	২১৫০	৪৫০০	৬৬৫০	৭৫০০	১৪৩৪০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

খাতভিত্তিক ঋণের স্থিতি

২০০৯ শেষে ব্যাংকের মোট ঋণের পরিমাণ ছিল ৪৮২৯৫ মিলিয়ন টাকা, যা ২০০৮ শেষে ছিল ৪১৯৯৩ মিলিয়ন টাকা। ২০০৯ সালে সবচেয়ে বেশি পরিমাণ ঋণের স্থিতি ছিল ব্যবসা-বাণিজ্য খাতে, যার পরিমাণ ১৫৯৮২ মিলিয়ন টাকা। এছাড়াও বৃহৎ ও মাঝারি শিল্পে ঋণের পরিমাণ ছিল ১৫৬৩৮ মিলিয়ন টাকা। ২০১০ সালের মার্চ পর্যন্ত ব্যাংকের মোট ঋণের পরিমাণ ছিল ৪৯৯০৯ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ উল্লেখ করা হলো

সুদের হার

২০০৯ সালে ব্যাংকের দীর্ঘমেয়াদি আমানতের ওপরে সুদের হার ছিল ৬.০০%-১৩.১০%। ২০০৯ সালে ব্যাংকের আমানতের সুদের ভারীত গড় ছিল ৮.৮১%, যা ২০০৮ সালে ছিল ৯.১৯%। ঋণ প্রদানের ক্ষেত্রে ২০০৯ সালে ব্যাংকের সুদের হার ছিল ২.০০-১৬%। ২০০৯ সালে ব্যাংকের ঋণের সুদের ভারীত গড় ছিল ১৩.১২%, যা ২০০৮ সালে ছিল ১৩.২৪%।

সুদের হার সংক্রান্ত উপাত্ত সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৪৮৫	২৮৬০	-	৪৩৪৫
পরিমাণ	২৫৪৩২	৯২২	-	২৬৩৫৪
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৫০	৭৫০	-	৯০০
পরিমাণ	২৫২২	৩৬০	-	২৮৮২
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	১৫৩০	৩০০০	-	৪৫৩০
পরিমাণ	২৭৪৩২	৯৮২	-	২৮৪১৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪৫	১৪০	-	১৮৫
পরিমাণ	২০০০	৬০	-	২০৬০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৯৫	৩৫০	-	৪৪৫
পরিমাণ	৪৫০০	১৫০	-	৪৬৫০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	মার্চ ৩১, '১০ (সাময়িক)	জুন ৩০, '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৬৪৫**	**৩৩৮**	**২৭৩**	**২৭৫**
	ক) শস্য	২৫৫	৭৯	২২	২৫
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৭৮	২৩৪	২৩১	২৩০
	গ) মৎস্য	১২	২৫	২০	২০
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১১০২৫**	**১৬১৬০**	**১৬১৭৫**	**১৬৫৫০**
	ক) বৃহৎ ও মাঝারি	১০৬৮৮	১৫৬৩৮	১৫৬৫০	১৬০০০
	খ) ক্ষুদ্র ও কুটির	৩৩৭	৫২২	৫২৫	৫৫০
৩।	চলতি মূলধন অর্থায়ন	১০৫৬১	১০১৯৪	১০৫৭০	১১৫০০
৪।	নির্মাণ	২৫৩৭	৩১০৬	৩২৪০	৩৫০০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৪২৭	৯৮৫	১২৫০	১৪০০
৬।	পরিবহন ও যোগাযোগ	৪৯৭	৬৭৬	৭২১	৭৫০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৫১৩৯**	**১৫৯৮২**	**১৬৭৫৩**	**১৭৪৩০**
	ক) পাইকারি ও খুচরা	৩৮৫০	২৫৫৫	২৩০৪	২৫০০
	খ) রপ্তানি	৩১৬৫	৪২৪৬	৪৩৮৪	৪৫০০
	গ) আমদানি	৭৬৭৪	৮৯১৭	৯৮১০	১০১৭৫
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৪৫০	২৬৪	২৫৫	২৫৫
৮।	দারিদ্র্য বিমোচন	৪৫৪	১০৪	১০৭	১১০
৯।	অন্যান্য	৭০৮	৭৫০	৮২০	৯৩০
	সর্বমোট	**৪১৯৯৩**	**৪৮২৯৫**	**৪৯৯০৯**	**৫২৪৪৫**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৭.৫০	৬.৫০	১০.০০-১৩.৫০	৯.১৯	৯.০০	১৩.০০-১৬.০০	১৪.০০-১৬.০০	১৩.২৪
২০০৯	৬.০০	৫.০০	৬.০০-১৩.১০	৮.৮১	২.০০-১১.৫০	৭.০০-১৩.০০	১১.৫০-১৬.০০	১৩.১২
৩১ মার্চ ২০১০*	৬.০০	৫.০০	৭.০০-৯.৭৫	৭.৪০	২.০০-১১.৫০	৭.০০-১৩.০০	১১.৫০-১৬.০০	১২.৮১
৩০ জুন ২০১০**	৬.০০	৫.০০	৭.০০-৯.৭৫	৮.০০	২.০০-১১.৫০	৭.০০-১৩.০০	১১.৫০-১৬.০০	১২.৫০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

১৯৯৯ সালে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড যাত্রা শুরু করে। ২০০৯ সালে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ২৬৪৪ মিলিয়ন টাকা এবং দেশব্যাপী বিস্তৃত শাখার সংখ্যা দাঁড়ায় ৪১টিতে। ২০০৯ সালে ৬২৭ জন নির্বাহী ও কর্মকর্তা এবং ১৯৪ জন কর্মচারীসহ মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৮২১ জন। উল্লেখ্য, প্রতিষ্ঠার চার বছর সময়ের পরিসরেই ব্যাংকটি দেশের পুঁজিবাজারে আত্মপ্রকাশ করতে সক্ষম হয়েছে।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড ২০০৯ সালে মোট ১৫৩০ মিলিয়ন টাকা পরিচালন মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে, যা ২০০৮ সালের তুলনায় ৪.২২ শতাংশ বেশি। একই সংগে এই তারিখে ব্যাংকের আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ৪২৫৫৬ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৪৫.২২ শতাংশ বেশি এবং ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ৩৮০৫৬ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৩৯.৯৭ শতাংশ বেশি। আলোচ্য সময়ে ব্যাংকের আমদানি ও রপ্তানি বাণিজ্যের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০৪১১ ও ২৯১৭৭ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ১৩.২৩ ও ১৬.৩৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় দক্ষতার ফলশ্রুতিতে বর্তমানে খেলাপী ঋণের পরিমাণ ১.৮৩ শতাংশে দাঁড়িয়েছে।

ব্যাংকিং সেবায় নতুন মান আনয়নের লক্ষ্যে স্থাপিত সম্পূর্ণ কম্পিউটারাইজড ও আধুনিক সুবিধা সম্বলিত ব্যাংকিং সেবা প্রদানের পাশাপাশি ব্যাংক আন্তর্জাতিক মানসম্পন্ন ২২টি ব্যাংকের সংগে বৈদেশিক বাণিজ্যে লেনদেনের জন্য সম্পর্ক স্থাপন করেছে। এই ব্যাংকগুলোর বিশ্বব্যাপী বিস্তৃত নেটওয়ার্কের সহায়তায় বিদেশে কর্মরত



একটি কম্পোজিট ইন্ডাস্ট্রিতে ব্যাংকের অর্থায়ন।

বাংলাদেশী নাগরিকদের দেশে অর্থ প্রেরণ ও বৈদেশিক বাণিজ্যে অংশগ্রহণের মাধ্যমে দেশীয় অর্থনীতির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। এছাড়াও ব্যাংক প্রবাসীদের সহায়তাদানের লক্ষ্যে স্ট্যান্ডার্ড এক্সচেঞ্জ কোম্পানি লিঃ নামে ইউকে-তে একটি এক্সচেঞ্জ হাউস প্রতিষ্ঠিত করেছে, যার মাধ্যমে সহজে ও দ্রুত রেমিট্যান্স গ্রহণ করা সম্ভব হচ্ছে। বৈদেশিক বাণিজ্যে আরো অধিক গতিশীলতা আনয়নের লক্ষ্যে ব্যাংক সুইফট-এর সদস্য হওয়ার মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করছে এবং ইতোমধ্যেই ব্যাংকের ৪১টি শাখার সবক'টি অনলাইন ব্যাংকিং-এর আওতায় এসেছে এবং এটিএম ও ডেবিট কার্ড চালু করেছে। ক্রেডিট কার্ডও প্রক্রিয়াধীন রয়েছে, যা অচিরেই চালু হবে।

দারিদ্র্য বিমোচন, স্বল্প আয়ের মানুষের সহায়তা প্রদান এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প সম্প্রসারণের লক্ষ্যে ব্যাংক দেশের বিভিন্ন অঞ্চলে ৬টি এসএমই সার্ভিস সেন্টার চালু করেছে। পাশাপাশি ব্যাংক কৃষি ও পল্লী উন্নয়নে সহজ শর্তে ঋণ দিয়ে আসছে। এছাড়াও ব্যাংক মার্চেন্ট ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের সহায়তা করছে এবং দু'টি ইসলামি ব্যাংকিং উইং-এর মাধ্যমে প্রচলিত ব্যাংকিং-এর পাশাপাশি ইসলামি ব্যাংকিং সেবা প্রদান করছে।

স্ট্যান্ডার্ড ব্যাংক সময় ও যুগোপযোগী নতুন নতুন সঞ্চয় ও বিনিয়োগের আকর্ষণীয় স্কীম প্রণয়নের মাধ্যমে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ব্যাংকিং সেবা দিয়ে দ্রুত এগিয়ে যাচ্ছে।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি ১, ২, ৩, ৪ ও ৫-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৮৮০০	৮৮০০	৮৮০০
২।	পরিশোধিত মূলধন	২২০৩	২৬৪৪	২৬৪৪	৩১৭৩
৩।	রিজার্ভ ফান্ড	১২২০	১৫৮৬	১৫৮৬	১৫৮৬
৪।	**মোট আমানত**	**২৯৩০৫**	**৪২৫৫৬**	**৪৪৪৯০**	**৫১১৬৩**
	ক) তলবি আমানত	৪৮১২	৫৫৭৮	৭১৪৭	৮২১৯
	খ) মেয়াদি আমানত	২৪৪৯৩	৩৬৯৭৮	৩৭৩৪৩	৪২৯৪৪
৫।	ঋণ ও অগ্রিম	২৭১৮৯	৩৮০৫৬	৪১৪৪৭	৪৫১৩৯
৬।	বিনিয়োগ	৩২১৭	৫৩৪০	৫৩০৬	৫৮৩৬
৭।	মোট পরিসম্পদ	৩৪২১০	৪৯০০১	৭৬৯৩১	৮১৪৩১
৮।	মোট আয়	৪১৬৪	৫৫৪৫	১৯৬৫	৪৪২১
৯।	মোট ব্যয়	২৬৯৬	৪০১৫	১৪৩২	৩২২২
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৬১৫৯০**	**৭০২৮৪**	**২৬৫৪৮**	**৫৬৮৮৯**
	ক) রপ্তানি	২৫০৭২	২৯১৭৭	১০৭৩৫	২৩০০৪
	খ) আমদানি	৩৫৬৮৯	৪০৪১১	১৫১২০	৩২৪০০
	গ) রেমিট্যান্স	৮২৯	৬৯৬	৬৯৩	১৪৮৫
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৭৫৭**	**৮২১**	**৮৪৫**	**৯৫০**
	ক) কর্মকর্তা	৫৮৭	৬২৭	৬৪১	৭৩৬
	খ) কর্মচারী	১৭০	১৯৪	২০৪	২১৪
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২১	২২	২২	২২
১৩।	**শাখা (সংখ্যা)**	**৩২**	**৪১**	**৪১**	**৪৫**
	ক) বাংলাদেশে	৩২	৪১	৪১	৪৫
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৩৪	২২৯৬	১২১১৩	১৪৪০৯	২২৯১৩	৩৭৩৫৬
আদায়	১৬	৯৯৫	৮৬৩৮	৯৬৩৩	১৫৪৭৩	২৫১২২
২০০৯						
বিতরণ	১০২	৬৮৮৮	৩৬৩৩৯	৪৩২২৭	৬৮৭৩৯	১১২০৬৮
আদায়	৪৮	২৯৮৫	২৫৯১৪	২৮৮৯৯	৪৬৪১৯	৭৫৩৬৬
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১২৮	৮৬১০	৪৫৪২৪	৫৪০৩৪	৮৫৯২৪	১৪০০৮৬
আদায়	৬০	৩৭৩২	৩২৩৯৩	৩৬১২৫	৫৮০২৩	৯৪২০৮
৩০ জুন ২০১০**						
বিতরণ	১৬০	১০৭৬৩	৫৬৭৮০	৬৭৫৪৩	১০৭৪০৫	১৭৫১০৮
আদায়	৭৫	৪৬৬৫	৪০৪৯২	৪৫১৫৭	৭২৫৩০	১১৭৭৬২

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৯২	৪২	-	৩৩৪
পরিমাণ	১০৬৯৭	১৮৩	-	১০৮৮০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১২৩	২২	-	১৪৫
২০০৬ সাল হতে ব্যাংক অন-লাইন ব্যাংকিং-এর মাধ্যমে সকল শাখাসমূহকে সংযোগকরণ ও সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে। এছাড়াও ২০০৮ সালের এপ্রিলে এ ব্যাংক মার্চেন্ট ব্যাংকিং ও জুলাইতে ইসলামি ব্যাংকিং কার্যক্রম শুরু করে।

দারিদ্র্য বিমোচন ও ক্ষুদ্র ঋণ বিষয়ক কার্যক্রম

দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ট্রাস্ট ব্যাংক লিঃ -এর নিজস্ব কর্মসূচি রয়েছে। এ ব্যাংক সেনা, নৌ ও বিমান বাহিনীর সাধারণ সদস্যদের কল্যাণে ও তাদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদান করে থাকে।

আর্থিক খাত সংস্কার নীতি এবং সুশাসন সংক্রান্ত কার্যক্রম

আর্থিক খাত উন্নয়ন ও সংস্কারের বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রদত্ত নির্দেশনা পরিপালনে ট্রাস্ট ব্যাংক লিঃ অঙ্গীকারাবদ্ধ। ইতোমধ্যে এই ব্যাংক বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকিং খাতের ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে প্রণীত গাইডলাইনের আলোকে নিজস্ব গাইডলাইন প্রণয়নপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক-এর নির্দেশনা মোতাবেক ক্রেডিট রিস্ক গ্রেডিং ম্যানুয়েলের নির্দেশনা এই ব্যাংক বাস্তবায়ন করেছে এবং সময়োপযোগী করার লক্ষ্যে বার্ষিক পর্যালোচনার পদক্ষেপ গ্রহণ করেছে।

ট্রাস্ট ব্যাংক লিমিটেড-এর ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	১৮৭৩	৬৭৫০	১১১০০	১৭৮৫০	১৭২১০	৩৬৯৩৩
আদায়	২৬৯	১১১	৫৭৬১	৫৮৭২	৮০৩৬	১৪১৭৭
২০০৯						
বিতরণ	৯৬২	১৩১৬	৬৭০৯	৮০২৫	১২৬৯৬	২১৬৮৩
আদায়	৩১৭	২২৮৪	৭৫৮৬	৯৮৭০	৯৩৬৬	১৯৫৫৩
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১০৩	৪২০	৩২২০	৩৬৪০	৪৭০৭	৮৪৫১
আদায়	৮২	৫৮০	২০২৫	২৬০৫	২৫৩৩	৫২২০
৩০ জুন ২০১০**						
বিতরণ	৪০০	১০৫০	৭৫০০	৮৫৫০	১০২৫০	১৯২০০
আদায়	১৮০	১২০০	৪৫০০	৫৭০০	৭৬২৫	১৩৫০৫

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৬৭১	১৭৮	-	৮৪৯
পরিমাণ	১০৪৮৬	১৮৭	-	১০৬৭৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৯১	১৩৩	-	৩২৪
পরিমাণ	৪৭৮৯	১০৯	-	৪৮৯৮
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৭০২	২০৮	-	৯১০
পরিমাণ	১০৮২০	২২০	-	১১০৪০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩১	৩০	-	৬১
পরিমাণ	৩৩৪	৩৩	-	৩৬৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৭৫	৯০	-	১৬৫
পরিমাণ	৭০০	৮৫	-	৭৮৫

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**১১২০**	**৫৯২**	**৮৪২**	**১০০০**
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	১০৬০	৫৫৪	৮১০	৯৩০
	গ) মৎস্য	৬০	৩৮	৩২	৭০
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৫৪৮৫**	**৫৫২৭**	**৫৭৭৫**	**৬২০০**
	ক) বৃহৎ ও মাঝারি	৫৪৫৩	৫৪৬৩	৫৭০৫	৬১১০
	খ) ক্ষুদ্র ও কুটির	৩২	৬৪	৭০	৯০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৬৮৩৫	৫১৪৭	৫৮৭৫	৭০০০
৪।	নির্মাণ	২৩০৬	২২২৫	২২৮০	২৫০০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৬৫	২৫৬	২৭০	২৯০
৬।	পরিবহন ও যোগাযোগ	১৯৯	২৯৯	৩১০	৩২০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৫৯৮৪**	**১১১৮৭**	**১১৫৫০**	**১২০০০**
	ক) পাইকারি ও খুচরা	৩৩৯৯	৭৮১৮	৮১২৫	৮৫০০
	খ) রপ্তানি	৭২	৩৭৪	৩৮০	৪০৫
	গ) আমদানি	২৪৯৭	২৯৭৪	৩০২০	৩০৬৫
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১৬	২২	২৫	৩০
৮।	দারিদ্র্য বিমোচন	৬৫০	৬৬৫	৬৭০	৭০০
৯।	অন্যান্য	৪৭৮৫	৬৭৬৫	৬৬৫৭	৭৯৯০
	সর্বমোট	**২৭৫২৯**	**৩২৬৬৩**	**৩৪২২৯**	**৩৮০০০**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৭.০০	৪.০০	১০-১২.৭৫	৯.০২	১০.০০	১৪.০০	১৪.০০	১৩.৬০
২০০৯	৭.০০	৪.০০	৮.০০-৯.০০	৭.৮৯	১০.০০	১৩.০০	১৩.০০	১২.৯৬
৩১ মার্চ ২০১০*	৭.০০	৪.০০	৮.০০-৯.০০	৬.৯৫	১০.০০	১৩.০০	১৩.০০	১২.২১
৩০ জুন ২০১০**	৭.০০	৪.০০	৮.০০-৯.০০	৬.৯৫	১০.০০	১৩.০০	১৩.০০	১২.২০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শাহ্‌জালাল ইসলামী ব্যাংক লিমিটেড

শাহ্‌জালাল ইসলামী ব্যাংক লিমিটেড ১০ মে ২০০১-এ ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এ ব্যাংকের সকল কার্যক্রম ইসলামি শরীয়াহ্‌ মোতাবেক পরিচালিত হয় এবং ইসলামি শরীয়াহ্‌ অনুমোদিত বিভিন্ন পদ্ধতিতে ব্যাংক বিনিয়োগ করে থাকে। বিনিয়োগলব্ধ মুনাফা থেকে আনুপাতিক হারে আমানতকারীদেরকে মুনাফা প্রদান করা হয়। ইতোমধ্যে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে এ ব্যাংক বেশ কিছু আকর্ষণীয় প্রকল্প গ্রহণ করেছে, যার মধ্যে টাকা দ্বিগুণ/তিনগুণ বৃদ্ধি প্রকল্প, মাসিক উপার্জন প্রকল্প, মাসিক আমানত প্রকল্প, হজ্জ ডিপোজিট প্রকল্প, মিলিয়নিয়ার প্রকল্প, হাউজিং ডিপোজিট প্রকল্প, ক্যাশ ওয়াকফ ডিপোজিট প্রকল্প, লাখপতি ডিপোজিট প্রকল্প, মোহর ডিপোজিট প্রকল্প, শিক্ষা ডিপোজিট প্রকল্প, বিবাহ ডিপোজিট প্রকল্প, কিস্তিতে গৃহসামগ্রী ক্রয় প্রকল্প, ক্ষুদ্র ব্যবসায়ী বিনিয়োগ কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা বিনিয়োগ কর্মসূচি, মাঝারি উদ্যোক্তা বিনিয়োগ কর্মসূচি, হাউজিং বিনিয়োগ প্রকল্প, গ্রামীণ বিনিয়োগ কর্মসূচি, গাড়ি ক্রয় বিনিয়োগ প্রকল্প এবং মহিলা উদ্যোক্তা বিনিয়োগ প্রকল্প, সিএনজি কনভারশন প্রকল্প, ডাক্তার বিনিয়োগ প্রকল্প, বৈদেশিক কর্মসংস্থান বিনিয়োগ প্রকল্প, বিবাহ বিনিয়োগ প্রকল্প, শিক্ষা বিনিয়োগ প্রকল্প এবং এক্সিকিউটিভ বিনিয়োগ প্রকল্প অন্যতম।

মার্চ ২০১০ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধন ৪০০০ মিলিয়ন টাকার বিপরীতে পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ২৭৪০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩১০৮ মিলিয়ন টাকা অর্থাৎ মোট ইক্যুইটির পরিমাণ দাঁড়ায় ৫৮৪৮ মিলিয়ন টাকা। এই সময়ে ব্যাংকের শাখার সংখ্যা দাঁড়ায় ৫১টি এবং মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ১৩৭৭ জনে, যার মধ্যে কর্মকর্তা ১০১৩ জন এবং

একটি ডেনিম প্রকল্পে ব্যাংকের অর্থায়ন।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০০	৪০০০	৪০০০	৬০০০
২।	পরিশোধিত মূলধন	২২৪৬	২৭৪০	২৭৪০	৩৪২৫
৩।	রিজার্ভ ফান্ড	১৮২৩	২৬৯০	৩১০৮	২৮৪১
৪।	**মোট আমানত**	**৩৬৪৮৪**	**৪৭৪৫৯**	**৫০৩৫১**	**৫৩২৪৩**
	ক) তলবি আমানত	৩২৫২	৬৫১২	৭৪৭২	৮৫১৮
	খ) মেয়াদি আমানত	৩৩২৩২	৪০৯৪৭	৪২৮৭৯	৪৪৭২৫
৫।	ঋণ ও অগ্রিম	৩২৯১৯	৪৩৯৫৮	৪৭০১১	৫১৬৫০
৬।	বিনিয়োগ	১১৪৪	৩৪৮৩	২৭৯৪	৩৩৫৩
৭।	মোট পরিসম্পদ	৪৫২১৭	৫৮৯২০	৬১৩২০	৬৩৭২০
৮।	মোট আয়	৫২৮৫	৭১১৭	২৩২৯	৪৬৫৮
৯।	মোট ব্যয়	৩৪৭৫	৫০৭৬	১৭৬৩	৩৫২৬
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৭৮৩৯৬**	**৭৯৪৫০**	**২৩৪৮৬**	**৪৬৯৭২**
	ক) রপ্তানি	২৬৩৪৭	২৯৪৩৪	৯১৫১	১৮৩০২
	খ) আমদানি	৪২৫৫১	৩৯৫৪৩	১২৮৬৩	২৫৭২৬
	গ) রেমিট্যান্স	৯৪৯৮	১০৪৭৩	১৪৭২	২৯৪৪
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৮৭৮**	**১২৯৯**	**১৩৭৭**	**১৫৪৭**
	ক) কর্মকর্তা	৬৪৩	৯৫৫	১০১৩	১১৬৩
	খ) কর্মচারি	২৩৫	৩৪৪	৩৬৪	৩৮৪
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২৯	৩০	৩০	৩৩
১৩।	**শাখা (সংখ্যা)**	**৩৩**	**৫১**	**৫১**	**৫১**
	ক) বাংলাদেশে	৩৩	৫১	৫১	৫১
	খ) বিদেশে	-	-	-	-

কর্মচারী ৩৬৪ জন।

২০০৯-এ ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৪৭৪৫৯ মিলিয়ন টাকা (তলবি আমানত ৬৫১২ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৪০৯৪৭ মিলিয়ন টাকা)। মার্চ ২০১০ শেষে আমানতের পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫০৩৫১ মিলিয়ন টাকায় দাঁড়ায় (তলবি আমানত ৭৪৭২ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৪২৮৭৯ মিলিয়ন টাকা)। ২০০৯ সালে ব্যাংকের বিনিয়োগের (ঋণ ও অগ্রিম) পরিমাণ ছিল ৪৩৯৫৮ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৪৭০১১ মিলিয়ন টাকায়। ২০০৯ সালে ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ছিল ৭৯৪৫০ মিলিয়ন টাকা (রপ্তানি ২৯৪৩৪ মিলিয়ন, আমদানি ৩৯৫৪৩ মিলিয়ন ও রেমিট্যান্স ১০৪৭৩ মিলিয়ন টাকা)। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংক ২৩৪৮৬ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে (রপ্তানি ৯১৫১ মিলিয়ন, আমদানি ১২৮৬৩ মিলিয়ন ও রেমিট্যান্স ১৪৭২ মিলিয়ন টাকা)।

শাহ্‌জালাল ইসলামী ব্যাংক লিমিটেড-এর ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) ও আদায়, শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগের (ঋণ) স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি বিনিয়োগ	শিল্প বিনিয়োগ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি বিনিয়োগ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	১১৩	১৫৩৬	৬২১০	৭৭৪৬	৯৫৪৬	১৭৪০৫
আদায়	৩৯	৭২৩	১৬২৯	২৩৫২	৪৭২৮	৭১১৯
২০০৯						
বিতরণ	১০০	২৪৩৭	৫৯৫৮	৮৩৯৫	৯০৪৯	১৭৫৪৪
আদায়	১২৬	১১৩৬	২৮৬৩	৩৯৯৯	৪৯৭১	৯০৯৬
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৫	৩৪২	৮৬১	১২০৩	১২৬৭	২৪৭৫
আদায়	১০	১৯৬	৩২৮	৫২৪	৭৩৮	১২৭২
৩০ জুন ২০১০**						
বিতরণ	১৫	৭৫০	১৭৫০	২৫০০	৩৫০০	৬০১৫
আদায়	১০	৪০০	৮০০	১২০০	২৫০০	৩৭১০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক শিল্প বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৯৫	৫৯	-	২৫৪
পরিমাণ	১৮৫৬৮	৭৩	-	১৮৬৪১
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৩	১২	-	৩৫
পরিমাণ	৪২৬৫	১৬	-	৪২৮১
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	২০১	৬৪	-	২৬৫
পরিমাণ	১৯৪৭৩	৭৯	-	১৯৫৫২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৬	৫	-	১১
পরিমাণ	৯০৫	৬	-	৯১১
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৫	১৫	-	৪০
পরিমাণ	২০০০	২০	-	২০২০

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগের (ঋণ) স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৩৬৫**	**৩৯৯**	**৪১৯**	**৫৫০**
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩০২	৩৩১	৩৪৬	৪৫০
	গ) মৎস্য	৬৩	৬৮	৭৩	১০০
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৩৭৩০**	**৫৭১৯**	**৫৯৫৮**	**৬৫৫০**
	ক) বৃহৎ ও মাঝারি	৩৬৮৭	৫৬৯০	৫৯২৬	৬৫০০
	খ) ক্ষুদ্র ও কুটির	৪৩	২৯	৩২	৫০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৯৪০২	৯৯৪৬	১০৫৮৭	১১০০০
৪।	নির্মাণ	৩১১১	৫২৩৯	৫৪১২	৬০০০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৬১৯	৭৬৫	৮৩৫	১৫০০
৬।	পরিবহন ও যোগাযোগ	১২৯৬	২০৬২	২১৫৩	২৫০০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৮০৪২**	**১১০১৫**	**১২৭৫৯**	**১৩৮০০**
	ক) পাইকারি ও খুচরা	৩২৭২	৩৮১০	৪২৩৭	৪৫০০
	খ) রপ্তানি	১৯৮৩	৩৮৭১	৪৫৫৪	৫০০০
	গ) আমদানি	২৭৮৭	৩০৭৬	৩৬৯৫	৪০০০
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	২৫৮	২৭৩	৩০০
৮।	দারিদ্র্য বিমোচন	৪৭২	২০৮	২০১	২৫০
৯।	অন্যান্য	৫৮৮২	৮৬০৫	৮৬৮৭	৯৫০০
	সর্বমোট	**৩২৯১৯**	**৪৩৯৫৮**	**৪৭০১১**	**৫১৬৫০**

মুনাফার হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.৫০	৫.০০	৮.৫০-১৩.০০	৯.৩১	১১.০০	১৫.০০	১৫.৫০	১৪.৭৯
২০০৯	৫.০০	৪.০০	৮.০০	৯.০৪	১১.০০	১৩.০০	১৪.০০	১৩.৬৭
৩১ মার্চ ২০১০*	৫.০০	৪.০০	৮.৫০-৮.৭৫	৮.৭৬	১১.০০	১৩.০০	১৪.০০	১৩.৬৪
৩০ জুন ২০১০**	৫.০০	৪.০০	৮.৫০-৮.৭৫	৮.৬৮	১১.০০	১৩.০০	১৪.০০	১৩.৫৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

যমুনা ব্যাংক লিমিটেড

যমুনা ব্যাংক লিমিটেড সম্পদের গুণগত মান সংরক্ষণ, মূলধন পর্যাপ্ততা, দক্ষ ব্যবস্থাপনা, সন্তোষজনক উপার্জন ও তারল্যের মতো প্রধান প্রধান ক্ষেত্রে গুরুত্ব প্রদান করে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। ফলে আলোচ্য বছরে পূর্ববর্তী বছরের তুলনায় মুনাফা অর্জন ৮৪ শতাংশ বৃদ্ধি করা সম্ভব হয়েছে। আলোচ্য বছরে পূর্ববর্তী বছরের তুলনায় আমানত বৃদ্ধি পেয়েছে ১৫০৪৮ মিলিয়ন টাকা। অর্থাৎ প্রবৃদ্ধির হার ছিল ৫৫ শতাংশ। ২০০৯ সালে ঋণ ও অগ্রিম ৩২২৮৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০৮ সালে ছিল ২১০৩৭ মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার ছিল ৫৩ শতাংশ। ব্যাংক ২০০৯ সালে ৬৮০৯২ মিলিয়ন টাকার (আমদানি ৪৬৬৮৫, রপ্তানি ২১৪০৭ ও রেমিট্যান্স ২৬৫৮ মিলিয়ন টাকা) বৈদেশিক বাণিজ্য পরিচালনা করেছে। ২০০৮ সালে এর পরিমাণ ছিল ৪৮৯২৯ মিলিয়ন টাকা (আমদানি ৩০৩১২, রপ্তানি ১৮৬১৭ ও রেমিট্যান্স ৩১৬৫ মিলিয়ন টাকা)। অর্থাৎ এখাতে প্রবৃদ্ধির হার ছিল ৩৯ শতাংশ। মূলধন পর্যাপ্ততার হার ছিল ১২.৮৩ শতাংশ, যা নির্ধারিত ১০ শতাংশের অধিক। বর্তমানে ব্যাংকের মূলধন তহবিল ৩৯৯৮ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে, যা মজবুত মূলধন ভিত্তির নির্দেশক। ব্যাংকের শ্রেণীবিন্যস্ত ঋণ মোট ঋণের ২.২০ শতাংশ, যা দেশের সার্বিক প্রেক্ষাপটে সন্তোষজনক বলে বিবেচনা করা যায়। এছাড়া শ্রেণীবিন্যস্ত সম্পদের বিপরীতে পর্যাপ্ত প্রবিধান সংরক্ষণ করা হয়েছে, যাতে ব্যাংক ভবিষ্যতে প্রতিকূল পরিস্থিতি সামাল দিয়ে সুদৃঢ় অবস্থান সুনিশ্চিত করতে সক্ষম হয়।

গ্রাহক সেবা

এ ব্যাংক যুক্তিযুক্ত খরচে সর্বোৎকৃষ্ট গ্রাহকসেবা প্রদানের লক্ষ্যে পণ্য ও সেবার উদ্ভাবন ও উৎকর্ষ সাধনে তৎপর রয়েছে। সমাজের বিভিন্ন স্তরের মানুষ যাতে তাদের সামর্থ্যএবং পরিকল্পনা অনুযায়ী যথার্থ সঞ্চয়

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি ফার্নিচার কারখানা।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	১৩১৩	১৬২২	১৬২২	২২৩০
৩।	রিজার্ভ ফান্ড	১১৩১	২৩৭৬	২৫০০	২২৫০
৪।	**মোট আমানত**	**২৭৩০৮**	**৪২৩৫৬**	**৪৩৪৯৮**	**৪৫০০০**
	ক) তলবি আমানত	৩৯৫২	৫৬৪২	৬৩৫৩	১০০০০
	খ) মেয়াদি আমানত	২৩৩৫৬	৩৬৭১৪	৩৭১৪৫	৩৫০০০
৫।	ঋণ ও অগ্রিম	২১০৩৭	৩২২৮৮	৩৩৩৬১	৩৮৮৬৭
৬।	বিনিয়োগ	৪২৩৯	৮৫০৩	১০১৯৪	১১০০০
৭।	মোট পরিসম্পদ	৩১৬৪৭	৪৮৭৩১	৫২২০৫	৬০০০০
৮।	মোট আয়	৪০৭৫	৫৮১৭	১৪৯৯	৩০০০
৯।	মোট ব্যয়	৩০৩৪	৩৯০৩	১০৭১	১৯১০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৫২০৯৪**	**৭০৭৫০**	**১৯৯৯৯**	**৫০৫১৯**
	ক) রপ্তানি	১৮৬১৭	২১৪০৭	৭২৫৭	১৮৮৫১
	খ) আমদানি	৩০৩১২	৪৬৬৮৫	১২২৫৫	৩০৬৬৮
	গ) রেমিট্যান্স	৩১৬৫	২৬৫৮	৪৮৭	১০০০
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৯৩৮**	**১২১৫**	**১৩২৭**	**১৪৫০**
	ক) কর্মকর্তা	৭৪২	৯৫১	১০৫০	১১৫০
	খ) কর্মচারী	১৯৬	২৬৪	২৭৭	৩০০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৭১৫	৭৩০	৭৩৫	৭৩৫
১৩।	**শাখা (সংখ্যা)**	**৩৯**	**৫৪**	**৫৪**	**৫৭**
	ক) বাংলাদেশে	৩৯	৫৪	৫৪	৫৭
	খ) বিদেশে	-	-	-	-

প্রকল্প নির্বাচন করতে পারে সে লক্ষ্য সামনে রেখে ব্যাংকে কতিপয় জনপ্রিয় প্রকল্প চালু করা হয়েছে। এগুলো হলো- লাখপতি আমানত প্রকল্প, অযুতপতি আমানত প্রকল্প, কোটিপতি আমানত প্রকল্প, মাসিক মুনাফা প্রকল্প, শিক্ষা সঞ্চয় প্রকল্প, বিবাহ সঞ্চয় প্রকল্প, দ্বিগুণ ও তিনগুণ আমানত বৃদ্ধি প্রকল্প ও মাসিক সঞ্চয় প্রকল্প ইত্যাদি।

এ ব্যাংক ইসলামি অর্থ ব্যবস্থায় দৃঢ় বিশ্বাসী জনগণকে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে প্রচলিত ব্যাংকিং ধারার পাশাপাশি ইসলামি ব্যাংকিং কার্যক্রম চালু করেছে এবং সে লক্ষ্যে আমানত ও বিনিয়োগ পণ্য এমনভাবে উদ্ভাবিত হয়েছে যাতে ইসলামি শরীয়াহ্ নীতিমালা যথাযথভাবে প্রতিপালিত হয়। ইসলামি ব্যাংকিং শাখার মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়। ইসলামি ব্যাংকিং কার্যক্রমে দিক নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধানের জন্য দেশের বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি শরীয়াহ্ বোর্ড গঠন করা হয়েছে।

ঝুঁকি ব্যবস্থাপনা

ব্যাংকিং কার্যক্রমে বিভিন্ন ধরনের ঝুঁকির মধ্যে ঋণ ঝুঁকি, তারল্য ঝুঁকি, বাজার ঝুঁকি (সুদের হার ও বৈদেশিক বিনিময় ঝুঁকি), পরিচালন ঝুঁকি এবং সুনাম সংশ্লিষ্ট ঝুঁকি অন্যতম। বর্তমান প্রেক্ষিতে এসব ঝুঁকির সংগে যুক্ত হয়েছে মানি লন্ডারিং ঝুঁকি ও সন্ত্রাস অর্থায়ন ঝুঁকি। ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা ব্যাংকের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। এ বিষয়ে সযত্ন দৃষ্টি রেখেই যমুনা ব্যাংক বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত দিকনির্দেশনার আলোকে পূর্ণাঙ্গ ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতি বা কৌশল প্রণয়ন করেছে। ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ প্রাসংগিক বিষয়াবলী এ কৌশলে অন্তর্ভুক্ত করা হয়েছে। পরিচালন ঝুঁকি হ্রাসের লক্ষ্যে নিরীক্ষার অধীনে শাখা ও প্রধান কার্যালয় পর্যায়ে পূর্ণাঙ্গ ও বিশেষ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে। পরিচালক পর্ষদের নিরীক্ষা কমিটি নিরীক্ষা প্রতিবেদনসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে পরামর্শ প্রদান করে থাকে। কমিটির সকল পরামর্শ গুরুত্ব সহকারে গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়। এছাড়া প্রখ্যাত পরামর্শক প্রতিষ্ঠানের সাহায্য একটি প্রমিত পরিচালন পদ্ধতি প্রণয়নের পরিকল্পনাও ব্যাংকের রয়েছে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনার আলোকে ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ নীতিমালা রয়েছে। মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাস অর্থায়ন নিরোধকল্পে এ নীতিতে সকল নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা বিধৃত হয়েছে। এ বিষয়ে ব্যাংকের কর্মকর্তাদের নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়, যাতে তারা কার্যকরী উপায়ে সন্দেহজনক লেনদেন শনাক্ত করতে পারে।

তথ্য প্রযুক্তি

ব্যাংকের মতো একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তির ব্যবহার বর্তমানে অপরিহার্য। দ্রুত ও সঠিক গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য আধুনিক তথ্য প্রযুক্তি প্রয়োগের লক্ষ্যে ব্যাংকের সকল শাখা অনলাইন নেটওয়ার্কে যুক্ত। ব্যাংক এ যাবত ৮২টি এটিএম মেশিন স্থাপন করেছে এবং ইতোমধ্যে সরাসরি ডেবিট কার্ড, সীমিত পর্যায়ে ক্রেডিট কার্ড, টেলি ব্যাংকিং প্রবর্তন করা হয়েছে। স্বল্প সময়ের মধ্যে ক্রেডিট কার্ড, টেলি ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং ও এসএমএস ব্যাংকিং প্রবর্তনের পরিকল্পনা ব্যাংকের রয়েছে।

কর্পোরেট সামাজিক দায়িত্ব

যমুনা ব্যাংক মানব কল্যাণের প্রতি অঙ্গীকারাবদ্ধ। সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে সমাজের সুবিধাবঞ্চিত মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে পুরস্কৃত করছে এবং তাদের লেখাপড়ার দায়দায়িত্ব নিয়েছে। এছাড়া ব্যাংক বিনামূল্যে চক্ষু চিকিৎসা, রক্তদান কর্মসূচি,

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৯০	৩৩২০	৭১১৩	১০৪৩৩	১৬০৮৫	২৬৬০৮
আদায়	৪	২২৩৯	৪৮৬৩	৭১০২	১০৯৫৭	১৮০৬৩
২০০৯						
বিতরণ	৩৯১	৯৮৭৩	১১৮২৮	২১৭০১	১৯২০৪	৪১২৯৬
আদায়	১৭১	৫৭৮৭	৬৪৮৬	১২২৭৩	১১৭৯২	২৪২৩৬
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১৪	৩০১৫	৭১৪০	১০১৫৫	১০৮২০	২০৯৮৯
আদায়	৭৮	৪৭১	৩৪৬০	৩৯৩১	৬১৪১	১০১৫০
৩০ জুন ২০১০**						
বিতরণ	২৪৮	৫৫৯৩	১১০১৯	১৬৬১২	১১৩১৫	২৮১৭৫
আদায়	১১৮	১৭৬৮	৬০০০	৭৭৬৮	৬৩০৩	১৪১৮৯

** সাময়িক। ** প্রাক্কলিত।*

গরিব দুঃস্থদের আর্থিক সাহায্য প্রদানের আয়োজন করেছে। ক্রীড়া উন্নয়নে সহায়তাদানেও ব্যাংক তৎপর। যমুনা ব্যাংক লিঃ কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে ২০০৮ সালে যমুনা ব্যাংক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেছে। বৈধ পথে অর্থ প্রেরণ, এসএমই ও কৃষি খাতে অর্থায়নে জনসচেতনতা বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক সম্প্রতি আয়োজিত রোড-শো-তে এ ব্যাংক লীড ব্যাংক হিসেবে অংশগ্রহণ করেছে।

ব্যাসেল-২ বাস্তবায়ন

বাংলাদেশে ব্যাসেল-২ চুক্তির বাস্তবায়ন ব্যাংকের ঝুঁকি নিয়ন্ত্রণ পদ্ধতি ও মূলধন পর্যাপ্ততার প্রয়োজনীয়তাকে সুসংহত করবে। বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে ব্যাসেল-২ চুক্তি বাস্তবায়ন কমিটি গঠিত হয়েছে। এই কমিটিতে কয়েকটি বেসরকারি বাণিজ্যিক ব্যাংক সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। ব্যাসেল-২ এর মূলধন কাঠামো সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নে ব্যাংক প্রধান কার্যালয়ে একটি বাস্তবায়ন কমিটি ও সুপারভাইজরি রিভিউ কমিটি রয়েছে। যমুনা ব্যাংক লিমিটেড-এ ব্যাসেল-২ বাস্তবায়নের জন্য ব্যাংকের সংশ্লিষ্ট সকল বিভাগ ও শাখাসমূহকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ, খাতভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৪১	৩২৮	-	৫৬৯
পরিমাণ	৩১৯৬৪	১৩৩৭	-	৩৩৩০১
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৮৮	৬৬	-	১৫৪
পরিমাণ	১৬৬১৭	৪৭০	-	১৭০৮৭
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৩০৮	৩৬৭	-	৬৭৫
পরিমাণ	৩৭৮১৬	১৪০৪	-	৩৯২২০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৬৭	৩৯	-	১০৬
পরিমাণ	৫৮৫২	৬৭	-	৫৯১৯
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১১	৩২০	-	৪৩১
পরিমাণ	১৩১৪০	১২৯৭	-	১৪৪৩৭

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**১১৪**	**১৯৮**	**১৮১**	**২০১**
	ক) শস্য	১৮	৪০	৯০	১০৫
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৯৩	১১২	৫২	৬৭
	গ) মৎস্য	৩	৪৬	৩৯	২৯
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৩৭১১**	**৬৭৮৯**	**৭৩৫২**	**৮৫২৫**
	ক) বৃহৎ ও মাঝারি	৩৬১১	৬৬৫৯	৭২০০	৮৩৩০
	খ) ক্ষুদ্র ও কুটির	১০০	১৩০	১৫২	১৯৫
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩২৯১	৭৩৪৫	৮৩৩৪	৯৭৩৪
৪।	নির্মাণ	৫৬২	৯৩৩	৯৯২	১১৫৫
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৫১১	৪৩৭	৩৯৩	৪৫৮
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৯৮০৬**	**১৪০২৫**	**১৩৩৭০**	**১৫৮১৮**
	ক) পাইকারি ও খুচরা	৪৪৯১	৫২৭০	৪৫৫৪	৫৭৫১
	খ) রপ্তানি	১৩৩০	২০৩০	২৩০৯	২৭৫১
	গ) আমদানি	৩৯৮৩	৬৬৬৮	৬৩৫৭	৭১৬৮
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	২	৫৭	১৫০	১৪৮
৮।	দারিদ্র্য বিমোচন	-	১৮	১৮	৩৮
৯।	অন্যান্য	৩০৪২	২৫৪৩	২৭২১	২৯৩৮
	সর্বমোট	**২১০৩৭**	**৩২২৮৮**	**৩৩৩৬১**	**৩৮৮৬৭**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৬.০০	৫.৫০	১২.৫০-১৩.০০	৯.৮৮	১০.০০	১৩.৭৫	১৪.৫০	১৪.৭৩
২০০৯	৫.০০	৪.০০	৮.৫০	৮.০০	১৩.০০	১৩.০০	১৫.০০	১৩.০১
৩১ মার্চ ২০১০*	৫.০০	৪.০০	৮.৫০	৭.৮০	১৩.০০	১৩.০০	১৫.০০	১২.৭৫
৩০ জুন ২০১০**	৫.০০	৪.০০	৮.৫০-৯.০০	৭.৭৫	১৩.০০	১৩.০০	১৫.০০	১২.৫০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ব্র্যাক ব্যাংক লিমিটেড

ব্র্যাক ব্যাংক লিমিটেড ১০০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ২৫০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ৪ জুলাই ২০০১ সালে কার্যক্রম শুরু করে। মার্চ ২০১০ শেষে ব্যাংকের অনুমোদিত মূলধন ৪৮০০ মিলিয়ন ও পরিশোধিত মূলধন ২০৫৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিদ্যমান মূলধনের স্বল্পতা পূরণ করতে ব্র্যাক ব্যাংক এগিয়ে এসেছে। ব্র্যাক ব্যাংক ক্ষুদ্র ও মাঝারি শিল্পেই বেশির ভাগ ঋণ প্রদান করে থাকে। এ ব্যাংক সর্বাধুনিক অনলাইন প্রযুক্তির মাধ্যমে ডিপিএসসহ আকর্ষণীয় সঞ্চয় স্কীম, পার্সোনাল লোন, কর্পোরেট ব্যাংকিং, এসএমই ব্যাংকিং, এটিএম ও সিডিএম সার্ভিস, প্রবাসী ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিংসহ সকল ধরনের ব্যাংকিং সেবা প্রদান করছে। মার্চ ২০১০ শেষে ব্যাংকের সর্বমোট ৬১২৮ জন লোকবলের মধ্যে ৫০৪২ জন কর্মকর্তা ও ১০৮৬ জন কর্মচারী রয়েছে।

২০০৯ সালে ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৭৫২১৯ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ১২৬০৫ মিলিয়ন ও ৬২৬১৪ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৬৪১৫১ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংক ৫৪৬৩৭ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রার ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি, আমদানি এবং রেমিট্যান্স এর

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪৮০০	৪৮০০	৪৮০০	৪৮০০
২।	পরিশোধিত মূলধন	১৫৮৪	২০৫৯	২০৫৯	২০২৯
৩।	রিজার্ভ ফান্ড	৯০৮	১৩৩৭	১৪৬৯	১৪১২
৪।	**মোট আমানত**	**৫৮০০৬**	**৭৫২১৯**	**৭৬১১৫**	**৮৭০০৪**
	ক) তলবি আমানত	৬১১৬	১২৬০৫	১৪৬৪৭	৪৫১০৭
	খ) মেয়াদি আমানত	৫১৮৯০	৬২৬১৪	৬১৪৬৮	৪১৮৯৭
৫।	ঋণ ও অগ্রিম	৫২৬৭৭	৬৪১৫১	৬২৯৪১	৬৪৫১৪
৬।	বিনিয়োগ	৮২৪৫	১০৯৭২	১১৪০৪	২২৪৯০
৭।	মোট পরিসম্পদ	৭২৪৪২	৯৪৫৮১	৯৫৫২৫	১১৭০৩৮
৮।	মোট আয়	১০৯০১	১৩৩৩৭	৩২৪১	৪৪১৩
৯।	মোট ব্যয়	৭৭২৭	৯৬২০	২১৬৬	২১৯২
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৪৪৪৫৩**	**৫৪৬৩৭**	**১৪৯১৮**	**২৬৮৮৪**
	ক) রপ্তানি	৭৫০২	১১৬১৭	২৪৮৬	২৬১০
	খ) আমদানি	৯৮৩	৫০৪	১৫৬	১৭১
	গ) রেমিট্যান্স	৩৫৯৬৮	৪২৫১৬	১২২৭৬	২৪১০৩
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৬০৬১**	**৫৯৬৫**	**৬১২৮**	**৬৬১২**
	ক) কর্মকর্তা	৫১২৯	৪৯০৯	৫০৪২	৫৩৯৭
	খ) কর্মচারী	৯৩২	১০৫৬	১০৮৬	১২১৫
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪৮	২১	২১	২২
১৩।	**শাখা (সংখ্যা)**	**৫৬**	**৬৯**	**৭০**	**৭৫**
	ক) বাংলাদেশে	৫৬	৬৯	৭০	৭৫
	খ) বিদেশে	-	-	-	-

পরিমাণ যথাক্রমে ১১৬১৭ মিলিয়ন, ৫০৪ মিলিয়ন ও ৪২৫১৬ মিলিয়ন টাকা।

সম্প্রতি ব্র্যাক ব্যাংক ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য মুনাফাসহ চলতি হিসাব- 'প্রাপ্তি কারেন্ট অ্যাকাউন্ট' চালু করেছে, যার মাধ্যমে এসএমই গ্রাহকগণ ৪ শতাংশ হার পর্যন্ত মুনাফার পাশাপাশি প্রয়োজনমাফিক লেনদেনের সুযোগ পেয়ে আসছেন। এছাড়া ব্র্যাক ব্যাংক প্রথমবারের মতো জাহাজ নির্মাণ শিল্পে ১.৫৭ বিলিয়ন টাকার ঋণ সুবিধা প্রদানের জন্য ওয়েস্টার্ন মেরিন শিপইয়ার্ড-এর সংগে চুক্তিবদ্ধ হয়েছে। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	২২৯৫	৫৫৬৯	৯৩৪৭	১৪৯১৬	৫২৬৫৪	৬৯৮৬৫
আদায়	২৭৬৮	২৫৬৪	৩২২৬	৫৭৯১	৩৮৩৬৩	৪৬৯২২
২০০৯						
বিতরণ	১৮৮২	৬৬৩৪	৩৫৬৫	১০১৯৯	৫২৪৭১	৬৪৫৫২
আদায়	৫৯৯	১৪৭৮	৪২৪	১৯০২	৩৮০৭২	৪০৫৭৩
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১৭৯৯	৩০৭০৭	২০০৭	৩২৭১৪	২৮৪২৮	৬২৯৪১
আদায়	৮২৩	১৭৯৯	১৯৫	১৯৯৪	৩৯৭৫৪	৪২৫৭১
৩০ জুন ২০১০**						
বিতরণ	১৮৪৪	৩১৪৭৫	২০৫৭	৩৩৫৩২	২৯১৩৯	৬৪৫১৫
আদায়	৮৪৪	১৮৪৪	২০০	২০৪৪	৪০৭৪৮	৪৩৬৩৬

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৮৩৫	১৩১৩৩২	-	১৩২১৬৭
পরিমাণ	১৬৪১২	৩৫৯৫৪	-	৫২৩৬৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৫৬৮	৬৪৯৩৭	-	৬৫৫০৫
পরিমাণ	১১৮৪৫	২৪২৩৯	-	৩৬০৮৪
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৮১১	১৩১৭২৭	-	১৩২৫৩৮
পরিমাণ	১৬৩৬৬	৩৪৯৬৭	-	৫১৩৩৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২২৭	১৪০০৮	-	১৪২৩৫
পরিমাণ	৬০৮৬	৬০৪৮	-	১২১৩৪
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৩৩	১৪৩৫৮	-	১৪৫৯১
পরিমাণ	৬২৩৮	৬১৯৯	-	১২৪৩৭

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৪৮২**	**৫১৪**	**৪৩২**	**৪৪২**
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৯৮	৪৪৫	৩৩৮	৩৪৬
	গ) মৎস্য	৮৪	৬৯	৯৪	৯৬
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৪৩০১**	**৩৪৮৯**	**৬৪৪৩**	**৬৬০৪**
	ক) বৃহৎ ও মাঝারি	৩৬৪২	২৫৮৯	৫২১৩	৫৩৪৩
	খ) ক্ষুদ্র ও কুটির	৬৫৯	৯০০	১২৩০	১২৬১
৩।	চলতি মূলধন অর্থায়ন	১৬৬২	৩০১০	১৫৭৮	১৬১৭
৪।	নির্মাণ	৭৯	২৮	২৯	৩০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	২৭৩	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৫২৫	৪১৩	২৯	৩০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**৩৪০১৭**	**২৫৯৪২**	**৩৩৯১৬**	**৩৪৭৬৪**
	ক) পাইকারি ও খুচরা	৩২৭৭৪	২২৪২৭	৩০৩০১	৩১০৫৯
	খ) রপ্তানি	২৪	৯	১০	১০
	গ) আমদানি	১১৪১	৩৪৩৬	৩৪৯৭	৩৫৮৪
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৭৮	৭০	১০৮	১১১
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য	১১৩৩৮	৩০৭৫৫	২০৫১৪	২১০২৭
	সর্বমোট	**৫২৬৭৭**	**৬৪১৫১**	**৬২৯৪১**	**৬৪৫১৪**

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.৯২	৩.০০-৯.০০	৫.২৫-১৩.৫০	৯.৬৫	১৬.৩০	১৩.০০	১৫.৫০	১৪.৯৩
২০০৯	৫.৩৬	৩.০০-৮.৫০	৩.০০-১৩.৫০	৬.৮৫	১৬.৫৪	১৬.৯৬	১৬.২১	১৬.৫৭
৩১ মার্চ ২০১০*	৫.০৬	৩.০০-৮.৫০	৩.০০-১৩.৫০	৬.৪২	১৬.৯৮	১৩.১৬	১৪.৩৯	১৪.৮৪
৩০ জুন ২০১০**	৫.০১	৩.০০-৮.২৫	৩.০০-১৩.২৫	৫.০১	১৩.০০	১৩.০০	১৫.৫০	১৩.৮৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

বিদেশি বেসরকারি ব্যাংক

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক

১৯০৫ সালে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক বাংলাদেশে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ২০০০ সালে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ও এএনজেড গ্রীন্ডলেজ ব্যাংকের মধ্যে একত্রীকরণ প্রক্রিয়া শুরু হয় এবং ৩১ ডিসেম্বর ২০০২ তারিখে একত্রীকরণ প্রক্রিয়া সুসম্পন্ন হয়। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ২০০৫-এর অক্টোবরে বাংলাদেশে আমেরিকান এক্সপ্রেস ব্যাংকের বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রমের সফল অধিগ্রহণ সম্পন্ন করে।

বর্তমানে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক বাংলাদেশের ৩ লাখের বেশি গ্রাহককে পার্সোনাল, কর্পোরেট, ট্রেজারিসহ অন্যান্য ব্যাংকিং সুবিধা প্রদান করছে। বাংলাদেশে স্ট্যান্ডার্ড চার্টার্ড-এর রয়েছে সুবিস্তৃত ব্যাংকিং নেটওয়ার্ক। ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট, নারায়ণগঞ্জ এবং বগুড়ায় স্ট্যান্ডার্ড চার্টার্ড-এর রয়েছে সর্বমোট ২৭টি শাখা ও বুথ এবং ৫৭টি এটিএম সেন্টার। ৩১ মার্চ ২০১০ পর্যন্ত ব্যাংকের নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-		-	-
২।	পরিশোধিত মূলধন	১৮৩৭	২০১৪	২০১৪	২০১৪
৩।	রিজার্ভ ফান্ড	-			
৪।	**আমানত**	**৮৩০২৮**	**৯২০৫২**	**১১০৯১৫**	**১০৩০৩৭**
	ক) তলবি আমানত	৩৪৭১৯	৪১৮০৫	৬০৮৮৯	৫৪৯২১
	খ) মেয়াদি আমানত	৪৮৩০৯	৫০২৪৭	৫০০২৬	৪৮১১৬
৫।	ঋণ ও অগ্রিম	৭১১৫২	৭৫৫২১	৭৮২৬৯	৭৯৪০৮
৬।	বিনিয়োগ	১৬৪১০	২০৮৬০	২৩৭৬০	২০০০২
৭।	মোট পরিসম্পদ	১০৯১০৩	১২৩৯৫০	১৩৬৭৮১	১৩৩৩০৮
৮।	মোট আয়	১১০১৬	১১৮৯০	২৯১১	৫৮২২
৯।	মোট ব্যয়	৩৩২২	৩৪৩৯	৮৫০	১৬৯৯
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**২৫৯২৬৮**	**২০৫৯৮৬**	**৬১৮২৮**	**১৩০২০৩**
	ক) রপ্তানি	৪৩৮৯৭	৫৮৮৫০	১৩৫৪১	৩৪৫৮৭
	খ) আমদানি	৫৭৬৮৭	১৮৯৩০	৩৬৯৭	৬৪৩৭
	গ) রেমিট্যান্স	১৫৭৬৮৪	১২৮২০৬	৪৪৫৯০	৮৯১৭৯
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**১১২৭**	**১০৭৮**	**১১১৯**	**১১৯০**
	ক) কর্মকর্তা	১১২২	১০৭৩	১১১৪	১১৮৫
	খ) কর্মচারী	৫	৫	৫	৫
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	**শাখা (সংখ্যায়)**	**১৭৭৭**	**১৭২৭**	**১৭২৭**	**১৭২৭**
	ক) বাংলাদেশে	২৭	২৭	২৭	২৭
	খ) বিদেশে	১৭৫০	১৭০০	১৭০০	১৭০০

ও কর্মচারীর সংখ্যা ১১১৯ জনে দাঁড়ায়।

নতুন নতুন ব্যাংকিং সেবা ও পণ্যসম্ভারের জন্য ব্যাংকিং সেক্টরে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক যথেষ্ট খ্যাতি লাভ করেছে। বাংলাদেশে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকই সর্বপ্রথম এটিএম, ক্রেডিট কার্ড, অটো-লোন, বিজনেস ফাইন্যান্সিয়াল সার্ভিসেসসহ আরও নানারকম ব্যাংকিং সেবা প্রদান শুরু করে। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকই সর্বপ্রথম সাভার এক্সপোর্ট প্রসেসিং জোন (ইপিজেড)-এ অফশোর ব্যাংকিং ইউনিট চালু করে। গ্রাহকদের স্বাচ্ছন্দের জন্য স্ট্যান্ডার্ড চার্টার্ড-এর রয়েছে অনন্য সব সুবিধা। যেমন- ২৪ ঘন্টা কল সেন্টার, ইন্টারনেট ব্যাংকিং, বিলস্-পে সেন্টার, ই-স্টেটমেন্টস্, এসএমএস ব্যাংকিং, সান্ধ্যকালীন এবং স্যাটারডে ব্যাংকিং সুবিধা। ২০০৪ সালে স্ট্যান্ডার্ড চার্টার্ড চালু করেছে ইসলামিক ব্যাংকিং এবং এসএমই ব্যাংকিং সার্ভিসেস। ২০০৭ সাল থেকে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক-এর ইসলামিক ব্যাংকিং উইন্ডো 'সাদিক' নামে নতুনভাবে চালু করা হয়, যেখানে রয়েছে শরীয়াহ্ভিত্তিক পূর্ণাঙ্গ ব্যাংকিং সেবা। যেমন- সাদিক অটোলোন, সাদিক ক্রেডিট কার্ড, সাদিক পার্সোনাল ফাইন্যান্স এবং সাদিক অ্যাকাউন্ট।

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম ছাড়াও বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে সক্রিয়। এ ব্যাংক ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের 'ইয়াং লার্নার সেন্টার' কার্যক্রমে, ইসলামিয়া চক্ষু হাসপাতাল ও শিশু হাসপাতালের জন্য ফান্ড সংগ্রহে সার্বিক সহযোগিতা করেছে। স্ট্যান্ডার্ড চার্টার্ড-এর 'Seeing is Believing' কার্যক্রমের আওতায় ফান্ড সংগ্রহের কার্যক্রম চলছে। সংগৃহীত এ ফান্ড বাংলাদেশের ঢাকা শহরসহ স্বল্পোন্নত দেশের ২০টি শহরের ২০ মিলিয়ন লোককে চক্ষু চিকিৎসা সেবা প্রদানের জন্য ২০ মিলিয়ন মার্কিন ডলারের একটি নতুন প্রকল্প। এ প্রকল্পের আওতায় ২০০৮ থেকে ২০১৩ সালের মধ্যে ঢাকা শহরের প্রায় ২,৭০,০০০ মানুষকে চক্ষু চিকিৎসা সেবা প্রদানের জন্য ১ মিলিয়ন ডলার ব্যয় করতে স্ট্যান্ডার্ড চার্টার্ড প্রতিশ্রুতিবদ্ধ। আলোচ্য বছরে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক বাংলাদেশে "একুশ শতাব্দীতে এইডস-এর চ্যালেঞ্জ মোকাবিলা ঃ ছাত্র সমাজের ভূমিকা" শীর্ষক ৬টি সেমিনারের আয়োজন করে।

৩১ মার্চ ২০১০ পর্যন্ত এ ব্যাংকের মোট পরিশোধিত মূলধন দাঁড়ায় ২০১৪ মিলিয়ন টাকা। ২০০৯-এর শেষে ব্যাংকের মোট পরিসম্পদ ছিল ১২৩৯৫০ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে মার্চ ২০১০ শেষে ১৩৬৭৮১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ পর্যন্ত মোট আমানত ছিল ৯২০৫২ মিলিয়ন টাকা (তলবি আমানত ৪১৮০৫ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৫০২৪৭ মিলিয়ন টাকা), যা বৃদ্ধি পেয়ে মার্চ ২০১০ শেষে দাঁড়ায় ১১০৯১৫ মিলিয়ন টাকা (তলবি আমানত ৬০৮৮৯ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৫০০২৬ মিলিয়ন টাকা)। ২০০৯ শেষে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৭৫৫২১ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে দাঁড়ায় ৭৮২৬৯ মিলিয়ন টাকা। ২০০৯ সালে মোট বিনিয়োগের পরিমাণ ছিল ২০৮৬০ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে দাঁড়ায় ২৩৭৬০ মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ছিল ২০৫৯৮৬ মিলিয়ন টাকা (রপ্তানি ৫৮৮৫০ মিলিয়ন টাকা, আমদানি ১৮৯৩০ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স ১২৮২০৬ মিলিয়ন টাকা)। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৬১৮২৮ মিলিয়ন টাকা (রপ্তানি ১৩৫৪১ মিলিয়ন টাকা, আমদানি ৩৬৯৭ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স ৪৪৫৯০ মিলিয়ন টাকা)। ২০০৯ সালে ব্যাংকের সর্বমোট আয় ছিল ১১৮৯০ মিলিয়ন টাকা এবং সর্বমোট ব্যয় ছিল ৩৪৩৯ মিলিয়ন টাকা। স্ট্যান্ডার্ড

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৬৩৫	১৭৫০	৭১৩৮	৮৮৮৮	১৯৭৪০	২৯২৬৩
আদায়	১৭৮	১৫৩২	৬৪৬৩	৭৯৯৫	২৭০৯	১০৮৮২
২০০৯						
বিতরণ	৮১৮	১৮৭৯	৮১৪২	১০০২১	২৩২৬০	৩৪০৯৯
আদায়	১৪৭	৮৬৭	৭২৬৭	৮১৩৪	১১৫৯৮	১৯৮৭৯
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৩১৫	৪৭০	২০৩৫	২৫০৫	৬১১৫	৮৯৩৫
আদায়	২৫	২১৭	১৮১৭	২০৩৪	২৮৮৮	৪৯৪৭
৩০ জুন ২০১০**						
বিতরণ	৩৪৭	৫১৭	২২৩৯	২৭৫৬	৬৭২৮	৯৮৩১
আদায়	২৮	২৩৯	১৯৯৯	২২৩৮	২৯২৮	৫১৯৪

** সাময়িক। ** প্রাক্কলিত।*

চার্টার্ড ব্যাংকের ব্যাংকিং কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক মোট ৩৪০৯৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১৯৮৭৯ মিলিয়ন টাকা আদায় করে। বিতরণকৃত ঋণের মধ্যে শিল্প ঋণ ১০০২১ মিলিয়ন টাকা, কৃষি ঋণ ৮১৮ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ঋণ ২৩২৬০ মিলিয়ন টাকা। ২০১০ সালের প্রথম তিন মাসে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৮৯৩৫ মিলিয়ন টাকা (শিল্প ঋণ ২৫০৫ মিলিয়ন টাকা, কৃষি ঋণ ৩১৫ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ৬১১৫ মিলিয়ন টাকা)। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কর্তৃক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০৯ সালে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কর্তৃক শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ছিল ৯৩০৫ মিলিয়ন টাকা। ২০০৯ সাল শেষে ক্রমপুঞ্জীভূত মোট ৩৩৪১টি প্রকল্পে (বৃহৎ ও মাঝারি শিল্প ১৭০টি এবং ক্ষুদ্র ও কুটির শিল্প ৩১৭১টি) শিল্প ঋণ মঞ্জুরীর মোট পরিমাণ ছিল ৩৩৫৩৯ মিলিয়ন টাকা। ২০১০ সালের মার্চ শেষে ক্রমপুঞ্জীভূত মোট ৩২৯০টি প্রকল্পে (বৃহৎ ও মাঝারি শিল্প ১৭৫টি এবং ক্ষুদ্র ও কুটির শিল্প ৩১১৫টি) শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৩৪৯৭৭ মিলিয়ন টাকা। ব্যাংক কর্তৃক শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
প্রকল্প সংখ্যা	১৭০	৩১৭১	-	৩৩৪১
পরিমাণ	২৩৮৭৫	৯৬৬৪	-	৩৩৫৩৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২৮	৯০৫	-	৯৩৩
পরিমাণ	৬৪৯৪	২৮১১	-	৯৩০৫
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	১৭৫	৩১১৫	-	৩২৯০
পরিমাণ	২৫২৯৫	৯৬৮২	-	৩৪৯৭৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৫	১৫৯	-	১৬৪
পরিমাণ	১৪২০	৭৯৯	-	২২১৯
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১	৩৬৫	-	৩৭৬
পরিমাণ	২১০০	১১৫৩	-	৩২৫৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৫২৮**	**১১২৬**	**১১৮২**	**১২৪১**
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৫২৮	১১২৬	১১৮২	১২৪১
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**২৯২৯৫**	**২৮৮৫১**	**২৯৬৪০**	**৩০০৬৩**
	ক) বৃহৎ ও মাঝারি	২৯২৯৫	২৮৮৫১	২৯৬৪০	৩০০৬৩
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	১০৯	২৫৩	২৭৮	৩০৬
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৯১৫	১২৮৪	১৪১২	১৫৫৩
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৪৪৩	২৪৪৫	২৬৯০	২৯৫৯
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২১৭১**	**৬১০৪**	**৭২৫৩**	**৭৪৬৮**
	ক) পাইকারি ও খুচরা	২১৭১	৬১০৪	৭২৫৩	৭৪৬৮
	খ) রপ্তানি	-	-	-	-
	গ) আমদানি	-	-	-	-
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য	৩৩৬৯১	৩৫৪৫৮	৩৫৮১৪	৩৫৮১৮
	সর্বমোট	**৭১১৫২**	**৭৫৫২১**	**৭৮২৬৯**	**৭৯৪০৮**

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	২.২২	৪.৬৯	৭.৭৪	৪.৮৩	১০.০০	১১.৮৮	১২.১৩	১১.৮৭
২০০৯	২.৯২	৪.২১	৭.৮১	৪.৯৪	১১.৫০	১২.০০	১২.২৫	১২.০০
৩১ মার্চ ২০১০ *	৩.৭৫	৩.৩৭	৫.১৯	৪.১২	১১.৫০	১২.০০	১২.২৫	১২.০০
৩০ জুন ২০১০**	৩.৭৫	৩.৩৭	৫.১৯	৪.১২	১১.৫০	১২.০০	১২.২৫	১২.০০

* সাময়িক। ** প্রাক্কলিত।

হাবিব ব্যাংক লিমিটেড

হাবিব ব্যাংক লিমিটেড ৯ জুলাই ১৯৭৬ তারিখে বাংলাদেশে কার্যক্রম শুরু করে। বাংলাদেশে এ ব্যাংকের চারটি শাখা অফিস রয়েছে, যার দু'টি ঢাকার মতিঝিল ও গুলশানে, একটি চট্টগ্রামে এবং একটি সিলেটে অবস্থিত। মার্চ ২০১০ শেষে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ ২৩৪৭ মিলিয়ন টাকায় এবং মোট পরিসম্পদের পরিমাণ ৬৯৬৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মার্চ ২০১০ শেষে ব্যাংকের মোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা দাঁড়ায় ৭৯ জন, যার মধ্যে কর্মচারীর সংখ্যা ১১ জন ও কর্মকর্তার সংখ্যা ৬৮ জন।

হাবিব ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ডিসেম্বর ২০০৯ শেষে ছিল ৩৫৯৬ মিলিয়ন টাকা (তলবি আমানত ১২৮২ মিলিয়ন ও মেয়াদি আমানত ২৩১৪ মিলিয়ন টাকা), যা বৃদ্ধি পেয়ে মার্চ ২০১০ শেষে ৩৭২৬ মিলিয়ন টাকায় (তলবি আমানত ১২০৭ মিলিয়ন ও মেয়াদি আমানত ২৫১৯ মিলিয়ন টাকা) দাঁড়ায়। ডিসেম্বর ২০০৯ শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২০৭৮ মিলিয়ন টাকা,

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	১৩৮৮	২৩৪৭	২৩৪৭	২৩৪৭
৩।	রিজার্ভ ফান্ড	-	-	-	-
৪।	**আমানত**	**২৭৩৭**	**৩৫৯৬**	**৩৭২৬**	**৩৭৩২**
	ক) তলবি আমানত	৬৯০	১২৮২	১২০৭	১৩০৬
	খ) মেয়াদি আমানত	২০৪৭	২৩১৪	২৫১৯	২৪২৬
৫।	ঋণ ও অগ্রিম	৩৩৫০	২০৭৮	২০৩৩	২৫০০
৬।	বিনিয়োগ	৬২০	১৪৩৮	১৩১১	১৪০০
৭।	মোট পরিসম্পদ	৫৭২৩	৬২৩৯	৬৯৬৪	৭৭৭৮
৮।	মোট আয়	৬৩৯	৫৯৬	১২৬	৩০৭
৯।	মোট ব্যয়	৫১২	৫৫১	১০৬	২৫২
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৮৪৬৩**	**৫১৩৭**	**১২২৫**	**২৫৬০**
	ক) রপ্তানি	১৮৬২	১১৯১	২০৬	৫০০
	খ) আমদানি	৬৩২৫	৩৩১৮	৭৫৫	১৫১০
	গ) রেমিট্যান্স	২৭৬	৬২৮	২৬৪	৫৫০
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**৭৫**	**৭৯**	**৭৯**	**৭৯**
	ক) কর্মকর্তা	৬৩	৬৭	৬৮	৬৮
	খ) কর্মচারী	১২	১২	১১	১১
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	**শাখা (সংখ্যায়)**	**১৪৮০**	**১৪৮০**	**১৪৮০**	**১৪৮০**
	ক) বাংলাদেশে	৪	৪	৪	৪
	খ) বিদেশে	১৪৭৬	১৪৭৬	১৪৭৬	১৪৭৬

যা মার্চ ২০১০ শেষে ২০৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সালে এ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ছিল ৫১৩৭ মিলিয়ন টাকা (রপ্তানি ১১৯১ মিলিয়ন, আমদানি ৩৩১৮ মিলিয়ন ও রেমিট্যান্স ৬২৮ মিলিয়ন টাকা)। ২০১০ সালের প্রথম তিন মাসে এ ব্যাংক মোট ১২২৫ মিলিয়ন টাকার (রপ্তানি ২০৬ মিলিয়ন টাকা, আমদানি ৭৫৫ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ২৬৪ মিলিয়ন টাকা) বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। বাংলাদেশে হাবিব ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে হাবিব ব্যাংক লিমিটেড ১৯২৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৩২০১ মিলিয়ন টাকা আদায় করে। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০৮ মিলিয়ন ও ৫৫৩ মিলিয়ন টাকা। হাবিব ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

হাবিব ব্যাংক লিমিটেড-এর শিল্প খাতে ক্রমপুঞ্জীভূত ঋণের স্থিতি ৩১ মার্চ ২০১০ তারিখে ২৬৮৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। হাবিব ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

হাবিব ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের হার সম্পর্কিত তথ্য সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৬	২০	৪২২	৪৪২	২৪৯	৬৯৭
আদায়	২	২০	১৮৬	২০৬	১৬৬	৩৭৪
২০০৯						
বিতরণ	৪০	৪৪৫	১১৭৩	১৬১৮	২৭১	১৯২৯
আদায়	২৮	৫৫১	১৯৪৯	২৫০০	৬৭৩	৩২০১
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	১২	১০৩	১৬৫	২৬৮	২২৮	৫০৮
আদায়	৬	৬৩	২৪৯	৩১২	২৩৫	৫৫৩
৩০ জুন ২০১০**						
বিতরণ	৫৫	৫০	১৪১৫	১৪৬৫	৩৩০	১৮৫০
আদায়	৪০	৩০	৫৭৩	৬০৩	১৯০	৮৩৩

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
প্রকল্প সংখ্যা	১০	-	-	১০
পরিমাণ	২১৭০	-	-	২১৭০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩	-	-	৩
পরিমাণ	৮৪	-	-	৮৪
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	১২	-	-	১২
পরিমাণ	২৬৮৫	-	-	২৬৮৫
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২	-	-	২
পরিমাণ	৫১৫	-	-	৫১৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৫	-	-	৫
পরিমাণ	১০৩০	-	-	১০৩০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৪৫**	**৫৭**	**৬৩**	**৭৭**
	ক) শস্য	৪৫	৫৭	৬৩	৭৭
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৫৬১**	**৪৫৫**	**৪৯৫**	**৬০৯**
	ক) বৃহৎ ও মাঝারি	৫৬১	৪৫৫	৪৯৫	৬০৯
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	২১২	৬৬	৫০	৬১
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৯৬৭**	**১১৯১**	**১১০৭**	**১৩৬১**
	ক) পাইকারি ও খুচরা	১৩৬০	৭১০	৬৬২	৮১৪
	খ) রপ্তানি	৩২৯	২৭৫	২০০	২৪৬
	গ) আমদানি	২৭৮	২০৬	২৪৫	৩০১
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য	৫৬৫	৩০৯	৩১৮	৩৯২
	সর্বমোট	**৩৩৫০**	**২০৭৮**	**২০৩৩**	**২৫০০**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৫.৫০	৩.৭৫	১১.০০	৯.৬৯	৭.০০	১৩.৫০	১৪.৫০	১৩.৮৪
২০০৯	৫.১২৫	৩.৭৫	১০.০০	৯.১২	৭.০০	১২.০০	১৩.৫০	১২.৯৮
৩১ মার্চ ২০১০ *	৪.৭৫	৩.৭৫	৮.৫০	৭.৭১	৭.০০	১১.০০	১২.০০	১১.৬৮
৩০ জুন ২০১০**	৪.৭৫	৩.৭৫	৮.৫০	৭.৬৭	৭.০০	১১.০০	১২.০০	১১.৫৫

** সাময়িক। ** প্রাক্কলিত।*

স্টেট ব্যাংক অব ইন্ডিয়া

৫ মে ১৯৭৫ তারিখে ঢাকার মতিঝিলস্থ শাখার মাধ্যমে স্টেট ব্যাংক অব ইন্ডিয়া বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করে। বাংলাদেশে স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার চারটি শাখা অফিস রয়েছে। মার্চ ২০১০ শেষে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ২৭১৫ মিলিয়ন টাকা। এই সময়ে ব্যাংকের মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৮৫ জন, যার মধ্যে কর্মকর্তা ৩৩ জন ও কর্মচারী ৫২ জন।

২০০৯ সালে ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৭৮০২ মিলিয়ন টাকা (তলবি আমানত ২১৯৭ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৫৬০৫ মিলিয়ন টাকা), যা হ্রাস পেয়ে মার্চ ২০১০ শেষে দাঁড়ায় ৭৭২০ মিলিয়ন টাকা (তলবি আমানত ২৭২৭ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৪৯৯৩ মিলিয়ন টাকা)। ২০০৯ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৬৫৭১ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে দাঁড়ায় ৭৮০৮ মিলিয়ন টাকা। ২০০৯ সাল শেষে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ছিল ১৭২৬ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে দাঁড়ায় ১৩২১

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-		-	-
২।	পরিশোধিত মূলধন	২২৭৪	২৫৩৫	২৭১৫	৩২৫৮
৩।	রিজার্ভ ফান্ড	-	-	-	-
৪।	**আমানত**	**৭১৭২**	**৭৮০২**	**৭৭২০**	**৮৪৭৪**
	ক) তলবি আমানত	১৫১৮	২১৯৭	২৭২৭	৩০৭৬
	খ) মেয়াদি আমানত	৫৬৫৪	৫৬০৫	৪৯৯৩	৫৩৯৮
৫।	ঋণ ও অগ্রিম	৬৮৩২	৬৫৭১	৭৮০৮	৯৬৭৩
৬।	বিনিয়োগ	৮১৬	১৭২৬	১৩২১	১৫৮৫
৭।	মোট পরিসম্পদ	১০৩১০	১১৩৭৭	১৪৩৯৩	১৬৫৫১
৮।	মোট আয়	১৪০৩	১৪০১	৫৬৮	৬৮১
৯।	মোট ব্যয়	৮৯২	৯৩৬	৩৬৬	৪৩৯
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**২৩৯৩৭**	**১২১৫৪**	**১২২৮৬**	**১৪৩৪৭**
	ক) রপ্তানি	৭৬১৪	২০৯৮	২৩৩৩	২৮০০
	খ) আমদানি	১১৩১৬	৩৬৩৩	৩৭৫৯	৪৩২২
	গ) রেমিট্যান্স	৫০০৭	৬৪২৩	৬১৯৪	৭২২৫
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**৭৪**	**৮৫**	**৮৫**	**১০০**
	ক) কর্মকর্তা	৪০	৩৩	৩৩	৪০
	খ) কর্মচারী	৩৪	৫২	৫২	৬০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৯২	৯২	৯২	৯২
১৩।	**শাখা (সংখ্যায়)**	**৪**	**৪**	**৪**	**৪**
	ক) বাংলাদেশে	৪	৪	৪	৪
	খ) বিদেশে	-	-	-	-

মিলিয়ন টাকা। ২০০৯ সালে ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ১২১৫৪ মিলিয়ন টাকা (রপ্তানি ২০৯৮ মিলিয়ন, আমদানি ৩৬৩৩ মিলিয়ন ও রেমিট্যান্স ৬৪২৩ মিলিয়ন টাকা)। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংক ১২২৮৬ মিলিয়ন টাকার (রপ্তানি ২৩৩৩ মিলিয়ন, আমদানি ৩৭৫৯ মিলিয়ন ও রেমিট্যান্স ৬১৯৪ মিলিয়ন টাকা) বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। বাংলাদেশে স্টেট ব্যাংক অব ইন্ডিয়া-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য-সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে স্টেট ব্যাংক অব ইন্ডিয়া কর্তৃক মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ৯৪৮ মিলিয়ন টাকা, যার মধ্যে শিল্প ঋণের পরিমাণ ছিল ১৫০ মিলিয়ন টাকা ও কৃষি খাতে ২ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ৭৯৬ মিলিয়ন টাকা। এই সময়ে ঋণ আদায়ের পরিমাণ ছিল ৬২৬ মিলিয়ন টাকা। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৯৬৭ মিলিয়ন টাকা ও ৯৮৯ মিলিয়ন টাকা। স্টেট ব্যাংক অব ইন্ডিয়া'র ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০৯ সালে স্টেট ব্যাংক অব ইন্ডিয়া কর্তৃক শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ছিল ৬৪১৪ মিলিয়ন টাকা। ২০০৯ সাল শেষে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ছিল ১০৫৭৩ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত ১১৩৫৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেখানো হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৯ সালে স্টেট ব্যাংক অব ইন্ডিয়া'র মোট ঋণের স্থিতি ছিল ৬৫৭১ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে মার্চ ২০১০ শেষে ৭৮০৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

স্টেট ব্যাংক অব ইন্ডিয়া-এর আমানত গ্রহণ ও ঋণ বিতরণের উপর ধার্যকৃত সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	-	৪৯১	৮৭৩	১৩৬৪	৬৬৮	২০৩২
আদায়	-	৩২৭	৬৫১	৯৭৮	৪৯৪	১৪৭২
২০০৯						
বিতরণ	২	৫৬	৯৪	১৫০	৭৯৬	৯৪৮
আদায়	-	২৪	৩৬	৬০	৫৬৬	৬২৬
৩১ মার্চ ২০১০ *						
বিতরণ	৫০	৫০৬	১২০৮	১৭১৪	২০৩	১৯৬৭
আদায়	-	৩১৭	৫৫২	৮৬৯	১২০	৯৮৯
৩০ জুন ২০১০**						
বিতরণ	৫০	৮২০	১২০৯	২০২৯	৩৫১	২৪৩০
আদায়	৫	৩৭৯	৮৯৪	১২৭৩	২৪৯	১৫২৭

* *সাময়িক।* ** *প্রাক্কলিত।*

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
প্রকল্প সংখ্যা	১৩০	-	-	১৩০
পরিমাণ	১০৫৭৩	-	-	১০৫৭৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪৭	-	-	৪৭
পরিমাণ	৬৪১৪	-	-	৬৪১৪
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	১৫২	-	-	১৫২
পরিমাণ	১১৩৫৪	-	-	১১৩৫৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত	-			
প্রকল্প সংখ্যা	২২	-	-	২২
পরিমাণ	৭৭০	-	-	৭৭০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৭০	-	-	৭০
পরিমাণ	২৭৪৩	-	-	২৭৪৩

* *সাময়িক।* ** *প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	-	**২৫**	**৫৫**	**৫০**
	ক) শস্য	-	২৫	৫৫	৫০
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**২৩৬৯**	**১৩০০**	**১৮৪১**	**২৯৯৯**
	ক) বৃহৎ ও মাঝারি	২৩৬৭	১৩০০	১৮৪১	২৯৯৯
	খ) ক্ষুদ্র ও কুটির	২	-	-	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	৮৭৮	২০১২	১৩৪৭	২৩৩৭
৪।	নির্মাণ	১৩৪	২৬৫	৩৭৯	২৪৫
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ -	-	-	-	
৬।	পরিবহন ও যোগাযোগ	২৭০	৩৮৪	৪৬৮	৩০০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২৩০২**	**২০২৫**	**২৮০৪**	**২৮১৭**
	ক) পাইকারি ও খুচরা	৭৫৭	৪৭৪	২৩৫	৮৯৬
	খ) রপ্তানি	১৪২	৪১	৩০৯	৮৬
	গ) আমদানি	১৪০৩	১৫১০	২২৬০	১৮৩৫
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৮৭৯	৫৩০	৯১৪	৯২৫
	সর্বমোট	**৬৮৩২**	**৬৫৭১**	**৭৮০৮**	**৯৬৭৩**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৭.০০	৩.০০-৪.০০	১০.০০-১৩.০০	৮.৫৩	১২.০০	১৪.৫০-১৬.০০	১৬.০০	১৫.৬৪
২০০৯	৭.০০	৩.০০-৪.০০	১২.৫০-১৩.২৫	৮.৬০	১২.০০	১২.০০-১৬.০০	১২.০০-১৬.০০	১২.১৬
৩১ মার্চ ২০১০*	৫.০০	৩.০০-৪.০০	৮.৫০-৯.০০	৮.৬০	১২.০০	১২.০০-১৬.০০	১২.০০-১৬.০০	১২.১৬
৩০ জুন ২০১০**	৫.০০	৩.০০-৪.০০	৮.৫০-৯.০০	৮.৬০	১২.০০	১২.০০-১৬.০০	১২.০০-১৬.০০	১২.১৬

** সাময়িক। ** প্রাক্কলিত।*

কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি

কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি ৬ নভেম্বর ২০০৩ তারিখে ইতোপূর্বেকার ক্রেডিট এগ্রিকোল ইন্দোসুয়েজ (দি ব্যাংক) -এর সকল ব্যবসা এবং সম্পদ (Asset) ও দায় (Liabilities) গ্রহণ করে বাংলাদেশে এর ব্যাংকিং কার্যক্রম শুরু করে। শুরু থেকে ঢাকা ও চট্টগ্রামে দু'টি পূর্ণাঙ্গ শাখা এবং ঢাকার মতিঝিলস্থ শাখাটির অধীনে গুলশান ও সোনারগাঁও হোটেল এলাকায় দু'টি বুথ নিয়ে ব্যাংকটি বাংলাদেশে এর কার্যক্রম চালিয়ে আসছিল। মার্চ ২০১০ শেষে বাংলাদেশে এ ব্যাংকের শাখার সংখ্যা দাঁড়ায় ৭টি।

বাংলাদেশে এ ব্যাংক তাদের মূলধন ও রিজার্ভ ফান্ডের ভিত বৃদ্ধি করে ২০০৯ সালে ২৭৭৮ মিলিয়ন টাকায় উন্নীত করেছে। ইতোপূর্বে ব্যাংকটি কর্পোরেট ব্যাংকিং-এর উপর বিশেষ গুরুত্ব দিয়ে থাকলেও ইদানিং আমানত গ্রহণ, ঋণ প্রদান, ঋণপত্র স্থাপন, ডকুমেন্টারি লেনদেন, স্থানীয় ও আন্তর্জাতিক অর্থ প্রেরণ, বিভিন্ন Savings Deposit Schemes এবং বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়সহ বাণিজ্যিক ব্যাংকের অন্যান্য কার্যক্রমে জোরালো ভূমিকা রেখে আসছে। তবে এ ব্যাংক retail ব্যাংকিং প্রোডাক্টে বিশেষ গুরুত্ব দিয়ে কার্য পরিচালনা করছে।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	২০২৩	২০৪৮	২০৪৮	২০৪৮
৩।	রিজার্ভ ফান্ড	৩৭২	৭৩০	৮১৫	৯১৭
৪।	**আমানত**	**১২৪৭৬**	**১৩৫৭৩**	**১৩১৩৯**	**১৫০৮০**
	ক) তলবি আমানত	২৮৪১	৩৮৯০	৩৯১৭	৪৪৯৬
	খ) মেয়াদি আমানত	৯৬৩৫	৯৬৮৩	৯২২২	১০৫৮৪
৫।	ঋণ ও অগ্রিম	৯৪৬৪	১০৫৬০	৯৫৪৪	১১৯১০
৬।	বিনিয়োগ	৯৩০	২৬৪৪	৪২১২	৪৮৩৪
৭।	মোট পরিসম্পদ	১৬২২০	১৮১২৯	১৮১০৪	১৯২২০
৮।	মোট আয়	১৮২৩	১৯১৬	৫১৫	১০৬৮
৯।	মোট ব্যয়	১১৭৭	১২৬৯	৩৬০	৭৩৫
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৩২৮২০**	**৪৩১১৩**	**৮০৭৬**	**১০৩৭৪**
	ক) রপ্তানি	৬২২৮	৭০১৫	১৬৯৪	১৮৭২
	খ) আমদানি	১৩৫৭৯	১১৫৭২	৩৩৪৬	৩২৯৪
	গ) রেমিট্যান্স	১৩০১৩	২৪৫২৬	৩০৩৬	৫২০৮
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**১৯১**	**২০৩**	**২০৭**	**২১৪**
	ক) কর্মকর্তা	১৭১	১৮৬	১৯০	১৯৯
	খ) কর্মচারী	২০	১৭	১৭	১৫
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২৭	২৭	২৭	২৭
১৩।	**শাখা (সংখ্যা)**	**৬**	**৭**	**৭**	**৭**
	ক) বাংলাদেশে	৬	৭	৭	৭
	খ) বিদেশে	-	-	-	-

২০০৯ সালের ডিসেম্বর শেষে বাংলাদেশে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি-এর মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১৩৫৭৩ মিলিয়ন টাকা (তলবি আমানত ৩৮৯০ মিলিয়ন ও মেয়াদি আমানত ৯৬৮৩ মিলিয়ন টাকা)। ২০০৯ সাল শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ১০৫৬০ মিলিয়ন টাকা এবং বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ২৬৪৪ মিলিয়ন টাকা। ২০০৯ সালে এ ব্যাংক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে মোট ৪৩১১৩ মিলিয়ন টাকার (রপ্তানি ৭০১৫ মিলিয়ন, আমদানি ১১৫৭২ মিলিয়ন ও রেমিট্যান্স ২৪৫২৬ মিলিয়ন টাকা), যার পরিমাণ ২০১০ সালের প্রথম তিন মাসে দাঁড়ায় ৮০৭৬ মিলিয়ন টাকা (রপ্তানি ১৬৯৪ মিলিয়ন, আমদানি ৩৩৪৬ মিলিয়ন ও রেমিট্যান্স ৩০৩৬ মিলিয়ন টাকা)। ২০০৯ সালে ব্যাংকের মোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ছিল ২০৩ জন, যার মধ্যে ১৮৬ জন কর্মকর্তা ও ১৭ জন কর্মচারী। বাংলাদেশে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি-এর কার্যক্রমের অগ্রগতির বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯ সালে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি কর্তৃক ঋণ বিতরণের পরিমাণ ছিল ২০৫৭৯ মিলিয়ন টাকা (শিল্প খাতে ১১২৯৭ মিলিয়ন টাকা ও অন্যান্য খাতে ৯০১০ মিলিয়ন টাকা) এবং ঋণ আদায়ের পরিমাণ ছিল ১৯৪৮৩ মিলিয়ন টাকা। ২০১০ সালের প্রথম তিন মাসে ব্যাংকের ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৫১৮৫ মিলিয়ন টাকা (শিল্প খাতে ২৮৯৩ এবং অন্যান্য খাতে ২২৯২ মিলিয়ন টাকা) এবং এই সময় ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় ৬২০০ মিলিয়ন টাকা। ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০৯ সালে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি কর্তৃক শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ছিল ১৭১২ মিলিয়ন টাকা এবং ২০০৯ সালের ৩১ ডিসেম্বরে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ ছিল ৭৪৬৫ মিলিয়ন টাকা। ২০১০ সালের প্রথম তিন মাসে শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৪১১ মিলিয়ন টাকা এবং ৩১ মার্চ ২০১০ তারিখে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৭৮৭৬ মিলিয়ন টাকা। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৯ সালে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি এর মোট ঋণের স্থিতির পরিমাণ ছিল ১০৫৬০ মিলিয়ন টাকা, যার মধ্যে শিল্প খাতে স্থিতি ১০৭০ মিলিয়ন টাকা। ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি-এর সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৩৯০	৪৫৪	১১১৩৭	১১৫৯১	৭৬২৮	১৯৬০৯
আদায়	২৬৮	৪৮৯	১০৫২৭	১১০১৬	৬৮৫০	১৮১৩৪
২০০৯						
বিতরণ	২৭২	৫২২	১০৭৭৫	১১২৯৭	৯০১০	২০৫৭৯
আদায়	৩৪৫	৫১৮	১০১৬৮	১০৬৮৬	৮৪৫২	১৯৪৮৩
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	-	৪৮	২৮৪৫	২৮৯৩	২২৯২	৫১৮৫
আদায়	৬৮	১৬৬	৩৩০১	৩৪৬৭	২৬৬৫	৬২০০
৩০ জুন ২০১০ **						
বিতরণ	১৩০	৯৮	৫৮৩৪	৫৯৩২	৪৭০০	১০৭৬২
আদায়	৯৩	২২৫	৪৪৭০	৪৬৯৫	৩৬০৮	৮৩৯৬

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
প্রকল্প সংখ্যা	৫৬	৫	-	৬১
পুঞ্জীভূত লোকসান কাটিয়ে ব্যাংকটিকে লাভজনকভাবে পরিচালনার উদ্দেশ্যে ইতোপূর্বে ১৯৯৯-২০০৪ মেয়াদের জন্য রাকাব সংস্কার কর্মসূচি, ২০০১-২০১০ সময়ের জন্য রাকাব Perspective Plan গ্রহণ করা হয়। পরবর্তীতে ২০০৯-'১০ অর্থ বছর হতে ২০১৩-'১৪ অর্থবছর পর্যন্ত সময়ের জন্য ব্যাংকের প্রধান কার্যালয় হতে শাখা পর্যায় পর্যন্ত সকল স্তরে আবশ্যিকভাবে পরিধারণ ও পরিপালনের নিমিত্তে পাঁচ বছর মেয়াদি ভবিষ্যত কর্ম পরিকল্পনা (Future Plan) প্রণয়ন করা হয়েছে। এই কর্ম পরিকল্পনায় ঋণ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, ঋণ আদায়ের মাধ্যমে ব্যাংকের পারফর্মিং অ্যাসেট বৃদ্ধির পরিকল্পনা বাস্তবায়ন, গ্রাহক সেবার মান উন্নয়নের মাধ্যমে আমানত সংগ্রহের মাত্রা বৃদ্ধি ও বৈদেশিক বাণিজ্য পরিচালনায় সাফল্য অর্জনের কর্মপদ্ধতি বিশদভাবে উল্লেখ করা হয়েছে। উল্লিখিত ভবিষ্যত কর্ম পরিকল্পনা (Future Plan) অনুযায়ী ব্যাংকের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। শাখা ও জোনগুলোর সাপ্তাহিক ও মাসিক কাজের অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিধারণ করা হচ্ছে।

আমানত সংগ্রহ

ব্যাংকের স্থিতিশীল বিনিয়োগযোগ্য তহবিল সৃষ্টির উদ্দেশ্যে আমানত

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭-'০৮						
বিতরণ	৩৫৬৫	২৮৪	১৮৭৮	২১৬২	১৯২৩	৭৬৫০
আদায়	৩৭৫৭	৪৭৬	২০৪৯	২৫২৫	২১৬৫	৮৪৪৭
২০০৮-'০৯						
বিতরণ	৪৭১০	১৯২	২২১৬	২৪০৮	১৬৮৩	৮৮০১
আদায়	৪৮১৫	৫৫৯	২১৯৭	২৭৫৬	১৪৩৮	৯০০৯
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	৪৫৭৩	৭৬২	১৪২৮	২১৯০	১৪৫৩	৮২১৬
আদায়	৩৬১৫	৪২৪	১৬৪১	২০৬৫	১৯৭২	৭১৫২
৩০ জুন ২০১০**						
বিতরণ	৪৬৮৮	৭৮১	১৫৬৪	২৩৪৫	৩৩১৭	১০৩৫০
আদায়	৪৪১৭	৫৬২	১৬৯২	২২৫৪	৩২২৯	৯৯০০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সংগ্রহকে দ্বিতীয় গুরুত্বপূর্ণ তহবিলের উৎস হিসেবে চিহ্নিত করা হয়েছে। ৩০৪টি (শতকরা ৮৪ ভাগ) গ্রামীণ শাখাসহ মোট ৩৬৪টি শাখা আমানত সংগ্রহে অবদান রাখছে। প্রতিবছর আমানতের লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে ও আমানতের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। চলতি বছরেও এ ধারা অব্যাহত রয়েছে। আমানত সংগ্রহে ব্যাংকের "রাকাব হজ্ব সঞ্চয়ী হিসাব", "রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প", "রাকাব গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্প", "রাকাব সন্তান-সন্ততি বিবাহ সঞ্চয় প্রকল্প" নামে কয়েকটি আকর্ষণীয় আমানত স্কীম চালু রয়েছে। এই ক্ষুদ্র আমানত স্কীমগুলো ব্যাপক জনপ্রিয়তা অর্জন করার পাশাপাশি আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখছে। ২০০৯-'১০ অর্থবছরে ৩০০০ মিলিয়ন টাকা আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত সংগ্রহকৃত আমানতের পরিমাণ দাঁড়ায় ৩০২ মিলিয়ন টাকায়, যা লক্ষ্যমাত্রার শতকরা ১০ ভাগ।

ঋণ বিতরণ ও আদায়

২০০৯-'১০ অর্থবছরে ১০৩৫০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৮২১৭ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৭৯ ভাগ। ৩০ জুন ২০১০ নাগাদ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে আশা করা যায়। প্রধান কার্যালয় হতে অর্থবছরের শুরুতেই প্রদত্ত জোনওয়ারি ঋণ আদায় লক্ষ্যমাত্রা ও দিক-নির্দেশনা অনুযায়ী মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের অংগীকার পূরণে একনিষ্ঠতার কারণে ২০০৮-'০৯ অর্থবছরে ৮৫০০ মিলিয়ন টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে আদায়ের পরিমাণ ছিল ৯০০৯ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ১০৬ ভাগ। এর মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ছিল ২১২০ মিলিয়ন টাকা। ২০০৯-'১০ অর্থবছরে ৯৯০০ মিলিয়ন টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত আদায়কৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৭১৫২ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৭২ ভাগ। এর মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় ১৩৯৩ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণ বিতরণ ও ঋণ আদায় অবস্থা সারণি-২-এ দেখানো হলো।

তথ্য প্রযুক্তির উন্নয়ন ও গ্রাহক সেবা

রাকাবের প্রধান কার্যালয়ে একটি সার্ভার ও বিভিন্ন বিভাগে প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটারের সমন্বয়ে LAN (Local area network) সমৃদ্ধ কম্পিউটারাইজড কার্যক্রম চালু রয়েছে। ১৮টি জোনাল কার্যালয়েও ইন্টারনেট সংযোগসহ কম্পিউটারাইজড কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের নিজস্ব ওয়েব সাইট www.rakub-bd.org ব্যাংকের কার্যক্রম প্রচারণার কাজ করে। ব্যাংকের ৩৬৪টি শাখাতে পর্যায়ক্রমে কম্পিউটারাইজড শাখা ব্যাংকিং চালু করার নিমিত্তে অর্থ মন্ত্রণালয় অনুমোদিত "পারস্পেকটিভ আইসিটি প্ল্যান ঃ ২০০৬ হতে ২০১১"এবং পরবর্তীতে অনুমোদিত "আইসিটি পরিকল্পনা ঃ ২০০৯ - '১০ হতে ২০১৩-'১৪" অনুযায়ী বিভিন্ন পদ মর্যাদার (ডাটা এন্ট্রি অপারেটর/কন্ট্রোল সুপারভাইজার হতে সিস্টেম অ্যানালিস্ট পর্যন্ত) প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ দেয়া হয়েছে এবং বিদ্যমান জনবলকে কম্পিউটার জ্ঞান সমৃদ্ধ করার নিমিত্তে ব্যাংকের অভ্যন্তরে ও বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম অব্যাহত রয়েছে। রাকাব, ঢাকা শাখা ও এলপিও-তে কম্পিউটারাইজড শাখা ব্যাংকিং চালু রয়েছে। সম্প্রতি ৫টি (পাঁচ) বৃহত্তর জেলা সদর শাখায় কম্পিউটারাইজড শাখা ব্যাংকিং চালু করা হয়েছে। পর্যায়ক্রমে উপজেলা ও ইউনিয়ন পর্যায়সহ সকল শাখায় কম্পিউটারাইজড শাখা ব্যাংকিং চালু করার প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং ঋণ ও আমানতের সুদের হার যথাক্রমে সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেখানো হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে			
প্রকল্প সংখ্যা	০	৪৪৩৯৩	৪৪৩৯৩
পরিমাণ	০	৪২৯৭	৪২৯৭
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	০	৮৮৫	৮৮৫
পরিমাণ	০	৬৭২	৬৭২
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০ তারিখে			
প্রকল্প সংখ্যা	০	৪৪৪০১	৪৪৪০১
পরিমাণ	০	৪৩৫৫	৪৩৫৫
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত*			
প্রকল্প সংখ্যা	০	১৫৮	১৫৮
পরিমাণ	০	১৯৮	১৯৮
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০ পর্যন্ত**			
প্রকল্প সংখ্যা	০	২৬২	২৬২
পরিমাণ	০	৩০০	৩০০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭-'০৮	২০০৮-'০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**১৬৬০৩**	**১৭৯৩০**	**১৮৭২৩**	**১৮৭৪৭**
	(ক) শস্য	১২৩২৯	১৩৩১৯	১৪০০৭	১৪০২৭
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৪০৩২	৪২৫৮	৪৩৪৫	৪৩৪৮
	(গ) মৎস্য	২৪২	৩৫৩	৩৭১	৩৭২
	(ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**২৮৩২**	**২৫১৮**	**২২৩৩**	**২২৩০**
	(ক) বৃহৎ ও মাঝারি	-	-	-	-
	(খ) ক্ষুদ্র ও কুটির	২৮৩২	২৫১৮	২২৩৩	২২৩০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩৩৩০	৩৬৭৫	৪২১৫	৪২১৭
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	২৫	২৪	২৫	২৫
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**১৭**	**১৮**	**১৯**	**২৯**
	(ক) পাইকারি/খুচরা	১৭	১৮	১৯	২৯
	(খ) রপ্তানি	-	-	-	-
	(গ) আমদানি	-	-	-	-
	(ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	৮৪৪	৯৬২	৭৮৬	৭৮৮
৯।	অন্যান্য	১৯২৭	২২১১	৩২৭৮	৩৩২৭
	সর্বমোট	**২৫৫৭৮**	**২৭৩৩৮**	**২৯২৭৯**	**২৯৩৫৪**

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭-'০৮	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭৪	৮.০০	১২.০০	১৩.০০	৯.০৯
২০০৮-'০৯	৬.০০	৪.০০	৭.৭৫	৬.৭৮	১০.০০	১২.০০	১৩.০০	৯.১১
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৬.০০	৪.০০	৭.৭৫	৬.৭৮	১০.০০	১২.০০	১৩.০০	৯.০৫
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৬.০০	৪.০০	৭.৭৫	৬.৭৮	১০.০০	১২.০০	১৩.০০	৯.০৫

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

সরকারের সিদ্ধান্তের আলোকে গত ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে সরকার ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ-এর পরিচালনা পর্ষদ-এর মধ্যে Vendors' Agreement স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ শিল্প ব্যাংক ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা নামক প্রতিষ্ঠান দু'টি একীভূত করে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) গঠিত হয়। বিলুপ্ত প্রতিষ্ঠান দুটির পরিসম্পদ, দায় এবং জনবল নতুন প্রতিষ্ঠান বিডিবিএল-এর নিকট অর্পিত হয়েছে। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ যথাক্রমে ১০০০০ ও ৪০০০ মিলিয়ন টাকা। বর্তমানে প্রধান কার্যালয় ও তিনটি জোনাল অফিস ছাড়াও এ ব্যাংকের ১৭টি ব্রাঞ্চ অফিস রয়েছে। ৩১ মার্চ ২০১০ তারিখে এ ব্যাংকের মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ৭৮১ জন। মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন অনুযায়ী ব্যাংকের পরিচালনা বোর্ডের সদস্য সংখ্যা সর্বোচ্চ ১৩ (তের) জন (ব্যবস্থাপনা পরিচালক ব্যতীত)। বর্তমানে ব্যাংকের পরিচালনা বোর্ডে চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ মোট ১১ (এগার) জন পরিচালক বিদ্যমান রয়েছেন। অধুনালুপ্ত বিএসবি ও বিএসআরএস-এর মূল উদ্দেশ্য ও কার্যাবলী এবং শিল্প প্রকল্পে মেয়াদি ঋণ প্রদানের পাশাপাশি অবকোঠামো সুবিধা সৃষ্টি, ইউটিলিটি ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ অন্য যে কোনো উন্নয়ন প্রকল্পে দীর্ঘ ও স্বল্প মেয়াদে ঋণ প্রদান, ব্যাংকিং কোম্পানিজ অ্যাক্ট, ১৯৯১-এর আওতায় আন্তর্জাতিক বাণিজ্যসহ সকল প্রকার ব্যাংকিং ব্যবসা ও দেশের পুঁজিবাজারে অবদান রাখার লক্ষ্য নিয়ে এ ব্যাংকের সৃষ্টি হয়েছে। এটি একদিকে ডেভেলপমেন্ট ব্যাংক ও অন্যদিকে সার্বিক বাণিজ্যিক ব্যাংক; যা কোম্পানিজ আইন ও ব্যাংকিং কোম্পানীজ অ্যাক্ট-এর আওতায় পরিচালিত।

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি স্পিনিং মিল।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
০১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০
০২।	পরিশোধিত মূলধন	৪০০০	৪০০০
০৩।	রিজার্ভ ফান্ড	২১৩৯	২১৭৩
০৪।	**মোট আমানত**	**১৫০৭**	**১৬০০**
	(ক) তলবি আমানত	১৯৭	২১৩
	(খ) মেয়াদি আমানত	১৩১০	১৩৮৭
০৫।	ঋণ ও অগ্রিম	১০২০১	১০৩০০
০৬।	বিনিয়োগ	৪৪০০	৪৫০০
০৭।	মোট পরিসম্পদ	১৬৮৭১	১৬৯৭০
০৮।	মোট আয়	১৯০	৪০০
০৯।	মোট ব্যয়	১৪৫	২৯০
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৫০**	**২০১**
	(ক) রপ্তানি	-	-
	(খ) আমদানি	৫০	২০০
	(গ) রেমিট্যান্স	-	১
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**৭৮১**	**৭৭৭**
	(ক) কর্মকর্তা	৫১৮	৫১৫
	(খ) কর্মচারী	২৬৩	২৬২
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৬	১৫
১৩।	**মোট শাখা (সংখ্যা)**	**১৭**	**১৭**
	(ক) বাংলাদেশে	১৭	১৭
	(খ) বিদেশে	-	-

ব্যাংক কতৃক গৃহীত কার্যাবলীঃ

ক) **দীর্ঘ মেয়াদি ঋণ প্রদান ঃ** বেসরকারি খাতে নতুন এবং বিএমআরই শিল্প প্রকল্পে মেয়াদি ঋণ প্রদান; রপ্তানিমুখী, আমদানি বিকল্প অগ্রাধিকারপ্রাপ্ত শিল্প প্রকল্প, পরিবেশ বান্ধব ও কৃষিজাত পণ্যভিত্তিক শিল্প, ক্ষুদ্র পাওয়ার প্ল্যান্ট, আইসিটি ইত্যাদি প্রকল্পে অগ্রাধিকার প্রদান; সিন্ডিকেটেড ও কনসোর্টিয়াম (Syndicated & Consortium) ঋণে লীড ব্যাংক বা সদস্য ব্যাংক হিসেবে যৌথভাবে প্রকল্পে অর্থায়ন; পাবলিক লিমিটেড কোম্পানির শিল্প প্রকল্পে সেতু ঋণ ও শেয়ার অবলিখনের মাধ্যমে সম-মূলধন সহায়তা প্রদান; ইক্যুইপমেন্ট ফাইন্যান্স/লিজিং কার্যক্রম পর্যায়ক্রমে চালুকরণ; ঋণ পরিশোধের লক্ষ্যে ঋণ গ্রহীতাদের পক্ষে গ্যারান্টি ইস্যুকরণ এবং বিভিন্ন শিল্প উপ-খাত ভিত্তিক সমীক্ষণ প্রতিবেদন (Sub-Sectoral Study Report) প্রণয়নসহ প্রকল্প সম্প্রসারণমূলক কার্যক্রম সম্পাদন ও ঋণ গ্রহীতাদের পরামর্শমূলক সেবা প্রদান।

খ) **SME খাতে অর্থায়ন ঃ** স্বনির্ভরতা অর্জন, উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিশেষ গুরুত্ব আরোপ করে মেয়াদি ঋণ প্রদান; বাংলাদেশ ব্যাংক ও সরকারের নীতিমালার সংগে সমন্বয় রেখে পল্লী এলাকায় কৃষিভিত্তিক শিল্প স্থাপনে অগ্রাধিকার প্রদান; ক্ষমতায়ন এবং দেশের সুষম উন্নয়নের লক্ষ্যে মহিলা উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে শিল্প স্থাপনে ঋণ প্রদান; উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ভৌগোলিক অবস্থান নির্বিশেষে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অর্থায়ন ত্বরান্বিতকরণ; এবং আগ্রহী ও অভিজ্ঞতা সম্পন্ন উদ্যোক্তাদেরকে SME খাতে শিল্প স্থাপনে পরামর্শ ও সহযোগিতা প্রদান।

গ) **স্বল্প মেয়াদি ঋণ প্রদান ঃ** শিল্প প্রকল্পে চলতি মূলধন ঋণ প্রদান; ভোক্তা ঋণসহ রিটেইল ব্যাংকিং (Retail Banking); ট্রেড ফিন্যান্সিং ও বাণিজ্যিকভাবে এল/সি খোলা এবং আমানত সংগ্রহসহ আধুনিক প্রযুক্তি নির্ভর অন্যান্য বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান।

ঘ) **বৈদেশিক মুদ্রা বাণিজ্য (Foreign Exchange Business) ঃ** রেমিট্যান্স কার্যক্রম; বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়; আমদানি বিলের বিপরীতে অ্যাডভান্স; ও ফরেন বিল পারচেজ।

ঙ) **পুঁজিবাজার কার্যক্রম ঃ** পুঁজিবাজারের উন্নয়নকল্পে ঢাকা স্টক

এক্সচেঞ্জ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ-এর সদস্য হিসেবে এবং স্টক ব্রোকার ও স্টক ডিলার রূপে ব্যাংকের জন্য ও গ্রাহকদের পক্ষে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার/সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় এবং বিদ্যমান মিউচ্যুয়াল ফান্ডের পাশাপাশি নতুন মিউচ্যুয়াল ফান্ড চালুকরণ।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেডের মোট আমানতের পরিমাণ মার্চ ২০১০ শেষে ১৫০৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা বৃদ্ধি পেয়ে ৩০ জুন ২০১০ শেষে ১৬০০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে আশা করা যায়। এ ব্যাংকের প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ মার্চ ২০১০ শেষে ১০২০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। আরো নতুন নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের ফলে ব্যাংকের ঋণ ও অগ্রিমের স্থিতি ৩০ জুন ২০১০ শেষে ১০৩০০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে আশা করা যায়। এ ব্যাংকের কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০১০ সালের প্রথম তিন মাসে এ ব্যাংকের মোট ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৮৪ মিলিয়ন টাকা, যা ৩০ জুন ২০১০ শেষে ৫০০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে আশা করা যায়। ২০১০ সালের প্রথম তিন মাসে ২০৬ মিলিয়ন টাকা মেয়াদি ঋণসহ মোট ৩৫৫ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে। ২০১০ সালের জুন শেষে ঋণ আদায়ের পরিমাণ ৭২০ মিলিয়ন টাকায় দাঁড়াবে বলে আশা করা যায়। এ ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-২, ৩, ৪ এবং ৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য***	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	-	৫৮	৩	৬১	২৩	৮৪
আদায়	-	২০৬	১১৫	৩২১	৩৪	৩৫৫
৩০ জুন ২০১০**						
বিতরণ	-	৪১০	১০	৪২০	৮০	৫০০
আদায়	-	৪৯০	১৫০	৬৪০	৮০	৭২০

** সাময়িক। ** প্রাক্কলিত। *** কর্মচারি অগ্রিমসহ।*

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য***	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
১ জানুয়ারি ২০১০ হতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত*				
প্রকল্প সংখ্যা	২	-	১	৩
পরিমাণ	১৪	-	১	১৫
১ জানুয়ারি ২০১০ হতে ৩০ জুন ২০১০ পর্যন্ত **				
প্রকল্প সংখ্যা	৫	১৮	২	২৫
পরিমাণ	৫৩৬	৫৮	৫	৫৯৯

** সাময়িক। ** প্রাক্কলিত। *** চলতি মূলধন।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**		
	ক) শস্য	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-
	গ) মৎস্য	-	-
	ঘ) বনায়ন	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	৭৯০৯	৭৮২০
	ক) বৃহৎ ও মাঝারি	৬৪৮১	৬৪৪২
	খ) ক্ষুদ্র ও কুটির	১৪২৮	১৩৭৮
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩৩১	৩৬০
৪।	নির্মাণ	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-
৭।	**ব্যবসা-বাণিজ্য**	-	-
	ক) পাইকারি ও খুচরা	-	-
	খ) রপ্তানি	-	-
	গ) আমদানি	-	-
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	-	-
৯।	অন্যান্য *	১৯৬১	২১২০
	সর্বমোট	১০২০১	১০৩০০

** ওডি, ফোর্সড লোন, ব্রীজ লোন ও স্টাফ লোন।*

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
৩১ মার্চ ২০১০	৫.০০	৩.০০	৭.০০-৮.৫০	৫.২৫	-	১০.০০-১২.৫০	১৩.০০	১২.১৩
৩০ জুন ২০১০*	৫.০০	৩.৫০	৭.২০-৮.৫০	৫.৪৬	-	১০.০০-১২.৫০	১৩.০০	১২.১৩

** প্রাক্কলিত।*

বেসিক ব্যাংক লিমিটেড

বেসিক ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১ জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন (বিসিসি ফাউন্ডেশনের ৭০% শেয়ার এবং বাংলাদেশ সরকারের ৩০% শেয়ার) নিয়ে কার্যক্রম শুরু করে। ৬ জুন ১৯৯১-এ বিশ্বব্যাপী বিসিসিআই ফাউন্ডেশন অকার্যকর হয়ে গেলে উদ্ভূত অচলাবস্থা রোধকল্পে বাংলাদেশ সরকার ৪ জুন ১৯৯২-এ ফাউন্ডেশনের ৭০% শেয়ারসহ ব্যাংকটি অধিগ্রহণ করে। ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। ২০০৮ সাল শেষে পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ১৩১০ মিলিয়ন টাকা, যা ২০০৯ সালে ১৪৫৫ মিলিয়ন টাকায় পরিণত হয়। এছাড়া ২০০৮ সাল শেষে ব্যাংকের রিজার্ভ ফান্ড ছিল ১৬৮১ মিলিয়ন টাকা, যা ২০০৯ সালের ডিসেম্বর শেষে ২৪৫৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ২০০৯ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৩২টি এবং মোট জনবল ৮১৯ জন, যার মধ্যে ৬৩৪ জন কর্মকর্তা এবং ১৮৫ জন কর্মচারী।

বেসিক ব্যাংক লিমিটেড উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক সংমিশ্রণ। ব্যাংকটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে অগ্রাধিকার দিয়ে শিল্প খাত প্রসারের জন্য মধ্য ও দীর্ঘ মেয়াদি ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের দায়িত্বে নিয়োজিত। সংঘ স্মারক ও সংঘ বিধি অনুযায়ী ব্যাংকটির মোট ঋণদানযোগ্য তহবিলের অন্ততঃ শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অর্থায়নে ব্যবহৃত হয়।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০৮ সালের ডিসেম্বর শেষের ৩৮০৩৯ মিলিয়ন টাকা থেকে শতকরা ৯.৩ ভাগ হ্রাস পেয়ে ২০০৯ সালের ডিসেম্বর শেষে ৩৪৫০২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের স্থিতি ২০০৯ সালের ডিসেম্বর শেষে পূর্ববর্তী

ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি ক্ষুদ্র ও কুটির শিল্প।

বছরের একই সময়ের তুলনায় শতকরা ৭.৩ ভাগ বৃদ্ধি পেয়ে ২৯২৬২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ২০০৮ সালের ৪৯৬৭০ মিলিয়ন টাকার তুলনায় ৪৭৭৯ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০৯ সালের ডিসেম্বর শেষে ৫৪৪৪৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে আমদানির পরিমাণ ২০০৮ সালের ২৭৩৫৪ মিলিয়ন টাকা থেকে শতকরা ২৪.২ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৯ সাল শেষে ৩৩৯৭৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। রেমিট্যান্স ২০০৮ সালের ৪৪৫ মিলিয়ন টাকা থেকে শতকরা ৩১.২ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৯ শেষে ৫৮৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে রপ্তানির পরিমাণ ২০০৮ সালের ২১৮৭১ মিলিয়ন টাকা থেকে শতকরা ৯.০ ভাগ হ্রাস পেয়ে ২০০৯ শেষে ১৯৮৮৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে কৃষিভিত্তিক ব্যবসা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্র্যাক, আশা এবং টিএমএসএস বরাবর ক্ষুদ্র ঋণ পরিচালনার জন্য ২০০৬ হতে ২০০৯ সাল পর্যন্ত ১০১৬ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে, এর মধ্যে ২০০৭ সালে ৩২৬ মিলিয়ন টাকা, ২০০৮ সালে ১৭৭ মিলিয়ন এবং ২০০৯ সালে ৪৫৮ মিলিয়ন টাকাসহ ক্রমপুঞ্জীভূত মোট ৯৬১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৭ সালের মার্চ থেকে ব্যাংকিং লেনদেন তথা সামগ্রিক কার্যক্রম কেন্দ্রীয় নিয়ন্ত্রণে আনার জন্য 'অন-লাইন ব্যাংকিং কার্যক্রম' শুরু হয়েছে। ২০০৭ সালে ATM কার্ড প্রবর্তনের মাধ্যমে গ্রাহকদের নিকট ব্যাংকিং সেবা সহজলভ্য করার উদ্যোগ নেয়া হয়। শিল্প ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে পরিবেশের ওপর শিল্প প্রকল্পের প্রভাব বিবেচনায় নিয়ে পরিবেশ বান্ধব প্রকল্পে ঋণ মঞ্জুরী দেয়াকে গুরুত্ব দেয়া হচ্ছে। বেসিক ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

শিল্প ঋণ বিতরণ এবং আদায়

বেসিক ব্যাংক লিমিটেডের মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ২০০৯ সালে যথাক্রমে ২৭০৬ মিলিয়ন টাকা এবং ১৯০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৮ সালে মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ২১৯৯ মিলিয়ন এবং ১৬৫২ মিলিয়ন

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	১৩১০	১৪৫৫	১৪৫৫	১৯৫০
৩।	রিজার্ভ ফান্ড	১৬৮১	২৪৫৫	২৪৫৫	২৪৫৫
৪।	**আমানত**	**৩৮০৩৯**	**৩৪৫০২**	**৩৮০৯৮**	**৩৮১৫০**
	ক) তলবি আমানত	৩৫০০	২৯৫১	২৭৩৬	২৭৫০
	খ) মেয়াদি আমানত	৩৪৫৩৯	৩১৫৫১	৩৫৩৬২	৩৫৪০০
৫।	ঋণ ও অগ্রিম	২৭২৬৯	২৯২৬২	২৯৭৬৭	৩০৩৩৬
৬।	বিনিয়োগ	৫৬৯৪	৬৩৩৯	৬৪২৯	৬৫০০
৭।	মোট পরিসম্পদ	৪৬৬৬০	৪৫৬৮৫	৫৪০১৮	৬২৩৫১
৮।	মোট আয়	৫০৬০	৫১৬২	১৫৭৮	১২৬৫০
৯।	মোট ব্যয়	৩৫২৬	৩৪৮৬	১২৮০	২৬৫০
১০।	**বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	**৪৯৬৭০**	**৫৪৪৪৯**	**১২৬৭০**	**২১৮২০**
	ক) রপ্তানি	২১৮৭১	১৯৮৮৮	৪৯৮৬	৫৪৮৬
	খ) আমদানি	২৭৩৫৪	৩৩৯৭৭	৭৫৩৪	১৬০৩৪
	গ) রেমিট্যান্স	৪৪৫	৫৮৪	১৫০	৩০০
১১।	**মোট জনবল (সংখ্যায়)**	**৭৩৫**	**৭৫৯**	**৮১৯**	**৮৪৪**
	ক) কর্মকর্তা	৫৯৭	৫৮২	৬৩৪	৬৫৬
	খ) কর্মচারী	১৩৮	১৭৭	১৮৫	১৮৮
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২২	২২	১৮	১৮
১৩।	**মোট শাখা (সংখ্যা)**	**৩১**	**৩২**	**৩২**	**৩৪**
	ক) বাংলাদেশে	৩১	৩২	৩২	৩৪
	খ) বিদেশে	০	০	০	০

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	২৬৯	২১৯৯	৭৭০৭	৯৯০৬	৯৫৮৬	১৯৭৬১
আদায়	২২৭	১৬৫২	৭৬১০	৯২৬২	-	৯৪৮৯
২০০৯						
বিতরণ	৫৪৬	২৭০৬	৭৫৬৭	১০২৭৩	৯৭৫১	২০৫৭০
আদায়	২৯৪	১৯০৩	৬৯৬৪	৮৮৬৭	-	৯১৬১
৩১ মার্চ, ২০১০*						
বিতরণ	১৩৮	৬৮৪	১৯১৫	২৫৯৯	২৪৬৮	৫২০৫
আদায়	৭৫	৪৮২	১৭৬৩	২২৪৫	-	২৩২০
৩১ জুন, ২০১০**						
বিতরণ	২৭৬	১৩৬৮	৩৮৩০	৫১৯৮	৪৯৩৬	১০৪১০
আদায়	১৫০	৯৬৪	৩৫২৬	৪৪৯০	-	৪৬৪০

* সাময়িক। ** প্রাক্কলিত।

টাকা। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

বেসিক ব্যাংক লিমিটেড শুরু থেকে ২০০৯ সালের ডিসেম্বর পর্যন্ত ৮৫৫টি প্রকল্পের আওতায় মোট ২১০৩৭ মিলিয়ন টাকা মেয়াদি ঋণ অনুমোদন করে, যার মধ্যে ৮২৯৪ মিলিয়ন টাকা বা শতকরা ৩৯.৪ ভাগ ক্ষুদ্র ও কুটির শিল্পে এবং বাকি ১২৭৪৩ মিলিয়ন টাকা বা শতকরা ৬০.৬ ভাগ বৃহৎ ও মাঝারি শিল্পে। আলোচ্য প্রকল্পসমূহের মধ্যে রয়েছেঃ গার্মেন্টস এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ, ইঞ্জিনিয়ারিং, পাটজাত দ্রব্য, কেমিক্যাল, সিনথেটিক লেদার, এমব্রয়ডারি, পেপার প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং, হার্ডবোর্ড, মৎস্য ও চিংড়ি, ফিশিং নেট, খাদ্য প্রক্রিয়া, বিস্কুট ও ব্রেড, ময়দা মিল, ব্রেড, লুব্রিকেটিং, সিএনজি ইত্যাদি। ২০০৯ সালে ব্যাংক ৫৪টি নতুন প্রকল্পের আওতায় মোট ১০১২১ মিলিয়ন টাকা অনুমোদন দিয়েছে। ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

বিশেষ ঋণ কর্মসূচি ও অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

শহুরে দরিদ্র জনগোষ্ঠীর জন্য বেসিক ব্যাংক ক্ষুদ্র ঋণ কর্মসূচি (Micro Credit Scheme) নামে একটি কর্মসূচি চালু রেখেছে। এ কর্মসূচির আওতায় দরিদ্র ঋণগ্রহীতাদের সরাসরি বা এনজিও-এর মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা রয়েছে। ২০০৯ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংক ৩১৭২৯২ জন দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে মোট ১০৭২ মিলিয়ন টাকা বিতরণ করে। ঋণ আদায়ের হার শতকরা ৯৬.৭ ভাগ। ২০০৯ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট ঋণের স্থিতি দাঁড়ায় ২৯২৬২ মিলিয়ন টাকা। অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো। এছাড়াও আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯* তারিখ				
প্রকল্প সংখ্যা	২৬০	৫৯৫	-	৮৫৫
পরিমাণ	১২৭৪৩#	৮২৯৪#	-	২১০৩৭#
১জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৬	৪৮	-	৫৪
পরিমাণ	৭৭৬৩#	২৩৫৮#	-	১০১২১#
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	২৬২	৬০১	-	৮৬৩
পরিমাণ	১৬২২১#	৫১২৩#	-	২১৩৪৪#
১জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত (সাময়িক)				
প্রকল্প সংখ্যা	২	৬	-	৮
পরিমাণ	৬৭১#	১০৯#	-	৭৮০#
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০ পর্যন্ত (প্রাক্কলিত)				
প্রকল্প সংখ্যা	৪	১০	-	১৪
পরিমাণ	১৩৪২#	২১৮#	-	১৫৬০#

 # মেয়াদি ঋণ।

** নতুন ও বর্তমান প্রকল্প।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	-	-	-	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	৫৪৪২	৭৭০৬	৭৮৩৯	৭৯৮০
	ক) বৃহৎ ও মাঝারি	৪১৩৬	৬০১১	৬১১৪	৬২২০
	খ) ক্ষুদ্র ও কুটির	১৩০৬	১৬৯৫	১৭২৫	১৭৬০
৩।	চলতি মূলধন অর্থায়ন	১১৭৮৪	১০১১৮	১০২৯২	১০৪৬৬
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ,গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	**ব্যবসা-বাণিজ্য**	৮৭৪৬	৯৫৭০	৯৭২৭	৯৯৩০
	ক) পাইকারি ও খুচরা	৬৭৮৩	৫৭৯৫	৫৮৯০	৫৯৯০
	খ) রপ্তানি	৭২৮	৬১৬	৬২৬	৬৪০
	গ) আমদানি	১২৩৫	৩১৫৯	৩২১১	৩৩০০
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য বিমোচন	৭৬৪	১০৭২	১০৯১	১১২০
৯।	অন্যান্য	৫৩৩	৮০৪	৮১৮	৮৪০
	সর্বমোট	**২৭২৬৯**	**২৯২৬২**	**২৯৭৬৭**	**৩০৩৩৬**

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৭.০	৪.৫	৭.২৫-৮.২৫	৭.৫	৯.০	১১.৫-১৩.০	১৪.৭৫	১২.০
২০০৯	৭.০	৪.৫	৭.২৫-৮.২৫	৭.৫	৯.০	১১.৫-১৩.০	১৪.৭৫	১২.০
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৬.৫	৪.৫	৭.০০-৭.৭৫	৬.৫	৯.০	১১.৫-১৩.০	১৪.৭৫	১২.০
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৬.৫	৪.৫	৭.০০-৭.৭৫	৬.৫	৯.০	১১.৫-১৩.০	১৪.৭৫	১২.০

আর্থিক প্রতিষ্ঠান

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন ১৯৯৫-এর অধীনে স্থাপিত সরকার নিয়ন্ত্রিত একটি বিশেষায়িত ব্যাংক ও সংবিধিবদ্ধ সংস্থা। নভেম্বর ১৯৯৬ সালে ঢাকাস্থ লোকাল অফিস খোলার মাধ্যমে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। মার্চ ২০১০ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩৮১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির পরিশোধিত মূলধনের ৩২.৮ শতাংশ শেয়ার সরকারের এবং অবশিষ্ট শেয়ার আনসার ও ভিডিপি সদস্য, আনসার-ভিডিপি কর্মকর্তা ও কর্মচারী এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের। মার্চ ২০১০ শেষে ব্যাংকের শাখার সংখ্যা ১৪৮টিতে দাঁড়ায়। ১৯ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ও ৫ সদস্য বিশিষ্ট পর্ষদের নির্বাহী কমিটির সার্বিক তত্ত্বাবধানে পল্লী ঋণ কার্যক্রমে দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন পেশাদার ব্যাংক কর্মকর্তাদের মাধ্যমে এ ব্যাংক পরিচালিত হচ্ছে।

সারাদেশে ৫.৬ মিলিয়ন আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পুঁজি সরবরাহ ও তাদের দারিদ্র্য বিমোচনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এ ব্যাংক ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে। একই গ্রামের পাঁচ জন সদস্য নিয়ে একটি গ্রুপ এবং সর্বোচ্চ ১০টি গ্রুপ নিয়ে একটি সেন্টার গঠনের মাধ্যমে এ কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। গ্রামীণ অর্থনীতি নির্ভর আয়বর্ধক

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭-'০৮	২০০৮-'০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	২৮৮	৩৬৫	৩৮১	৩৮৬
৩।	রিজার্ভ ফান্ড	৪৯	৫২	৫২	৬০
৪।	**আমানত**	**২৬৭**	**৩৯৭**	**৫৭৯**	**৬০০**
	ক) তলবি আমানত	২৫৩	৩৫৮	৪১৮	৪৩৮
	খ) মেয়াদি আমানত	১৪	৩৯	১৬১	১৬২
৫।	ঋণ ও অগ্রিম	৮৭০	১০৫৬	১৩৯০	১৬৭০
৬।	বিনিয়োগ	১২	৩৫২	৩৭৩	৩৮০
৭।	মোট পরিসম্পদ	১২৯৭	১৫৮৯	১৮০৮	১৯৭৮
৮।	মোট আয়	১৫৮	১৬৩	১৮৭	২৫০
৯।	মোট ব্যয়	১১৬	১৩৪	১৬৫	২২০
১০।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৪৪৫**	**৪৯২**	**৫৩৫**	**৭০৭**
	ক) কর্মকর্তা	১৪৩	১৯২	২৩৪	৩৯০
	খ) কর্মচারী	৩০২	৩০০	৩০১	৩১৭
১১।	**শাখা (সংখ্যা)**	**৮৫**	**৯২**	**১৪৮**	**১৫০**
	ক) বাংলাদেশে	৮৫	৯২	১৪৮	১৫০
	খ) বিদেশে	-	-	-	-

৬০টি খাতে গ্রুপভুক্ত প্রত্যেক সদস্যকে জামানতবিহীন সর্বোচ্চ ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ক্ষুদ্র ঋণের আওতায় বিতরণকৃত ঋণ ৫০টি সমান সাপ্তাহিক কিস্তিতে সুদসহ আদায় করা হয়ে থকে। ২৫টি শাখায় মাসিক ভিত্তিতে ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম চালু আছে, যা ১২টি মাসিক কিস্তিতে আদায় করা হচ্ছে। এছাড়া গ্রুপ সঞ্চয় বাবদ প্রত্যেক সদস্যের নিকট হতে ঋণের পরিমাণের উপর ভিত্তি করে সাপ্তাহিক ন্যূনতম ২০ টাকা থেকে ১০০ টাকা জমা নেয়া হচ্ছে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক শুরু থেকে মার্চ ২০১০ পর্যন্ত মোট ৯৬১২ মিলিয়ন টাকার ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ করেছে এবং সুদসহ মোট ৯৪৭৭ মিলিয়ন টাকার ক্রমপুঞ্জীভূত ঋণ আদায় করা হয়েছে। আদায়যোগ্য ঋণের ভিত্তিতে ব্যাংকের ঋণ আদায়ের হার ৯৬.২২ ভাগ। গ্রুপ সঞ্চয় হিসাবে মার্চ ২০১০ পর্যন্ত স্থিতির পরিমাণ দাঁড়ায় ১৯৮ মিলিয়ন টাকা। এছাড়া মার্চ ২০১০ পর্যন্ত বিভিন্ন সঞ্চয় আমানতের মোট স্থিতির পরিমাণ ছিল ৫৭৯ মিলিয়ন টাকা, যার মধ্যে এসডিপিএস খাতে ২০০ মিলিয়ন টাকা, স্থায়ী আমানত খাতে ১৬১ মিলিয়ন টাকা ও সঞ্চয়ী আমানত খাতে ১৮ মিলিয়ন টাকা ও চলতি আমানত খাতে ০.০২ মিলিয়ন টাকা। ২০০৯-'১০ অর্থবছরের প্রথম নয় মাসে (মার্চ ২০১০ পর্যন্ত) ঋণ বিতরণ করা হয়েছে ১১০০ মিলিয়ন টাকা এবং ঋণ আদায় করা হয়েছে ৮৯০ মিলিয়ন টাকা। ২০০৯-'১০ অর্থবছরের জানুয়ারি পর্যন্ত ব্যাংকের অপারেটিং মুনাফার পরিমাণ দাঁড়ায় ২২ মিলিয়ন টাকা।

প্রচলিত গ্রুপভিত্তিক ক্ষুদ্র ঋণ কার্যক্রম ছাড়াও ইতোমধ্যে ব্যক্তি পর্যায়ে উদ্যোক্তাদের মাঝে নিম্নোক্ত ঋণ প্রদান কর্মসূচি চালু করা হয়েছে।

- একটি বাড়ি একটি খামার সমন্বিত কৃষি ঋণ কর্মসূচি;
- কৃষিভিত্তিক শিল্পে চলতি মূলধন ঋণ/ব্যবসায় নগদ ঋণ;
- এসএমই খাতে চলতি মূলধন ঋণ/ব্যবসায় নগদ ঋণ;
- কনজ্যুমারস ক্রেডিট স্কীম;
- স্থায়ী আমানতের বিপরীতে ঋণ এবং
- এসডিপিএস-এর বিপরীতে ঋণ।

কৃষিভিত্তিক শিল্পের জন্য ঋণ সহায়তা কর্মসূচি

এই ঋণ কর্মসূচির আওতায় ৩৯৪ জন উদ্যোক্তাকে এ যাবৎ ৩৫ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং ২৬ মিলিয়ন টাকা ঋণ আদায় করা হয়েছে ।

একটি বাড়ি একটি খামার সমন্বিত কৃষি ঋণ কর্মসূচি

এই ঋণ কর্মসূচির আওতায় এ যাবত ১৬৯ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং এই ঋণের বিপরীতে সুদসহ ১৩ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে ।

কনজ্যুমার'স ক্রেডিট ঋণ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে স্থায়ীভাবে (permanent) চাকরিরত কর্মকর্তা-কর্মচারীদের এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকে চাকরিরত শেয়ারহোল্ডার কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে এই ঋণ বিতরণ কার্যক্রম চালু করা হয়েছে। মার্চ ২০১০ পর্যন্ত এ খাতে ১৩৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে; যার বিপরীতে ৫৯ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে।

ঋণ বীমা তহবিল গঠন

ব্যাংকের ঋণ গ্রহীতাদের জন্য ১ জুলাই ২০০৩ তারিখ হতে ঋণ বীমা তহবিল গঠন করা হয়েছে। ঋণ গ্রহীতারা ঋণ গ্রহণের সময় ঋণের পরিমাণের উপর ভিত্তি করে নামমাত্র চাঁদা প্রদান করে থাকে। চাঁদা প্রদান করার পর কোনো ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করলে তার ওয়ারিশগণ ঋণ পরিশোধে ব্যর্থ হলে ঋণ বীমা তহবিল থেকে অপরিশোধিত ঋণ সমন্বয় করা হয়ে থাকে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক মূলত ক্ষুদ্র ঋণ (Micro Credit) কার্যক্রম পরিচালনা করে থাকে। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ, ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ এবং সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৩

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

সময়	চলতি মূলধন অর্থায়ন	অন্যান্য	সর্বমোট
২০০৭-'০৮	-	৮৭০	৮৭০
২০০৮-'০৯	৩২	১০২৪	১০৫৬
৩১ মার্চ ২০১০*	৪১	১৩৪৯	১৩৯০
৩০ জুন ২০১০**	৪৫	১৬২৫	১৬৭০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
	মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৭-'০৮					
বিতরণ	-	-	-	৮৭৮	৮৭৮
আদায়	-	-	-	১১০৪	১১০৪
২০০৮-'০৯					
বিতরণ	-	৩৬	৩৬	৯৭৮	১০১৪
আদায়	-	৪	৪	৯৬৪	৯৬৮
৩১ মার্চ ২০১০*					
বিতরণ	-	৩৬	৩৬	১০৬৪	১১০০
আদায়	-	২৭	২৭	৮৬৩	৮৯০
৩০ জুন ২০১০**					
বিতরণ	-	৫০	৫০	১৪২০	১৪৭০
আদায়	-	৪০	৪০	১১৫০	১১৯০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	সঞ্চয়ী হিসাব	আমানত					ঋণ প্রদান			
		স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	এসডিপিএস	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প		সেবা	ভারীত গড় (Weighted Average)
							প্রকল্প ঋণ	চলতি মূলধন		
২০০৭-'০৮	৪.৫০	-	৭.৫০	-	৬.৫৮	-	-	-	-	-
২০০৮-'০৯	৪.৫০	-	৭.৫০	৮.৫০	৬.৩৫	-	-	৯.০০	-	৯.০০
৩১ মার্চ ২০১০*	৪.৫০	-	৭.৫০	৮.৫০	৬.৭২	-	-	৯.০০	-	৯.০০
৩০ জুন ২০১০**	৪.০০	-	৭.৫০	৮.৫০	৬.৭৫	-	-	৯.০০	-	৯.০০

* সাময়িক। ** প্রাক্কলিত।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

কৃষি খাতে অর্থায়নের মৌলিক উদ্দেশ্যে ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত পূর্ব পাকিস্তান প্রাদেশিক সমবায় ব্যাংক লিমিটেড ১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। মূলত কৃষি ও অন্যান্য সমবায় ঋণ সম্পর্কিত প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর সমবায় প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য পদ লাভ করতে পারে। মার্চ ২০১০ শেষে এ ব্যাংকের সদস্য সংখ্যা দাঁড়ায় মোট ৪৬৯টি। মার্চ ২০১০ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বর্তমানে ১২ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি ব্যাংকের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত আছে।

জুন ২০০৯ শেষে এ ব্যাংকের আমানতের পরিমাণ ছিল ৪৪ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে বৃদ্ধি পেয়ে ৫৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৮-'০৯ অর্থবছর শেষে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৩৩৬৪ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে ৩৪০৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বিনিয়োগের পরিমাণ ২০০৮-'০৯ অর্থবছরে ছিল ৩৩৭ মিলিয়ন টাকা, যা মার্চ ২০১০ শেষে হ্রাস পেয়ে ২৩৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

ঋণ বিতরণ ও আদায়

সমবায় ব্যাংক মূলত সদস্যভুক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিগুলোর মাধ্যমে সমবায়ী কৃষকদের মধ্যে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি কৃষি ঋণ বিতরণ করে থাকে। কৃষি ঋণ ছাড়াও ব্যাংক প্রকল্প ও অ-কৃষি খাতে ঋণ প্রদান করছে। ২০০৮-'০৯ অর্থবছরে এ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ৩৭৩ মিলিয়ন টাকা ও ৩১৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৯-'১০ অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ৩৭৭ মিলিয়ন টাকা ও ২৮৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২ এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩ ও সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭-'০৮	২০০৮-'০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৩৬	৩৮	৩৮	৪২
৩।	রিজার্ভ ফান্ড	১৩০৬	১৪৪৭	১২৬৮	১৩০০
৪।	**আমানত**	**৩০**	**৪৪**	**৫৬**	**৭০**
	ক) তলবি আমানত	২২	৩৫	৩০	৪০
	খ) মেয়াদি আমানত	৮	৯	২৬	৩০
৫।	ঋণ ও অগ্রিম	৩২৩৫	৩৩৬৪	৩৪০৩	৩৪৬০
৬।	বিনিয়োগ	৩৭৯	৩৩৭	২৩৫	২৮০
৭।	মোট পরিসম্পদ	৩৬৫৯	৩৭২৬	৩৭০০	৩৭৫০
৮।	মোট আয়	১১০	১২১	৮৯	১১৫
৯।	মোট ব্যয়	৪৪	৭৫	৪০	৬৫
১০।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**১৩১**	**১২৩**	**১১৭**	**১৩০**
	ক) কর্মকর্তা	৮৮	৮১	৭৮	৮০
	খ) কর্মচারী	৪৩	৪২	৩৯	৫০

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		কৃষি ঋণ	অন্যান্য	সর্বমোট
২০০৭-'০৮				
	বিতরণ	৪৯	২৪৩	২৯২
	আদায়	৭৫	২০৭	২৮২
২০০৮-'০৯				
	বিতরণ	৫৪	৩১৯	৩৭৩
	আদায়	৭৪	২৪৩	৩১৭
৩১ মার্চ ২০১০*				
	বিতরণ	১৮	৩৫৯	৩৭৭
	আদায়	৩৬	২৪৮	২৮৪
৩০ জুন ২০১০**				
	বিতরণ	৩০	৩৭০	৪০০
	আদায়	৬০	৪২০	৪৮০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৩

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭-'০৮	২০০৮-'০৯	মার্চ ৩১, '১০ (সাময়িক)	জুন ৩০, '১০ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন				
	(ক) শস্য	১৯৬৪	১৯৪২	১৯২৭	১৯৫০
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৮২৩	৮৩২	৮০০	৮১০
২।	অন্যান্য	৪৪৮	৫৯০	৬৭৬	৭০০
	সর্বমোট	৩২৩৫	৩৩৬৪	৩৪০৩	৩৪৬০

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭-'০৮	৪.০০	-	৮.০০	৫.০৭	১০.০০	-	-	১০.০
২০০৮-'০৯	৪.০০	-	৮.০০	৪.৮২	১০.০০	-	-	১০.০
৩১ মার্চ ২০১০*	৪.০০	-	৮.০০	৫.৮৬	১০.০০	-	-	১০.০
৩০ জুন ২০১০**	৪.৫০	-	৮.০০	৫.৭১	১০.০০	-	-	১০.০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

গ্রামীণ ব্যাংক

১৯৭৬ সালে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে পরীক্ষামূলকভাবে চালুকৃত একটি প্রকল্পের মাধ্যমে গ্রামীণ ব্যাংকের সূচনা। প্রকল্পটির আশাব্যঞ্জক সাফল্যের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে বাংলাদেশ কৃষি ব্যাংকসহ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক এ প্রকল্পকে ১৯৭৯ সালে আনুষ্ঠানিকভাবে তাদের নিজস্ব প্রকল্প হিসেবে গ্রহণ করে। ১৯৮১ সালে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এ প্রকল্পে ঋণ দানের জন্য এগিয়ে আসে। ১৯৮৩ সালে রাষ্ট্রপতির এক অধ্যাদেশ বলে প্রকল্পের অবয়ব ছেড়ে গ্রামীণ ব্যাংক একটি বিশেষ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। গ্রামীণ ব্যাংকের দর্শন হলো- মানুষ ব্যাংকের কাছে যাবে না, ব্যাংক মানুষের কাছে যাবে। ক্ষুদ্র ঋণের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখার জন্য ড. মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংককে যৌথভাবে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কারে ভূষিত করা হয়। ২০১০ সালের ৩১ মার্চ শেষে গ্রামীণ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৩৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৫৩০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংক তার সদস্যদের গৃহ নির্মাণ ঋণ, উচ্চ শিক্ষা ঋণ ও ভিক্ষুকদের জন্য সুদমুক্ত 'সংগ্রামী সদস্য কর্মসূচি' ঋণসহ বিভিন্ন ঋণ প্রদান কার্যক্রমের পাশাপাশি সদস্যদের মৃত্যুর পর ঋণ ও সুদ মওকুফ করার জন্য ঋণ বীমা সঞ্চয় তহবিল সুবিধা প্রদান করছে।

গ্রামীণ ব্যাংকের প্রধান উদ্দেশ্য

- বিত্তহীন পুরুষ ও মহিলাদের জন্য জামানতবিহীন ব্যাংকিং সুবিধা প্রদান করা;
- গ্রামীণ মহাজনদের ঋণদান সংক্রান্ত শোষণ হতে দরিদ্র মানুষকে অবমুক্ত করা;
- বেকার জনশক্তির জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে এমন একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় সংঘবদ্ধ করা, যা তারা বুঝতে এবং নিজেরা পরিচালনা

বাঁশ-বেতের কাজে ব্যাংকের অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩৫০০	৩৫০০	৩৫০০	৩৫০০
২।	মূলধন	৩৫৮	৫২৪	৫৩০	৫৩৫
৩।	রিজার্ভ ফান্ড	৫৯৬৯	৬০৫৮	৬০৫৮	৬০৫৮
৪।	**আমানত**	**৬৪৬০৩**	**৮৩৩৩১**	**৮৭৮৯৮**	**৯২৪৬৫**
	ক) তলবি	২৩৭০৬	২৯০১৬	৩০৬১৫	৩২২১৩
	খ) মেয়াদি	৪০৮৯৭	৫৪৩১৫	৫৭২৮৩	৬০২৫২
৫।	ঋণ ও অগ্রিম	৪৪৩৮৪	৫৪৬৯০	৫৮৫১৭	৬২৩৪৫
৬।	বিনিয়োগ	২৮৭৩০	৩৭৭৫১	৩৮৫০১	৩৮৭৫০
৭।	মোট পরিসম্পদ	৮২৮০১	১০৩০০৫	১১৩৯৮৫	১১৪৯৬৫
৮।	মোট আয়	১১৯৯৯	১৪৪৯৭	৩৬৪৭	৭২৯৪
৯।	মোট ব্যয়	১০৬৯৫	১৪১২৬	৩৬১২	৭২৫৬
১০।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**২৬৬১৫**	**২৫৭৬৩**	**২৫৭৫৭**	**২৫৭৫০**
	ক) কর্মকর্তা	৬৭২০	৬৫২৯	৬৩৯৭	৬৪১৫
	খ) কর্মচারী	১৯৮৯৫	১৯২৩৪	১৯৩৬০	১৯৩৩৫
১১।	**শাখা (সংখ্যা)**	**২৫৩৯**	**২৫৬২**	**২৫৬৫**	**২৫৬৭**

করতে পারেন; এবং

- ❑ স্বল্প আয়, স্বল্প সঞ্চয়, স্বল্প বিনিয়োগভিত্তিক বহু পুরনো দুষ্টচক্রকে ভেঙে দিয়ে বিনিয়োগের মাধ্যমে নতুন ঋণ, নতুন বিনিয়োগ ও অধিক আয়ভিত্তিক একটি বিকাশমান অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া শুরু করা।

ডিসেম্বর ২০০৯ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ২৫৬২টিতে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ৮৩৪৫৮টি গ্রাম নিয়ে ৭.৯৭ মিলিয়ন সদস্যের মধ্যে গ্রামীণ ব্যাংকের কার্যক্রম সম্প্রসারিত হয়েছে। সদস্যদের মধ্যে শতকরা ৯৭ ভাগ মহিলা। দারিদ্র্য বিমোচনে গ্রামীণ ব্যাংকের দশটি নির্দিষ্ট মাপকাঠির ভিত্তিতে গ্রামীণ ব্যাংকের শতকরা ৬৮ ভাগ সদস্য ইতোমধ্যে দারিদ্র্য সীমা অতিক্রম করেছে।

২০০৯ সালে গ্রামীণ ব্যাংক ৭৯৪০৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। ২০০৯ সালে গ্রামীণ ব্যাংকের আদায়কৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৬৯১০৩ মিলিয়ন টাকা। গ্রামীণ ব্যাংকের মোট আমানত ২০০৮ সালের ৬৪৬০৩ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ৮৩৩৩১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের মোট বিনিয়োগ ২০০৮ সালের ২৮৭৩০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ৩৭৭৫১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০০৮ সালের ৪৪৩৮৪ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ৫৪৬৯০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো ।

গ্রামীণ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-২, ৩ ও ৪ -এ দেয়া হলো ।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	সহজ ঋণ	চুক্তি ঋণ	অন্যান্য ঋণ	গৃহ নির্মাণ ঋণ	সর্বমোট
২০০৮					
বিতরণ	৬০৯৪৯	৫৪৯	৪৬৩	১৬০	৬২১২১
আদায়	৫২৬৫৫	১০৭৮	১৭১	১৪০	৫৪০৪৫
২০০৯					
বিতরণ	৭৭৬০৪	৯৮৩	৬৫৩	১৬৮	৭৯৪০৮
আদায়	৬৭৬১৮	১১১৪	১৭৮	১৯৩	৬৯১০৩
৩১ মার্চ ২০১০* (জানুয়ারি- মার্চ ২০১০)					
বিতরণ	২২১৭৯	৭২৫	১৮০	৩৩	২৩১১৮
আদায়	১৮৯১৩	৩১৬	৩০	৩১	১৯২৯০
৩০ জুন ২০১০** (এপ্রিল-জুন ২০১০)					
বিতরণ	৪৪৩৫৮	১২৫০	৩১১	৬০	৪৫৯৮০
আদায়	৪০৮৩৪	১১৮৩	৯৬	৪০	৪২১৫২

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	মার্চ ৩১, '১০ (সাময়িক)	জুন ৩০, '১০ (প্রাক্কলিত)
১।	সহজ ঋণ	৪১০৮২	৫১০৬৮	৫৪৩৩৪	৫৭৮৫৯
২।	চুক্তি ঋণ	১৮৫০	১৭১৯	২১২৮	২১৯৬
৩।	অন্যান্য ঋণ	১২৩০	১৭০৫	১৮৫৫	২০৭০
৪।	গৃহ নির্মাণ ঋণ	২২২	১৯৮	২০০	২২০
	সর্বমোট	**৪৪৩৮৪**	**৫৪৬৯০**	**৫৮৫১৭**	**৬২৩৪৫**

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	আমানত				ঋণ প্রদান *				
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	ক্ষুদ্র ঋণ (Income generating loan)	গৃহনির্মাণ ঋণ	শিক্ষা ঋণ	সংগ্রামী সদস্য ঋণ	ভারীত গড় (Weighted Average)
২০০৮	৮.৫০	-	৮.৭৫-১২.০০	১০.৪৮	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৪৯
২০০৯	৮.৫০	-	৮.৭৫-১২.০০	১০.৫২	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৪১
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৮.৫০	-	৮.৭৫-১২.০০	১০.৫৬	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৪৭
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	৮.৫০	-	৮.৭৫-১২.০০	১০.৫৯	২০.০০	৮.০০	৫.০০	-	১৯.৫২

*** ঋণ প্রদানঃ**

১) সকল সুদের হার *declining balance*-এর উপর করা হয়েছে। ২) শিক্ষা ঋণের সুদ শিক্ষাকালে শূন্য। শিক্ষা সমাপ্ত করার পর থেকে শতকরা ৫ ভাগ।

কর্মসংস্থান ব্যাংক

দেশের ক্রমবর্ধমান শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ঋণ সহায়তা প্রদানের জন্য ১৯৯৮ সালে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। এটি রাষ্ট্রীয় মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। ৩০০০ মিলিয়ন টাকা অনুমোদিত মূলধন ও ১০০০ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়েছিল। মার্চ ২০১০ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৫০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ২৪৮৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। উৎপাদনমুখী এবং আয়বর্ধক কর্মকান্ডে বেকারদেরকে সরল সুদে এবং সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করে দারিদ্র্য বিমোচনই এ ব্যাংকের মূল লক্ষ্য। সামাজিক দায়বদ্ধতার বিষয়টি বিবেচনায় এনে ব্যাংক তার কার্যক্রম পরিচালনা করে থাকে। মুনাফা অর্জন এ ব্যাংকের উদ্দেশ্য নয়।

৩১ মার্চ ২০১০ পর্যন্ত ব্যাংকটি প্রতিটি জেলা সদরে ১টি করে ৬৪টি এবং উপজেলা পর্যায়ে ৭০টিসহ মোট ১৩৪টি শাখার মাধ্যমে দেশব্যাপী ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনা করছে। কর্মসংস্থান ব্যাংক নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় শুরু থেকে মার্চ ২০১০ পর্যন্ত ১৪৬৯৯৯ জন বেকার যুব ও যুব মহিলাদের মধ্যে ক্রমপুঞ্জীভূত ৬৩৭০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। এ সময় পর্যন্ত আদায়যোগ্য ৫৩৮৮ মিলিয়ন টাকা ঋণের বিপরীতে ৪৮৬৩ মিলিয়ন টাকা আদায় হয়েছে। ক্রমপুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৯০.৩ ভাগ।

ব্যাংকের নিজস্ব তহবিল বহির্ভূত সরকারের দারিদ্র্য বিমোচন কর্মসূচি ও বিশেষ তহবিলের আওতায় ব্যাংক বর্তমানে নিম্নোক্ত কর্মসূচিগুলো বাস্তবায়ন করছে ঃ

ফুল চাষে ব্যাংকের অর্থায়ন।

শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/ কর্মচারীদের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ সহায়তা কর্মসূচি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংগে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক কর্মসংস্থান ব্যাংক এ কর্মসূচি বাস্তবায়ন করছে। শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা অবসরপ্রাপ্ত/চাকুরিচ্যুত শ্রমিক/ কর্মচারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুনঃ কর্মসংস্থানের জন্য ২০০৪-'০৫ ও ২০০৫-'০৬ অর্থবছরে যথাক্রমে ১৭৫ ও ২৩৬ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়। বরাদ্দকৃত এই অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ কর্মসূচির আওতায় মার্চ ২০১০ পর্যন্ত সর্বমোট ১৩৫৫৬ জন স্বেচ্ছা অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীর অনুকূলে ৭৩৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায়যোগ্য ৬৩৮ মিলিয়ন টাকার মধ্যে ৪৭৮ মিলিয়ন টাকা আদায় হয়েছে। ক্রমপুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৭৪.৯ ভাগ।

কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসূচি

অর্থ মন্ত্রণালয়ের সংগে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী কর্মসংস্থান ব্যাংক কর্মসূচিটি বাস্তবায়ন করছে। কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে ২০০৪-'০৫ অর্থবছরে ছাড়কৃত ১০০ মিলিয়ন টাকা এবং ২০০৬-'০৭ অর্থবছরে ২০০ মিলিয়ন টাকা এবং ২০০৭-'০৮ অর্থবছরে ১০০ মিলিয়ন টাকা, ২০০৮-'০৯ অর্থবছরে ১০০ মিলিয়ন টাকা অর্থাৎ সর্বমোট ৫০০ মিলিয়ন টাকা ছাড় করা হয় (যা ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে)। এ ছাড়কৃত অর্থের মধ্যে মার্চ ২০১০ পর্যন্ত ১৮৩১ জন উদ্যোক্তার অনুকূলে ৪৮৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ ঋণের আদায়যোগ্য ৩২৬ মিলিয়ন টাকার মধ্যে ২৯৭ মিলিয়ন টাকা আদায় হয়েছে। ক্রমপুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৯১.১ ভাগ। কর্মসংস্থান ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার সম্পর্কিত তথ্য সারণি-১, ২,৩ ও ৪-এ দেখানো হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭-'০৮	২০০৮-'০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৫০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	১১৮৫	২৪৮৫	২৪৮৫	৩০০০
৩।	রিজার্ভ ফান্ড	২১৬	২৬০	২৬০	৩২০
৪।	ঋণ ও অগ্রিম	১৯১৩	২২৩২	২৯৯১	৩৩৪৪
৫।	বিনিয়োগ	-	-	-	-
৬।	মোট পরিসম্পদ	২৭৪৪	৪২৮২	৪৫০২	৪৮০২
৭।	মোট আয়	১৯৫	২৩০	২৪৯	৩৫০
৮।	মোট ব্যয়	১১৬	১৩৯	১৩২	১৮৫
৯।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৭০৩**	**৮১৭**	**৮৭৮**	**১০২১**
	(ক) কর্মকর্তা	২১৯	২৩৩	৩৬০	৪১৭
	(খ) কর্মচারী*	৪৮৪	৫৮৪	৫১৮	৬০৪
১০।	**শাখা (সংখ্যা)**	**১০৩**	**১১০**	**১৩৪**	**১৬০**
	(ক) বাংলাদেশে	১০৩	১১০	১৩৪	১৬০
	(খ) বিদেশে	-	-	-	-

** বেসরকারি সংস্থার মাধ্যমে এমএলএসএস, গার্ড ও ড্রাইভার পদে চুক্তিভিত্তিক নিয়োগসহ।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে	প্রকল্প সংখ্যা	-	২৬৮৪৬	২৬৮৪৬
	পরিমাণ	-	১৪৬৬	১৪৬৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	৩৫৮৬	৩৫৮৬
	পরিমাণ	-	৩৩৬	৩৩৬
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে	প্রকল্প সংখ্যা	-	২৭৭৯৮	২৭৭৯৮
	পরিমাণ	-	১৫৬২	১৫৬২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	৯৫২	৯৫২
	পরিমাণ	-	৯৭	৯৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	-	২০০০	২০০০
	পরিমাণ	-	২০০	২০০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৭-'০৮	২০০৮-'০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন ঃ**	**৫৯৮**	**৬৪৩**	**৯৮৩**	**১১২৭**
	(ক) শস্য	-	-	-	-
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৪৫৯	৫০০	৭৮১	৯০৫
	(গ) মৎস্য	১২৪	১৩২	১৮৯	২০৮
	(ঘ) বনায়ন	১৫	১১	১৩	১৪
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৪৪৪**	**৪৯৮**	**৫৯৪**	**৬৪৬**
	(ক) বৃহৎ ও মাঝারি	-	-	-	-
	(খ) ক্ষুদ্র ও কুটির	৪৪৪	৪৯৮	৫৯৪	৬৪৬
৩।	পরিবহন ও যোগাযোগ	৭	৭	৭	১০
৪।	পাইকারি ও খুচরা ব্যবসা	৫১০	৫৮৩	৮১৫	৯১৯
৫।	দারিদ্র্য বিমোচন (বিশেষ কর্মসূচি)	১৭২	৩৩৩	৩৫১	৩৬৭
৬।	অন্যান্য	১৮২	১৬৮	২৪১	২৭৫
	সর্বমোট	**১৯১৩**	**২২৩২**	**২৯৯১**	**৩৩৪৪**

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭-'০৮	৩.৫০	-	-	৩.৫০	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
২০০৮-'০৯	৩.৫০	-	-	৩.৫০	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	-	-	-	-	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	-	-	-	-	১০.০০	১০.০০	১০.০০	১০.০০

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালে "দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অর্ডিন্যান্স, ১৯৭৬" (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ) -এর বলে প্রতিষ্ঠিত হয়। দেশে দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবি'র প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিগুলোর মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধির জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবি'র ভূমিকা অপরিহার্য ও অতীব গুরুত্বপূর্ণ। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবি তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার এনেছে। ৩০ জুন ২০০৯ তারিখে আইসিবি-এর অনুমোদিত মূলধন এবং পরিশোধিত মূলধন উভয়ের পরিমাণ দাঁড়ায় ১০০০ মিলিয়ন টাকা।

উদ্দেশ্য

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান;
- পুঁজিবাজার উন্নয়ন;
- সঞ্চয় সংগ্রহ;
- ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও উন্নয়ন এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান।

ব্যবসা সংক্রান্ত নীতি

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থ বিবেচনাপূর্বক বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইক্যুইটি ও ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; এবং

ইনভেস্টরস্ স্কীম কার্যক্রমের বিবরণী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০ (মার্চ ২০১০ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০১০ (প্রাক্কলিত)	২০০৯-২০১০ (প্রাক্কলিত)
১। নীট চালু হিসাবের সংখ্যা	৪৫৯৭১	৪৪৩৪৭	৪৩৮৪৮	-	-
২। আমানত গ্রহণের পরিমাণ	৩২৮	৩০৭	৩৪২	৪৩	৩৮৫
৩। ঋণ অনুমোদন	২০৬৫	৫১২৪	২২০৯	৬৫৪	২৮৬৩
৪। বিনিয়োগ	৪২০৩	৪৬৯১	৬৭৬৬	৪৩৭	৭২০৩
৫। মার্জিন ঋণ আদায়	৪৮৬০	৫৪৯৭	২৫৫৬	৪৮৯	৩০৪৫

ইস্যুকৃত মিউচুয়্যাল ফান্ডসমূহের বিরণ

(মিলিয়ন টাকায়)

ফান্ডসমূহ	ফান্ডের পরিমাণ	৩১ মার্চ ২০১০ তারিখে পোর্টফোলিও-এর বাজার মূল্য	৩১ মার্চ ২০১০ তারিখে ১০০ টাকা মূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য (টাকায়)	২০০৮-২০০৯ অর্থবছরে সার্টিফিকেট প্রতি প্রদত্ত লভ্যাংশ (টাকায়)
প্রথম আইসিবি মিউচুয়্যাল ফান্ড	৭.৫	৭৩৭	৭৮০০	৩১০
দ্বিতীয় আইসিবি মিউচুয়্যাল ফান্ড	৫	১৬১	২২১৪	৯৫
তৃতীয় আইসিবি মিউচুয়্যাল ফান্ড	১০	২২৭	১৬৬৭	৮৫
চতুর্থ আইসিবি মিউচুয়্যাল ফান্ড	১০	২৩৭	১৮১১	৮০
পঞ্চম আইসিবি মিউচুয়্যাল ফান্ড	১৫	৩২৯	১৬১২	৫৬
ষষ্ঠ আইসিবি মিউচুয়্যাল ফান্ড	৫০	৩৬৯	৬০৭	৩৭
সপ্তম আইসিবি মিউচুয়্যাল ফান্ড	৩০	৩৮৭	৯২০	৩৫
অষ্টম আইসিবি মিউচুয়্যাল ফান্ড	৫০	৪৫০	৬৬০	৩২
মোট	**১৭৭.৫**	**২৮৯৭**	-	-

- ❑ কৃষিভিত্তিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে বিনিয়োগে উদ্বুদ্ধ করা।

কার্যক্রম

- প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয়;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;
- বিদ্যমান মিউচুয়্যাল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- এককভাবে অথবা সিন্ডিকেট গঠনের মাধ্যমে লীজ অর্থায়ন;
- বিদ্যমান বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- বিদ্যমান ব্যবসাগুলোর পোর্টফোলিও ব্যবস্থাপনা;
- ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন;
- ভোগ্যপণ্যে ঋণ প্রদান;
- আইসিবি ইউনিট ফান্ড ও মিউচুয়্যাল ফান্ড সার্টিফিকেট এবং আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- বাজার চাহিদার সংগে সংগতি রেখে নতুন ব্যবসার উদ্ভাবন;
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদন;
- ব্যাংক গ্যারান্টি প্রদান;
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম তত্ত্বাবধান;
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ;
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন;
- উদ্যোক্তা হিসেবে নতুন নতুন মিউচুয়্যাল ফান্ড বাজারজাতকরণ; এবং
- ইক্যুইটি অ্যান্ড অন্ট্রাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) ব্যবস্থাপনা।

আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি প্রতিষ্ঠা

এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকারের উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (CMDP) -এর আওতায় এবং আইসিবি অধ্যাদেশ, ১৯৭৬ সংশোধনকল্পে The Investment Corporation of Bangladesh (amendment) Act 2000 (২০০০ সালের ৪০ নং আইন) -এর ক্ষমতাবলে আইসিবি'র অধীনে তিনটি সাবসিডিয়ারি কোম্পানি যথা ঃ আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং, মিউচুয়্যাল ফান্ড পরিচালনা এবং সিকিউরিটিজ লেনদেন

ইউনিট ও মিউচুয়্যাল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদানের বিবরণী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০ (মার্চ ২০১০ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০১০ (প্রাক্কলিত)	২০০৯-২০১০ (প্রাক্কলিত)
১। বিতরণ	৪৮	৪৮	৬১	২০	৮১
২। সুদ খাতে আয়	৭	১০	১০	০	১০
৩। আদায়	৩৯	৩৬	৪৯	২	৫১
৪। নীট স্থিতি	৬৭	৮৮	১১০	১২৮	১২৮

কার্যক্রমের জন্য গঠিত হয়েছে। আলোচ্য তিনটি সাবসিডিয়ারি কোম্পানি ২০০২ সাল হতে কার্যক্রম শুরু করেছে।

প্রকল্পে আর্থিক সহায়তা কার্যক্রম, ট্রাস্টি, হেফাজতকারী ও ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন

প্রতিষ্ঠার পর হতে ৩১ মার্চ ২০১০ পর্যন্ত আইসিবি ৪৮০টি প্রকল্পে মোট ৯৩৬০ মিলিয়ন টাকার আর্থিক সহায়তা প্রদানের অংগীকার করেছে। ৩০ জুন ২০০৯ তারিখ পর্যন্ত আইসিবি ১৭টি কোম্পানির ১৮৪২ মিলিয়ন টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি, ৬টি কোম্পানির ৬২৪৪ মিলিয়ন টাকার বন্ড ইস্যুর ট্রাস্টি এবং ৪১টি কোম্পানির ১০৫০ মিলিয়ন টাকার পাবলিক ইস্যুর ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করে। এছাড়া আইসিবি মোট ৩৯৫০ মিলিয়ন টাকা মূলধন বিশিষ্ট ৯টি মেয়াদি মিউচুয়্যাল ফান্ড এবং প্রতিটি ১০০ মিলিয়ন টাকার প্রাথমিক মূলধন বিশিষ্ট (যা ৩১ শে মার্চ ২০১০ তারিখ পর্যন্ত মোট ৮০০ মিলিয়ন টাকায় উন্নীত) ২টি মেয়াদবিহীন মিউচুয়্যাল ফান্ড-এর ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন করে। ৩১ মার্চ ২০১০ পর্যন্ত ৩০৮টি প্রকল্পে ডিবেঞ্চার ও ব্রীজিং লোন বাবদ ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ করেছে ১১৪৫ মিলিয়ন টাকা।

লীজ ফাইন্যান্সিং

দেশের দ্রুত শিল্পায়ন এবং ব্যবসায়িক কার্যক্রম আরো গতিশীল ও বহুমুখীকরণের পদক্ষেপ হিসেবে আইসিবি ১৯৯৯ সাল থেকে লীজ ফাইন্যান্সিং কার্যক্রম অব্যাহত রেখেছে। ২০০৮-০৯ অর্থবছরে ৩টি প্রকল্পে ৩৯ মিলিয়ন টাকার লীজ অর্থায়ন হয়। ৩১ মার্চ ২০১০ তারিখ পর্যন্ত ২৭টি প্রকল্পে মোট ক্রমপুঞ্জীভূত লীজ অর্থায়নের পরিমাণ দাড়িয়েছে ১১২৪ মিলিয়ন টাকা।

আইসিবি'র পোর্টফোলিও বিনিয়োগ

আইসিবি'র একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে পোর্টফোলিও ব্যবস্থাপনা (Portfolio Management)-এর মাধ্যমে আইসিবি দেশের পুঁজিবাজার উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে আসছে। ২০০৮-'০৯ অর্থবছরে আইসিবি'র নিজস্ব পোর্টফোলিও-এর মার্কেটেবল সিকিউরিটিজে বিনিয়োগের পরিমাণ ৩৮৩৯ মিলিয়ন টাকা এবং ৩০ জুন ২০০৯ তারিখে নীট বিনিয়োগের পরিমাণ ৭৩৫০ মিলিয়ন টাকা। ৩১ মার্চ ২০১০ তারিখে কর্পোরেশনের নীট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৭৮৭১ মিলিয়ন টাকা।

মার্চেন্ডাইজিং কার্যক্রম

ইনভেস্টরস স্কীম ঃ দেশের ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীদের সঞ্চয় সংগ্রহপূর্বক পুঁজিবাজারে বিনিয়োগের মাধ্যমে দেশের দ্রুত শিল্পায়নের লক্ষ্যে ১৯৭৭ সালে ইনভেস্টরস স্কীম চালু করা হয়। এ স্কীমের আওতায় বর্তমানে আইসিবি'র প্রধান কার্যালয়সহ শাখা অফিসগুলোতে (ঢাকা লোকাল অফিস এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল সিলেট ও বগুড়া শাখা) ৪৩৮৪৮টি বিনিয়োগ হিসাব পরিচালিত হচ্ছে। ইনভেস্টরস স্কীমের অধীনে উন্নত ও ত্বরিৎ সেবা প্রদানের লক্ষ্যে সম্প্রতি বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যার মধ্যে নিম্নোক্ত পদপেগুলো অন্যতম ঃ

- সকল কার্যক্রম কম্পিউটার-এর আওতায় আনয়ন;
- বিনিয়োগ হিসাব পরিচালনা ম্যানুয়েল প্রবর্তন এবং
- মার্চেন্ডাইজিং অপারেশন ম্যানেজমেন্ট সফটওয়্যার স্থাপন।

এ সকল কার্যক্রম গ্রহণের ফলে হিসাবের বিবরণী, পত্রকোষ এবং বিনিয়োগ হিসাবের স্থিতির বিবরণ তাৎক্ষণিকভাবে বিনিয়োগকারীদের সরবরাহ করা সম্ভব হচ্ছে।

প্রাথমিক বাজার হতে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ইনভেস্টরস স্কীমে ১ঃ১ অনুপাতে এবং দ্বিমাত্রিক বাজার হতে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ১ঃ১.৫ অনুপাতে সর্বোচ্চ ১ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হচ্ছে। বিনিয়োগ হিসাবধারীদের বিনিয়োগ ঝুঁকি হ্রাস ও সর্বোচ্চ আয় নিশ্চিত করার লক্ষ্যে এবং আইসিবি'র মার্জিন ঋণের নিরাপত্তা ও আদায় নিশ্চিতকরণকল্পে শুধু মৌল ভিত্তিসম্পন্ন সিকিউরিটিজ ক্রয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা হচ্ছে। মার্জিন ঋণ প্রদানের জন্য কোনো সহজামানত গ্রহণ করা হয় না। ঋণের প্রাপ্যতা এসইসি'র নীতিমালা অনুযায়ী নির্ধারিত হয়। মার্জিন ঋণের উপর সুদের হার শতকরা ১২.৫০ ভাগ, যা ত্রৈমাসিক ভিত্তিতে (Quarterly) ধার্য করা হয়। বিনিয়োগ হিসাবগুলো পুনর্বাসনের জন্য বর্তমানে শর্ত সাপেক্ষে সুদ রিবেট প্রদান করা হচ্ছে। আইসিবি'র মার্জিন ঋণ পুনর্বাসন কর্মসূচির আওতায় ৩০ জুন ২০০৯ পর্যন্ত সর্বমোট ১৯০১৯টি বিনিয়োগ হিসাবধারী ৮৯৫ মিলিয়ন টাকার রিবেট সুবিধা গ্রহণ করেছেন।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় এ তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি)-এর ইনভেস্টরস

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-'০৯	৩১ মার্চ ২০১০ (সাময়িক)	৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	৫০০	১০০০	২০০০	**
৩।	রিজার্ভ ফান্ড	১৬৪৬	২১৪৬	২১৪৬	**
৪।	আমানত	১৬৪১৫	২১৫৫০	১৮৯৯৯	২৭৪৮৭
৫।	ঋণ ও অগ্রিম*	৪৬০৯	৫৭২৫	৭৯৯৫	৮৬৬৯
৬।	লীজ অর্থায়ন**	৯৩৫	৯৭৪	১১২৪	১৩২৪
৭।	বিনিয়োগ	৪৭৮৪	৭৩৫০	৭৮৭১	৮৬১৩
৮।	মোট পরিসম্পদ	২৫৪২৭	৩২৪৪৫	৩২৪৪৬	৪২১৭৮
৯।	মোট আয়	৪৩৭০	৩৬৪২	৩২৪০	৪৩২১
১০।	মোট ব্যয়	৩৩৫৮	২৫২৬	২২০১	২৯৩৫
১১।	মুনাফা	১০১২	১১১৬	১০৩৯	১৩৮৬
১২।	**মোট জনশক্তি (সংখ্যায়)** ক) কর্মকর্তা খ) কর্মচারি	**৪৬৫** ২৮৩ ১৮২	**৪৬৪** ২৯০ ১৭৪	**৪৮০** ২৯৩ ১৮৭	**৫৪৮** ৩৬১ ১৮৭
১৩।	শাখা (সংখ্যা)	৭	৭	৭	৭
১৪।	সাবসিডিয়ারি কোম্পানি	৩	৩	৩	৩

** বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক সার্কুলার নং-০২ তারিখ ১৩-১-২০০৩-এর ভিত্তিতে মন্দ ঋণের বিপরীতে রক্ষিত সঞ্চিতি হতে সম্ভাব্য অংক অবলোপন করার পর। ** অর্থবছরান্তে ক্রমপুঞ্জীভূত স্থিতি।*

স্কীমের আওতায় নতুন করে হিসাব খোলা বন্ধ রয়েছে। তবে বিদ্যমান বিনিয়োগ হিসাবগুলো পূর্বনিয়মে যথারীতি পরিচালিত হচ্ছে। বর্তমানে নতুন বিনিয়োগকারীগণ আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ কর্তৃক পরিচালিত ইনভেস্টরস স্কীম-এর আওতায় বিনিয়োগ হিসাব খুলতে পারবেন।

মিউচুয়্যাল ফান্ড

বর্তমানে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ১০৯৬৬ মিলিয়ন টাকার ২৪টি মিউচুয়্যাল ফান্ডের মধ্যে আইসিবি ১৭৫ মিলিয়ন টাকা মূলধন সম্বলিত ৮টি মিউচুয়্যাল ফান্ড বাজারজাত করেছে। আইসিবি পরিচালিত মিউচুয়্যাল ফান্ডগুলো নিয়মিতভাবে আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান করে আসছে। ২০০৮-'০৯ অর্থবছরে আইসিবি পরিচালিত মিউচুয়্যাল ফান্ডগুলোতে ৩২ শতাংশ হতে ৩১০ শতাংশ পর্যন্ত লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। সর্বাধিক ৩১০ শতাংশ লভ্যাংশ ঘোষণা করা হয়েছে প্রথম আইসিবি মিউচুয়্যাল ফান্ডে, যার পরেই রয়েছে ৯৫ শতাংশ লভ্যাংশ নিয়ে দ্বিতীয় এবং সর্বনিম্ন ৩২ শতাংশ লভ্যাংশ ঘোষণা করা হয়েছে অষ্টম আইসিবি মিউচুয়্যাল ফান্ডে। আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়্যাল ফান্ডের প্রতিটি অভিহিত মূল্যের চেয়ে অধিক মূল্যে স্টক এক্সচেঞ্জগুলোতে লেনদেন হচ্ছে। নিয়মিত আয়ের উৎস এবং মূলধনী মুনাফা অর্জনের সুযোগ থাকায় আইসিবি পরিচালিত মিউচুয়্যাল ফান্ডগুলো বিনিয়োগকারীদের নিকট জনপ্রিয় বিনিয়োগ মাধ্যম হিসেবে সমাদৃত হয়েছে। ৩০ জুন ২০০৯ তারিখ পর্যন্ত আইসিবি কর্তৃক পরিচালিত মিউচুয়্যাল ফান্ডগুলো প্রায় ৩১৭৩৩ জন বিনিয়োগকারী রয়েছেন, যা মালিকানা বিস্তৃতকরণে আইসিবি'র উদ্দেশ্যের সাফল্যের পরিচায়ক।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় আইসিবি (হোল্ডিং কোম্পানি) নতুন কোনো মিউচুয়্যাল ফান্ড বাজারজাত করছে না। তবে আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়্যাল ফান্ড যথারীতি পূর্বের নিয়মে পরিচালিত হচ্ছে।

সারণি-২

ঋণ বিতরণ/লীজ অর্থায়ন

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০ (মার্চ ২০১০ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০১০ (প্রাক্কলিত)	২০০৯-২০১০ (প্রাক্কলিত)
ক) লীজ অর্থায়ন	১৮৫	৩৯	১৫০	২০০	৩৫০
খ) মার্জিন ঋণ	২০৬৫	৫১২৪	২২০৯	৬৫৪	২৮৬৩
গ) ইউনিট ও মিউচুয়্যাল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম	৪৮	৪৮	৬১	১৯	৮১
মোট	**২২৯৮**	**৫২১১**	**২৪২০**	**৮৭৩**	**৩২৯৪**

আইসিবি ইউনিট ফান্ড

ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীদের সঞ্চয় সংগ্রহ করে তা পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে ১০ এপ্রিল ১৯৮১ তারিখে আইসিবি কর্তৃক দেশের প্রথম এবং একমাত্র বে-মেয়াদি মিউচুয়্যাল ফান্ড (open-end mutual fund) আইসিবি ইউনিট ফান্ড স্কীম চালু করা হয়। এ স্কীম শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর মূলধন এবং ঋণের সম্ভাব্য উৎস হিসেবে দেশের শিল্পোন্নয়নে সহায়তা করে থাকে। এ ফান্ড একটি সুসংহত ও বহুমুখী পত্রকোষে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করে। ইউনিট ফান্ড একটি নিরাপদ বিনিয়োগ মাধ্যম, যা থেকে প্রতি বছর একটি গ্রহণযোগ্য মুনাফা অর্জন করার সুযোগ রয়েছে।

২০০৮-'০৯ অর্থবছরে এ ফান্ড কর্তৃক ২২ শতাংশ হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। ৩০ জুন ২০০৯ তারিখের হিসাব মোতাবেক নীট ইউনিট সার্টিফিকেট বিক্রয়ের পরিমাণ ৪৬২৭ মিলিয়ন টাকা, ইউনিটের সংখ্যা ৪০৬২৫৭৩২টি এবং ইউনিটধারীর সংখ্যা ৩১১৯২ জন।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় এ তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি) কর্তৃক ইউনিট সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। তবে ইউনিট সার্টিফিকেট পুনঃক্রয়সহ আইসিবি ইউনিট ফান্ড পূর্বের নিয়মে যথারীতি পরিচালিত হচ্ছে।

অন্যান্য কার্যাবলী

আইসিবি ইউনিট ও মিউচুয়্যাল ফান্ড এবং আইসিবি এএমসিএল ইউনিট সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম

আইসিবি ১৯৯৮ সাল হতে ইউনিটের বিপরীতে অগ্রিম প্রদান স্কীম শুরু করে। এ স্কীমের আওতায় ইউনিট হোল্ডারগণ স্বল্পকালীন প্রয়োজনে সহজ শর্তে ইউনিট সার্টিফিকেট লিয়েন রেখে অগ্রিম গ্রহণ করতে পারেন। বর্তমানে আইসিবি মিউচুয়্যাল ফান্ড এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ (আইসিবি এএমসিএল)-এর ইউনিট সার্টিফিকেট-এর বিপরীতেও অগ্রিম প্রদান করা হয়। আলোচ্য স্কীমের আওতায় ২০০৮-'০৯ অর্থবছরে ৪৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা

সারণি-৩

ঋণ আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০ (মার্চ ২০১০ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০১০ (প্রাক্কলিত)	২০০৯-২০১০ (প্রাক্কলিত)
ক) প্রকল্প ঋণ	৫০	১৩	৫২	*	২৮
খ) লীজ অর্থায়নের বিপরীতে আদায়	১৭২	২০৭	২২৫	*	২০০
গ) মার্জিন ঋণ	৪৮৬০	৫৪৯৭	২৫৫৬	৪৮৯	৩০৪৫
ঘ)ইউনিট ও মিউচুয়্যাল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম	৩৯	৩৬	৪৯	২	৫১
মোট	**৫১২১**	**৫৭৫৩**	**২৮৮২**		**৩৩২৪**

সারণি-৪

বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ ও সুদ আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০ (মার্চ ২০০৯ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০১০ (প্রাক্কলিত)	২০০৯-২০১০ (প্রাক্কলিত)
ক) লভ্যাংশ	৫৪০	৬৩৪	৩০৬	৬১	৩৬৮
খ) ডিবেঞ্চারের আসল ও সুদ	১৩১	১৯১	৫৪	*	২৮
মোট	**৬৭১**	**৮২৫**	**৩৬০**		**৩৯৬**

** ইতোমধ্যে পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।*

হয় এবং ৩৬ মিলিয়ন টাকা ঋণ আদায় করা হয়।

কনজ্যুমার ক্রেডিট স্কীম

৩০ জুন ২০০৯ তারিখে এ খাতে ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ১১০ মিলিয়ন টাকা। ২০০৯-'১০ অর্থবছরে এ খাতে কোনো অর্থ বিতরণ করা হয়নি ।

স্টক এক্সচেঞ্জগুলোতে আইসিবি'র লেনদেন

পুঁজিবাজারের উন্নয়নের জন্য আইসিবি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। ২০০৮-'০৯ অর্থবছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এ মোট লেনদেনের পরিমাণ ছিল ৮৯৩৭৯০ মিলিয়ন টাকা, যার মধ্যে আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিগুলোর লেনদেনের পরিমাণ ছিল ৫১৫৮৪ মিলিয়ন টাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর মোট লেনদেনকৃত ১২৫১৮৩ মিলিয়ন টাকার মধ্যে আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিগুলোর লেনদেনের পরিমাণ ছিল ২৬৬২ মিলিয়ন টাকা। ২০০৯-'১০ অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত উভয় স্টক এক্সচেঞ্জে আইসিবি'র মোট লেনদেনের পরিমাণ ছিল ১৪৭২৯ মিলিয়ন টাকা। আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ১৩ আগস্ট ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় এই তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি) সরাসরি স্টক এক্সচেঞ্জ লেনদেন কার্যক্রমে অংশগ্রহণ করছে না।

অন্যান্য বিষয়াদি

আইসিবি'র তথ্য প্রযুক্তি ও ব্যবস্থাপনা

তথ্য প্রযুক্তির গুরুত্ব অনুধাবন ও কার্যকর ব্যবস্থা গ্রহণের ফলে কর্পোরেশনের দৈনন্দিন কাজে দক্ষতা এবং গতিশীলতা অনেক বৃদ্ধি পেয়েছে। কর্পোরেশন দক্ষ ও প্রশিক্ষিত জনবল দ্বারা আধুনিক প্রযুক্তির কম্পিউটার সেটআপ গড়ে তুলেছে। ইতিপূর্বে কর্পোরেশনের নিজস্ব সফটওয়্যার বিশেষজ্ঞ ও দেশের কয়েকটি শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান দ্বারা সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে। যার মাধ্যমে আইসিবি'র বিভিন্ন ডিপার্টমেন্ট ও শাখাগুলোর কর্মকান্ড পরিচালিত হচ্ছে।

স্টক এক্সচেঞ্জগুলোর তালিকাভুক্ত অনেক কোম্পানির শেয়ার সার্টিফিকেট অজড়করণের ফলে স্ক্রীপ্টবিহীন শেয়ার লেনদেন ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এ সংক্রান্ত সফটওয়্যারগুলোর যথাযথ পরিবর্তন ও

সারণি-৫

বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	৩০ জুন ২০০৮	৩০ জুন ২০০৯	৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)
১।	**মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ**	**২৭৩**	**২৬২**	**২৪৭**
	ক) ব্রীজিং ঋণ	২১৭	২০৬	১৯৭
	খ) ডিবেঞ্চার ঋণ	৫৬	৫৭	৫০
২।	**মেয়াদ অনুত্তীর্ণ বকেয়া ঋণ**	**১২**	-	-
	ক) ব্রীজিং ঋণ	১২	-	-
	খ) ডিবেঞ্চার ঋণ	-	-	-
	মোট বকেয়া ঋণ	**২৮৫**	**২৬২**	**২৪৭**

বিআরপিডি, বাংলাদেশ সার্কুলার নং ২ তারিখ ১৩-১-২০০৩-এর ভিত্তিতে মন্দ ঋণের বিপরীতে রক্ষিত সঞ্চিতি হতে সম্ভাব্য অংশ অবলোপন করার পর।

পরিবর্ধনের কাজ সম্পন্ন করা হয়েছে। আইসিবি'র বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট ও সকল শাখায় ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। ফলে কর্পোরেশনের যে কেউ খুব সহজেই বিভিন্ন তথ্যাদি ইন্টারনেটে অনুসন্ধান-এর মাধ্যমে ডাউনলোড করতে পারছেন।

কর্পোরেশনের ওয়েব সাইট www.icb.gov.bd সবসময়ই হালনাগাদ তথ্য সমৃদ্ধ। এর মাধ্যমে দেশে এবং বিদেশে অবস্থানরত আগ্রহী ব্যক্তিগণ আইসিবি সম্পর্কিত সকল তথ্য সংগ্রহ করতে পারেন।

তথ্য প্রযুক্তি একটি দ্রুত পরিবর্তনশীল বিষয় বিধায় সুষ্ঠু পরিকল্পনা অনুসারে প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার সংগ্রহের পাশাপাশি obsolete যন্ত্রপাতি দ্রুত প্রতিস্থাপন করে প্রয়োজনমাফিক সিস্টেমটি উন্নততর করা হচ্ছে। এছাড়া কর্পোরেশনের কর্মপরিধি উত্তোরত্তর বৃদ্ধি পাওয়ায় চাহিদানুসারে প্রতি বছর প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য সামগ্রী ক্রয় করা হচ্ছে।

সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF)-এ আইসিবি'র সম্পৃক্ততা

সার্কভুক্ত দেশগুলোতে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৭ সালে কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে সাউথ এশিয়া রিজিওনাল ফান্ড (SARF) নামে ২০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি উন্নয়ন তহবিল গঠন করা হয়। মরিশাসে নিবন্ধিত কমনওয়েলথ ডেভেলপমেন্ট কর্পোরেশন (CDC)-এর মালিকানাধীন একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান এ ফান্ড পরিচালনা করে। এছাড়া কমনওয়েলথ ডেভেলপমেন্ট কর্পোরেশন এ ফান্ডে ৫০ মিলিয়ন মার্কিন ডলার মূলধন বিনিয়োগ করেছে। সার্কভুক্ত দেশগুলোর বেসরকারি খাতের প্রকল্পের ইক্যুইটিতে সরাসরি বিনিয়োগ এবং ইক্যুইটি সংশ্লিষ্ট খাতে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করা এ ফান্ডের উদ্দেশ্য।

আইসিবি ইউনিট ফান্ড কর্তৃক সাউথ এশিয়া রিজিওনাল ফান্ডে ১ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ৫.৩৩ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে; যার বিপরীতে আইসিবি ইউনিট ফান্ডের অনুকূলে SARF ১০০০টি সাধারণ "এ" শেয়ার এবং ১০০০টি ৮% অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। ৩০ জুন ২০০৯ পর্যন্ত মোট ১০০০টি অগ্রাধিকার শেয়ার রিডেম্পশন বাবদ ১.৬৯ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ১০৭.২ মিলিয়ন টাকা গৃহীত হয়, যার বিপরীতে বিনিয়োগের পরিমাণ ছিল ০.৯৯ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ৫২.১ মিলিয়ন টাকা। ১০০০টি প্রেফারেন্স শেয়ারের অর্থ পরিশোধিত হওয়ার পর ৩০ জুন ২০০৯ তারিখে এ খাতে বিনিয়োগের নীট স্থিতি দাঁড়িয়েছে ১০০০টি সাধারণ "এ" শেয়ারে ০.০০১ মিলিয়ন মার্কিন ডলার।

আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম

(১) আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল)

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড কর্তৃক পরিচালিত বিনিয়োগ হিসাবে ৩০ জুন ২০০৯ তারিখ পর্যন্ত আমানত ও বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ৪৭২৮ মিলিয়ন টাকা এবং ৩০০৩৩ মিলিয়ন টাকা। ২৮ ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত ২৫৭৪৮টি বিনিয়োগ হিসাবে আমানত ও বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ৬৬৭৯ মিলিয়ন টাকা এবং ৪৯৫১০ মিলিয়ন টাকা। এছাড়া ২০০৯-'১০ অর্থবছরে এ ৯টি কোম্পানির ২৫৬৪ মিলিয়ন টাকার অবলেখন সহায়তা প্রদান, ৪টি কোম্পানির ১৩১৯ মিলিয়ন টাকার ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ-এর ১০০০ মিলিয়ন টাকার আইসিবি এএমসিএল থার্ড এনআরবি মিউচুয়্যাল ফান্ডের উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালন করছে। আলোচ্য সময়ে নিজস্ব পোর্টফোলিও-এর বিপরীতে বিভিন্ন কোম্পানির সিকিউরিটিজ-এ ১৪৯৮ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে। এ কোম্পানি বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট হতে সমমূলধন গ্রহণের ব্যাপারে উদ্যোক্তাগণের প্রকল্প মূল্যায়নকারী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করছে।

(২) আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইসিবিএএমসিএল)

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকার-এর যৌথ উদ্যোগে ঘোষিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম

সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যফল

সারণি-৬

(মিলিয়ন টাকায়)

বিবরণ	আইসিএমএল		আইসিবি এএমসিএল		আইএসটিসিএল	
	২০০৮-'০৯	২০০৭-'০৮	২০০৮-'০৯	২০০৭-'০৮	২০০৮-'০৯	২০০৭-'০৮
আয়	৬১৬	৪৫৪	১৯০	১৪০	৩৮৮	৩২৬
ব্যয়	১৯৮	৬৫	১০৫	৮৩	১৭০	১৩০
মোট মুনাফা	৩৩৯	৩৮৯	৮৫	৫৭	২১৮	১৯৫
নীট মুনাফা	২৭৫	৩৪৭	৮১	৫২	১৮৮	১৬০
শেয়ার প্রতি আয় (টাকা)	৭৩	২৯২	১০৬	১০৫	৫০১	৪২৯
নীট সম্পদ মূল্য (টাকা)	৩০৮	৫৮৬	৩৬৩	৩২৩	১০৬২	৫৬০
লভ্যাংশ (টাকা)	৩০% (স্টক)	১০%(ক্যাশ) ২৫%(স্টক)	৬০% (স্টক)	৫০% (স্টক)	১০০%(স্টক)	২০০%(স্টক)

আইসিবি'র বিনিয়োজিত মূলধন

সারণি-৭

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০ (মার্চ ২০০৯ পর্যন্ত)
১।	পরিশোধিত মূলধন	৫০০	১০০০	
২।	রিজার্ভ ফান্ড	১৬৪৬	২১৪৬	
৩।	দীর্ঘ মেয়াদি সরকারি ঋণ	৪২	৩৯	৩৫
৪।	ডিবেঞ্চার ঋণ	৩১৮	২১৮	১১৮
৫।	অন্যান্য	৩০৪	১৪০২	
	মোট	৩৩১০	৪৮০৫	

(সিএমডিপি)-এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ-এ প্রদত্ত ক্ষমতাবলে মিউচুয়্যাল ফান্ড ব্যবস্থাপনার উদ্দেশ্যে আইসিবি-এর সাবসিডিয়ারি কোম্পানি হিসেবে "আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড" প্রতিষ্ঠিত হয়। কোম্পানি ১ জুলাই ২০০২ তারিখ হতে তার কার্যক্রম শুরু করে।

কোম্পানি দেশে একটি দ্রুত সম্প্রসারণশীল সম্পদ ব্যবস্থাপক হিসেবে ইতোমধ্যেই নিজেকে প্রতিষ্ঠিত করেছে এবং দেশের মিউচুয়্যাল ফান্ড ইন্ডাস্ট্রিকে বিপুলভাবে সক্রিয় করতে সক্ষম হয়েছে। কোম্পানি কর্তৃক মার্চ ২০১০ পর্যন্ত সময়ে ১০টি মেয়াদি মিউচুয়্যাল ফান্ড এবং দু'টি বে-মেয়াদি মিউচুয়্যাল ফান্ড বাজারজাত করা হয়েছে। ২০০৯-'১০ অর্থবছরের মার্চ ২০১০ পর্যন্ত সময়ে কোম্পানি কর্তৃক ৫টি মিউচুয়্যাল ফান্ড বাজারজাত করা হয়েছে। সর্বশেষ ফিনিক্স ফাইন্যান্স ফার্স্ট মিউচুয়্যাল ফান্ডের পাবলিক অফারের ৩০০ মিলিয়ন টাকার বিপরীতে ৫৭৭০ মিলিয়ন টাকার চাঁদা পাওয়া যায়, যা মোট ইস্যুর ১৯.২৩ গুণ। ইতোমধ্যে আইসিবি এএমসিএল থার্ড এনআরবি মিউচুয়্যাল ফান্ডের সাবস্ক্রিপশনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এ কোম্পানি প্রজ্ঞার সংগে ফান্ডগুলো পরিচালনা করছে। এছাড়াও কোম্পানি নিজস্ব পোর্টফোলিওতে বিনিয়োগ ব্যবস্থাপনা কাজ অব্যাহত রেখেছে। কোম্পানি কর্তৃক ২০০৯-'১০ অর্থবছরে পর্যায়ক্রমে আরো কয়েকটি প্রচলিত ও বিশেষায়িত মেয়াদি মিউচুয়্যাল ফান্ড বাজারজাতকরণের পরিকল্পনা রয়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো ঃ আইএফআইএল ইসলামিক মিউচুয়্যাল ফান্ড-১, আইসিবি এএমসিএল গ্রোথ মিউচুয়্যাল ফান্ড ওয়ান, আইসিবি এমপ্লয়ীজ সুপারয়্যানুয়েশন মিউচুয়্যাল ফান্ড ওয়ান ঃ স্কীম ওয়ান, আইসিবি এএমসিএল সোস্যালি রেসপন্সিবল মিউচুয়্যাল ফান্ড ওয়ান, স্ট্যান্ডার্ড ব্যাংক ফার্স্ট আইসিবি এএমসিএল মিউচুয়্যাল ফান্ড, ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচুয়্যাল ফান্ড ও জনতা ব্যাংক এমপ্লয়ীজ প্রভিডেন্ট মিউচুয়্যাল ফান্ড স্কীম-১ ইত্যাদি।

২০০৮-'০৯ অর্থবছরে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ কর্তৃক পরিচালিত মিউচুয়্যাল ফান্ডগুলো সর্বোচ্চ ৩৫.০ শতাংশ এবং সর্বনিম্ন ১২.৫০ শতাংশ লভ্যাংশ ঘোষণা করেছে; যেখানে পূর্ববর্তী ২০০৭-'০৮ অর্থবছরে লভ্যাংশ প্রদানের হার ছিল সর্বোচ্চ ২৫.০ শতাংশ এবং সর্বনিম্ন ১৫.৫ শতাংশ। ৩১ মার্চ ২০১০ পর্যন্ত কোম্পানির ব্যবস্থাধীনে পরিচালিত ১২টি মিউচুয়্যাল ফান্ডের পোর্টফোলিওতে নীট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৫৮৫০ মিলিয়ন

আইসিবি'র সুদের হার (শতকরা হার)

সারণি-৮

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭-'০৮	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	১২.৫০	১২.৫০
২০০৮-'০৯	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	১২.৫০	১২.৫০
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	১২.৫০	১২.৫০
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	১২.৫০	১২.৫০

টাকা, যার বাজার মূল্য ৭৬৬৯ মিলিয়ন টাকা। এছাড়া ৩০ জুন ২০০৯ তারিখে কোম্পানির নিজস্ব পোর্টফোলিওতে নীট বিনিয়োগের পরিমাণ-এর বাজার মূল্য ৮১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

(৩) আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল)

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ ১৩ আগস্ট ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। কার্যক্রম শুরুর পর হতে ঢাকা ও চট্টগ্রাম উভয় স্টক এক্সচেঞ্জে এককভাবে লেনদেনের পরিমাণ বিবেচনায় শীর্ষ ব্রোকার হিসেবে আত্মপ্রকাশ করেছে। ২০০৮-'০৯ অর্থবছরে উভয় স্টক এক্সচেঞ্জে মোট লেনদেনের পরিমাণ ছিল ১০১৯৯৮৫ মিলিয়ন টাকা, এর মধ্যে আইএসটিসিএল-এর লেনদেনের পরিমাণ ছিল ৮৫১৩০ মিলিয়ন টাকা। এছাড়া চলতি অর্থবছরে জুলাই ২০০৯ হতে মার্চ ২০১০ পর্যন্ত উভয় স্টক এক্সচেঞ্জে মোট লেনদেনের পরিমাণ ছিল ১৭৩৭৯৪৩ মিলিয়ন টাকা। যার মধ্যে আইএসটিসিএল-এর লেনদেন ছিল ১৪৬১৯৩ মিলিয়ন টাকা। বর্তমানে ঢাকা , চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও বগুড়ায় অবস্থিত মোট ৮টি শাখার মাধ্যমে আলোচ্য কোম্পানির অনলাইন ট্রেডিং কার্যক্রম চালু আছে। প্রধান কার্যালয়সহ শাখাগুলোতে এ পর্যন্ত ১৯৫টি প্রাতিষ্ঠানিক বিও হিসাবকারী, ১৭১১১টি ব্যক্তি বিও হিসাবধারী এবং ৬৯৭৬৬টি বিনিয়োগ হিসাবধারী (অমনিবাস) সহ সর্বমোট ৮৭০৭২ জন বিনিয়োগকারীকে আইএসটিসিএল সার্বিক ব্রোকারেজ সেবা প্রদান করছে। স্টক এক্সচেঞ্জে সরাসরি তালিকাভুক্তির (Direct Listing) আওতায় এ পর্যন্ত ৫টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান যথাক্রমে ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ, পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ, যমুনা অয়েল কোম্পানি লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ ও তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর ২০২৪২.৩০ মিলিয়ন টাকার এবং ৪টি বেসরকারি প্রতিষ্ঠান যথাক্রমে এসিআই ফরমুলেশন লিঃ, শাইনপুকুর সিরামিকস্ লিঃ, নাভানা সিএনজি লিঃ ও ওশেন কনটেইনার লিঃ-এর ৩৪৫৪.৪০ মিলিয়ন টাকার শেয়ার আইএসটিসিএল-এর মাধ্যমে অফলোড করা হয়েছে। আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ বিগত ১৫ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন হতে স্টক ডিলারশীপ লাইসেন্স পেয়েছে। ফলে কোম্পানির নিজস্ব পত্রকোষে মৌলভিত্তি সম্পন্ন সিকিউরিটিজ-এ বিনিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানটি পুঁজিবাজারে দায়িত্বশীল ভূমিকা পালন করছে। আইএসটিসিএল ০২ মার্চ ২০১০ তারিখ হতে নিজস্ব পত্রকোষে লেনদেন শুরু করে এবং ৩১ মার্চ ২০১০ তারিখ পর্যন্ত মোট ১৪৯.৯০ মিলিয়ন টাকার লেনদেনের মাধ্যমে ৪.২৪ মিলিয়ন টাকা মূলধনী মুনাফা অর্জন করে। বিনিয়োগকারীদের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে দেশের বৃহত্তর জেলা শহরগুলোতে শাখা কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে আইএসটিসিএল শিগগিরই গাজীপুর, নারায়ণগঞ্জ, রংপুর ও দিনাজপুরে আরো ৪টি শাখা চালু করতে যাচ্ছে। এছাড়া ভবিষ্যত পরিকল্পনায় দেশের অবশিষ্ট বৃহত্তর জেলা শহরগুলোতে ন্যূনতম একটি করে শাখা চালু করার বিষয় সক্রিয় বিবেচনাধীন আছে।

আইসিবি-এর কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ/লীজ অর্থায়ন, ঋণ আদায়, বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ ও সুদ আদায়, বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যফল, আইসিবি'র বিনিয়োজিত মূলধন এবং আইসিবি'র সুদের হার উপাত্ত যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪, সারণি-৫, সারণি-৬, সারণি-৭ ও সারণি-৮-এ দেখানো হলো।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

দেশের শহর এলাকায় গৃহায়ন সমস্যা সমাধানের লক্ষ্যে আবাসিক বাড়ি নির্মাণ, সংস্কার এবং নির্মিত বাড়ির কাঠামোগত পরিবর্তনের জন্য ঋণ সুবিধা প্রদানের উদ্দেশ্যে ১৯৭৩ সালে জারীকৃত রাষ্ট্রপতির এক আদেশ বলে ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনকে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন হিসেবে পুনর্গঠিত করা হয়। ৩১ মার্চ ২০১০ পর্যন্ত কর্পোরেশনের অনুমোদিত ও পরিশোধিত মূলধন উভয়ই ১১০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং বীমা কর্পোরেশনের নিকট সরকার কর্তৃক গ্যারান্টিযুক্ত ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে কর্পোরেশন চলতি মূলধন সংগ্রহ করে থাকে। ৩০ জুন ২০০৯ পর্যন্ত ডিবেঞ্চার বিক্রয়লব্ধ তহবিলের মোট স্থিতির পরিমাণ ছিল ১০৪৯১ মিলিয়ন টাকা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় ও সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত পরিচালনা পর্ষদ দ্বারা কর্পোরেশন পরিচালিত হয়ে থাকে। সকল বিভাগীয় সদরে ১টি করে মোট ৬টিসহ ১০টি জোনাল অফিস এবং বিভিন্ন জেলা সদরে কর্পোরেশনের ১২টি আঞ্চলিক অফিস ও ১টি ক্যাম্প অফিস চালু রয়েছে।

কর্পোরেশনের ঋণের প্রকারভেদ

কর্পোরেশন থেকে বর্তমানে নিম্নোক্ত পাঁচ প্রকার দীর্ঘ মেয়াদি ঋণ এবং এক প্রকার স্বল্প মেয়াদে একটি বিশেষ ঋণ প্রদান করা হয়ে থাকে।

- সাধারণ ঋণ- একক বা স্বামী ও স্ত্রীর যৌথ নামে;
- গ্রুপ ঋণ- একাধিক ব্যক্তির মালিকানাধীন প্লটে ফ্ল্যাটভিত্তিক গ্রুপ ঋণ;
- ফ্ল্যাট/অ্যাপার্টমেন্ট ঋণ- নির্মাণাধীন ফ্ল্যাট/অ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য;

গৃহ নির্মাণে প্রতিষ্ঠানের অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৭-'০৮	২০০৮-'০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১১০০	১১০০	১১০০	১১০০
২।	পরিশোধিত মূলধন	৯৭৩	১১০০	১১০০	১১০০
৩।	রিজার্ভ ফান্ড	১২০৮১	১২৯২০	১২৯২০	১৪২৭৪
৪।	**আমানত**	**৩৬১৫**	**২৩৩৯**	**১৬৮৬**	**১৭০০**
	(ক) তলবি আমানত	-	-	-	-
	(খ) মেয়াদি আমানত	৩৬১৫	২৩৩৯	১৬৮৬	১৭০০
৫।	ঋণ ও অগ্রিম	২৪৩৯৬	২৪৯৯৬	২৫৬২৫	২৫৮২৮
৬।	মোট পরিসম্পদ	৩০৭৪৪	৩০৭২৪	৩০৭০৮	৩০৭৪১
৭।	মোট আয়	২২৫৬	২৩৬৩	১৭৮৬	২৩৮১
৮।	মোট ব্যয়	৯৫২	১০১৫	৭৭০	১০২৭
৯।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৪৫৬**	**৪৬৩**	**৪২৫**	**৪৩২**
	ক) কর্মকর্তা	২৮৩	২৯০	২৮৯	২৮৪
	খ) কর্মচারী	১৭৩	১৭৩	১৩৬	১৪৮
১০।	**শাখা (সংখ্যা)**	**২৩**	**২৩**	**২৩**	**২৩**
	জোনাল	৯	৯	১০	১১
	রিজিওনাল	১৩	১৩	১২	১১
	ক্যাম্প অফিস	১	১	১	১

- ❑ বর্ধিত ঋণ- মূল ঋণে নির্মিত অংশ বাদে নকশা মোতাবেক বাড়ির অনির্মিত অংশের নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য;
- ❑ মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের স্বল্প আয়তনের বাড়ি নির্মাণের জন্য;
- ❑ বিশেষ ঋণ- প্রায় সমাপ্ত বাড়ির কাজ সমাপ্ত করার জন্য স্বল্প মেয়াদি ঋণ।

ঋণদান কার্যক্রম

২০০৮-'০৯ অর্থবছরে ঋণ মঞ্জুরী ও বিতরণ করা হয়েছে যথাক্রমে ২৩৬৬ মিলিয়ন টাকা ও ২৪২৬ মিলিয়ন টাকা। এছাড়া ২০০৮-'০৯ অর্থবছর শেষে কর্পোরেশন-এর ঋণ ও অগ্রিমের স্থিতি ছিল ২৪৯৯৬ মিলিয়ন টাকা, যা ৩১ মার্চ ২০১০ শেষে ২৫৬২৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। কর্পোরেশনের কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১ -এ দেয়া হলো।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায় এবং বকেয়া (Overdue) ঋণের স্থিতি সংক্রান্ত পরিসংখ্যান সারণি-২-এ দেয়া হলো।

সুদের হার ও কিস্তি পরিশোধের মেয়াদ

এলাকা ও প্রকারভেদে ঋণের সিলিং-এ ভিন্নতা থাকলেও কর্পোরেশন সর্বোচ্চ ৪০ লাখ টাকা ঋণ প্রদান করে থাকে। ঋণের কিস্তি পরিশোধের মেয়াদ সাধারণত ১৫ বছর, বিশেষ ঋণ পরিশোধের মেয়াদ ৫ বছর। তবে স্বল্পায়তনের ফ্ল্যাট ঋণ পরিশোধের মেয়াদ ২০ বছর। ঢাকা ও চট্টগ্রাম মহানগরী এলাকায় ঋণের বার্ষিক সুদের হার শতকরা ১২ ভাগ। দেশের অন্যান্য এলাকায় সিলিং নির্বিশেষে ঋণের সুদের হার শতকরা ১০ ভাগ। কর্পোরেশন সকল ঋণের ক্ষেত্রে সরল হারে সুদ আরোপ করে থাকে। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের সুদের হার সংক্রান্ত উপাত্ত সারণি-৩-এ দেয়া হলোঃ

ঋণ আদায় কার্যক্রম

২০০৮-'০৯ অর্থবছরে ৩৫৬৯ মিলিয়ন টাকা ঋণ আদায়ের প্রেক্ষাপটে ২০০৯-১০ অর্থবছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩৮৫০ মিলিয়ন টাকা। মার্চ ২০১০ পর্যন্ত ২৫৮০ মিলিয়ন টাকা ঋণ আদায় করা হয়েছে। বিএইচবিএফসি ঋণ আদায়ের লক্ষ্যে গৃহীত বাস্তবমুখী পদক্ষেপসমূহের সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেয়া হলো।

- ❑ ঋণের আবেদনকারীদের পরামর্শ ও উন্নত সেবা দানের লক্ষ্যে সদর দফতরসহ প্রতিটি জোনাল অফিস ও রিজিওনাল অফিসে ঋণ গ্রহণে ইচ্ছুক ব্যক্তি ও ঋণ গ্রহীতাদের জন্য প্রয়োজনীয় তথ্য এবং পরামর্শ দেয়ার ব্যবস্থা রয়েছে ।
- ❑ ঋণের কিস্তি শুরুর পূর্বে নির্মাণকালীন সুদ এককালীন পরিশোধের ক্ষেত্রে এ সুদের ওপর শতকরা ৫ ভাগ হারে রিবেট প্রদান রীতি চালু করা হয়েছে। ব্যর্থতায় নির্মাণকালীন সুদের উপর ভবিষ্যতে আর কোনোরূপ সুদ আরোপ না করে এ টাকা ঋণ পরিশোধ মেয়াদে সম-মাসিক কিস্তিতে পরিশোধের সুযোগ

চালু আছে। ১২ কিস্তির উর্ধ্বে ঋণ খেলাপীর ক্ষেত্রে শুধু খেলাপী কিস্তির আসল টাকার উপর বার্ষিক শতকরা ৩ ভাগ অতিরিক্ত সুদ আরোপ করা হয়।

- ব্যক্তিগত যোগাযোগ, টেলিফোন যোগাযোগ, ফলোআপ ও মনিটরিং ব্যবস্থার মাধ্যমে ঋণ আদায়ের হার বৃদ্ধিতে কর্পোরেশন সচেষ্ট রয়েছে। পত্রিকায় ঋণ খেলাপীর তালিকা প্রকাশ করা এবং সরাসরি বন্ধকী বাড়ি বিক্রয়ের বিধান চালু আছে।
- যে সকল খেলাপী ঋণগ্রহীতা কর্পোরেশন থেকে দেয়া তাগিদপত্র, শো-কজ, লিগ্যাল নোটিশ ও ব্যক্তিগত যোগাযোগ সত্ত্বেও ঋণ পরিশোধে উদ্বুদ্ধ হন না বা পরিশোধ করেন না তাঁদের বিরুদ্ধে সর্বশেষ ব্যবস্থা হিসেবে ঋণ আদায়ের নিমিত্তে মামলা দায়ের করা হচ্ছে।

সারণি-২

বছরভিত্তিক ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায়, বকেয়া ঋণের স্থিতির পরিমাণ

(মিলিয়ন টাকায়)

অর্থবছর	ঋণ মঞ্জুরী	বিতরণ	আদায়	ঋণের স্থিতি	মোট বকেয়া স্থিতি
২০০৭-'০৮	২২৬০	১৪৭০	৩৮৮৯	২৪৩৯৬	২৫০৪
২০০৮-'০৯	২৩৬৬	২৪২৬	৩৫৬৯	২৪৯৯৬	২৫৬৪
২০০৯-'১০* (মার্চ ২০১০ পর্যন্ত)	১৮৯০	১৬৫৬	২৫৮০	২৫৬২৫	২০২৮
২০০৯-'১০** (জুন ২০১০ পর্যন্ত)	২৫০০	২৫০০	৩৮০০	২৫৮২৮	২৬৫৬

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৩

সুদের হার (শতকরা হার)

(মিলিয়ন টাকায়)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৭-'০৮	-	-	-	-	-	-	১১.৫৩	১১.৫৩
২০০৮-'০৯	-	-	-	-	-	-	১১.৫১	১১.৫১
৩১ মার্চ ২০১০*	-	-	-	-	-	-	১১.৫৩	১১.৫৩
৩০ জুন ২০১০**	-	-	-	-	-	-	১১.৫২	১১.৫২

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো)

বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে বিদ্যমান ভ্রাতৃত্ববোধের নিদর্শনস্বরূপ এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতিকে যৌথ প্রচেষ্টায় আরো ত্বরান্বিত করার উদ্দেশ্যে সৌদি আরব এবং বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী পর্যায়ে ১৯৮৩ সালে এক প্রোটোকল স্বাক্ষরের মাধ্যমে সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো) স্থাপনের সূচনা হয়। এ চুক্তি মোতাবেক এবং কোম্পানি আইন ১৯১৩ অনুযায়ী একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে ১৯৮৪ সালে সাবিনকো আত্মপ্রকাশ করে এবং ১৯৮৬ সালে এর কার্যক্রম শুরু হয়।

সাবিনকো'র মূল উদ্দেশ্য হচ্ছে বাণিজ্যিক ভিত্তিতে শিল্প এবং কৃষিভিত্তিক শিল্পে বিনিয়োগ করে এগুলো পরিচালিত করা এবং দেশে বিদেশে পণ্য সামগ্রী ও সেবা বিপণন করা। এছাড়া সাবিনকো বিদ্যমান শিল্প কারখানাগুলোর অভ্যন্তরীণ সুষমকরণ, আধুনিকীকরণ, যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সম্প্রসারণকল্পে শিল্প ঋণের যোগান দিয়ে থাকে। সাবিনকো নিজের তত্ত্বাবধানে অথবা সহযোগী প্রতিষ্ঠান স্থাপন করে বিশেষ কোনো প্রকল্প পরিচালনায়ও সহায়তা প্রদান করতে পারে।

সাবিনকো'র অনুমোদিত মূলধনের পরিমাণ ৬০ মিলিয়ন মার্কিন ডলার। এ যাবত সৌদি এবং বাংলাদেশ সরকার সমভাবে ৬০ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করেছে। বর্তমানে ছয় জন সদস্য নিয়ে কোম্পানির বোর্ড গঠিত, এর মধ্যে বোর্ডের চেয়ারম্যান এবং দু'জন

টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি খাতে প্রতিষ্ঠানের অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে)	৬০	৬০	৬০	-
২।	পরিশোধিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে)	৬০	৬০	৬০	-
৩।	রিজার্ভ ফান্ড	১৪৮৫	১৫৯০	১৫৯০	-
৪।	**আমানত**				-
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	-	-	-	-
৫।	ঋণ ও অগ্রিম	২২২৬	২১৩৩	২০৬৫	-
৬।	বিনিয়োগ	৮০১	৮৪৭	৭৯১	-
৭।	মোট পরিসম্পদ	৩০২৭	২৯৮০	২৮৫৫	-
৮।	মোট আয়	৩৮২	৪৬৭	৭৮	-
৯।	মোট ব্যয়	৭৫	৯৩	১৩	-
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৪১**	**৪২**	**৪৩**	-
	ক) কর্মকর্তা	২৭	২৯	৩০	-
	খ) কর্মচারী	১৪	১৩	১৩	-
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখা (সংখ্যা)	১	১	১	-

সদস্য সৌদি সরকার কর্তৃক এবং ডেপুটি চেয়ারম্যান ও অপর দু'জন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত।

বিনিয়োগ নীতিমালা

বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় কৃষিভিত্তিক শিল্পসহ বিবিধ শিল্প স্থাপন, সম্প্রসারণ/ উন্নয়ন কার্যক্রমে সাবিনকো আর্থিক সহায়তা প্রদান করে থাকে। সাবিনকো বাণিজ্যিকভাবে লাভজনক বিনিয়োগ প্রস্তাবনা বিবেচনাপূর্বক নিম্নে উল্লিখিত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিয়ে থাকে।

- যে সব প্রকল্প স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং যাদের উৎপাদিত পণ্যের রপ্তানি বাজার বিদ্যমান;
- যে সব প্রকল্প মূলত স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং স্থানীয় বাজারে অপরিহার্য চাহিদা পূরণ করে; এবং
- যে সব প্রকল্পে আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করা অপরিহার্য অথচ আমদানি বিকল্প পণ্য হিসেবে স্থানীয় চাহিদা পূরণ করে ; এবং
- অবকাঠামো খাত যেমন- টেলিযোগাযোগ, বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ ইত্যাদি।

উপরোল্লিখিত ক্ষেত্রে যে সব প্রকল্প শ্রমনিবিড় এবং অগ্র-পশ্চাৎ সম্পর্কে সমৃদ্ধ, সেসব প্রকল্পসমূহকে অর্থায়নের ক্ষেত্রে সাবিনকো সর্বাধিক প্রাধান্য দিয়ে থাকে।

অর্থায়ন পদ্ধতি

- মেয়াদি ঋণ ও চলতি মূলধন প্রদান;
- সরাসরি মূলধন বিনিয়োগ;
- সিন্ডিকেশনের মাধ্যমে বৃহত্তম প্রকল্পে অর্থায়ন;
- হস্তান্তরযোগ্য ইনস্ট্রুমেন্টের মাধ্যমে বিনিয়োগ;
- পুঁজিবাজারে বিনিয়োগ।

ঋণের অনুমোদন এবং বিতরণ

সাবিনকো শুরু থেকে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত বিভিন্ন শিল্প স্থাপনের জন্য মোট ৮৬টি প্রকল্পে বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রদান করেছে। অর্থায়িত ৮৬টি প্রকল্পে সাবিনকো ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ১১টি শিল্প উপ-খাতে দেশি ও বিদেশি মুদ্রায় সর্বমোট ৬১৫৪ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। এ মঞ্জুরীকৃত ঋণের বৃহদাংশ বস্ত্র খাত, রসায়ন/ঔষধ এবং মৎস্য/চিংড়ি চাষে মঞ্জুর করা হয়েছে। আর্থিক সহায়তা প্রদানকারী অন্যান্য খাতগুলো হলো- টেলিযোগাযোগ, পাওয়ার প্ল্যান্ট, সিরামিক, সিমেন্ট, চামড়াজাত দ্রব্য, প্রকৌশল, দুগ্ধ, ফল, খেলনা এবং কাগজ।

সাবিনকো'র কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার সংক্রান্ত উপাত্ত যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	৫৫	২৯৮	-	২৯৮	-	৩৫৩
আদায়	৫৮	৪৪৯	-	৪৪৯	-	৫০৭
২০০৯						
বিতরণ	৩২	৩৭২	-	৩৭২	-	৪০৪
আদায়	৭১	৫১৬	-	৫১৬	-	৫৮৭
৩১ মার্চ ২০১০*				-		
বিতরণ	৫	৭০	-	৭০	-	৭৫
আদায়	২৬	১২১	-	১২১	-	১৪৭
৩০ জুন ২০১০**						
বিতরণ	-	-	-	-	-	-
আদায়	-	-	-	-	-	-

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে			
প্রকল্প সংখ্যা	৮৬	-	৮৬
পরিমাণ	৬১৫৪	-	৬১৫৪
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭	-	৭
পরিমাণ	৪২১	-	৪২১
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে			
প্রকল্প সংখ্যা	৮৮	-	৮৮
পরিমাণ	৬৩৬৪	-	৬৩৬৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০*পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২	-	২
পরিমাণ	২১০	-	২১০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত	-		
প্রকল্প সংখ্যা	-	-	-
পরিমাণ	-	-	-

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	৪৩১	৩৪৪	৩৩২	-
	(ক) শস্য	১১২	৯৫	৮৯	-
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৩১৯	২৪৯	২৪৩	-
	(গ) মৎস্য				
	(ঘ) বনায়ন	-	-	-	--
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	১৫৮১	১৪৩২	১৩৮২	-
	(ক) বৃহৎ ও মাঝারি	১৫৮১	১৪৩২	১৩৮২	-
	(খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	২১৪	৩৫৭	৩৫১	-
	সর্বমোট	২২২৬	২১৩৩	২০৬৫	-

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	-	-	-	-	১১.০০-১৩.০০	১২.০০-১৫.০০	-	-
২০০৯	-	-	-	-	১০.০০-১৩.০০	১১.০০-১৪.০০	-	-
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	-	-	-	-	১০.০০-১৩.০০	১১.০০-১৩.৫০	-	-
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	-	-	-	-	-	-	-	-

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

দেশের উৎপাদনশীল খাত এবং শিল্পোন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে "কোম্পানি অ্যাক্ট, ১৯১৩"-এর আওতায় ১৯৮৫ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে আইডিএলসি প্রতিষ্ঠিত হয়। কোম্পানিটি বিশ্বব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) সহ ৫টি বিদেশি এবং ৩টি দেশীয় আর্থিক প্রতিষ্ঠানের (ব্যাংক ও বীমা কোম্পানি) উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯২ সালে আইডিএলসি জনসাধারণের জন্য শেয়ার ইস্যু করে এবং ঢাকা স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয়। বর্তমানে কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা ও ৩০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৯ সাল শেষে শেয়ারহোল্ডারদের

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য *সারণি-১*

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	২৫০	৩০০	৩০০	৬০০
৩।	রির্জাভ ফান্ড *	১১৬৬	১৫৯৭	১৭১৮	১৫৯৬
৪।	**মোট আমানত**	**৮২৪৯**	**৯৭৮০**	**৮২৯২**	**৫৮৬২**
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	৮২৪৯	৯৭৮০	৮২৯২	৫৮৬২
৫।	ঋণ ও অগ্রিম**	১৫৫৫৮	১৯৪৩৮	১৯০৯৭	২০০৯৯
৬।	বিনিয়োগ	৩৫০	৫৩৩	৬৮৪	৮৩৬
৭।	মোট পরিসম্পদ	১৬৯১৩	২১৯১৩	২১৪১৮	২৩০২৪
৮।	মোট আয়	২৫১৪	৩১৬৬	৮৭৩	১৭৮৬
৯।	মোট ব্যয়	১৮৪১	২০৫৯	৬০৮	১১৯৮
১০।	**মোট বৈদেশিক বাণিজ্য**	-			
	ক) রপ্তানি	-	-	-	-
	খ) আমদানি	-	-	-	-
	গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**২২০**	**২৫৩**	**২৭৩**	**৩২৩**
	ক) কর্মকর্তা	১০৯	১১৮	১২৭	১৫২
	খ) কর্মচারী	১১১	১৩৫	১৪৬	১৭১
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	**মোট শাখা (সংখ্যা)**	**৭**	**৯**	**১১**	**১২**
	ক) বাংলাদেশে	৭	৯	১১	১২
	শাখা	৭	৭	৯	১০
	বুথ	-	২	২	২
	খ) বিদেশে	-	-	-	-

** কোম্পানি ২০০৯ সালের বিপরীতে প্রতি পাঁচটি শেয়ারের জন্য একটি শেয়ার, এ হারে বোনাস শেয়ার এবং ১০% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করে, যা ২০০৯ সালে রিজার্ভ ফান্ডে অর্ন্তভুক্ত করা হয়েছে।*

*** ঋণ ও অগ্রিমের মধ্যে চলতি মূলধনে অর্থায়ন অর্ন্তভুক্ত করা হয়েছে।*

ইক্যুইটি এসে দাঁড়ায় ২৩৯৩ মিলিয়ন টাকা। বর্তমানে আইডিএলসি-এর নয়টি শাখা ও দু'টি এসএমই বুথ রয়েছে। এছাড়া আইডিএলসি-এর পূর্ণ মালিকানাধীন প্রতিষ্ঠান আইডিএলসি সিকিউরিটিজ লিমিটেড (আইডিএলসিএসএল) সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত একটি মার্চেন্ট ব্যাংকার, যার বর্তমানে চারটি শাখা রয়েছে।

আইডিএলসি গত ২৪ বছর ধরে লীজিংকে অর্থায়নের একটি বিকল্প ধারা হিসেবে প্রতিষ্ঠার পাশাপাশি দেশের শিল্পায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হয়েছে। উন্নত এবং দ্রুত গ্রাহক সেবার পাশাপাশি উৎপাদনশীল খাত ও চিকিৎসা যন্ত্রপাতিসহ বিভিন্ন খাতে এ কোম্পানি ফিন্যান্সিয়াল লীজ প্রদান করে থাকে। আইডিএলসি একটি বহুমুখী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করার জন্য সদা সচেষ্ট। ১৯৯৭ সালে এটি গৃহায়ণ ঋণ ও স্বল্পমেয়াদি ঋণ চালু করেছে। স্বল্প মেয়াদি ঋণের আওতায় গ্রাহকরা তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের স্বল্প মেয়াদি আর্থিক সহায়তা যেমন- বিল/ইনভয়েস ডিসকাউন্টিং, ফ্যাক্টরিং ইত্যাদি সেবা পেয়ে থাকে। গৃহায়ন ঋণ প্রকল্পের আওতায় আইডিএলসি গ্রাহকদের নতুন ফ্লাট ক্রয়, নিজস্ব বাড়ি মেরামত/বর্ধিতকরণ, ব্যবসা প্রতিষ্ঠান অথবা পেশাজীবীদের জন্য অফিস চেম্বার/শো-রুম ক্রয়, বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মচারীদের আবাসন প্রকল্প এবং রিয়েল এস্টেট ব্যবসায়ীদের নতুন এ্যাপার্টমেন্ট তৈরি করার জন্য ঋণ সুবিধা প্রদান করে থাকে। এছাড়াও কোম্পানি গ্রাহকদের জন্য কার লোন স্কীম চালু করেছে।

২০০৯ সালের জন্য কোম্পানি এবং এর সহযোগীদের কার্যক্রমের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার সংক্রান্ত উপাত্ত যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-দেয়া হলো।

সারণি-২

ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ		শিল্প ঋণ					গৃহে অর্থায়ন ও কার লোন	সর্বমোট
		কৃষি ঋণ	লীজ ফাইন্যান্সিং	মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮	বিতরণ	-	১৮২৫	১৫৮৬	২৯৬৭	৬৩৭৮	১৭৮৭	৮১৬৫
	আদায়	-	২১৭৯	১১৯৩	২৬২০	৫৯৯২	১০৭৯	৭০৭১
২০০৯	বিতরণ	-	১৪৮৭	২২৬২	৩১৭৭	৬৯২৬	২০৬৭	৮৯৯৩
	আদায়	-	২৪১৩	১৭১৭	৩২৭৫	৭৪০৫	১৩১১	৮৭১৬
৩১ মার্চ ২০১০*	বিতরণ	-	৪৩৭	৬৭৫	৭৭৮	১৮৯০	৬৫৭	২৫৪৭
	আদায়	-	৫৯৬	৫০০	৭৬০	১৮৫৬	৬৭৩	২৫২৯
৩০ জুন ২০১০**	বিতরণ	-	৯২০	১৫৪০	১৬০৪	৪০৬৪	১৪৭১	৫৫৩৫
	আদায়	-	১২৪৭	১০৫৮	১৫৬৫	৩৮৭০	১৩৭৫	৫২৪৫

** সাময়িক। ** প্রাক্কলিত।*

নোট ঃ চলতি ও পূর্ববর্তী বছরের সুদ আদায় উভয়ই আদায়, হিসাবে দেখানো হয়েছে।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
	প্রকল্প সংখ্যা	৩৬১৩	৪১৮২	৭,৭৯৫
	পরিমাণ	৩১৬১১	১৮৪৫১	৫০,০৬২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	২৪০	৯২৭	১,১৬৭
	পরিমাণ	৩৩০৩	৩৫২৪	৬,৮২৭
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
	প্রকল্প সংখ্যা	৩৬৯১	৪৪৮৩	৮,১৭৪
	পরিমাণ	৩২৬৮৪	১৯৫৯৬	৫২,২৮১
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০*পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	৭৮	৩০১	৩৭৯
	পরিমাণ	৯১৪	৯৭৬	১,৮৯০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
	প্রকল্প সংখ্যা	১৫৬	৬০৩	৭৫৯
	পরিমাণ	১৯৬৬	২০৯৮	৪,০৬৪

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (সাময়িক)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	**৩৫৯**	**৩৪৫**	**৩৪৬**	**৩৬৬**
	(ক) শস্য	-	-	-	-
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৫৯	৩৪৫	৩৪৬	৩৬৬
	(গ) মৎস্য	-	-	-	-
	(ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**৪১৭৯**	**৩৮২১**	**৩৮৩৮**	**৪০৬৩**
	ক) বৃহৎ ও মাঝারি	৩৭২৯	৩৩১২	৩৩২৬	৩৫২১
	খ) ক্ষুদ্র ও কুটির	৪৫০	৫০৯	৫১২	৫৪২
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩৩৬	৩১৭	৩১৮	৩৩৭
৪।	নির্মাণ	৩৪৯	২১৮	২১৯	৩৩২
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৩৯৪	৩৪৮	৩৫০	৩৭০
৬।	পরিবহন ও যোগাযোগ	৫৪৬	৫৯২	৫৯৫	৬৩০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২৫১**	**৭৭০**	**৭৭৩**	**৮১৮**
	(ক) পাইকারি ও খুচরা	২১৪	৭২১	৭২৪	৭৬৭
	(খ) রপ্তানি	-	-	-	-
	(গ) আমদানি	-	-	-	-
	(ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৩৭	৪৯	৪৯	৪১
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৯১৪৪	১৩০২৭	১২৬৫৮	১৩২৮৩
	সর্বমোট	**১৫৫৫৮**	**১৯৪৩৮**	**১৯০৯৭**	**২০০৯৯**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	-	১৩.৫৫	১৩.০০	১৩.৪১	১৬.৬৩	১৬.২০	১৭.৩৪	১৬.৭৪
২০০৯	-	৮.৫০	১১.৬৫	১১.৫৬	১৫.৫০	১৫.৩৮	১৬.৬৮	১৬.১৪
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	-	৮.৬০	১১.৫০	১১.৩৪	১৪.৪৩	১৪.৬৮	১৬.৬১	১৫.৬৫
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	-	৮.৮৫	১১.৭৫	১১.৬০	১৪.৪৩	১৪.৬৮	১৬.৬১	১৫.৬৫

জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ অনুযায়ী যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড ১৭ এপ্রিল ১৯৯৬ সাল হতে বাংলাদেশে কার্যক্রম শুরু করে। ২৪ আগস্ট ১৯৯৯ সালে কোম্পানীটি সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন হতে মার্চেন্ট ব্যাংকার হিসেবে অনুমোদনপ্রাপ্ত হয়। ২০০৯ সাল শেষে কোম্পানীর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন ও ২১৬ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৪১৬ মিলিয়ন টাকা।

কোম্পানির প্রধান কর্মকাণ্ড

- লীজ/লোন ফাইন্যান্স- লীজ অর্থায়নের ব্যাপারে জিএসপি ফাইন্যান্স কোম্পানি শিল্পসহ অন্যান্য খাতে মূলধনী দ্রব্যাদি যেমন- প্ল্যান্ট, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, নির্মাণ সামগ্রী, নৌ ও সড়ক পরিবহন, চিকিৎসা ও অফিস সামগ্রী, কম্পিউটার, জেনারেটর/বয়লার, লিফট/এলিভেটর ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ইজারা দিয়ে থাকে এবং বিভিন্ন শিল্পে যন্ত্রপাতি সংগ্রহ, হাউজিং খাতে ও ফ্যাক্টরিং-এর আওতায় লোন দিয়ে থাকে।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	২০৬	২১৬	২১৬	২১৬
৩।	রিজার্ভ ফান্ড	২৮১	৪১৬	৪১৬	৪১৬
৪।	**আমানত**	**৩৪৪**	**৬৭৯**	**৬৯৬**	**৭২০**
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	৩৪৪	৬৭৯	৬৯৬	৭২০
৫।	ঋণ ও অগ্রিম	১৬৪৩	২১৪৯	২২৪১	২৯৯৫
৬।	বিনিয়োগ	৭৬	৪৭	১২২	২৫১
৭।	মোট পরিসম্পদ	২১৯৪	২৮৩০	২৯২২	৩১০৪
৮।	মোট আয়	২৯৫	৩৭৩	৯৬	২০৫
৯।	মোট ব্যয়	২৬৭	৩২৬	৮২	১৭১
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৪২**	**৩৯**	**৩৮**	**৪৪**
	ক) কর্মকর্তা	৩২	৩১	৩০	৩৪
	খ) কর্মচারী*	১০	৮	৮	১০
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	**শাখা (সংখ্যা)**	-	-	-	-
	ক) বাংলাদেশে	-	-	-	-
	খ) বিদেশে	-	-	-	-

** আউটসোর্সড।*

- **অর্থ বাজার কার্যক্রম**-কোম্পানীটি অর্থ বাজার সংক্রান্ত কর্মকান্ডেও (মেয়াদি আমানত গ্রহণ ও বিনিয়োগ) অংশগ্রহণ করে থাকে।
- **মার্চেন্ট ব্যাংকিং**- মার্চেন্ট ব্যাংকার হিসেবে কোম্পানীটি মিউচুয়্যাল ফান্ড, আন্ডাররাইটিং, প্রাইভেট প্লেসমেন্ট ও ইস্যু ম্যানেজমেন্টে অংশগ্রহণ করে। এ ছাড়াও কোম্পানীটি বিনিয়োগ উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছে এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নীতি অনুযায়ী পোর্টফোলিও অ্যাকাউন্ট খাতে লোন প্রদান করে পুঁজিবাজার বিকাশের কর্মকান্ডে অবদান রাখছে।

জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেডের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি ১, ২, ৩, ৪ এবং ৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	-	৪৩২	১২৫	৫৫৭	১০	৫৬৭
আদায়	-	৪১৮	২৯০	৭০৮	১৫	৭২৩
২০০৯						
বিতরণ	-	৫৬৪	১৪৫	৭০৯	৬০৪	১৩১৩
আদায়	-	৫৮৬	১৫২	৭৩৮	২৪৬	৯৮৪
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	-	৮৬	১৫	১০১	২২০	৩২১
আদায়	-	২৬৭	২৪	২৯১	১৯৪	৪৮৫
৩০ জুন ২০১০**						
বিতরণ	-	২৮৫	৫৫	৩৪০	৯০৫	১২৪৫
আদায়	-	৩২২	৩৯	৩৬১	৫৪৩	৯০৪

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
প্রকল্প সংখ্যা	৪৬	৭	-	৫৩
পরিমাণ	৫৮৪	৫১	-	৬৩৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৮	১	-	৯
পরিমাণ	৭৩	২	-	৭৫
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৪৬	৯	-	৫৫
পরিমাণ	৫৬১	৪৯	-	৬১০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০*পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	২	১	-	৩
পরিমাণ	৮	২	-	১০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৮	৪	-	১২
পরিমাণ	২৫২	৪৮	-	৩০০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	-	-	-	-
	(ক) শস্য	-	-	-	-
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	(গ) মৎস্য	-	-	-	-
	(ঘ) বনায়ন				
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	**১১৪৮**	**৬১৬**	**৬১০**	**৬৪০**
	ক) বৃহৎ ও মাঝারি	৯০৪	৫৭১	৫৭০	৫৯৫
	খ) ক্ষুদ্র ও কুটির	২৪৪	৪৫	৪০	৪৫
৩।	চলতি মূলধন অর্থায়ন	১২৫	১৫১	১৫৫	১৬৫
৪।	নির্মাণ	৪৪	৩৯	৩৮	
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	২২১	৩৯৫	৩৯১	৩৯৯
৭।	**ব্যবসা-বাণিজ্য**	**২**	**১**	**১**	**২**
	(ক) পাইকারি ও খুচরা	-	-	-	-
	(খ) রপ্তানি	-	-	-	-
	(গ) আমদানি	-	-	-	-
	(ঘ) হোটেল ও রেস্তোরাঁ	২	১	১	২
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	১৫৭	১৪৯	২০১
৯।	অন্যান্য	১০৩	৭৯০	৮৯৭	১৫৮৮
	সর্বমোট	**১৬৪৩**	**২১৪৯**	**২২৪১**	**২৯৯৫**

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	-	-	১৩.০০	১৩.০০	-	১৮.০০	১৭.৩০	১৭.৬৫
২০০৯	-	-	১২.০০	১২.০০	১৭.০০	১৭.৫০	১৭.০০	১৭.১৭
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	-	-	১১.৫০	১১.৫০	১৫.০০	১৭.০০	১৭.০০	১৬.৩৩
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	-	-	১১.৫০	১১.৫০	১৫.০০	১৬.০০	১৬.৫০	১৫.৮৩

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড

দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি সঞ্চারের লক্ষ্যে 'কোম্পানি আইন ১৯৯৪'-এর আওতায় ১৯৯৬ সালের ১০ আগস্ট একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (বিআইএফসি) প্রতিষ্ঠিত হয়। যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত বিআইএফসি আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩-এর অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৯৯৮ সালে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে লাইসেন্সপ্রাপ্ত হয়ে কার্যক্রম শুরু করে। কোম্পানিটির ৫০ শতাংশ মালিকানা বিদেশি প্রতিষ্ঠানের এবং অবশিষ্ট ৫০ শতাংশ মালিকানা স্থানীয় উদ্যোক্তা ও জনসাধারণের। ২০০৯ সালে কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন ও ৩৬১ মিলিয়ন টাকা।

কোম্পানির লক্ষ্য ও উদ্দেশ্য

- ☐ দেশের উন্নয়নমূলক খাত এবং শিল্পোন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে উৎপাদনশীল প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় আর্থিক সুবিধা ও সহায়ক পরামর্শ / সেবা প্রদান;
- ☐ শিল্প কারখানার সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন এবং বর্ধিতকরণ (বিএমআরই)-এর জন্য আর্থিক সহায়তা প্রদান করা;
- ☐ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে প্রতিশ্রুতিশীল উদ্যোক্তাদের আর্থিক সুবিধা, পরামর্শ ও সেবা প্রদান;
- ☐ রপ্তানিমুখী ও আমদানি বিকল্প শিল্পসমূহে অগ্রাধিকার ভিত্তিতে আর্থিক সহায়তা প্রদান করা;

একটি মেট্রেস প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠানে কোম্পানির অর্থায়ন।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৩২৩	৩৬১	৩৬১	৩৬১
৩।	রির্জাভ ফান্ড	১৩৩	২১৬	২১৬	২১৬
৪।	**মোট আমানত**	**১৪১৫**	**২৩৭১**	**২৯৯৩**	**৩১৭৫**
	ক) তলবি আমানত	১৯০	১১০	৫৫০	৫৫০
	খ) মেয়াদি আমানত	১২২৫	২২৬১	২৪৪৩	২৬২৫
৫।	ঋণ ও অগ্রিম	২৪৯০	৩৬৩২	৪৪৪০	৪৯৫০
৬।	বিনিয়োগ	৫৯১	২১৪৫	১১১৩	২২২৬
৭।	মোট পরিসম্পদ	৩৭০৩	৪৯৭৮	৫৭৩২	৬৪৮৬
৮।	মোট আয়	৫১৬	৯০৫	২০	৪৬৯
৯।	মোট ব্যয়	৩৮৫	৭৫৪	১৪	৩৪৯
১০।	**মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা**	-	-	-	-
	ক) রপ্তানি	-	-	-	-
	খ) আমদানি	-	-	-	-
	গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	**মোট জনশক্তি (সংখ্যায়)**	**৪৭**	**৫০**	**৫০**	**৭০**
	ক) কর্মকর্তা	২৯	৩২	৩৫	৫২
	খ) কর্মচারী	১৮	১৮	১৫	১৮
১২।	বিদেশি প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	**মোট শাখা (সংখ্যা)**	**১**	**২**	**২**	**৩**
	ক) বাংলাদেশে	১	২	২	৩
	খ) বিদেশে	-	-	-	-

- ☐ স্বল্প ও মধ্যবিত্ত আয়ের পরিবারের জীবনযাত্রার মান উন্নয়নে গৃহ সামগ্রী খাতে অর্থায়ন;
- ☐ উন্নয়নমুখী খাতে বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা; এবং
- ☐ বেসরকারি বিদ্যুৎ প্রকল্প, পরিবহন ও যোগাযোগ খাতসহ অন্যান্য অবকাঠামোগত উন্নয়নে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে দেশের শিল্পোন্নয়ন, ব্যবসা-বাণিজ্য তথা সার্বিকভাবে দেশের অর্থনৈতিক সমৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করা।

বিনিয়োগ নীতি

বিআইএফসি বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে শিল্প,পরিবহন, ঔষধ, বস্ত্র, প্যাকেজিং, তথ্যপ্রযুক্তি ইত্যাদি খাতের উৎপাদনশীল প্রতিষ্ঠানসমূহে লীজ ফাইন্যান্সিং-এর মাধ্যমে আর্থিক সেবা প্রদান করে থাকে। সামাজিকভাবে কাম্য, কারিগরি দিক থেকে গ্রহণযোগ্য, ব্যবসায়িকভাবে লাভজনক ও বাজার সম্ভাবনাময় পণ্যের গুণগত মানের উৎকর্ষ অথবা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আধুনিকীকরণ, সুষমকরণ ও সম্প্রসারণের জন্য যন্ত্রপাতি সংগ্রহে বিআইএফসি আর্থিক সুবিধা প্রদানে সচেষ্ট।

আমানত গ্রহণ

বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান অনুসরণপূর্বক বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড জনসাধারণের সঞ্চয়কে উৎসাহিত করার জন্য বিভিন্ন প্রকার মেয়াদি আমানত গ্রহণ ও এর উপর আকর্ষণীয় হারে সুদ প্রদান করে থাকে।

বিআইএফসি-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্য-ভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি ১, ২, ৩ , ৪ ও ৫-এ দেয়া হলো।

সারণি-২

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৮						
বিতরণ	-	৯৪২	-	৯৪২	৬০৪	১৫৪৬
আদায়	-	৪০২	-	৪০২	২৬৮	৬৭০
২০০৯						
বিতরণ	-	১৩২৬	-	১৩২৬	৪১৫	১৭৪১
আদায়	-	১০৬	-	১০৬	৪৯৩	৫৯৯
৩১ মার্চ ২০১০*						
বিতরণ	-	২৬৫	-	২৬৫	৩৩৪	৫৯৯
আদায়	-	১৮২	-	১৮২	১০৮	২০৯
৩০ জুন ২০১০**						
বিতরণ	-	৫৯৬	-	৫৯৬	৭২৯	১৩২৫
আদায়	-	২৭০	-	২৭০	১২৭	৩৯৭

** সাময়িক। ** প্রাক্কলিত।*

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে				
প্রকল্প সংখ্যা	৩৭৬	৩৭৮	৩২	৭৮৬
পরিমাণ	৫৩৭৫	৯৫৬	৪২৭	৬৭৫৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪৭	৪৩	৩০	১২০
পরিমাণ	১২৭৯	৭৫	২৪৯	১৬০৩
ক্রমপুঞ্জীভূত ঃ ৩১ মার্চ ২০১০* তারিখে				
প্রকল্প সংখ্যা	৩৯২	৩৯৪	৪৭	৮৩৩
পরিমাণ	৫৯০০	৯৮৫	৭১৯	৭৬০৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০১০*পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৬	১৬	১৫	৪৭
পরিমাণ	৫২৫	২৯	২৯২	৮৪৬
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০১০** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩২	৩২	৩০	৯৪
পরিমাণ	৯৩১	৫১	৫১৮	১৫০০

** সাময়িক। ** প্রাক্কলিত।*

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৮	২০০৯	৩১ মার্চ '১০ (সাময়িক)	৩০ জুন '১০ (প্রাক্কলিত)
১।	**কৃষি, মৎস্য ও বনায়ন**	৩০	৩০	৩০	৫১
	(ক) শস্য	-	-	-	-
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	(গ) মৎস্য	৩০	৩০	৩০	৫১
	(ঘ) বনায়ন	-	-	-	-
২।	**শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)**	১৫৩৪	২০০৩	২৩৮৫	২৭৯২
	(ক) বৃহৎ ও মাঝারি	১৫২২	১৯৮৪	২৩৬৩	২৭৬০
	(খ) ক্ষুদ্র ও কুটির	১২	১৯	২২	৩২
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	২১	১৫৩	১৫৪	২৬০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৯	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৬৮	৪৫৯	৫২১	৭৮০
৭।	**ব্যবসা-বাণিজ্য**	১৭৬	১০	১১	১৭
	(ক) পাইকারি ও খুচরা	১৬৩	-	-	-
	(খ) রপ্তানি	-	-	-	-
	(গ) আমদানি	-	-	-	-
	(ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১৩	১০	১১	১৭
৮।	দারিদ্র্য বিমোচন	-	-	-	-
৯।	অন্যান্য	৩৫২	৯৭৭	১৩৩৯	১০৫০
	সর্বমোট	২৪৯০	৩৬৩২	৪৪৪০	৪৯৫০

সারণি-৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৮	-	-	১২-১৫	১৩.৫০	-	১৫.৫-১৮.৫	১৫.৫-১৮.৫	১৭.০০
২০০৯	-	-	৮.৩-১৪.৫	১২.৬৪	-	১০-১৮.৫	১০-১৮.৫	১৬.৬৭
৩১ মার্চ ২০১০ (সাময়িক)	-	-	১০.৫-১২	১২.৬০	-	১০-১৮.৫	১০-১৮.৫	১৬.৬৭
৩০ জুন ২০১০ (প্রাক্কলিত)	-	-	১০.৫-১২	১২.৪০	-	১০-১৮.৫	১০-১৮.৫	১৬.৬০

লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড

শ্রীলংকা ও বাংলাদেশের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এবং 'কোম্পানি আইন ১৯৯৪'-এর আওতায় ১৯৯৭ সালে বাংলাদেশে কার্যক্রম শুরু করে। ১৯৯৮ সালে কোম্পানিটি মার্চেন্ট ব্যাংকিং-এর লাইসেন্সপ্রাপ্ত হয়ে আন্ডাররাইটিং ও ইস্যু ম্যানেজার সম্পর্কিত সেবাও প্রদান করছে। প্রতিষ্ঠানটি ২০০৩ সালের শুরুতে শ্রীলংকার সম্পদ ব্যাংক লিমিটেড, সৌদি আরবের ফার্স্ট গালফ এশিয়া হোল্ডিংস লিমিটেড এবং ২০০৪ সালের মাঝামাঝি সময়ে বাংলাদেশের ওয়ান ব্যাংক লিমিটেড-এর সংগে নতুনভাবে অংশগ্রহণ করে। ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত কোম্পানি হিসেবে লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড ২০০৬ সাল হতে পুঁজিবাজারেও ট্রেডিং কার্যক্রম শুরু করে। ২০০৯ সালের শেষে লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড-এর অংশীদারিত্বের হার দাঁড়ায় যথাক্রমে সম্পদ ব্যাংক লিমিটেড ১৩.৫৫, ফার্স্ট গালফ এশিয়া হোল্ডিংস লিমিটেড ১১.৪৩, ওয়ান ব্যাংক লিমিটেড ৯.০৩, শান্তা অ্যাপারেলস লিমিটেড ২.০৩, এসএসসি হোল্ডিংস লিমিটেড ১.২৯, স্থানীয় ব্যক্তিবর্গ ২১.৫২ এবং সাধারণ শেয়ারহোল্ডার ৪১.১৫ শতাংশ। ২০০৯ সাল শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন এবং ৪৪৩ মিলিয়ন টাকা।

কোম্পানিটি সময়ের প্রয়োজনে বিনিয়োগের ক্ষেত্রে নতুন ধারা প্রবর্তন করেছে এবং অর্থ ও মূলধন যোগান দিয়ে দেশের বিনিয়োগ সম্প্রসারণের ক্ষেত্রে যথেষ্ট অবদান রাখছে। লংকাবাংলা'র প্রধান প্রধান বিনিয়োগ কার্যক্রমের মধ্যে রয়েছে লীজিং, লোন, শেয়ার মার্কেট, ক্রেডিট কার্ড, কর্পোরেট অ্যাডভাইজারি সেবা, আমানত সংগ্রহ, মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম ইত্যাদি। কোম্পানিটি ডমেস্টিক ফ্যাক্টরিং, মর্টগেজ

একটি স্টিল কারখানায় প্রতিষ্ঠানের অর্থায়ন।

লোন এবং কর্পোরেট ফাইন্যান্সিং-এর মতো নতুন ও আধুনিক কিছু প্রোডাক্ট চালু করেছে।

